লেকচার

Short সিলেবাসে

HSC সৃজনশীল

# MADE EASY

with Test Papers

# ইসলাম শিক্ষা

## প্রথম পত্র

অধিকতর ও Smart প্রস্তুতির জন্য

ডাউনলোড করতে QR Code টি স্ক্যান করো

অধিক অনুশীলনের জন্য বোর্ড প্রশ্নপত্রসহ মডেল টেস্ট ও শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা পর্যায়ক্রমে আপলোড হবে...

# বিস্তারিত সূচি

● পৃষ্ঠা নং দেখে কাঙ্ক্ষিত বিষয়টির অবস্থান জেনে নিই


## এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল ---------- ৩–১০

১. ঢাকা, যশোর, কুমিল্লা, চট্টগ্রাম, সিলেট ও দিনাজপুর বোর্ড ২০২২ .......... ৩
২. রাজশাহী, বরিশাল ও ময়মনসিংহ বোর্ড ২০২২.......... ৫
৩. ঢাকা, রাজশাহী, যশোর ও বরিশাল বোর্ড ২০২১ .......... ৭
৪. ময়মনসিংহ বোর্ড ২০২১..........৯

## এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি---------- ১১–১২

৫. সকল বোর্ড ২০২২ ..........১১
৬. সকল বোর্ড ২০২১ ..........১২

## শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল ---------- ১৩–১৮

৭. মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা ..........১৩
৮. ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ ..........১৪
৯. বিএএফ শাহীন কলেজ, যশোর ..........১৫
১০. বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম ..........১৬
১১. হবিগঞ্জ সরকারি মহিলা কলেজ ..........১৭
১২. দিনাজপুর সরকারি কলেজ..........১৮

## শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি---------- ১৯–২৪

১৩. তেজগাঁও কলেজ, ঢাকা ..........১৯
১৪. গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ ..........২০
১৫. ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, খুলনা ..........২১
১৬. কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ..........২২
১৭. বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম ..........২৩
১৮. হবিগঞ্জ সরকারি মহিলা কলেজ ..........২৪

## এক্সক্লুসিভ মডেল টেস্ট : সৃজনশীল---------- ২৫–২৮

১৯. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০১ ..........২৫
২০. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২ ..........২৬
২১. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩ ..........২৭
২২. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪ ..........২৮

## এক্সক্লুসিভ মডেল টেস্ট ও উত্তরমালা : বহুনির্বাচনি ---------- ২৯–৩২

২৩. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৫ ..........২৯
২৪. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৬ .......... ৩০
২৫. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৭ ..........৩১
২৬. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৮ ..........৩২

# এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল

## ১ ✓ ঢাকা, যশোর, কুমিল্লা, চট্টগ্রাম, সিলেট ও দিনাজপুর বোর্ড ২০২২

**ইসলাম শিক্ষা প্রথম পত্র**

বিষয় কোড : 2 4 9

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

**সৃজনশীল প্রশ্ন : সেট-০৩**

পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহ পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। জনাব আফতাব আহমদ সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি সিঙ্গাপুরে দীর্ঘ প্রবাস জীবন কাটিয়ে গ্রামে ফিরেছেন। তবে বেশভূষা, খাদ্যাভ্যাস, ধর্মীয় নীতিতে কোনো আপস করেননি। তা দেখে তার বন্ধু শরিফ চৌধুরী বললেন, তুমিতো সেকেলেই রয়ে গেছ। উত্তরে তিনি বললেন মহানবি (সা.)-এর একটি হাদিস আমাকে এ কাজে উদ্বুদ্ধ করেছে, তা হলো– "যে ব্যক্তি অন্য কোনো জাতির অনুকরণ করে সে তাদেরই অন্তর্ভুক্ত বলে গণ্য হবে।"

ক. ইসলামি শিক্ষা কী? ১

খ. 'ইসলাম ও নৈতিকতা পরস্পর পরিপূরক'– ব্যাখ্যা কর। ২

গ. জনাব শরিফ চৌধুরীর বক্তব্য কতটুকু যৌক্তিক? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব আফতাব আহমদের চরিত্রে ইসলামের কোন দিকটি ফুটে উঠেছে? পাঠ্যপুস্তকের আলোকে এটির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

২। গালিব বিশ্ববিদ্যালয়ে একটি বিষয়ে এম.এ শ্রেণির ছাত্র। বিষয়টি অধ্যয়নে সে স্রষ্টার পরিচয়, মানব সৃষ্টির উদ্দেশ্য, মানুষের করণীয় ইত্যাদি সম্পর্কে জ্ঞানলাভ করেছে। তার প্রত্যাশা সে ইহজগৎ ও পরপারে সফল হবে। অন্যদিকে, তার বাবা একজন অবসরপ্রাপ্ত শিক্ষক। তিনি গ্রামে মসজিদ সংলগ্ন একটি প্রতিষ্ঠান গড়ে তুলেছেন। যেখানে ছেলে-মেয়েরা কুরআন-হাদিস শিক্ষা, শিষ্টাচার, ইসলামের প্রাথমিক জ্ঞানলাভ ইত্যাদি বিষয়ে অধ্যয়নের সুযোগ পাচ্ছে।

ক. নৈতিক শিক্ষা কী? ১

খ. "হালাল উপার্জন একটি ফরজ ইবাদত' – ব্যাখ্যা কর। ২

গ. গালিবের বাবা যে প্রতিষ্ঠানটি গড়ে তুলেছেন তার পরিচয় দাও। ৩

ঘ. উদ্দীপকে গালিব যে বিষয়ে অধ্যয়ন করেছে তা চিহ্নিতপূর্বক এটি পাঠের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৩। মনিরা ও সাবিহা একটি আর্থিক লেনদেনকারী প্রতিষ্ঠানে কর্মরত। মনিরা অবৈধ পন্থায় প্রচুর অর্থ উপার্জন করে এবং মনে করে এটাই তার জীবনের বড় সফলতা। তবে সাবিহা তার চাকরির বেতনে সংসার চালায় এবং বিশ্বাস করেন, "আল্লাহর নির্দেশিত পন্থায় উপার্জনে বরকত আছে।"

ক. দাম্পত্য জীবন কী? ১

খ. 'জুয়া মানুষকে কর্মবিমুখ করে'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মনিরার ধারণার সাথে তুমি কি একমত? মতামত দাও। ৩

ঘ. উদ্দীপকে সাবিহার মন্তব্য "আল্লাহর নির্দেশিত পন্থায় উপার্জনে বরকত আছে।" – উক্তিটি বিশ্লেষণপূর্বক এর সামাজিক প্রভাব বর্ণনা কর। ৪

৪। লোকাল ট্রেনে উঠার সময় ফরিদ মিয়া ভিড়ের মধ্যে একজন অন্ধ লোককে ধাক্কা দিয়ে ফেলে দেন। এ দৃশ্য দেখে রহিম মোল্লা ব্যথিত হন এবং নিজে অন্ধ লোকটির হাত ধরে উঠিয়ে ট্রেনের আসনে বসান। তিনি উপস্থিত লোকদের উদ্দেশ্যে একটি হাদিস উল্লেখ করেন "যে ব্যক্তি মানুষের প্রতি দয়া করে না, আল্লাহ তায়ালাও তার প্রতি দয়া দেখান না।"

ক. ইসলামি শিক্ষার মূল উৎস কী? ১

খ. 'হারাম উপার্জন একটি বর্জনীয় কাজ' – বুঝিয়ে লেখ। ২

গ. ফরিদ মিয়ার আচরণে ইসলামের কোন নির্দেশ লঙ্ঘিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রহিম মোল্লার কর্মকাণ্ড বিশ্লেষণপূর্বক এটির সামাজিক গুরুত্ব পাঠ্যপুস্তকের আলোকে মূল্যায়ন কর। ৪

৫। ফয়েজ ও মনির এ বছর এসএসসি পরীক্ষা দিয়েছে। এখন পড়াশোনার চাপ কম। এ সুযোগে তারা আল্লাহর নির্দেশ মোতাবেক দ্বীনের প্রচারে নিজেদের নিয়োজিত করে। অন্যদিকে, তাদের এক বন্ধু জিসান রাতে রাস্তার ধারের গাছ কেটে বিক্রি করার মাধ্যমে অর্থ উপার্জনের পথ অবলম্বন করে।

ক. أُمَّةً (উম্মাহ) শব্দের অর্থ কী? ১

খ. খিদমাতে খালক বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জিসানের কর্মকাণ্ডের পরিণতি ও তা থেকে রক্ষার উপায় উল্লেখ কর। ৩

ঘ. ফয়েজ ও মনিরের চিন্তা-চেতনা ইসলামের কোন নির্দেশের প্রতি ইঙ্গিত বহন করে? সেটির গুরুত্ব ও তাৎপর্য লিপিবদ্ধ কর। ৪

৬। জনাব এলাম উদ্দীন উচ্চশিক্ষিত হলেও ইসলাম সম্পর্কে বিরূপ ধারণা পোষণ করেন। তিনি জিহাদকে সন্ত্রাসবাদ মনে করেন। সুযোগ বুঝে আলেমদের খাটো করে দেখেন। বিষয়টি অবগত হয়ে ইমাম সাহেব জুমার খুতবায় বললেন, "জিহাদ ও সন্ত্রাস পরস্পরের বিপরীত। সন্ত্রাস একটি সামাজিক ব্যাধি আর জিহাদ হলো সন্ত্রাস প্রতিরোধের কার্যকর পদক্ষেপ।"

ক. دَعْوَةٌ (দাওয়াহ) শব্দের অর্থ কী? ১

খ. ইসলামি অর্থব্যবস্থা বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২

গ. জনাব এলাম উদ্দীনের কর্মকাণ্ডের পরিণতি আলোচনা কর। ৩

ঘ. ইমাম সাহেবের বক্তব্যের যথার্থতা পাঠ্যপুস্তকের আলোকে মূল্যায়ন কর। ৪

৭। জনাব বারিক মৃধা সমাজ সচেতন মানুষ। তিনি পশুপাখি ও জীবজন্তুর প্রতি সদয় আচরণ করেন। নিয়মিত বৃক্ষরোপণ করেন। অন্যদিকে, জনাব খোদা বকস একজন শিল্পপতি। তিনি আবাসিক এলাকায় বৃহৎ শিল্প গড়ে তুলেছেন। তাছাড়া গাছ কেটে শিল্পের কাঁচামাল যোগান দেন।

ক. عُشْرٌ (উশর) শব্দের অর্থ কী? ১

খ. "পুরো মানবজাতি একই উম্মাহ।" – ব্যাখ্যা কর। ২

গ. জনাব বারিক মৃধার এরূপ কল্যাণমূলক কাজকে কী নামে অভিহিত করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব খোদা বকসের এরূপ কর্মকাণ্ডে সমাজে কী ধরনের প্রভাব পড়তে পারে? বিশ্লেষণ কর। ৪

৮। শফিক তার একমাত্র ইয়াতিম ভাগ্নে জহিনকে নিজ বাড়িতে এনে সন্তানের মতো লালন-পালন করেন এবং প্রাপ্ত বয়সে বিয়ের ব্যবস্থা করেন। আবুল বাশার একজন ধনাঢ্য ব্যক্তি। পাশের বাড়ির হারুন অসুস্থ হয়ে এক সপ্তাহ যাবত রিকশা চালাতে পারেনি, ফলে ঘরে খাবার নেই। বিষয়টি জানতে পেরে আবুল বাশার তার ঘরে খাবার পৌঁছে দেন। এমনিভাবে তিনি সর্বদা অন্যান্য পরিবারেরও খোঁজখবর রাখেন।

ক. নবি-রাসুলদের ওয়ারিশ কারা? ১

খ. নৈতিক শিক্ষা কী? বুঝিয়ে লেখ। ২

গ. শফিকের কাজে কোন বিষয়টি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. আবুল বাশারের কাজটি চিহ্নিত করে পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯। অধ্যাপক আব্দুল হাই একাদশ শ্রেণির ইসলাম শিক্ষা পাঠদানকালে বললেন, ইসলামের বিধান হলো যারা বিত্তবান তারা অবশ্যই বছরান্তে নির্দিষ্ট পরিমাণ সম্পদ নির্ধারিত খাতে ব্যয় করবেন। এতে সম্পদ বৃদ্ধি পাবে, পবিত্র হবে এবং সমাজে ধনী ও গরিবের মাঝে বৈষম্য দূর হবে। তিনি আরও উল্লেখ করলেন, তার প্রতিবেশী 'মিস্টার ওয়াই' একজন ধনী মানুষ। তিনি কারও সাথে ন্যায়নিষ্ঠ আচরণ করেন না। পাশের বাড়ির অসহায় লোকদের সাহায্যে এগিয়ে আসেন না।

ক. আমর বিল মারুফ ওয়া নাহি আনিল মুনকার– অর্থ কী? ১

খ. ইসলামে দাওয়াতের গুরুত্ব উল্লেখ কর। ২

গ. মিস্টার ওয়াই-এর কর্মকাণ্ড ইসলামের কোন গুণের পরিপন্থি। ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে অধ্যাপক আব্দুল হাই-এর বক্তব্যে ইসলামের যে বিধানের ইঙ্গিত পাওয়া যায় তার সামাজিক প্রভাব মূল্যায়ন কর। ৪

১০। আফতাব উদ্দীন একজন নববিবাহিত যুবক। তিনি ইসলামের বিধান মেনে বিবাহ মজলিসে ধার্যকৃত নগদ অর্থ স্ত্রীকে প্রদান করেন। পক্ষান্তরে, তার বন্ধু আব্দুল লতিফ বিয়ের পর ব্যবসায় করার জন্য শ্বশুরের নিকট এককালীন মূলধন দাবি করেন এবং এ বিষয়ে স্ত্রীকেও চাপ দিতে থাকেন।

ক. عَدْلٌ (আদল) শব্দের অর্থ কী? ১

খ. "স্ত্রীরা তোমাদের ভূষণ আর তোমরা তাদের ভূষণ"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে আব্দুল লতিফের আচরণে কোন সামাজিক অনাচার প্রকাশ পেয়েছে? এর ক্ষতিকর দিকসমূহ উল্লেখ কর। ৩

ঘ. আফতাব উদ্দীনের কর্মকাণ্ডে ইসলামের যে বিধান প্রতিফলিত হয়েছে তা বিশ্লেষণ কর। ৪

১১। জনাব রিফাত চৌধুরী মিয়াপুর গ্রামের মাতব্বর। তার স্ত্রী রাবেয়া বেগম একদিন স্বামীর সাথে আলাপচারিতায় জানান, পাশের বাড়ির নাবিলের মায়ের কণ্ঠস্বর অত্যন্ত কর্কশ ও চলাফেরা ভালো নয়। হঠাৎ একদিন অভিযোগ আসল রিফাত চৌধুরীর একমাত্র ছেলে শহিদ ও তার বন্ধু আবির প্রতিবেশীর বাগানে আম চুরি করতে গিয়ে ধরা পড়েছে। রিফাত চৌধুরীর উপর বিচারের ভার এসে পড়ে। তিনি সালিশে শহিদ ও আবিরকে একই শাস্তি দিলেন।

ক. ইসলামে আত্মহত্যার বিধান কী? ১

খ. 'যে প্রতারণা করে সে আমার দলভুক্ত নয়' – ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে রাবেয়া বেগমের আলাপচারিতায় সামাজিক অনাচারের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সমাজে শান্তি প্রতিষ্ঠায় জনাব রিফাত চৌধুরীর কর্মকাণ্ডের গুরুত্ব তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

## ২ রাজশাহী, বরিশাল ও ময়মনসিংহ বোর্ড ২০২২

### ইসলাম শিক্ষা প্রথম পত্র

বিষয় কোড : 2 4 9

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট **সৃজনশীল প্রশ্ন : সেট-০১** পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহ পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। রহমান সাহেব একজন ধার্মিক ব্যক্তি। তিনি এলাকার কিছু বিশিষ্ট লোকের সাথে আলোচনা করে কাশিপুর গ্রামে একটি শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলেন। সেখানে এলাকার ছোট ছেলেমেয়েরা কুরআন তিলাওয়াত, বিভিন্ন দোয়া ও মাসয়ালা শিক্ষা লাভ করে। অপরদিকে, হিমায়েত সাহেব মানবজীবনের পরিপূর্ণ জীবনাদর্শ হিসেবে একটি শিক্ষাব্যবস্থা গ্রহণ করেন এবং এ শিক্ষা সকলকে গ্রহণের জন্য উদাত্ত আহ্বান জানান।

ক. সংস্কৃতির আরবি প্রতিশব্দ কী? ১

খ. "তোমরা এক আদমের সন্তান আর আদম মাটির তৈরি।" — ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত রহমান সাহেবের কর্মকাণ্ডে কী ফুটে উঠেছে? উহা চিহ্নিতপূর্বক ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত হিমায়েত সাহেবের শিক্ষাব্যবস্থা কোন ধরনের? তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

২। আমজাদ ও রিয়াদ একাদশ শ্রেণির ছাত্র। আমজাদ মেয়েদেরকে হীন, নীচ ও ক্ষুদ্র বলে মনে করে। এজন্য তার ক্লাসের বান্ধবীদের ঘৃণা করে এবং তাদের সাথে তুচ্ছতাচ্ছিল্যপূর্ণ ব্যবহার করে। অপরদিকে রিয়াদ আমজাদকে বলল, বন্ধু তোমার এ আচরণ মোটেও কাঙ্ক্ষিত নয়। দেশকে উন্নতির দিকে এগিয়ে নিতে হলে, দেশের স্বাধীনতা ও স্বকীয়তা রক্ষা করতে হলে সবাই একত্রিভূত হয়ে কাজ করতে হবে।

ক. দেশপ্রেম কী? ১

খ. "ধনসম্পদ ও শিশু সন্তান পার্থিব জীবনের শোভা"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত আমজাদের আচরণে ইসলামের কোন অধিকার ক্ষুণ্ন হয়েছে? উহা চিহ্নিতপূর্বক ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত রিয়াদের বক্তব্যে যা ফুটে উঠেছে তা চিহ্নিতপূর্বক তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩। আব্দুল্লাহ ও নাহিদ দুজন নিকটতম প্রতিবেশী। নাহিদ সদ্য বিবাহ করেছে। দু'জনের দাম্পত্য জীবন ভালোভাবেই চলছিল। হঠাৎ সংসারে অভাব-অনটন দেখা দেওয়ায় একদিন নাহিদ তার শ্বশুর বাড়ি থেকে মোটা অঙ্কের অর্থ আনার জন্য স্ত্রীকে শ্বশুর বাড়ি পাঠিয়ে দেয়। বিভিন্নভাবে স্ত্রীকে চাপ দিতে থাকে। অপরপক্ষে আব্দুল্লাহ বলেন, তার এমন একটি পরিবারের সাথে সুসম্পর্ক রয়েছে, যে পরিবারে সকল সদস্য প্রত্যেককে সম্মান, শ্রদ্ধা ও স্নেহ করে। তাদের মধ্যে মায়া-মমতা ও ভালোবাসার কোনো রকম ঘাটতি নেই। এ পরিবারের প্রতিটি সদস্য আল্লাহর বিধান মেনে জীবন পরিচালনা করে।

ক. 'ইসলাম' শব্দের অর্থ কী? ১

খ. "আল্লাহ ব্যবসায়কে হালাল করেছেন এবং সুদকে হারাম করেছেন" — ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত নাহিদের আচরণে যা ফুটে উঠেছে তা চিহ্নিতপূর্বক ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত আব্দুল্লাহ কীসের প্রতি ইঙ্গিত করেছে? উহা চিহ্নিতপূর্বক বিশ্লেষণ কর। ৪

৪। জনাব উবাইদুল্লাহ ইসলামের বিভিন্ন বিষয় নিয়ে গবেষণা করেন। সত্যবাদী হিসেবে তিনি সমাজে পরিচিত। তিনি মিষ্টভাষী। তিনি কখনো কারও সাথে খারাপ আচরণ করেন না। তিনি ইসলামের প্রচার ও প্রসারে কাজ করেন এবং ইসলামের বাণী মানুষের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার জন্য প্রাণবন্ত চেষ্টা করেন। অপরপক্ষে, নিজাম উদ্দীন সমাজে ঘটে যাওয়া বিভিন্ন ঘটনার প্রকৃত অবস্থা, বাস্তবতা ও সত্য ঘটনাকে বিকৃত করে উপস্থাপন করে।

ক. 'গিবত' শব্দের অর্থ কী? ১

খ. "আর পিতামাতার জন্য বিনয়ের বাহু অবনত করে দাও" — ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত জনাব উবাইদুল্লাহর কর্মকাণ্ডে কী ফুটে উঠেছে? উহা চিহ্নিতপূর্বক ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত নিজাম উদ্দীনের কর্মে যা ফুটে উঠেছে তা চিহ্নিতপূর্বক সমাজে এর প্রভাব বিশ্লেষণ কর। ৪

৫। নাসির উদ্দীন একজন প্রবাসী ব্যবসায়ী। বেশি উপার্জনের আশায় একাধারে পাঁচ বছর প্রবাসে রয়েছে। দেশে অবস্থানরত স্ত্রী একাধারে এতদিন প্রবাসে থাকা পছন্দ করে না। চার মাস পর পর দেশে ফিরতে বললেও কর্ণপাত করে না। অপরদিকে, আকমল আলী একজন নেশাগ্রস্ত মানুষ। নেশার দ্রব্যসামগ্রী কিনতে তার উপার্জনের সিংহভাগ খরচ হয়ে যায়। পড়ালেখার খরচ চালাতে ব্যর্থ হয়ে তার একমাত্র স্কুল পড়ুয়া ছেলেকে কারখানায় কাজ করার জন্য পরামর্শ দিয়েছে।

ক. 'মিথ্যা' শব্দের আরবি প্রতিশব্দ কী? ১

খ. "যখন তোমরা মানুষের মধ্যে বিচার ফয়সালা কর তখন আদলের সাথে কর।" — ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত নাসির উদ্দীনের কর্মকাণ্ডে ইসলামের কোন বিধান লঙ্ঘিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত আকমল আলীর কর্মে কী ফুটে উঠেছে? উহা চিহ্নিতপূর্বক সমাজে এর প্রভাব বিশ্লেষণ কর। ৪

৬। সাজেদা ও মাজেদা দুজন প্রতিবেশী। সাজেদা ছয় সদস্যের পরিবারে একটু অভাব-অনটনেই থাকেন। সংসারের নানামুখী খরচ মেটানোর জন্য তিনি দুধে পানি মিশ্রিত করে বিক্রি করে বেশি অর্থ উপার্জন করেন। অপরদিকে মাজেদা মনে করেন, এ নিখিল বিশ্বমানবতা মূলত একই উৎস হতে উৎসারিত। একই স্রষ্টার সৃষ্টি। একই আদি পিতা-মাতার সন্তান হিসেবে সমগ্র বনী আদম একই জাতিসত্তার অন্তর্ভুক্ত।

ক. 'উশর' শব্দের অর্থ কী? ১

খ. "তোমরা আল্লাহর রজ্জুকে আঁকড়ে ধর এবং পরস্পর বিচ্ছিন্ন হয়ো না।" — ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত সাজেদার কর্মে কী ফুটে উঠেছে? উহা চিহ্নিতপূর্বক ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত মাজেদার চিন্তা-চেতনায় কীসের ইঙ্গিত পাওয়া যায়? তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭। রোকসানা আক্তার একজন অবসরপ্রাপ্ত সরকারি চাকরিজীবী। তিনি দীর্ঘদিন চিন্তাভাবনা করছেন তার অবসরের টাকা এমন একটি ব্যাংকে রাখবেন যেখানে উৎপাদন, আয়, উপার্জনে ব্যয় বণ্টন বৈধ পন্থায় পরিচালনা করা হয়। অপরপক্ষে, তারই বান্ধবী নাসিমা আক্তার তার জীবনকে এমনভাবে পরিচালনা করতে চান, যে অর্থব্যবস্থায় আয়-ব্যয় ভারসাম্যপূর্ণ প্রগতিশীল এবং মানবতার জন্য কল্যাণকর।

ক. 'সাদাকা' শব্দের অর্থ কী? ১

খ. "তোমাদের ধন-সম্পদের মধ্যে গরিব, বঞ্চিত প্রার্থীদেরও অধিকার আছে।" — ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত রোকসানা আক্তারের চিন্তা-চেতনা কীসের প্রতি ইঙ্গিত করে তা চিহ্নিতপূর্বক ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত নাসিমা আক্তারের আলোচনায় যা ফুটে উঠেছে, তা চিহ্নিত করে বিশ্লেষণ কর এবং তোমার মতামত দাও। ৪

৮। মুকিম বিল্লাহ সমাজের একজন গণ্যমান্য ব্যক্তি ও সমাজসেবক। সমাজের বিভিন্ন কর্মকাণ্ডে তাকে দায়িত্ব পালন করতে হয়। দায়িত্ব পালনের ক্ষেত্রে যার যতটুকু প্রাপ্য আছে তা আদায়ের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করেন। পক্ষান্তরে, অধ্যাপক আবু সালেহ সমাজের অন্যায়-অত্যাচার পছন্দ করেন না। এজন্য সমাজে শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠার লক্ষ্যে ইসলামসম্মত কাজে উৎসাহিত করতে ও অনুপ্রাণিত করতে পরামর্শ দেন।

ক. 'ইমাম' শব্দের অর্থ কী? ১

খ. "আমি জিন ও মানবজাতিকে একমাত্র আমারই ইবাদত-বন্দেগি করার জন্য সৃষ্টি করেছি।" — ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত মুকিম বিল্লাহ-এর কর্মকাণ্ডে কীসের ইঙ্গিত পাওয়া যায়? তা চিহ্নিতপূর্বক ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত অধ্যাপক আবু সালেহ-এর কর্মকাণ্ডে কী ফুটে উঠেছে, উহা চিহ্নিতপূর্বক সমাজে এর প্রভাব নিরূপণ কর। ৪

৯। আব্দুর রশিদ ও আব্দুল হামিদ দুজন বন্ধু। আব্দুর রশিদ বলল, বন্ধু আমাদের এলাকায় এমন একটি পরিবার রয়েছে যেখানে পরস্পরের মধ্যে প্রেম-প্রীতি, সহমর্মিতা-সহানুভূতি, শ্রদ্ধা, মায়া-মমতা, ধৈর্য, সহিষ্ণুতা ও সহযোগিতা রয়েছে। এ কথা শুনে আব্দুল হামিদ বলল, তুমি যে পরিবারের কথা বলছ সে রকম পরিবারের সদস্যগণ আল্লাহ ও রাসুল (সা.) নির্দেশিত ও অনুমোদিত পন্থায় আয় উপার্জন করে।

ক. 'হুব্বুল ওয়াতান' শব্দের অর্থ কী? ১

খ. "তারা তোমাদের ভূষণ এবং তোমরা তাদের ভূষণ।" — ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত আব্দুর রশিদের বক্তব্যে কী ফুটে উঠেছে? তা চিহ্নিতপূর্বক তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত আব্দুল হামিদ যে বিষয়ের প্রতি ইঙ্গিত করেছেন তা তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর ৪

১০। মারজান একজন 'সৎ ব্যবসায়ী।' প্রতিবছর নির্দিষ্ট সময়ে সম্পদের হিসাব করে শরিয়ত নির্ধারিত খাতসমূহে ব্যয় করেন। অপরপক্ষে, জামির হোসেন একজন কৃষক। তিনি যত্নসহকারে জমিতে ফসল আবাদ করেন। ফসল ঘরে উঠার সাথে সাথেই ফসলের নির্ধারিত একটি অংশ বায়তুল মালে জমা দেন।

ক. 'সুদ'-এর আরবি প্রতিশব্দ কী? ১

খ. "মিথ্যা মানুষকে ধ্বংস করে।" — ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত মারজানের কর্মকাণ্ডে ইসলামের কোন ধরনের ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত জামির হোসেন ইসলামের যে বিধানটি পালন করেন তা চিহ্নিতপূর্বক সমাজে এর প্রভাব বিশ্লেষণ কর। ৪

১১। জনাব লিটন ও মানজুর দুই প্রবাসি বন্ধু। দুজনের আলোচনার এক পর্যায়ে জনাব লিটন জনাব মানজুরকে বললেন, আমি এমন একটি এলাকায় গিয়েছিলাম যেখানে সমাজের মানুষের পরস্পরের মধ্যে হৃদ্যতা, আন্তরিকতা, সম্প্রীতি ও সৌহার্দমূলক নিবিড় সম্পর্কের কোনো অভাব নেই। তাদের দেখে মনে হয়েছে, সবাই একই দেহ একই প্রাণ। অন্যদিকে জনাব মানজুর বললেন, আমি এমন একটি দেশে গিয়েছিলাম যেখানকার জনগণ, পশুপাখি, কীটপতঙ্গ, বৃক্ষলতা, উদ্ভিদরাজি নির্জীব জড় পদার্থের প্রতি আন্তরিকভাবে যত্নবান।

ক. 'জিহাদ' শব্দের অর্থ কী? ১

খ. "ঘুষদাতা ও ঘুষগ্রহীতা উভয়ই জাহান্নামের আগুনে জ্বলবে।" — ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব লিটন কী ইঙ্গিত করেছেন? উহা চিহ্নিতপূর্বক মানবসমাজে এর প্রভাব ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব মানজুরের বক্তব্যে যা ফুটেছে তা চিহ্নিতপূর্বক মানব সমাজে এর প্রভাব মূল্যায়ন কর। ৪

## ৩ ✓ ঢাকা, রাজশাহী, যশোর ও বরিশাল বোর্ড ২০২১

**ইসলাম শিক্ষা প্রথম পত্র** বিষয় কোড : 2 4 9

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন : সেট-খ** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১। আদনান একাদশ শ্রেণির শিক্ষার্থী। সে ভর্তির সময় এমন বিষয় পছন্দ করল, যা অধ্যয়নে আল্লাহর নির্দেশ মোতাবেক জীবনযাপন করা যায়। ফলে সে নিজেকে স্রষ্টার নিকট সম্পূর্ণরূপে সোপর্দ করল। তার দিকনির্দেশনায় বোন রহিমাও একটি জায়গায় প্রতিদিন গিয়ে প্রয়োজনীয় জ্ঞান অর্জন করে। রহিমা এখন কাজের শুরুতে, খাদ্য গ্রহণে, পারস্পরিক সাক্ষাতে বিশেষ পরিভাষা ব্যবহার করে।

ক. মক্তব কাকে বলে? ১

খ. 'কথার শুরুতে সালাম পেশ করতে হয়'— বুঝিয়ে লেখ। ২

গ. আদনান কোন বিষয়ে শিক্ষা গ্রহণ করেছে? এর পরিচয় দাও। ৩

ঘ. রহিমার জ্ঞানার্জনের জায়গাটি কোন ধরনের প্রতিষ্ঠান? এর প্রয়োজনীয়তা লেখ। ৪

২। রহিম সাহেব একজন ব্যবসায়ী। তিনি পণ্যের দোষত্রুটি বিক্রেতার নিকট গোপন করেন না, ওজনে কম দেন না, ব্যবসায় লোকসানের সম্মুখীন হলে বিচলিত না হয়ে সৎভাবে ব্যবসায় করতে থাকেন। অপরদিকে, তার ভাই করিম সাহেব বেশি লাভের আশায় মাছে ফরমালিন মিশিয়ে বিক্রি করেন এবং ওজনে কম দেন।

ক. দেশপ্রেম কাকে বলে? ১

খ. হালাল উপার্জনের সুফল ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত রহিম সাহেবের চারিত্রিক গুণাবলি বর্ণনা কর। ৩

ঘ. মাছ ব্যবসায়ী করিম সাহেবের কর্মকাণ্ড চিহ্নিতপূর্বক তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৩। জনাব কায়সার তার স্ত্রী মমতাজ বেগমের সাথে প্রায়ই ঝগড়া করেন। তিনি নিজে দামি ও সুন্দর পোশাক পরলেও স্ত্রীর ব্যাপারে যত্নশীল নন। পক্ষান্তরে, মমতাজ বেগম সাধ্যমতো স্বামীর সেবাযত্ন করেন, তার আদেশ মান্য করে চলেন এবং সর্বদা তাকে খুশি রাখার চেষ্টা করেন।

ক. ইসলামি পরিবার কী? ১

খ. 'ইসলামি পরিবার একটি শিক্ষালয়'— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব কায়সারের আচরণে কোন কর্তব্যটি লঙ্ঘিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে মমতাজ বেগমের কর্মকাণ্ড পাঠ্যবইয়ের আলোকে মূল্যায়ন কর। ৪

৪। এক ধনাঢ্য ব্যক্তি আল্লাহর নির্দেশ পালনের উদ্দেশ্যে দরিদ্রদের মাঝে কাপড় প্রদানের ঘোষণা দেন। এতে শতশত দরিদ্র নারী-পুরুষ ভিড় জমায়। ভিড়ের মাঝে কাপড় প্রদান শুরু হলে পদপিষ্ট হয়ে কয়েকজন মারা যান। সাংবাদিকরা এ বিষয়ে একজন ইসলামিক স্টাডিজের অধ্যাপককে জিজ্ঞেস করলে তিনি বলেন, "হকদার তথা দরিদ্রদের নিকট তাদের প্রাপ্য পৌঁছে দেওয়া ধনাঢ্য ব্যক্তির কর্তব্য।"

ক. যাকাত শব্দের অর্থ কী? ১

খ. উশর ও খারাজের পার্থক্য লেখ। ২

গ. উদ্দীপকে আল্লাহর নির্দেশ পালন বলতে কোন ইবাদতকে বুঝানো হয়েছে? এর গুরুত্ব বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে অধ্যাপকের মন্তব্য "হকদার তথা দরিদ্রদের নিকট তাদের প্রাপ্য পৌঁছে দেওয়া ধনাঢ্য ব্যক্তির কর্তব্য।"— উক্তিটি বিশ্লেষণপূর্বক এর সামাজিকপূর্বক প্রভাব আলোচনা কর। ৪

৫। নাসের ও হেলাল একটি বেসরকারি অফিসে চাকরি করেন। নাসের ফাইল আটকিয়ে অতিরিক্ত অর্থ আয় করেন। পক্ষান্তরে, হেলাল অফিসে যথাসময়ে হাজির হন এবং একদিন দেরিতে আসায় অফিস প্রধানের কাছে যথাযথ কারণ ব্যাখ্যা করেন। তিনি বলেন, আমরা যাই করি না কেন একজন সবকিছু দেখছেন।

ক. তাকওয়া শব্দের অর্থ কী? ১

খ. "সত্য মুক্তি দেয় মিথ্যা ধ্বংস করে"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে নাসেরের আয়ের পথটি কোন ধরনের উপার্জন? বর্ণনা কর। ৩

ঘ. 'একজন সবকিছু দেখছেন'— পাঠ্যপুস্তকের আলোকে মূল্যায়ন কর। ৪

৬। খালিদ সাহেব একজন সরকারি কর্মকর্তা। রহিমা খাতুন ঐ অফিসের আয়া। অন্যেরা তাচ্ছিল্য করে কথা বললেও খালিদ রহিমাকে সম্মান দিয়ে কথা বলেন এবং তার কাছে কোনো কাজে গেলে তাকে চেয়ারে বসতে দেন। একই অফিসের কর্মচারী শারমিন। তার শিশুটিকে ডে-কেয়ার সেন্টারে রেখে কাজে আসেন। রহিমা খাতুন দেখলেন শিশুটি কান্না করছে। তখন রহিমা তাকে আদর করেন এবং নিজের ব্যাগ থেকে বিস্কুট বের করে খেতে দেন।

ক. হালাল উপার্জন কী? ১

খ. 'স্বামী-স্ত্রী একে অপরের পরিপূরক'— বুঝিয়ে লেখ। ২

গ. খালিদ সাহেবের আচরণে কী প্রকাশ পেয়েছে? বর্ণনা কর। ৩

ঘ. শিশুটির প্রতি রহিমার আচরণের তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৭। আবির সাহেব একজন সচেতন মানুষ। তিনি মানুষের সেবায় এগিয়ে আসেন। একদা বাসযোগে ঢাকায় যাত্রাপথে একজন বিকলাঙ্গ ব্যক্তি বাসে চড়ে দাঁড়িয়ে যান। তাকে দেখামাত্র আবির সাহেব তার আসন ছেড়ে বিকলাঙ্গ ব্যক্তিকে বসতে দেন। পক্ষান্তরে, আবির সাহেবের ছোট ভাই জনাব আবরার দেশের আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীতে চাকরি করেন। সম্প্রতি তিনি সীমান্ত এলাকায় মাদক চোরাচালান রোধের দায়িত্ব পান। তিনি চোরাচালানীদের কাছে অর্থের বিনিময়ের মাধ্যমে দেখেও না দেখার ভান করেন।

ক. সত্যবাদিতা কাকে বলে? ১

খ. 'আমি বনি আদমকে মর্যাদা দিয়েছি'— ব্যাখ্যা কর। ২

গ. জনাব আবিরের কার্যক্রম কিসের ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. আবরারের মধ্যে কোন গুণের অভাব রয়েছে? এর গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৮। পিতা-মাতা, স্ত্রী ও দুই সন্তান নিয়ে ইয়াছিনের পরিবার। পিতা-মাতার সব চাহিদা যথাসাধ্য পূরণ করার চেষ্টা করেন ইয়াছিন। তার স্ত্রী সেলিনা সাংসারিক কাজ সেরে সন্তানকে পড়াতে বসেন। ইয়াছিন অফিসে যাবার পথে সন্তান দুটিকে স্কুলে রেখে যান, আবার ফেরার পথে তাদেরকে বাসায় নিয়ে আসেন।

ক. ইসলামি অর্থব্যবস্থা কী? ১

খ. 'পিতা তোমার জান্নাত বা জাহান্নাম'— ব্যাখ্যা কর। ২

গ. ইয়াছিনের পরিবারটি কোন ধরনের? এর গুরুত্ব বর্ণনা কর। ৩

ঘ. ইয়াছিনের আচরণের পারিবারিক প্রভাব মূল্যায়ন কর। ৪

৯। অধ্যাপক আকরাম হোসেন এক সেমিনারে বলেন, মানুষ সৃষ্টির সেরা জীব। অন্যান্য জীবের প্রতিও তাদের দায়িত্ব-কর্তব্য রয়েছে। যেমন— তাদের কষ্ট না দেওয়া, অসুবিধা দূর করা, বিনাশ না করা, প্রয়োজনীয় সহায়তা করা ইত্যাদি। অন্যদিকে মাওলানা ফজলুর রহমান তার বক্তব্যে বলেন, আমাদের চারপাশের গাছপালা, পশু-পাখি, পাহাড়-পর্বত প্রভৃতি রক্ষণাবেক্ষণ বিষয়ে কুরআন ও হাদিসে সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। তাই যেখানে-সেখানে মলত্যাগ বা ময়লা ফেলা যাবে না।

ক. উম্মত শব্দের অর্থ কী? ১

খ. 'তোমার সম্পদে গরিবদের হক রয়েছে'— বুঝিয়ে লেখ। ২

গ. অধ্যাপক আকরাম হোসেনের বক্তব্যে ইসলামের কোন দিকটির ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. মাওলানা ফজলুর রহমানের বক্তব্যে যে বিষয়টি প্রকাশ পেয়েছে, তা তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০। মাও. কেরামত আলী মানুষের সাথে ভদ্র আচরণ করেন। কেউ কোনো প্রশ্ন করলে যুক্তিপ্রমাণ দিয়ে সেই প্রশ্নের উত্তর দেন। কারও সাথে বিবাদে জড়ান না। একদিন পথে একটি গরুকে পায়ে দড়িবাঁধা অবস্থায় থাকতে দেখে তিনি সেটাকে উদ্ধার করেন।

ক. নিসাব বলতে কী বোঝ? ১

খ. 'আলিমগণ নবিদের উত্তরসূরি'— ব্যাখ্যা কর। ২

গ. মাও. কেরামত আলীর আচরণের গুরুত্ব বর্ণনা কর। ৩

ঘ. সৃষ্টির সেবায় তোমার দায়িত্ব পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১। আব্দুল খালেক একজন শিল্পপতি। তার কারখানায় কয়েকশ কর্মচারী কাজ করেন। তিনি কর্মচারীদের নিয়মিত বেতন দেন, প্রয়োজনে ছুটি মঞ্জুর করেন। লভ্যাংশের একটা অংশও কর্মচারীদের মাঝে বণ্টন করেন। আহত কর্মচারীর জন্য ভাতা প্রদান করেন। অন্যদিকে, তার বন্ধু আরিফ খান বড় ব্যবসায়ী। তিনি আবাসিক এলাকায় একটি ইটভাটা স্থাপন করেন। তিনি নির্বিচারে গাছ কেটে ইট ভাটায় জ্বালানি হিসেবে ব্যবহার করেন। এতে ভাটা থেকে কালো ধোঁয়া নির্গত হয়। ওই এলাকায় অনেকেই কাশি, যক্ষা ইত্যাদি রোগে আক্রান্ত হয়েছে।

ক. যাকাত আদায়ের খাত কয়টি? ১

খ. "সৎ ব্যবসায়ী কিয়ামতের দিন শহিদদের সঙ্গী হবে"— ব্যাখ্যা কর। ২

গ. আব্দুল খালেকের কর্মকাণ্ডে কোন গুণের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. আরিফ খানের কর্মকাণ্ড চিহ্নিতপূর্বক ব্যক্তিজীবনে এর প্রভাব পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

## ৪ ✓ ময়মনসিংহ বোর্ড ২০২১

### ইসলাম শিক্ষা প্রথম পত্র

বিষয় কোড : 2 4 9

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট সৃজনশীল প্রশ্ন : সেট-ক পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১। জনাব বেলাল এলাকার প্রভাবশালী সমাজসেবক ও শিল্পপতি। পুত্র যায়েদকে নিয়ে জুমআর নামাজে যাওয়া তার নিয়মিত অভ্যাস। একদিন খুতবা শুনে যায়েদ বলল, আব্বু ইমাম সাহেব যে শিক্ষায় শিক্ষিত আমি সে রকম শিক্ষা গ্রহণ করতে চাই। বেলাল সাহেব পুত্রের ইচ্ছা পূরণে ইমাম সাহেবের শরণাপন্ন হন। তিনি তার পুত্রকে এমন একটি প্রতিষ্ঠানে ভর্তির পরামর্শ দেন, যেখানে বিশুদ্ধভাবে কুরআন শিক্ষা, শিষ্টাচার, মাসয়ালা-মাসায়েল শিক্ষা দেওয়া হয়।

ক. ইসলাম অর্থ কী? ১

খ. "ইসলাম শিক্ষা তাওহিদভিত্তিক" ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বেলাল সাহেবের পুত্র যে শিক্ষা গ্রহণের ইচ্ছা প্রকাশ করেছে তা চিহ্নিতপূর্বক তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৩

ঘ. উদ্দীপকে ইমাম সাহেবের পরামর্শে যে প্রতিষ্ঠানের ইঙ্গিত পাওয়া যায় তার বৈশিষ্ট্য তোমার পাঠ্যবইয়ের আলোকে আলোকপাত কর। ৪

২। নাজমুল সাহেব সরকারি অফিসের কর্মকর্তা। তিনি সময়মতো অফিসে যান এবং নির্দিষ্ট সময়ের আগে অফিস থেকে বের হন না। আগত সেবা গ্রহণকারীকে কোনো প্রকার হয়রানি করেন না। এ কারণে অফিসের অনেকেই নাজমুলকে ভালোভাবে গ্রহণ না করলেও সেবা গ্রহণকারীদের নিকট তিনি খুবই পছন্দের। একদিন সোহাগ নামের একজন ব্যবসায়ী তার অফিস কক্ষে একটি ব্যাগ ফেলে রেখে যান। অফিসের পিয়ন সেলিম সেটি যত্ন সহকারে আলমারিতে রেখে দেন। পরদিন ব্যবসায়ী সোহাগ এসে নাজমুল সাহেবের কাছে বিষয়টি জানান। তিনি সেলিমকে ডেকে জিজ্ঞাসা করেন গতকাল তুমি কি আমার কক্ষে একটি ব্যাগ পেয়েছিলে? উত্তরে সেলিম বলল পেয়েছি, ব্যাগটি আলমারির মধ্যে সযত্নে রেখে দিয়েছি।

ক. 'তাকওয়ার' শাব্দিক অর্থ কী? ১

খ. 'সত্যবাদিতা মানুষকে মুক্তি দেয়'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব নাজমুলের মধ্যে ব্যক্তিগত চারিত্রিক যে গুণটির প্রতিফলন ঘটেছে তা চিহ্নিতপূর্বক বিশ্লেষণ কর। ৩

ঘ. উদ্দীপকে সেলিমের আচরণে যে গুণের প্রকাশ ঘটেছে তা চিহ্নিতপূর্বক এর সামাজিক গুরুত্ব মূল্যায়ন কর। ৪

৩। শামীম এমন একটি পরিবেশে বেড়ে উঠেছে, যেখানে বিসমিল্লাহ বলে সকল কাজ শুরু করা হয়। বড়রা ছোটদেরকে স্নেহ করে এবং ছোটরা বড়দেরকে সালাম দেয় ও সম্মান করে। প্রত্যেকে পারস্পরিক দায়িত্ব ও কর্তব্য পালন করে। শামীমের ব্যবসায়ী পিতা সন্তানদের প্রত্যেককে ইসলামের রীতিনীতি অনুযায়ী প্রতিপালন করেন এবং শিক্ষা দেন। তিনি ছেলে মেয়েকে পার্থক্য না করে সকলের প্রতি সমান আচরণ করে থাকেন।

ক. 'মোহরানা' কার অধিকার? ১

খ. "তারা তোমাদের ভূষণ এবং তোমরাও তাদের ভূষণ।"– ব্যাখ্যা কর। ২

গ. শামীমের বেড়ে উঠার পরিবেশটি নিরূপণ করে তোমার পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে শামীমের পিতার মধ্যে কোন গুণটি ফুটে উঠেছে তা চিহ্নিতপূর্বক তোমার পাঠ্যবইয়ের আলোকে এর সামাজিক প্রভাব বিশ্লেষণ কর। ৪

৪। জনাব আবুল কাশেম একটি মসজিদের ইমাম। তিনি এক খুতবায় বলেন, সন্তানদেরকে ইমান-আকিদা, হালাল-হারাম, ন্যায়-অন্যায়, শিষ্টাচার, নম্রতা, ভদ্রতা সম্পর্কে জ্ঞান দান করা প্রত্যেক বাবা-মার কর্তব্য। উক্ত শিক্ষার অভাবে উচ্চশিক্ষায় শিক্ষিত হয়েও অনেকে নানাবিধ অপকর্মে লিপ্ত হচ্ছে। মহানবি (স.) বলেছেন– "তোমরা জ্ঞান-বিজ্ঞান শিক্ষা কর এবং তা মানুষকে শিক্ষা দাও।"

ক. ইলম শব্দের অর্থ কী? ১

খ. "আলিমগণই নবিদের ওয়ারিস।"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব আবুল কাশেমের বক্তব্য কোন বিষয়ের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত জনাব আবুল কাশেম সাহেব যে শিক্ষার কথা বলেছেন– উহার সামাজিক প্রভাব মূল্যায়ণ কর। ৪

৫। শাফায়াত ও সাজ্জাদ দুই বন্ধু সম্প্রতি একটি খ্যাতনামা বিশ্ববিদ্যালয় থেকে পাস করে সরকারি অফিসে কর্মরত। শাফায়াত সময়মতো অফিসে যান এবং যথার্থভাবে গ্রাহকসেবা প্রদান করেন। শত ব্যস্ততার মাঝেও অফিসে ফাইল জমা করে রাখেন না। সরকারি নীতির বাইরে তাকে দিয়ে কোনো কাজ করিয়ে নেওয়ারও কোনো সুযোগ তিনি কাউকে দেন না। অন্যদিকে, সাজ্জাদ চাকরির বাইরে শেয়ার ব্যবসায় যুক্ত, অফিসে প্রায়ই দেরিতে উপস্থিত হন এবং নির্দিষ্ট সময়ের আগেই অফিস থেকে বের হয়ে যান। এমনকি গ্রাহকদের নিকট থেকে বাড়তি সুবিধা আদায় করেন।

ক. 'সিদক' শব্দের অর্থ কী? ১

খ. "মিথ্যা মানুষকে ধ্বংস করে"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব শাফায়াতের কর্মকাণ্ডটি তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সাজ্জাদের উপার্জনটি কোন ধরনের? তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর এবং তোমার মতামত দাও। ৪

৬। জনাব সোহেল ইমরানের তিন সন্তানের সংসারে বেশ সুখেই দিন কাটছিল। হঠাৎ ছোট ছেলে শাহেদ প্রচুর জ্বরে আক্রান্ত হলে দৃষ্টি লোপ পেতে থাকে। দ্রুত চিকিৎসকের কাছে নিয়ে যাওয়া হলে ডাক্তার তিন সপ্তাহের চিকিৎসা দেন। এর পরও শাহেদের দৃষ্টি দিন দিন অবনতি হতে থাকে এবং শেষপর্যন্ত দৃষ্টিহীন হয়ে পড়ে। এ অবস্থায় তার লেখাপড়ার জন্য তার পিতা তাকে বিশেষ চাহিদাসম্পন্ন স্কুলে ভর্তি করে দেন। পক্ষান্তরে, আব্দুল আলিম পাঁচ সন্তানের জনক, তার সংসারে অভাব লেগেই থাকে। সংসারে সচ্ছলতা আনার জন্য তার আট বছরের ছেলেকে কারখানায় কাজ করার জন্য পাঠিয়ে দেন।

ক. 'আখলাক' শব্দের অর্থ কী? ১
খ. "আমি জিন ও মানবজাতিকে একমাত্র আমার ইবাদত বন্দেগি করার জন্য সৃষ্টি করেছি।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত সন্তানের প্রতি জনাব সোহেল ইমরানের তৎপরতায় কী ফুটে উঠেছে, তা বিশ্লেষণ কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব আব্দুল আলিমের কর্মে যা প্রকাশ পেয়েছে তার সামাজিক প্রভাব মূল্যায়ন কর। ৪

৭। জনাবা সুফিয়ার স্বামী জনাব আরমান একজন মৎস কর্মকর্তা। সারাদিনের কর্মব্যস্ততা শেষে জনাব আরমান হাসিমুখে বাসায় ফিরেন। স্ত্রীর খোঁজখবর নেন এবং তার সাথে ভালো ব্যবহার করেন। অপরদিকে, আরমানের আরেক সহকর্মী রায়হান সাহেব অফিস শেষে যথাসময়ে বাড়ি যান এবং স্ত্রী সন্তানদের খোঁজ খবর রাখেন না। সন্তানদের লেখাপড়ার ব্যাপারেও উদাসীন।
ক. 'ইনসাফ' শব্দের অর্থ কী? ১
খ. "তোমাদের মধ্যে তারাই উত্তম যারা তাদের স্ত্রীদের কাছে উত্তম।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব আরমানের কর্মকাণ্ড তোমার পাঠ্যবইয়ের কোনটির সঙ্গে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. রায়হান সাহেবের আচরণে কিসের অভাব ফুটে উঠেছে? পরিবারের ওপর এর প্রভাব মূল্যায়ন কর। ৪

৮। জনাব শামীম একজন ব্যবসায়ী। বছর শেষে তার সম্পদের হিসাব করে নির্দিষ্ট একটি অংশ গরিবদের মাঝে বন্টন করেন। অপরদিকে, তার প্রতিবেশী নাসিম একজন ধনী কৃষক। তার জমির উৎপাদিত ফসলের কোনো অংশই গরিবদেরকে দেন না।
ক. 'উশর' শব্দের অর্থ কী? ১
খ. "যাকাত ইসলামের ভ্রাতৃত্ব বন্ধনের সেতু"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত জনাব শামীমের কর্মকাণ্ডে ইসলামের কোন বিধানটি ফুটে উঠেছে? উহার সামাজিক গুরুত্ব নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে আলোচিত নাসিমের চিন্তা চেতনায় ইসলামের কোন বিধানটি লঙ্ঘিত হয়েছে? তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯। শাহিন ও সাব্বির দুই বন্ধু একটি প্রসিদ্ধ বিশ্ববিদ্যালয়ের মেধাবী ছাত্র। একদিন শাহিন তার বন্ধু সাব্বিরকে বলল, আমি এমন একটি দেশে গিয়েছিলাম, যেখানে সমাজের মানুষের মধ্যে হৃদ্যতা, আন্তরিকতা, বন্ধুত্ব ও সম্প্রীতির কোনো অভাব নেই। একথা শুনে সাব্বির বলল, পৃথিবীর সকল মানুষইতো আদি পিতা হযরত আদম (আ.) ও আদি মাতা হযরত হাওয়া (আ.)-এর সন্তান। পৃথিবীতে শান্তি-শৃঙ্খলা বজায় রাখার জন্য জাতি, ধর্ম, বর্ণ, ভাষা নির্বিশেষে সকলের ঐক্যবদ্ধভাবে কাজ করা উচিত।
ক. 'উখুওয়াত' শব্দের অর্থ কী? ১
খ. "অবশ্যই মুমিনরা পরস্পর ভাই ভাই"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত শাহিনের বক্তব্য তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়ের প্রতি নির্দেশ করে? বিশ্ব ভ্রাতৃত্ব প্রতিষ্ঠায় এর গুরুত্ব আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত সাব্বিরের বক্তব্য বিশ্বশান্তি প্রতিষ্ঠায় কতটুকু ভূমিকা রাখতে পারে? মূল্যায়ন কর। ৪

১০। খলিল ও মুবারক একই এলাকার বাসিন্দা। দু'জনের আলাপ চারিতায় এক পর্যায়ে খলিল বলল, পৃথিবীতে পর্যায়ক্রমে অনেক আদর্শিক ও অনুস্মরণযোগ্য মানুষের আবির্ভাব ঘটেছে, যারা একটি বিশেষ নীতি ও আদর্শের ধারক। তাদের বিশেষ নীতি, আদর্শ, চিন্তাধারা, সংস্কৃতি ও বিশ্বাসকে অনুসরণ করেছে অসংখ্য ব্যক্তি ও জনগোষ্ঠী। ইহাকে অবলম্বন করে সমগ্র বনী আদম একই জাতি সত্তার অন্তর্ভুক্ত হয়েছে। পক্ষান্তরে, মুবারক বলল, উক্ত ব্যক্তিবর্গ ও জনগোষ্ঠী সমগ্র বিশ্বের মানবসমাজের হিদায়াত ও সত্য পথপ্রদর্শন, অন্যায়, অসত্য, বিভ্রান্তির গণ্ডি থেকে বিরত রেখে ধর্ম, বর্ণ, বংশ, গোত্র ও ভাষা নির্বিশেষে সকল মানুষের মাঝে কল্যাণ ও শান্তি প্রতিষ্ঠায় কাজ করবে।
ক. 'খিদমতে খালক' শব্দের অর্থ কী? ১
খ. "আর আপনাকে আমি নিখিল বিশ্ব মানবতার জন্য শুভ সংবাদদাতা ও সতর্ককারী হিসেবে প্রেরণ করেছি"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত খলিলের বক্তব্যের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়টি সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত মুবারকের বক্তব্যের সাথে তোমার পাঠ্যপুস্তকের কোন বিষয়ের মিল পাওয়া যায়? মূল্যায়ন কর। ৪

১১। জাবের ও হালিম দুই বন্ধু। জাবের হালিমকে বলল, আল্লাহ তায়ালা মানুষকে আশরাফুল মাখলুকাত হিসেবে সৃষ্টি করেছেন। তারা মানবজাতিকে সত্য, ন্যায় প্রতিষ্ঠার জন্য মানুষকে আহ্বান করবে। ইসলামের শাশ্বত বিধান প্রতিটি মানুষের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার দায়িত্ব পালন করবে। মানবজাতিকে শিরক, কুফর, বিদআত থেকে পবিত্র করার প্রাণান্ত চেষ্টা করবে। হালিম বলল, বন্ধু তুমি যা বললে শুধু এর ভেতরে সীমাবদ্ধ না বরং মানুষ পশুপাখি, কীটপতঙ্গ, বৃক্ষলতা, উদ্ভিদরাজি, জীব ও জড় পদার্থের প্রতিও সদয় হতে হবে এবং দায়িত্ব পালন করতে হবে।
ক. উম্মাহ শব্দের অর্থ কী? ১
খ. "ধর্মে জবরদস্তি বা বাড়াবাড়ি নেই।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত জাবেরের বক্তব্যের সাথে তোমার পাঠ্যপুস্তকের কোন বিষয়ের সাথে মিল রয়েছে? বিশ্লেষণ কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত হালিমের আলোচনার মধ্যে যে বিষয়ের ইঙ্গিত পাওয়া যায় তা উল্লেখপূর্বক মানবসমাজে এর গুরুত্ব কতটুকু? মূল্যায়ন কর। ৪

# এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ৫ সকল বোর্ড ২০২২

বিষয় কোড : 2 4 9

সময়—২০ মিনিট | **ইসলাম শিক্ষা প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা : সেট-ঘ** | পূর্ণমান—১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **১৫টি** প্রশ্নের উত্তর দাও।]

১. **'খারাজ' বলতে বোঝায়—**
ক ভূমি রাজস্ব খ যুদ্ধে অর্জিত সম্পদ
গ সাদাকাহ ঘ ব্যবসা

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আব্দুস সালাম সরকারি অফিসের কর্মকর্তা। একজন ঠিকাদার কাজ পাওয়ার জন্য তাকে গোপনে কিছু অর্থ দিতে চাইলে জনাব আব্দুস সালাম তাকে ফিরিয়ে দেন। এতে ঠিকাদার অসন্তুষ্ট হয়ে লোকদের কাছে তার গিবত করে বেড়ায়।

২. **জনাব আব্দুস সালাম কর্তৃক ঠিকাদারকে ফিরিয়ে দেওয়ার কারণ—**
ক সুদ প্রদান খ ঘুষ দেওয়া
গ মিথ্যাচার করা ঘ চুরি করা

৩. **ঠিকাদার আব্দুস সালাম সম্পর্কে যা বলেন তা—**
ক মিথ্যাচার খ প্রতারণা
গ অধিকার হরণ ঘ ছিনতাই

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
আকবর একজন পরহেযগার মানুষ। তিনি সর্বক্ষেত্রে ইসলামি অনুশাসন মেনে চলেন। তিনি তার সঞ্চিত অর্থ জমা রাখার জন্য ব্যাংকে একটি একাউন্ট খুলতে চান।

৪. **আকবর কর্তৃক ব্যাংক একাউন্ট খোলা উচিত—**
ক কেন্দ্রীয় ব্যাংকে খ কৃষি ব্যাংকে
গ ইসলামি ব্যাংকে ঘ বাণিজ্যিক ব্যাংকে

৫. **ব্যাংকে টাকা রাখার ক্ষেত্রে আকবরের যে বিষয়টি এড়িয়ে যাওয়া উচিত—**
ক মুনাফা খ সুদ
গ নিরাপত্তা ঘ হিসাব নম্বর

৬. **'দাওয়াহ' শব্দের অর্থ—**
ক সতর্ক করা খ আহ্বান করা
গ একত্র করা ঘ সহযোগিতা করা

৭. **খিদমতে খালক-এর মাধ্যমে অর্জিত হয়—**
i. স্রষ্টার সন্তুষ্টি
ii. সৃষ্টির ভালোবাসা
iii. আত্মীয়স্বজনের ভালোবাসা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৮. **পিতা-মাতার মৃত্যুর পরে সন্তানদের দায়িত্ব 'নয়'—**
ক মৃত্যুবার্ষিকী পালন খ দোয়া করা
গ ওয়াসিয়ত পূর্ণ করা ঘ ঋণ পরিশোধ করা

৯. **নৈতিক ও মানবিক জীবন গঠনে সর্বাধিক ভূমিকা—**
ক পরিবারের খ সমাজের
গ রাষ্ট্রের ঘ সরকারের

১০. **আবেদের বাড়ির পাশেই জাবেদের বাড়ি। জাবেদ আবেদের আত্মীয় নয়; তবে মুসলিম। এ ক্ষেত্রে আবেদের প্রতি জাবেদের হক—**
ক ২টি খ ৩টি গ ৪টি ঘ ৫টি

১১. **ইসলামি সমাজে আত্মীয়স্বজনের অধিকার হলো—**
i. সদাচরণ করা
ii. সহযোগিতা করা
iii. খোঁজখবর নেওয়া
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১২. **'মসজিদ' শব্দের অর্থ কী?**
ক আল্লাহর ঘর খ সিজদার স্থান
গ ইবাদত গৃহ ঘ উৎকৃষ্টতম স্থান

১৩. **ইমাম বলতে বোঝায়—**
ক নেতা খ পরহেজগার ব্যক্তি
গ সৎ ব্যক্তি ঘ অভিভাবক

১৪. **'আদল' শব্দের অর্থ কী?**
ক অধিকার খ অনুসরণ
গ নতুনত্ব ঘ ন্যায়বিচার

১৫. **'হুব্বুল ওয়াতন' শব্দের অর্থ কী?**
ক মানবপ্রেম খ আল্লাহভীতি
গ দেশপ্রেম ঘ নবিপ্রেম

১৬. **সূরা বাকারায় বর্ণিত 'নারীরা তোমাদের ভূষণ এবং তোমরা তাদের ভূষণ' এখানে 'তোমরা' দ্বারা কাদেরকে বোঝানো হয়েছে?**
ক পুরুষদের খ নারীদের
গ শিশুদের ঘ বয়স্কদের

১৭. **আশিকের জন্মের পর পরেই তার বাবা ফরহাদ স্ত্রী-পুত্র রেখে পালিয়ে যায়। সে আর তাদের খোঁজখবর রাখে না। এখানে আশিক যে অধিকার থেকে বঞ্চিত—**
ক মৌলিক অধিকার খ মানবাধিকার
গ পিতার অধিকার ঘ শিশু অধিকার

১৮. **প্রতিবন্ধীদের অধিকার হলো—**
i. মর্যাদা লাভ করা
ii. পেশা নির্বাচন করা
iii. ভিক্ষাবৃত্তি করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১৯. **স্ত্রীকে 'মোহরানা' প্রদানের বিধান কী?**
ক ফরজ খ সুন্নাত
গ মুস্তাহাব ঘ মুবাহ

২০. **মায়ের বিশেষ দায়িত্ব—**
ক জন্মের পর আজানের ধ্বনি শোনানো
খ অর্থবহ নাম রাখা
গ ৭ম দিনে আকিকা দেওয়া
ঘ দুগ্ধপান করানো

২১. **ইভটিজিং রোধে ইসলামি আইন হলো—**
i. দৃষ্টিশক্তি অবনত করা
ii. পর্দা মেনে চলা
iii. পরস্পরের প্রতি সম্মান প্রদর্শন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২২. **পার্শ্ববর্তী কত ঘর পর্যন্ত প্রতিবেশী?**
ক ৩০ খ ৪০ গ ৫০ ঘ ৬০

২৩. **পৃথিবীর প্রথম মক্তব—**
ক মসজিদে নববি খ মসজিদে আকসা
গ দারুল আরকাম ঘ বাইতুল হিকমা

২৪. **ইসলামি শিক্ষার বৈশিষ্ট্য—**
i. তাওহিদভিত্তিক শিক্ষা
ii. বাস্তবতাবর্জিত শিক্ষা
iii. আদর্শিক শিক্ষা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
রাহাত খাবারের শুরুতে 'বিসমিল্লাহ' বলে এবং ডান হাত দিয়ে খাবার খায়। কোনো মুসলিম ভাইকে দেখলে 'সালাম' দেয়। সে বন্ধুদের মাঝে আদর্শবান ছেলে হিসেবে পরিচিত।

২৫. **রাহাতের কর্মকাণ্ডে কোন সংস্কৃতি ফুটে উঠেছে?**
ক ইসলামি খ রক্ষণশীল
গ পাশ্চাত্য ঘ বস্তুবাদী

২৬. **এ সংস্কৃতি প্রতিপালন করলে—**
i. ইমানের পূর্ণতা পাবে
ii. শুধু আখিরাতের সাফল্য লাভ হবে
iii. মুসলিম জাতির অস্তিত্ব রক্ষা পাবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

২৭. **'প্রত্যেক মুসলিম নর-নারীর জ্ঞানার্জন করা ফরজ'। এটি—**
ক আল্লাহর বাণী
খ হযরত মুহাম্মদ (সা.)-এর বাণী
গ হযরত উমর (র.)-এর বাণী
ঘ হযরত আলী (র.)-এর বাণী

২৮. **'ইসলাম শিক্ষা তাওহিদভিত্তিক'-এখানে তাওহিদ বলতে বোঝায়—**
ক আল্লাহভীতি খ পরকালমুখী
গ একত্ববাদ ঘ পরোপকার

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
ইকবাল সাহেবের একটি গরুর খামার আছে। সে গরুর দুধ বিক্রি করে জীবন নির্বাহ করে। সাম্প্রতিককালে সে দুধের সাথে পানি মিশিয়ে দুধ বিক্রি করে বেশি উপার্জন করছে।

২৯. **ইকবাল সাহেবের সাম্প্রতিককালের উপার্জন—**
**ক হালাল খ হারাম গ মাকরুহ ঘ মুবাহ**

৩০. **ইকবাল সাহেবের কাজের পরিণতি—**
i. সম্পদের সমৃদ্ধি
ii. আল্লাহ লানত
iii. স্থায়ী আবাস জাহান্নাম
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ ক | ২ খ | ৩ ক | ৪ গ | ৫ খ | ৬ খ | ৭ ঘ | ৮ ক | ৯ ক | ১০ ক | ১১ ঘ | ১২ খ | ১৩ ক | ১৪ ঘ | ১৫ গ |
| ১৬ ক | ১৭ ক | ১৮ ক | ১৯ ক | ২০ ঘ | ২১ ঘ | ২২ খ | ২৩ গ | ২৪ খ | ২৫ ক | ২৬ গ | ২৭ খ | ২৮ গ | ২৯ খ | ৩০ খ |

## ৬ ✓ সকল বোর্ড ২০২১

বিষয় কোড : 2 4 9

## ইসলাম শিক্ষা প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. হালাল শব্দের অর্থ কী?**
ⓚ বৈধ ⓛ পবিত্র ⓖ উত্তম ⓘ সুস্বাদু

**২. সত্যবাদিতা মানুষকে—**
i. পুণ্যের পথে পরিচালিত করে
ii. কর্মক্ষেত্রে আস্থা ও সাফল্য বয়ে আনে
iii. সম্মানি, মর্যাদা ও ভালোবাসা অর্জনের অন্তরায় সৃষ্টি করে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ ii ও iii ⓖ i ও iii ⓘ i, ii ও iii

**৩. মানবসভ্যতার সবচেয়ে প্রাচীন সংগঠন কোনটি?**
ⓚ পরিবার ⓛ সমাজ ⓖ রাষ্ট্র ⓘ বিবাহ

**৪. পিতা-মাতার সাথে অসৌজন্যমূলক আচরণ হলো—**
ⓚ সামাজিকতা ⓛ হারাম
ⓖ অধিক সচেতনতা ⓘ দায়িত্বশীলতা

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
"তোমার প্রতিপালক নির্দেশ দিয়েছেন যে, তোমরা তাঁকে ছাড়া অন্য কারও ইবাদত করবে না এবং পিতা-মাতার সাথে সদ্ব্যবহার করবে।"

**৫. উদ্দীপকের অংশটি পবিত্র কুরআনের কোন সূরার অংশ?**
ⓚ সূরা বাকারা ⓛ সূরা নিসা
ⓖ সূরা ইবরাহিম ⓘ সূরা বনি ইসরাঈল

**৬. উদ্দীপকের নির্দেশটি জনজীবনে মেনে চললে—**
i. পারিবারিক জীবন সুখী-সমৃদ্ধিশালী হবে
ii. পিতা-মাতাকে বৃদ্ধাশ্রমে যেতে হবে
iii. পিতা-মাতার দুআয় সন্তান ভাগ্যবান হবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**৭. ইসলামি পরিবারের বৈশিষ্ট্য হলো—**
i. পিতৃতান্ত্রিক
ii. পারস্পরিক দায়বদ্ধতা
iii. আর্থসামাজিক নিরাপত্তা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ ii ও iii ⓖ i ও iii ⓘ i, ii ও iii

**৮. ইসলামি রাষ্ট্রের অমুসলিম নাগরিকগণ রাষ্ট্রকে প্রদান করে—**
ⓚ খারাজ ⓛ জিজিয়া ⓖ ফাঈ ⓘ উশর

**৯. ইসলাম শব্দটির অর্থ কী?**
ⓚ আনুগত্য করা ⓛ শান্তি কামনা করা
ⓖ অনুসরণ করা ⓘ আত্মসমর্পণ করা
* [বি.দ্র. : সঠিক উত্তর ক ও ঘ উভয়ই।]

**১০. ইসলাম শিক্ষার ধর্মীয় উদ্দেশ্য নয় কোনটি?**
ⓚ আল্লাহ সম্পর্কে জ্ঞান
ⓛ দ্বীনের প্রচার-প্রসার
ⓖ আড়ম্বরপূর্ণ জীবনযাপন
ⓘ ইসলামি দাওয়াতের সম্প্রসারণ

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
"তিনিই মহান সত্তা যিনি নিরক্ষরদের মধ্যে নবি পাঠিয়েছেন, তিনি তাদেরকে কুরআনের আয়াতসমূহ পাঠ করে শুনাবেন এবং তাদেরকে পূত-পবিত্র করবেন।"

**১১. উদ্দীপকের বাণীটি কার?**
ⓚ হযরত আবু বকর (রা.)-এর
ⓛ হযরত উমর (রা.)-এর
ⓖ হযরত মোহাম্মদ (স.)-এর
ⓘ মহান আল্লাহ তায়ালার

**১২. উদ্দীপকে উল্লিখিত বাণীর আলোকে আলিমগণ—**
i. ইসলাম শিক্ষায় মানুষকে উদ্বুদ্ধ করবেন
ii. ইসলাম ও নৈতিক শিক্ষার প্রতি মানুষকে উদ্বুদ্ধ করবেন
iii. মানুষকে সম্পদ অর্জনে উদ্বুদ্ধ করবেন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ ii ও iii ⓛ i ও iii ⓖ i ও ii ⓘ i, ii ও iii

**১৩. 'মক্তব' কোন ভাষার শব্দ?**
ⓚ আরবি ⓛ উর্দু ⓖ ফার্সি ⓘ বাংলা

**১৪. 'দারুল আরকাম' বলতে বোঝায়—**
ⓚ একটি পাহাড় ⓛ একটি মসজিদ
ⓖ একটি সমাবেশস্থল ⓘ একটি শিক্ষালয়

■ **উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
রফিক তার বন্ধু সফিককে সচ্চরিত্র অর্জনের উপায় সম্পর্কে জিজ্ঞাসা করলে সফিক পবিত্র কুরআনের নিম্নোক্ত আয়াতটি তেলাওয়াত করল। "হে ইমানদারগণ! আল্লাহকে ভয় করো, যেমনটি ভয় করা উচিত এবং অবশ্যই মুসলমান না হয়ে মৃত্যুবরণ করো না।"

**১৫. সফিকের বক্তব্যে ইসলামের ব্যক্তিগত জীবনের কোন গুণটি প্রকাশ পেয়েছে?**
ⓚ সত্যবাদিতা ⓛ তাকওয়া
ⓖ আমানত ⓘ আদল

**১৬. রফিকের প্রশ্নের উত্তরে কুরআনের নির্দেশনায়—**
i. আল্লাহকে যথার্থ ভয় করতে হবে
ii. প্রকৃত মুসলমান হতে হবে
iii. মৃত্যুর জন্য প্রস্তুতি নিতে হবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ ii ও iii ⓖ i ও iii ⓘ i, ii ও iii

**১৭. ইসলামি অর্থব্যবস্থায় অর্থ প্রশাসনের কেন্দ্রীয় দফতরকে বলা হয়—**
ⓚ ইসলামি ব্যাংক ⓛ অর্থ মন্ত্রণালয়
ⓖ মজলিসে শূরা ⓘ বায়তুল মাল

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আব্দুল্লাহ একজন গার্মেন্টস মালিক। প্রায় ৫ শতাধিক শ্রমিক নিয়ে তার কারবার। তিনি তাদের নিয়মিত বেতনভাতা পরিশোধ করেন। তার বন্ধু শাহীন একই রকম ব্যবসায়ী হয়েও শ্রমিকদের পাওনাদি যথা সময়ে পরিশোধ করেন না।

**১৮. উদ্দীপকে জনাব আব্দুল্লাহ নিচের কোন নির্দেশের অনুসরণ করেন?**
ⓚ "আর তাদের সম্পদে দরিদ্র ও বঞ্চিতদের অধিকার আছে।"
ⓛ "তোমরা নামাজ কায়েম কর, যাকাত দাও।"
ⓖ "শ্রমিকের গায়ের ঘাম শুকানোর আগেই তাদের পাওনাদি পরিশোধ করো।"
ⓘ "হে মানষ পৃথিবীতে যা কিছু আছে, হালাল ও পবিত্রতা থেকে খাও।"

**১৯. উদ্দীপকে শাহীনের কর্মকাণ্ড—**
i. দেশের শ্রম আইনের পরিপন্থি
ii. শিল্প-কারখানায় অচলাবস্থার সৃষ্টি করবে
iii. পারস্পরিক সম্প্রীতি নষ্ট হবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ ii ও iii ⓖ i ও iii ⓘ i, ii ও iii

**২০. ইসলামি অর্থব্যবস্থায় রাষ্ট্রীয় আয়ের উৎস নয় কোনটি?**
ⓚ সুদ ⓛ উশর ⓖ যাকাত ⓘ গণিমত

**২১. যাকাত বণ্টনের খাত কয়টি?**
ⓚ ৬টি ⓛ ৭টি ⓖ ৮টি ⓘ ৯টি

**২২. 'উশর' বলতে বোঝায়—**
ⓚ এক-পঞ্চমাংশ $\left(\frac{১}{৫}\right)$
ⓛ এক-দশমাংশ $\left(\frac{১}{১০}\right)$
ⓖ বিশ ভাগের একভাগ $\left(\frac{১}{২০}\right)$
ⓘ চল্লিশ ভাগের একভাগ $\left(\frac{১}{৪০}\right)$

■ **উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :**
ইসলাম শান্তির ধর্ম। মহান আল্লাহ তায়ালা ইসলামে এমন একটি বিধান প্রবর্তন করেছেন, যা মানুষের জাতীয় জীবনের বহু বিষয় ও বিধানের ওপর নির্ভরশীল। মহানবি (স.) একে ইসলামের সেতুবন্ধ বলেছে।

**২৩. উদ্দীপকে উল্লিখিত ইসলামের কোন বিধানের প্রতি ইঙ্গিত করা হয়েছে?**
ⓚ সালাত ⓛ যাকাত ⓖ সাওম ⓘ উশর

**২৪. উক্ত বিধান সমাজে প্রতিষ্ঠিত হলে—**
i. অভাব অনটন বিমোচন হবে
ii. আমদানি রপ্তানি বৃদ্ধি পাবে
iii. ভিক্ষাবৃত্তির উচ্ছেদ হবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ ii ও iii ⓖ i ও iii ⓘ i, ii ও iii

**২৫. 'উখুওয়াত' শব্দটি কোন ভাষার শব্দ?**
ⓚ বাংলা ⓛ আরবি ⓖ উর্দু ⓘ ফার্সি

**২৬. খিদমতে খালক বলতে বোঝায়—**
ⓚ সৃষ্টির সেরা জীব ⓛ স্রষ্টার প্রতি দয়া
ⓖ সৃষ্টির সেবা ⓘ নিজের প্রতি যত্নবান

**২৭. ইসলামে ভ্রাতৃত্বের বৈশিষ্ট্য হলো—**
i. আদর্শিক ঐক্য ii. ভালোবাসার সম্পর্ক
iii. উদারতা ও সাম্যভিত্তিক
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ ii ও iii ⓖ i ও iii ⓘ i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
জুমআর খুতবায় বায়তুল মোকাররম মসজিদের খতিব বললেন, "এ শহরকে বাসোপযোগী করতে হলে আমাদের সবাইকে নিজ নিজ স্থান থেকে সচেতন হতে হবে।"

**২৮. খতিব সাহেব তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়ের প্রতি ইঙ্গিত করেছেন?**
ⓚ সম্পদের সুষম বণ্টন
ⓛ বেশি বেশি বৃদ্ধাশ্রম প্রতিষ্ঠা
ⓖ ছিন্নমূল মানুষের বাসস্থান নিশ্চিতকরণ
ⓘ পানি, বায়ু ও পরিবেশ সংরক্ষণ

**২৯. খতিব সাহেবের বক্তব্য লঙ্ঘিত হলে—**
i. প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হবে
ii. পানি ও বায়ু ব্যবহারের অনুপযোগী হবে
iii. প্রাকৃতিক পরিবেশের প্রভূত উন্নতি হবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ ii ও iii ⓖ i ও iii ⓘ i, ii ও iii

**৩০. ইসলামে আন্তর্জাতিক সম্পর্ক বলতে বোঝায়—**
i. সভ্য ও স্বাধীন রাষ্ট্রসমূহের মধ্যে পারস্পরিক সম্পর্ক স্থাপন
ii. ভিন্ন ধর্মাবলম্বী রাষ্ট্রের সাথে সম্পর্ক স্থাপন না করা
iii. সন্ধি ও সংহতি স্থাপনের প্রতি গুরুত্ব প্রদান
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ ii ও iii ⓖ i ও iii ⓘ i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ক | ৩ | ক | ৪ | খ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | * | ১০ | গ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | খ |
| ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | গ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | গ |

# শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল

## ৭ মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা

বিষয় কোড : 249

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ইসলাম শিক্ষা প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। রিতা ও মিতা শিক্ষার বিষয়বস্তু নিয়ে আলোচনা করছিল। রিতা বলল, ন্যায়ের ওপর প্রতিষ্ঠিত থাকা ও চারিত্রিক উৎকর্ষের জন্য শিক্ষা অতীব প্রয়োজন। মিতা বলল, আল্লাহর দ্বীনকে সমুন্নত রাখা, মানবতার বিকাশ এবং সুন্দর জীবনযাপনের জন্য মহানবি (সা.) বলেছেন, "প্রত্যেক মুসলমান নরনারীর প্রতি বিদ্যাশিক্ষা ফরজ।"

ক. ইসলাম অর্থ কী? ১
খ. "ইসলাম শিক্ষা তাওহিদভিত্তিক শিক্ষা।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে রিতার বক্তব্য কোন শিক্ষার প্রতি ইঙ্গিত করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মিতার শেষ উক্তির মাধ্যমে যে শিক্ষার প্রতি দৃষ্টি দেওয়া হয়েছে তার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

২। জনাব 'ক'-এর চলাফেরা, আচার-আচরণ, কথাবার্তা সবকিছুই আপত্তিকর। বড়দের যেমন সে শ্রদ্ধা করে না, সালাম দেয় না, ছোটদেরও তেমনি স্নেহ করে না। পক্ষান্তরে, জনাব 'খ'-এর আচার-আচরণ জনাব 'ক'-এর সম্পূর্ণ বিপরীত।

ক. ইসলামি সংস্কৃতি বলতে কী বোঝ? ১
খ. ইসলামি সংস্কৃতির ৪টি উদাহরণ দাও। ২
গ. জনাব 'ক'-এর এরূপ আচরণ কোন সংস্কৃতির পরিপন্থি? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব 'খ'-এর আচার-আচরণ ইসলামের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩। আখতার সাহেব তার একমাত্র ছেলে রাকিবকে আল্লাহর ইবাদতের নিয়ম পদ্ধতি ও হালাল হারামের বিধান শিক্ষা দিতে চান। তাই তিনি রাকিবকে একটি বিশেষ বিষয়ে অধ্যয়ন করতে বলেন। আখতার সাহেব নিজেও জীবনযাপনের ক্ষেত্রে হালাল-হারামের বিধান মেনে চলার চেষ্টা করেন। দৈনন্দিন জীবনে তিনি হালাল উপার্জন এবং হালাল জিনিস গ্রহণ ও হারাম জিনিস বর্জন করেন।

ক. হালাল উপার্জন কাকে বলে? ১
খ. ইসলামে প্রতিবন্ধীদের প্রতি মনোভাব কীরূপ? ব্যাখ্যা কর। ২
গ. আখতার সাহেব তার ছেলেকে যে বিষয়টি অধ্যয়ন করতে বলেছেন তার উদ্দেশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. দৈনন্দিন জীবনে আখতার সাহেবের মেনে চলা বিষয়টির গুরুত্ব লেখ। ৪

৪। কবির সাহেব একজন শিল্পপতি। তার দুই ছেলে-মেয়েকে পড়াশোনার জন্য বিদেশে পাঠান। তারা পাশ্চাত্য কৃষ্টি-কালচার ও সভ্যতায় বড় হয়ে ওঠে। তার স্ত্রীও পাশ্চাত্য ধাঁচের জীবনযাপন করেন। একদিন তিনি সস্ত্রীক বন্ধু রহমান সাহেবের বাসায় বেড়াতে আসলেন। রহমান সাহেবের ছেলে-মেয়ে তাদেরকে সালাম দিয়ে কুশলাদি বিনিময় করল এবং সসম্মানে পর্যাপ্ত আপ্যায়ন করাল। কবির সাহেব বাসায় ফেরার পথে স্ত্রীকে বললেন— "দেখলে তো রহমানের সুখশান্তির সংসার।" স্ত্রী বললেন, "হ্যাঁ, আমাদের পরিবারটাও যদি এমন হতো।"

ক. ইসলামি পরিবার কী? ১
খ. 'ইসলামি পরিবার একটি শিক্ষালয়।'— ব্যাখ্যা কর। ২
গ. রহমানের সাহেবের ছেলে-মেয়েদের মধ্যে কোন ধরনের পরিবারের বৈশিষ্ট্য লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. কবির সাহেবের পারিবারিক জীবনের প্রভাব বিশ্লেষণ কর। ৪

৫। রশিদ রহমানের তিন সন্তানের সংসারে বেশ সুখেই দিন কাটছিল। হঠাৎ ছোট ছেলে সাকিব প্রচণ্ড জ্বরে আক্রান্ত হলে দৃষ্টি লোপ পেতে থাকে। দ্রুত চিকিৎসকের কাছে নিয়ে যাওয়া হলে ডাক্তার তিন সপ্তাহের চিকিৎসা দেন। এরপরও সাকিবের দৃষ্টি দিন দিন অবনতি হতে থাকে এবং শেষ পর্যন্ত দৃষ্টিহীন হয়ে পড়ে। এ অবস্থায় তার লেখাপড়ার জন্য তার পিতা তাকে বিশেষ চাহিদাসম্পন্ন স্কুলে ভর্তি করে দেন। পক্ষান্তরে, জাকির মিয়া পাঁচ সন্তানের জনক। তার সংসারে অভাব লেগেই থাকে। সংসারে সচ্ছলতা আনার জন্য তার আট বছরের ছেলেকে কারখানায় কাজ করার জন্য পাঠিয়ে দেন।

ক. আদল কী? ১
খ. "আত্মীয়তার সম্পর্ক ছিন্নকারী জান্নাতে প্রবেশ করবে না"।— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত সন্তানের প্রতি রশিদ রহমানের তৎপরতায় কী ফুটে উঠেছে, তা বিশ্লেষণ কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত জাকির মিয়ার কর্মে যা প্রকাশ পেয়েছে তার সামাজিক প্রভাব মূল্যায়ন কর। ৪

৬। সোবহান সাহেব একটি মসজিদের ইমাম। তিনি একটি খুতবায় বললেন, সন্তানদেরকে ইমান-আকিদা, হালাল-হারাম, ন্যায়-অন্যায়, শিষ্টাচার, নম্রতা, ভদ্রতা সম্পর্কে জ্ঞান দান করা প্রত্যেক বাবা-মার কর্তব্য। উক্ত শিক্ষার অভাবে উচ্চশিক্ষায় শিক্ষিত হয়েও অনেকে নানাবিধ অপকর্মে লিপ্ত হচ্ছে। মহানবি (স.) বলেছেন, "তোমরা জ্ঞান-বিজ্ঞান শিক্ষা কর এবং তা মানুষকে শিক্ষা দাও।"

ক. ইভটিজিং কী? ১
খ. ইসলামে মাদকাসক্তি নিষিদ্ধ কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে সোবহান সাহেবের বক্তব্য কোন বিষয়ের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত সোবহান সাহেব যে শিক্ষার কথা বলেছেন— উহার সামাজিক প্রভাব মূল্যায়ন কর। ৪

৭। জনাব শফিক একজন ব্যবসায়ী। বছর শেষে তার সম্পদের হিসাব করে তার একটি নির্দিষ্ট অংশ তিনি গরিবদের মাঝে বণ্টন করেন। অপরদিকে, তার প্রতিবেশী রাজিব সাহেব একজন ধনী কৃষক। তিনি তার সম্পত্তির কোনো অংশই গরিব-দুঃখীদের দান করেন না।

ক. 'উশর' শব্দের অর্থ কী? ১
খ. "যাকাত ইসলামের ভ্রাতৃত্ব বন্ধনের সেতু।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত জনাব শহীদ সাহেবের কর্মকাণ্ডে ইসলামের কোন বিধানটি ফুটে উঠেছে? সেটির সামাজিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৩
ঘ. রাজীব সাহেবের কর্মকাণ্ডে ইসলামের কোন বিধানটি লঙ্ঘিত হয়েছে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮। বেলাল একজন সৎ ও কর্মঠ ব্যবসায়ী। তার সংসারে অভাব-অনটন লেগেই থাকে। বেলালের স্ত্রী মাঝে মধ্যে বিরক্ত হয়ে অতিরিক্ত আয়ের জন্য তাকে দুই-একটা মিথ্যা বলতে, ওজনে কম দিতে ও দ্রব্যে ভেজাল মেশাতে বলে। কিন্তু বেলাল তাকে বুঝিয়ে বলে, "মানুষকে ফাঁকি দেওয়া গেলেও আল্লাহর দৃষ্টিকে ফাঁকি দেওয়া যাবে না।"

ক. সামাজিক অনাচার কী? ১
খ. 'মিথ্যা সকল পাপের জননী'। — ব্যাখ্যা কর। ২
গ. কোন গুণের কারণে বেলাল অসৎ পথ অবলম্বন করতে রাজি হলো না? ব্যাখ্যা কর। ৩
ঘ. বেলালের স্ত্রীর মতামতকে তুমি সমর্থন কর কি? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯। অধ্যাপক নাসিম আহমেদ এক সেমিনারে বলেন, মানুষ সৃষ্টির সেরা জীব। অন্যান্য জীবের প্রতিও তাদের দায়িত্ব ও কর্তব্য রয়েছে। যেমন— তাদের কষ্ট না দেওয়া, অসুবিধা দূর করা, বিনাশ না করা, প্রয়োজনীয় সহায়তা করা ইত্যাদি। অন্যদিকে মাওলানা ফিরোজ হায়দার তার বক্তব্যে বলেন, আমাদের চারপাশের গাছপালা, পশুপাখি, পাহাড়-পর্বত প্রভৃতি রক্ষণাবেক্ষণের বিষয়ে কুরআন ও হাদিসে সুস্পষ্ট নির্দেশনা আছে। তাই যেখানে-সেখানে মলত্যাগ বা ময়লা ফেলা যাবে না।

ক. 'উখুওয়াত' অর্থ কী? ১
খ. মুবাল্লিগের জন্য স্পষ্টভাষী হওয়া প্রয়োজন কেন? ২
গ. অধ্যাপক নাসিম আহমেদের বক্তব্যে ইসলামের কোন দিকটির ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. মাওলানা ফিরোজ হায়দারের বক্তব্যে যে বিষয়টি প্রকাশ পেয়েছে, তা তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০। শরীফের বাড়ির পাশে থাকে রাজু ও কাজল পরিবার। শরীফ রাজুর সাথে ভালো সম্পর্ক রাখলেও কাজল বড়ুয়ার সাথে মিশতে চায় না। একদিন কাজল বড়ুয়ার ছেলে হঠাৎ অসুস্থ হয়ে পড়লে তার বাড়ি থেকে কান্নার শব্দ ভেসে আসে। তখন শরীফের স্ত্রী নাবিলা দৌড়ে গিয়ে দেখেন কাজল বড়ুয়ার ছেলে মাটিতে গড়াগড়ি দিচ্ছে। সে দ্রুত তাকে হাসপাতালে নিয়ে চিকিৎসার ব্যবস্থা করে শরীফ বিষয়টি শুনে অসন্তুষ্টি প্রকাশ করলে নাবিলা বলে— সব মানুষ আল্লাহর সৃষ্টি। মহানবি (সা.) বলেছেন, "তোমরা সবাই আদম থেকে এবং আদম মাটি থেকে সৃষ্ট।" অতএব, সব মানুষ ভাই ভাই।

ক. ইহসান কী? ১
খ. আমি জিন ও মানুষকে ইবাদত করার জন্য সৃষ্টি করেছি— ব্যাখ্যা কর। ২
গ. শরিফের আচরণে কার অধিকার লঙ্ঘিত হয়েছে ব্যাখ্যা কর। ৩
ঘ. নাবিলার বক্তব্যে কোন ধরনের ভ্রাতৃত্বের উল্লেখ আছে? মানবজীবনে তার ফলাফল বিশ্লেষণ কর। ৪

১১। আমিনুল একটি ইবাদত পালনের জন্য প্রতিদিন পাঁচবার মসজিদে গমন করেন। ইবাদতটি তাকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে সহযোগিতা করে। পাপ কাজ থেকে বিরত রাখে। রহমত আলী সাহেব বন্ধু আমিনুল হককে বলেন, সম্পদশালীদের জন্য এমন ইবাদত ফরজ করা হয়েছে যাতে আর্থিক এবং শারীরিক উভয়ের সংশ্লিষ্টতা রয়েছে আর যা পালন করতে গিয়ে বিশ্বের অন্যান্য দেশের মুসলমানদের সাথে সাক্ষাতের সুযোগ হয়।

ক. উশর কী? ১
খ. 'হারাম উপার্জন ইবাদত কবুলের অন্তরায়'। — ব্যাখ্যা কর। ২
গ. আমিনুল হকের ব্যাপারে কোন ইবাদতের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. রহমত আলী সাহেবের বক্তব্যে যে ইবাদতের কথা বলা হয়েছে তার সামাজিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

## ৮ ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ

বিষয় কোড : 249

### ইসলাম শিক্ষা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট | পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। 'ক' একটি পুরাতন গ্রাম। গ্রামের মসজিদের আঙিনায় একটি ঘর। এখানে জনাব মাওলানা আজিম সাহেব সকালবেলা শিশুদেরকে কুরআন তিলাওয়াত শিক্ষা দেন। তাছাড়া শিশুদের নামাজ আদায় করার নিয়ম, পরস্পর দেখা হলে সালাম দেওয়া, কাজের শুরুতে বিস্‌মিল্লাহ বলা, খাওয়ার পর আল্লাহর শোকরিয়া করা ইত্যাদি বিষয় শিক্ষা দেন, যাতে গ্রামের শিশুরা ভবিষ্যতে সুনাগরিক হিসেবে জীবন গড়তে পারে।

ক. ইসলাম শব্দের অর্থ কী? ১
খ. 'জ্ঞানান্বেষণ করা প্রত্যেক মুসলিম নরনারীর ওপর ফরজ'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত গ্রামের মসজিদের ঘরটি তোমার পঠিত কোন বিষয়ের সাথে তুলনীয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব মাওলানা আজিম সাহেবের শিক্ষায় যে বিষয়টি ফুটে উঠেছে তার সামাজিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

২। এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর তারিন তার বান্ধবী নাজমাকে জানাল, সে ইসলামিক স্টাডিজ নিয়ে অনার্স করতে চাচ্ছে। নাজমা বলল, সে অন্য বিষয় নিয়ে পড়বে। কারণ ইসলামিক স্টাডিজ নিয়ে অনার্স করলে সাধারণ শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য অর্জন হবে না। তার উত্তরে তারিন বলল, ইসলাম এমন এক ধরনের শিক্ষার নাম যেখানে সাধারণ শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্যের যত ভালো গুণ ও কল্যাণময় দিক রয়েছে তার সবই ইসলাম শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্যের মধ্যে রয়েছে।

ক. কোন ধরনের জ্ঞান অর্জন করা ফরজ? ১
খ. ইসলামি শিক্ষা বলতে কী বোঝায়? ২
গ. নাজমার কোন ধরনের জ্ঞান অর্জন আবশ্যক বলে তোমার মনে হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. তারিনের সর্বশেষ উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৩। এ সংস্কৃতি অসামঞ্জস্যপূর্ণ ও অশালীন বিষয়াদি পরিহার করার ব্যাপারে গুরুত্বারোপ করে এবং ইমানভিত্তিক, মার্জিত, পরিশীলিত, উন্নত, পূতপবিত্র ও পরিচ্ছন্ন সংস্কৃতিকে উৎসাহিত করে। ইসলামি সংস্কৃতি যেমন ব্যাপক, তেমনি আদর্শভিত্তিক ও সর্বজনীন। এ বিশালায়তন প্রাসাদকে অক্ষুণ্ন রাখা মুসলিম জাতির জন্য অপরিহার্য কর্তব্য।

ক. ইসলামের প্রথম শিক্ষক কে ছিলেন? ১
খ. মক্তব বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত সংস্কৃতির উৎস কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যবহারিক জীবনে উদ্দীপকে উল্লিখিত সংস্কৃতটির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৪। মানুষ যে স্থানে জন্মগ্রহণ করেছে, যে স্থানের আলো-বাতাসে বেঁচে আছে, যে দেশের ফল-ফসল খেয়ে দেহের পুষ্টি যোগাচ্ছে, সে দেশকে প্রাণ দিয়ে ভালোবাসা প্রত্যেকের কর্তব্য। দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও নিরাপত্তা রক্ষা করা প্রত্যেকের ওপর আবশ্যক। আর দেশের বিশৃঙ্খলা ও অশান্তি সৃষ্টিকারীদেরকে সর্বশক্তি দিয়ে রুখে দাঁড়ানো উচিত।

ক. 'দেশপ্রেম' শব্দের আরবি কী? ১
খ. মাতৃভূমি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে নির্দেশিত বিষয়টি হাদিসের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টির যোগ্যতা নিজের মধ্যে সৃষ্টি করার উপায় কী? বিশ্লেষণ কর। ৪

৫। মানবসমাজের একটি বড় অংশ হলো শিশু। আজকের যে শিশু, সে আগামী দিনের সম্পদ। দ্বন্দ্ব-সংঘাতময় এ বিশ্বে শিশুদের নিরাপদে বেড়ে ওঠা, তাদের বিকাশকে নির্বিঘ্ন করা এবং তাদের প্রতি কোনো ধরনের অত্যাচার, নির্যাতন, বঞ্চনার প্রতিরোধ ও তাদের অধিকার সম্পর্কে ইসলাম সুস্পষ্ট নির্দেশনা প্রদান করেছে।

ক. কোন ধরনের রুজি অন্বেষণ করা ফরজের পরেও একটি ফরজ? ১
খ. 'জাতিসংঘ শিশু অধিকার সনদ' সম্পর্কে কী জান? লেখ। ২
গ. ইসলামের দৃষ্টিতে উদ্দীপকে উল্লিখিত বিষয়টি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে যে অধিকার সম্পর্কে উল্লেখ করা হয়েছে বাংলাদেশের সংবিধানে সে সম্পর্কে কী বলা আছে? বিশ্লেষণ কর। ৪

৬। জনাব হাসান ও মিসেস হাসানের একমাত্র সন্তান নাহিদ। প্রাচুর্যে ও আদরে সে বড় হয়ে উঠেছে। কিন্তু আদব-কায়দা শিষ্টাচারের বড় অভাব। ধর্মীয় বিধিবিধান যেমন মানে না তেমনি শরিয়তের শিক্ষাও তার নেই। নাহিদ বর্তমানে সংসারে কোনো সময় দেয় না। পিতামাতা কোনো কথা বললে তাদের সঙ্গে খারাপ ব্যবহার করে। শেষ বয়সে সন্তানের কারণে সমাজে তারা অপদস্ত হচ্ছেন।

ক. পরিবার কাকে বলে? ১
খ. ইসলামে পরিবারের কর্তা পিতা কেন? ব্যাখ্যা কর। ২
গ. জনাব হাসান ও মিসেস হাসান কি দায়িত্ব পালনে ব্যর্থ হয়েছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে নাহিদের কর্মকাণ্ড কি তুমি সমর্থন কর? সামাজিক জীবনে এর প্রভাব বিশ্লেষণ কর। ৪

৭। পিতামাতাই সন্তানের জন্য সর্বাধিক শ্রদ্ধেয়। এদের উসিলাতেই সন্তান এ মায়াময় বিশ্ব সংসারের মুখ দেখতে পায় এবং তাদের স্নেহ-মমতা মাখা যত্নে লালিত-পালিত হয়ে পরিপূর্ণ মানুষরূপে গড়ে ওঠে। সন্তানরা যাতে জীবনে ভালোভাবে প্রতিষ্ঠা লাভ করতে পারে সেজন্য পিতামাতার চেষ্টা ও সাধনার অন্ত থাকে না। ইসলামি জীবনব্যবস্থা পিতামাতার প্রতি সন্তানের ওপর যথেষ্ট দায়িত্ব ও কর্তব্য আরোপ করেছে।

ক. কার পায়ের নিচে সন্তানের জান্নাত? ১
খ. "পিতামাতার অবাধ্যতা অমার্জনীয় অপরাধ" কথাটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে যে দায়িত্ব পালনের কথা বলা হয়েছে তার গুরুত্ব ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে যাদের সম্পর্কে কথা বলা হয়েছে তাদের প্রতি সন্তানের কী কী কর্তব্য পালন করতে হয়? বিশ্লেষণ কর। ৪

৮। রাজন ও রিপন দুই বন্ধু। রাজন সবসময় ভালো ও বৈধ কাজের সঙ্গে জড়িত থাকে এবং সদা সত্য কথা বলে। অন্যদিকে রিপন অনলাইনে নকল পণ্য আসল বলে বিক্রয়ের মাধ্যমে মানুষকে ঠকায়। রাজন তাকে এ কাজটি করতে নিষেধ করলে, রিপন তার কথা শুনে না। কিছুদিন পর রাজন রিপনের সঙ্গ ত্যাগ করল।

ক. গণশিক্ষা কী? ১
খ. "ধূমপান বিষপান।"– ব্যাখ্যা কর। ২
গ. রিপনের কাজটি কিসের শামিল? তার পরিণতি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে রাজনের শেষ পদক্ষেপ কি সঠিক? তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯। জুয়া ও লটারি সামাজিক অনাচার ও অপরাধের মধ্যে একটি মারাত্মক অপরাধ। মানুষ প্রাচীনকাল থেকে এ পাপাচার ও পাপানুষ্ঠানে আসক্ত হয়ে আছে। সমাজের বহু অন্যায় এ জুয়ার পাপাচার থেকে ছড়িয়ে পড়ে। জাহিলি ও আধুনিক যুগে জুয়ার বিভিন্ন রূপ লক্ষ করা যায়। ইসলাম সব ধরনের জুয়াকে চিরতরে হারাম ঘোষণা করেছে।

ক. কুরআন মাজিদের ভাষায় জুয়াকে কী বলা হয়েছে? ১
খ. জাহিলি যুগের জুয়া বলতে কী বোঝায়? ২
গ. সার্বিকভাবে উদ্দীপকে উল্লিখিত বিষয়টির কী কুফল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি প্রতিরোধে ইসলামের কী ভূমিকা রয়েছে? বিশ্লেষণ কর। ৪

১০। শাহেদা ও রিতা দুই বান্ধবী। একই বিশ্ববিদ্যালয়ে পড়ালেখা করে। তবে রাজনৈতিক মতাদর্শে শাহেদা পুঁজিবাদী অর্থব্যবস্থার পক্ষে আর রিতা সমাজতান্ত্রিক অর্থব্যবস্থার পক্ষে। মাঝে মধ্যেই তারা নিজেদের পক্ষে যুক্তি দাঁড় করানোর চেষ্টা করে আলোচনা করে। একদিন অধ্যাপক হামিদ সাহেব বিষয়টি জানতে পেরে তাদেরকে বললেন, "পাশ্চাত্য অর্থব্যবস্থা মানুষের সার্বিক কল্যাণ দিতে পারে না।"

ক. যাকাতের নিসাব কী? ১
খ. উশর ও খারাজের মধ্যে পার্থক্য লেখ। ২
গ. শাহেদা ও রিতার চিন্তাধারা কীরূপ? ব্যাখ্যা কর। ৩
ঘ. অধ্যাপক হামিদ সাহেবের বক্তব্যের যথার্থতা বিশ্লেষণ কর। ৪

১১। সজিব ও নাছিম একই স্কুল হতে এসএসসি পরীক্ষা দিয়েছে। তাদের হাতে প্রচুর অবসর সময় আছে এবং সেই সময়টাকে তারা ইসলামের প্রচার ও প্রসারের জন্য কাজে লাগাতে চায়। তাদের এক বন্ধু লিটন পাহাড়ের গাছ কর্তন করে বিক্রি করার মাধ্যমে প্রচুর অর্থ উপার্জনের পথ পেয়ে সে পথে চলে যায়।

ক. উম্মাহ শব্দের অর্থ কী? ১
খ. খিদমতে খালক বলতে কী বোঝায়? ২
গ. সজিব ও নাসিমের চিন্তাভাবনা কিসের ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে লিটনের কর্মকাণ্ডের পরিণতি ও তা থেকে পরিত্রাণের উপায় বিশ্লেষণ কর। ৪

## ৯ ✓ বিএএফ শাহীন কলেজ, যশোর

বিষয় কোড : 2 4 9

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **ইসলাম শিক্ষা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। সাখাওয়াত সাহেব একজন ধনাঢ্য ব্যক্তি। তিনি মহানবি (সা.)-এর আদর্শে উজ্জীবিত হয়ে তাঁর প্রতিষ্ঠিত ইসলামের প্রথম দিকের অন্যতম শিক্ষা প্রতিষ্ঠান মসজিদে নববির আলোকে ছোট ছোট ছেলেমেয়েকে আদর্শ প্রাথমিক শিক্ষা প্রদান করার জন্য তার গ্রামের মসজিদে একটি প্রতিষ্ঠান চালু করেন। যাতে শত শত ছেলেমেয়ে উপকৃত হয়। ইমাম ও মুয়াজ্জিনের মাধ্যমে সেখানে পাঠদান দেওয়া হয় এবং তাদের বেতন তিনি নিজের পক্ষ থেকে দেন।

ক. ইসলামের প্রথম শিক্ষক কে ছিলেন? ১
খ. মক্তব বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. সাখাওয়াত সাহেব কোন ধরনের শিক্ষা প্রতিষ্ঠান চালু করেন এবং তা কী ভূমিকা রাখবে বলে মনে হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত সাখাওয়াত সাহেবের প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানটির প্রয়োজনীয়তা আছে কিনা? তোমার মতামত দাও। ৪

২। জনাব আশরাফ একজন সম্ভ্রান্ত ইসলামি পরিবারের সন্তান। তিনি পশ্চিমা দেশে প্রবাস জীবনযাপন করে সম্প্রতি দেশে প্রত্যাবর্তন করেছেন। সেখানে দীর্ঘদিন অবস্থানের কারণে তার চরিত্রে ওই দেশের সংস্কৃতির অনুপ্রবেশ ঘটেছে। তিনি প্রায় গুড মর্নিং, গুড ইভিনিং, ড্যাড ইত্যাদি পরিভাষা ব্যবহারসহ বা গলায় স্বর্ণের চেইন, হাতে স্বর্ণের আংটি ব্যবহার করেন। তার বন্ধু আজহার তাকে এ থেকে বিরত থাকার আহ্বান জানালে তিনি বললেন, "পৃথিবী তো উপভোগ করার স্থান।"

ক. ইসলাম শিক্ষা কী? ১
খ. তাওহিদভিত্তিক শিক্ষাব্যবস্থা বলতে কী বোঝায়? ২
গ. জনাব আশরাফের বিশ্বাস ও কর্ম ইসলামি শরিয়তের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. একজন প্রকৃত মুমিন হওয়ার জন্য জনাব আশরাফের করণীয় ইসলামি শিক্ষার আলোকে মূল্যায়ন কর। ৪

৩। ইয়াসির বিশ্ববিদ্যালয়ে সম্মান শ্রেণিতে অধ্যয়ন করে। ইয়াসিরের ছোট বোন রহিমা তাকে বলে– ভাইয়া তুমি কোন বিষয়ে পড়? ইয়াসির বলল, আমি এমন একটি বিষয়ে অধ্যয়ন করি যাতে আল্লাহর পরিচয়, তাঁর প্রতি ইমান ও আনুগত্য সম্পর্কে জানা যায় এবং ইবাদত-বন্দেগির মাধ্যমে তাঁর সন্তুষ্টি অর্জনের উপায় জানা যায়। ইয়াসিরের পিতা গ্রামের মসজিদে পাঁচ ওয়াক্ত নামাজ পড়ান। তিনি গ্রামের ছেলে-মেয়েদের দৈনন্দিন জীবনে যে সকল কাজ করতে হয় যথা : সার্বক্ষণিক আল্লাহকে স্মরণ করা, কাজের শুরুতে বিসমিল্লাহ বলা, কারও সাথে দেখা হলে সালাম দেওয়া, মসজিদে ডান পা দিয়ে প্রবেশ করা ইত্যাদি শিক্ষা দেন।

ক. ইসলাম শব্দের অর্থ কী? ১
খ. প্রত্যেক মুসলমানের ওপর জ্ঞান অর্জন করা ফরজ– ব্যাখ্যা কর। ২
গ. ইয়াসিরের অধীত বিষয়টি তোমার পঠিত কোন বিষয়ের সাথে তুলনীয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. ইয়াসিরের পিতা যে বিষয়টি শিক্ষা দেন মুসলমানদের দৈনন্দিন জীবনে তার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৪। রহিম সাহেব একজন ব্যবসায়ী। তিনি পণ্যের দোষত্রুটি বিক্রেতার নিকট গোপন করেন না, ওজনে কম দেন না, ব্যবসায় লোকসানের সম্মুখীন হলে বিচলিত না হয়ে সৎভাবে ব্যবসায় করতে থাকেন। অপরদিকে, তার ভাই করিম সাহেব বেশি লাভের আশায় মাছে ফরমালিন মিশিয়ে বিক্রি করেন এবং ওজনে কম দেন।

ক. দেশপ্রেম কাকে বলে? ১
খ. হালাল উপার্জনের সুফল ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত রহিম সাহেবের চারিত্রিক গুণাবলি বর্ণনা কর। ৩
ঘ. মাছ ব্যবসায়ী করিম সাহেবের কর্মকাণ্ড চিহ্নিতপূর্বক তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৫। খালিদ সাহেব একজন সরকারি কর্মকর্তা। রহিমা খাতুন ঐ অফিসের আয়া। অন্যেরা তাচ্ছিল্য করে কথা বললেও খালিদ রহিমাকে সম্মান দিয়ে কথা বলেন এবং তার কাছে কোনো কাজে গেলে তাকে চেয়ারে বসতে দেন। একই অফিসের কর্মচারী শারমিন। তার শিশুটিকে ডে-কেয়ার সেন্টারে রেখে কাজে আসেন। রহিমা খাতুন দেখলেন শিশুটি কান্না করছে। তখন রহিমা তাকে আদর করেন এবং নিজের ব্যাগ থেকে বিস্কুট বের করে খেতে দেন।

ক. হালাল উপার্জন কী? ১
খ. 'স্বামী-স্ত্রী একে অপরের পরিপূরক'– বুঝিয়ে লেখ। ২
গ. খালিদ সাহেবের আচরণে কী প্রকাশ পেয়েছে? বর্ণনা কর। ৩
ঘ. শিশুটির প্রতি রহিমার আচরণের তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৬। পারিবারিক জীবনের সুখ-শান্তি ও সমৃদ্ধি নির্ভর করে পরিবারের সদস্যদের পারস্পরিক দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালন করার ওপর। নতুন প্রজন্মকে ইমানদার ও আদর্শবান মানুষরূপে গড়ে তোলা পিতামাতার ওপর অপরিহার্য কর্তব্য। অথচ রফিক সাহেবের পাঁচ সন্তানের মধ্যে একটিকেও সঠিকভাবে লালন-পালন করেননি। ছেলেমেয়েরা কী করছে না করছে তার কোনো খবর সে রাখে না। অন্যদিকে তার এক মেয়ে রুনা প্রায়ই মা-বাবার সাথে অত্যন্ত খারাপ আচরণ করে। বিষয়টি শাহজাহান নামের তার এক আত্মীয় জানার পর রুনাকে বলল, রুনা তুমি ক্ষমার অযোগ্য অপরাধ করেছ।

ক. 'পিতামাতার অধিকার' এর আরবি কী? ১
খ. পিতামাতার প্রথম কর্তব্য সম্পর্কে লেখ। ২
গ. পিতা হিসেবে রফিক সাহেবের কী করা উচিত? ব্যাখ্যা কর। ৩
ঘ. শাহজাহানের কথাটির যথার্থতা কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭। জনাব মামুন দীর্ঘদিন থেকে বিদেশ কর্মরত। তার অনুপস্থিতিতে তার স্ত্রীকে সংসার চালাতে এবং ছেলেমেয়েদের লালন-পালন ও পড়াশোনা করাতে ভীষণ হিমশিম খেতে হয়। জনাব মামুনের পিতা ছেলেকে বললেন, "প্রবাসে থাকার ক্ষেত্রে তুমি হযরত উমর (রা.)-এর বিধান অনুসরণ কর এবং স্বামী-স্ত্রীর মধ্যে যেন দূরত্ব সৃষ্টি না হয় সে ব্যবস্থা কর।"

ক. হালাল শব্দের অর্থ কী? ১
খ. ইসলামি পরিবারকে পিতৃতান্ত্রিক পরিবার বলা হয় কেন? ২
গ. জনাব মামুনের পিতা হযরত উমর (রা.)-এর কোন বিধানের অনুসরণ করতে বলেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. দীর্ঘদিন প্রবাসে থাকার কারণে জনাব মামুন ও তার স্ত্রীর মধ্যে যে সমস্যা সৃষ্টি হতে পারে তা বিশ্লেষণ কর। ৪

৮। রহমান সাহেব ধনী লোক। কিন্তু তিনি আত্মীয়স্বজন ও প্রতিবেশীর খোঁজখবর রাখেন না। তিনি আত্মকেন্দ্রিক ও অহংকারী হওয়ায় সমাজে কেউ তাকে শ্রদ্ধা করে না ও ভালোবাসে না।

ক. প্রতিবেশী কাকে বলে? ১
খ. প্রতিবেশী কত প্রকার? বুঝিয়ে লেখ। ২
গ. রহমান সাহেবের আচরণ ইসলামের দৃষ্টিতে কি সমর্থনযোগ্য? বুঝিয়ে লেখ। ৩
ঘ. "সদাচরণ কর নিকটাত্মীয়, প্রতিবেশী, পার্শ্বে অবস্থানকারী প্রতিবেশী ও পার্শ্ববর্তীর সাথে"–ব্যাখ্যা কর ও তোমার অভিমত দাও। ৪

৯। মানুষ দৈনন্দিন জীবনে নানা ধরনের অর্থনৈতিক সমস্যার সম্মুখীন হয়ে থাকে। কীভাবে এসব আর্থিক সমস্যার সমাধান করবে, ইসলামি অর্থব্যবস্থায় তা বিশদভাবে বলা হয়েছে। মানুষ পারিবারিক জীবনে পরস্পরের সাথে কীভাবে লেনদেন করবে, রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে রাষ্ট্রীয় আয় এবং ব্যয় কীভাবে করতে হবে এবং ব্যবসায় বাণিজ্য কীভাবে পরিচালনা করবে সবকিছু ইসলামি অর্থব্যবস্থায় বলা হয়েছে।

ক. কোন অর্থব্যবস্থা সর্বোত্তম? ১
খ. বায়তুল মালের আয়ের উৎস সম্পর্কে কী জান? ২
গ. পারিবারিক ও সামাজিক জীবনে উদ্দীপকের উল্লিখিত অর্থব্যবস্থার একটি ব্যবহার নীতি বর্ণনা কর। ৩
ঘ. দৈনন্দিন জীবন ও রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে উদ্দীপকে উল্লিখিত অর্থব্যবস্থাটির গুরুত্ব মূল্যায়ন কর। ৪

১০। মামুন তার পৈত্রিক সম্পত্তি চাষাবাদের কাজে একটি গভীর নলকূপ স্থাপনের জন্য প্রচলিত ব্যবস্থায় পরিচালিত একটি ব্যাংক থেকে পাঁচ লক্ষ টাকা ঋণ নিয়েছেন। মামুনের নলকূপের পানি দিয়ে গ্রামের কৃষকরা অধিক ফসল উৎপাদন করতে পারছেন। নাফিজ তার বাড়িটি মর্টগেজ দিয়ে লাভ-লোকসানের ভিত্তিতে পরিচালিত একটি ব্যাংক হতে বিশ লক্ষ টাকা ঋণ নিয়ে একটি পোশাক তৈরির কারখানা দিয়েছেন। সেখানে গ্রামের অনেক ব্যক্তি শ্রম দিয়ে উপার্জন করেন।

ক. উশর শব্দের অর্থ কী? ১
খ. "যাকাত ধনী ও গরিবের মধ্যে সেতু"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মামুনের ঋণ নেওয়া ব্যাংকটি কেমন? ব্যাখ্যা কর। ৩
ঘ. নাফিজ যে ব্যাংক থেকে ঋণ নিয়েছেন সে ব্যাংকের বৈশিষ্ট্য বিশ্লেষণ কর। ৪

১১। জনাব সাজ্জাদ একজন সমাজসচেতন মানুষ। তিনি মানুষের সেবায় এগিয়ে আসেন। ইয়াতিম ও অভাবীদের সাহায্য করেন। পশুপাখি ও জীবজন্তুর প্রতি সদয় আচরণ করেন। বৃক্ষরোপণের মাধ্যমে পরিবেশ সংরক্ষণ করেন। অন্যদিকে, জনাব ফাইয়াজ একজন শিল্পপতি। তিনি আবাসিক এলাকায় একটি কারখানা স্থাপন করেন। এখান থেকে সর্বদা কালো ধোঁয়া নির্গত হয়। মেশিনের শব্দে পুরো এলাকা কেঁপে ওঠে। গাছ কেটে তিনি কারখানার কাঁচামালের যোগান দেন।

ক. 'খালক' শব্দের অর্থ কী? ১
খ. মুবাল্লিগের জন্য স্পষ্টভাষী হওয়া প্রয়োজন কেন? ২
গ. জনাব সাজ্জাদের এরূপ কল্যাণমূলক কাজকে কোন নামে অভিহিত করা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব ফাইয়াজের এরূপ কর্মকাণ্ডে পরিবেশের মারাত্মক বিপর্যয় দেখা দিতে পারে– বিশ্লেষণ কর। ৪

## ১০ ✓ বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম

বিষয় কোড : 2 4 9

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

**ইসলাম শিক্ষা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন**

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। ইহকালীন দায়িত্ববোধের পাশাপাশি পরকালীন জবাবদিহিতার বিশ্বাসী একদল নাগরিকই পারে একটি আদর্শ সমাজ ও রাষ্ট্র গঠন করতে। আর এজন্য প্রয়োজন মানুষের নৈতিকতা ও ধর্মীয় মূল্যবোধকে জাগ্রত করা। শিক্ষার প্রতিটি স্তরে বিষয়টি গুরুত্ব দেওয়া হলে সফলতা অনিবার্য।

ক. ইকরা অর্থ কী? ১
খ. ইসলামের মৌলিক জ্ঞান বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে কোন শিক্ষার প্রতি ইঙ্গিত করা হয়েছে? বৈশিষ্ট্যসমূহ লেখ। ৩
ঘ. শিক্ষার প্রতিটি স্তরে উক্ত শিক্ষাকে সিলেবাসভুক্ত করা হলে আদর্শ সমাজ ও রাষ্ট্র গঠন করা সম্ভব- ব্যাখ্যা কর। ৪

২।

| ছক : ১ | ছক : ২ |
|---|---|
| প্রাথমিক শিক্ষাদান | সব ক্ষেত্রে ডান হাতের ব্যবহার |
| শিষ্টাচার শিক্ষা দেওয়া | কাজের শুরুতে বিসমিল্লাহ বলা |

ক. সংস্কৃতির আরবি পরিভাষা কী? ১
খ. ইসলামি শিক্ষা বাস্তবমুখী– ব্যাখ্যা কর। ২
গ. ছক : ১-এ কোন ধরনের শিক্ষা প্রতিষ্ঠানের চিত্র ফুটে উঠেছে? তার কার্যাবলি লেখ। ৩
ঘ. ছক : ১-এ নির্দেশিত সংস্কৃতির ব্যবহারিক দিকসমূহ আলোচনা কর। ৪

৩। ইকবাল সাহেব জিইসি যাওয়ার জন্য ইপিজেড থেকে একটি সিএনজি ভাড়া করেন। যাত্রাকালে পুরো পথজুড়ে তিনি আল্লাহর নাম স্মরণ করতে থাকেন। ইকবাল সাহেবকে গন্তব্যে পৌঁছে দিয়ে ফিরে আসার সময় চালক লক্ষ করলেন, তার গাড়িতে একটি ল্যাপটপ। চালক অনেক খোঁজখবর নিয়ে ল্যাপটপটি ইকবাল সাহেবের কাছে পৌঁছে দেন।

ক. ইসলামের মৌলিক ইবাদত কয়টি? ১
খ. যাকাত ইসলামের সেতুবন্ধ– ব্যাখ্যা কর। ২
গ. চালকের আচরণে কীসের পরিচয় পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. যাত্রাকালে ইকবাল সাহেবের আমল মানবজীবনকে পরিশুদ্ধ করে– ব্যাখ্যা কর। ৪

৪। দৃশ্যকল্প-১ : সজিব এন্ড সন্স কোম্পানি বিপুল পরিমাণ চাল মজুদ করে। একপর্যায়ে চালের কৃত্রিম সংকট সৃষ্টি হলে চালের মূল্য বৃদ্ধি করে।
দৃশ্যকল্প-২ : খালেদ সাহেব ছেলের সব আবদার পূরণ করলেও মেয়ে কোনো কিছু চাইলে সহজে দেন না। তাছাড়া প্রায় সময় স্ত্রীকে মারধর করে।

ক. কার পদতলে সন্তানের জান্নাত? ১
খ. আমরা কীভাবে দেশপ্রেমের পরিচয় দিতে পারি? ২
গ. খালেদ সাহেবের আচরণে কার অধিকার লঙ্ঘন হয়েছে? এক্ষেত্রে ইসলামের বিধান কী? ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত কোম্পানির ব্যবসায়িক পলিসি সমাজে বিরূপ প্রভাব ফেলে– ব্যাখ্যা কর। ৪

৫। বৃদ্ধ বাবা, স্ত্রী, এক ছেলে ও এক মেয়ে নিয়ে তাজুল সাহেবের পরিবার। ছেলের যেকোনো আবদার তাৎক্ষণিক পূরণ করলেও মেয়ে কিছু চাইলে তা দিতে গড়িমসি করেন। অন্যদিকে ব্যবসার ব্যস্ততার কারণে বৃদ্ধ বাবার সেবাযত্ন ও চিকিৎসার প্রতিও মনোযোগ দেন না।

ক. স্বামী-স্ত্রী একে অপরকে কুরআনে কীসের সাথে তুলনা করা হয়েছে? ১
খ. প্রতিবেশীর প্রতি দায়িত্বসমূহ লেখ। ২
গ. সন্তানদের প্রতি তাজুল সাহেবের আচরণ কোন পর্যায়ের? এক্ষেত্রে ইসলামের শিক্ষা আলোচনা কর। ৩
ঘ. সন্তান হিসেবে তাজুল সাহেব তার দায়িত্ব পালনে ব্যর্থ– উদ্দীপক ও পাঠবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬। রাসুল (স.)-এর যুগে মক্কার অভিজাত বংশ বনু মাখদুমের এক মহিলা চুরির অভিযোগে অভিযুক্ত হন। ইসলামি আইন অনুসারে তার হাত কাটার সিদ্ধান্ত হলে বনু মাখদুম গোত্র নিজেদের জন্য অপমানজনক ভেবে বিচলিত হয়ে পড়ে। তারা উক্ত মহিলার শাস্তি মওকুফের জন্য রাসুল (স.)-এর কাছে সুপারিশ করে। এতে রাসুল (স.) রেগে যান এবং সংক্ষিপ্ত এক ভাষণে বলেন– আল্লাহর শপথ। আমার মেয়ে ফাতিমাও যদি এ অপরাধ করত, তাহলে সেও আল্লাহর নির্ধারিত শাস্তি থেকে রেহাই পেত না।

ক. ইনসাফ অর্থ কী? ১
খ. ইসলামি সমাজ বলতে কী বোঝায়? ২
গ. রাসুল (স.)-এর উপরোক্ত বক্তব্যে ইসলামের কোন দিকটি ফুটে উঠে? ৩
ঘ. বনু মাখদুম গোত্রের অনুরোধ অপরাধীকে প্রশ্রয় দেয়ার নামান্তর – ব্যাখ্যা কর। ৪

৭। রেল স্টেশনের পাশ দিয়ে যাওয়ার সময় জুনাইদ লক্ষ করলেন, একদল যুবক লোকজনের চলাচলের পথ থেকে একটু দূরে একটি ঝুপড়িতে বসে পানি জাতীয় কিছু সেবন করছে। এতে তিনি থমকে দাঁড়ান এবং লক্ষ করলেন, একটু পর যুবক দলের কয়েকজন অশ্লীল ভাষায় গালমন্দ করছে আর কয়েকজন অজ্ঞানের মতো পাশে শুয়ে আছে।

ক. আমর বিল মারুফ অর্থ কী? ১
খ. সামাজিক অনাচার বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত যুবকদের আচরণে কীসের প্রভাব পরিলক্ষিত হয়? এর কুফলসমূহ বর্ণনা কর। ৩
ঘ. যুবকদের কর্মকাণ্ড প্রতিরোধে ইসলামের বিধান ও ভূমিকা আলোচনা কর। ৪

৮।

| | ছক : ১ | | ছক : ২ |
|---|---|---|---|
| i | সম্পদের সুষম বণ্টন | i | সুদভিত্তিক অর্থব্যবস্থা |
| ii | সম্পদের মালিকানা আল্লাহর | ii | সম্পদে ব্যক্তির অবাধ মালিকানা |
| iii | মালিক-শ্রমিক পরস্পর সহযোগী | iii | মালিক-শ্রমিক পরস্পর মনিব-ভৃত্য সম্পর্ক |

ক. যাকাত আদায়ের খাত কয়টি? ১
খ. উশর ও খারাজের মধ্যে পার্থক্য কী? ২
গ. অর্থনৈতিক সুবিচার প্রতিষ্ঠায় ছক-১-এ উল্লিখিত অর্থব্যবস্থার ভূমিকা আলোচনা কর। ৩
ঘ. ছক : ২-এ উল্লিখিত অর্থব্যবস্থা শোষণের নামান্তর– ব্যাখ্যা কর। ৪

৯।




ক. নিসাব কী? ১
খ. ইসলামি ব্যাংকিং ব্যবস্থা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে ইসলামের কোন বিধানের প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. আর্থসামাজিক পরিমণ্ডলে উদ্দীপকে নির্দেশিত বিধানের গুরুত্ব বর্ণনা কর। ৪

১০। করোনাকালে কর্মহীন মানুষের পাশে দাঁড়ায় 'সিরাতুল মুস্তাকিম' নামক একটি সংগঠন। খাদ্য বিতরণ এবং চিকিৎসা সেবার মাধ্যমে তারা তাদের কার্যক্রম অব্যাহত রাখে। 'ইনসাফ' নামক আরেকটি সংগঠন আইনি সহায়তার মাধ্যমে অধিকারহারা মানুষকে অধিকার ফিরিয়ে দেয়ার লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি পরিচালনা করেন।

ক. কোন নবির উম্মতকে বিশ্বজনীন উম্মাহ বলা হয়? ১
খ. পরিবেশ সংরক্ষণে আমাদের করণীয় কী? ২
গ. সিরাতুল মুস্তাকিমের কার্যক্রম ইসলামের দৃষ্টিতে কোন পর্যায়ের? উক্ত কার্যক্রমের গুরুত্ব বর্ণনা কর। ৩
ঘ. মানবাধিকার প্রতিষ্ঠায় 'ইনসাফ'-এর কর্মসূচি ব্যাখ্যা কর। ৪

১১। i. কুরআন-হাদিসের বাণী যথাযথভাবে উপস্থাপন
ii. হিকমতের সাথে দীনের পথে আহ্বান জানানো
iii. নিজে পরিপূর্ণভাবে শরিয়ত পালন করা

ক. উখুওয়াত কত প্রকার? ১
খ. খিদমতে খালক বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে কাদের গুণাবলি উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত দায়িত্ব পালনে তথ্যপ্রযুক্তির ব্যবহার আলোচনা কর। ৪

## ১১ ✓ হবিগঞ্জ সরকারি মহিলা কলেজ

বিষয় কোড : 2 4 9

### ইসলাম শিক্ষা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। যে শিক্ষাব্যবস্থায় ইসলামকে একটি পরিপূর্ণ জীবনাদর্শ হিসেবে শিক্ষা দেওয়ার ব্যবস্থা থাকে, তাই ইসলামি শিক্ষা। শিক্ষা একটি মহামূল্যবান সম্পদ। এটির কল্যাণেই মানবজাতি সমগ্র সৃষ্টিজগতের মধ্যে শ্রেষ্ঠত্বের আসনে সমাসীন। আর এ কারণেই মানুষ মহান আল্লাহর প্রতিনিধি হওয়ার গৌরব অর্জন করেছে। ইসলাম শিক্ষা হলো কুরআন-সুন্নাহভিত্তিক শিক্ষা। এ শিক্ষা জীবনকে সঠিক পথে পরিচালনা করে।

ক. ইলম শব্দের অর্থ কী? ১
খ. ইসলামি শিক্ষার উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন শিক্ষাকে কুরআন-সুন্নাহভিত্তিক শিক্ষা বলা হয়েছে এবং তা কীভাবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের সর্বশেষ অংশটি বিশ্লেষণ কর। ৪

২। বিশিষ্ট শিক্ষাবিদ মাইনুদ্দিন সাহেব পবিত্র কুরআন ও হাদিস থেকে শিক্ষার অনুপ্রেরণা পেয়ে মুসলিম জাতিকে জ্ঞান-বিজ্ঞানের চর্চা করাতে এবং তাদের মধ্যে শিক্ষা ও জ্ঞান-বিজ্ঞানের উন্নয়ন এবং বিস্তার ঘটাতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। এলাকায় এলাকায় ইসলামি শিক্ষার প্রচার-প্রসারের জন্য দাওয়াতি কাজ চালিয়ে যাচ্ছেন। রাস্তাঘাটে, হাটে-বাজারে, মসজিদে সাধারণ মানুষকে ইসলামি শিক্ষা অর্জনের জন্য বোঝাতে চেষ্টা করেন। এতে তিনি ক্ষান্ত থাকেনি, বরং শিক্ষা বিস্তারের জন্য বাস্তব কার্যকরী পদক্ষেপ গ্রহণ হিসেবে নিজ এলাকায় 'বায়তুল হিকমা' নামে একটি শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলেন। যেখানে ধর্মীয় জ্ঞানের পাশাপাশি বিজ্ঞান, সাহিত্য, ব্যাকরণ ইত্যাদি বিষয়ও অধ্যয়নের সুযোগ ছিল। তিনি নিজেই এ প্রতিষ্ঠানের জন্য শিক্ষক নিয়োগ দেন।

ক. কোন যুগকে শিক্ষা, সংস্কৃতি ও জ্ঞান-বিজ্ঞানের স্বর্ণযুগ বলা হয়? ১
খ. হিজরতের পর কোন জায়গাটিকে শিক্ষার মহাকেন্দ্রের রূপ দেওয়া হয়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত মাইনুদ্দিন সাহেব কোন মহান ব্যক্তিত্বের আদর্শ অনুসরণ করেন বলে মনে হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. মাইনুদ্দিন সাহেবের গড়ে তোলা প্রতিষ্ঠানকে ইতিহাসের কোন প্রতিষ্ঠানের সাথে সাদৃশ্যপূর্ণ বলে তুমি মনে কর? আলোচনা কর। ৪

৩। ব্যক্তিগত জীবনে উন্নতি-অবনতির ক্ষেত্রে সবরের ভূমিকা অপরিসীম। সৎভাবে জীবনযাপন করতে হলে অসংখ্য জীবন সংগ্রামের মোকাবিলা করতে হয়। কিন্তু অসৎভাবে জীবন শুরু করলে কোনো বাধাই থাকে না। মানুষের কাছে শ্রদ্ধা-ভালোবাসা পেতে হলে সৎভাবে জীবনযাপনসহ অসীম ধৈর্যের পরিচয় দিতে হবে। যারা সবর করেন তারা মানুষের কাছে যেমন প্রিয়, আল্লাহর কাছেও প্রিয়।

ক. সবরের প্রতিদান কী? ১
খ. সবরের পরিচয় দাও। ২
গ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি ইমাম গাযালী এবং ইমাম রাযি (র.) কয় ভাগে বিভক্ত করেছেন? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টির গুরুত্ব কুরআন-হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪। মানুষ যে স্থানে জন্মগ্রহণ করেছে, যে স্থানের আলো-বাতাসে বেঁচে আছে, যে দেশের ফল-ফসল খেয়ে দেহের পুষ্টি যোগাচ্ছে, সে দেশকে প্রাণ দিয়ে ভালোবাসা প্রত্যেকের কর্তব্য। দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও নিরাপত্তা রক্ষা করা প্রত্যেকের ওপর আবশ্যক। আর দেশের বিশৃঙ্খলা ও অশান্তি সৃষ্টিকারীদেরকে সর্বশক্তি দিয়ে রুখে দাঁড়ানো উচিত।

ক. 'দেশপ্রেম' শব্দের আরবি কী? ১
খ. মাতৃভূমি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে নির্দেশিত বিষয়টি হাদিসের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টির যোগ্যতা নিজের মধ্যে সৃষ্টি করার উপায় কী? বিশ্লেষণ কর। ৪

৫। রোহানের পরিবার একটি আধুনিক পরিবার। পরিবারের অনেক সদস্যই ইসলামের বিধিবিধান পালন করে না। আবার অনেকে ধর্মীয় বিধিবিধান যেমন নামায পড়া, রোযা রাখা পছন্দ করেন না। কিন্তু রোহান এর ব্যতিক্রম। সে যেমন নিয়মিত সালাত আদায় করে তেমনি অন্যান্য বিধানগুলোও যথাযথভাবে পালন করে। সম্প্রতি তার পরিবারের সদস্যরা তাকে সালাত বর্জনের জন্য চাপ দিচ্ছে। এমতাবস্থায় সে সিদ্ধান্ত নিল তাদের সঙ্গ ত্যাগ করবে। এ ঘটনা শুনে স্থানীয় ইমাম সাহেব বললেন, আল্লাহর নির্দেশ অমান্য করে মানুষের আনুগত্য লাভ করা যায় না।

ক. মোহরানা কার ন্যায়সংগত অধিকার? ১
খ. স্বামী-স্ত্রী কীভাবে নৈতিক পবিত্রতা রক্ষা করবেন? ২
গ. রোহানের এরূপ সিদ্ধান্তটি কুরআন-হাদিসের দৃষ্টিভঙ্গিতে ব্যাখ্যা কর। ৩
ঘ. ইমাম সাহেবের বক্তব্য কতটুকু যৌক্তিক? মতামত বিশ্লেষণ কর। ৪

৬। ইসলামে পরিবারের ভূমিকা অত্যন্ত ব্যাপক ও বিস্তৃত। নতুন প্রজন্মকে আদর্শবান করে গড়ে তোলা পরিবারের দায়িত্ব। বাবা-মাকে অন্যান্য দায়িত্ব-কর্তব্য পালনের সাথে সাথে সন্তানের আমল-আকিদা ও নৈতিক চরিত্র গঠনের প্রতি সবিশেষ নজর দিতে হবে। পরিবারের সুশিক্ষা ছাড়া মানবজীবনের সত্যিকারের বিকাশ অসম্ভব। মানবসভ্যতার উৎকর্ষ সাধন, পূত-পবিত্রকরণের জন্য ইসলামে পরিবার প্রথা এক অনিবার্য প্রয়োজন। শিশুর মানসিক বিকাশে মায়ের ভূমিকা সীমাহীন।

ক. সমাজজীবনের প্রাথমিক ইউনিট কী? ১
খ. "সময়ের পরিবর্তনের সাথে সাথে পরিবারের ধরনও পরিবর্তন হচ্ছে।"—বর্ণনা কর। ২
গ. নৈতিক ও মানবিক জীবন গঠনে কিসের ভূমিকা বেশি গুরুত্বপূর্ণ? উদ্দীপকের আলোকে বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের সর্বশেষ কথাটি বিশ্লেষণ কর। ৪

৭। জন্মগতভাবেই মানুষ সামাজিক জীব। সমাজ সংগঠনটি গড়ে উঠেছে মানুষের এ পারস্পরিক সহযোগিতার ভিত্তিতেই। অথচ রোকেয়া বেগম নামের এক মহিলা সবসময় প্রতিবেশীদের সাথে ঝগড়া করে। তাদেরকে মন্দ কথা বলে। একদিন দুর্ভাগ্যক্রমে তার এক প্রতিবেশীর ঘরে আগুন লাগলে সে খবর পাওয়ার পরও ঘরে বসে থাকে। অন্যদিকে, তার বাড়িতে বেড়াতে আসা সালেহা বেগম নামের এক মহিলা মেহমান নিজের জীবনবাজি রেখে আগুন নেভানোর কাজে ঝাঁপিয়ে পড়েন এবং শেষপর্যন্ত অন্যদেরও সহযোগিতায় আগুন নিভাতে সক্ষম হন। এ কাজ করতে গিয়ে সালেহা বেগম গুরুতর আহত হন।

ক. কত বাড়ি পর্যন্ত প্রতিবেশী বলে বিবেচিত হয়? ১
খ. মহানবি (সা.) প্রতিবেশীকে কয় ভাগে ভাগ করেছেন এবং তা কী কী? ২
গ. সালেহা বেগমের ভূমিকাটি কীরূপ হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. রোকেয়া বেগমের আচরণটি ইসলামের দৃষ্টিতে কীরূপ হয়েছে এবং তার কী করা উচিত বলে মনে হয়? বিশ্লেষণ কর। ৪

৮। বর্তমান সময়ের সবচেয়ে ভয়ংকর সামাজিক অনাচার হলো ইভটিজিং। যাকে পৃথিবীর অন্যান্য দেশে Sexual Harrasment বলা হয়। দেশের হাজারো সমস্যা ছাপিয়ে ইভটিজিং এখন দেশের প্রধান আলোচিত সামাজিক সমস্যা। গ্রামে-গঞ্জে, শহরে এসব সমস্যা দিন দিন ছড়িয়ে পড়ছে। প্রতিটি অভিভাবকদের মনে এ নিয়ে সৃষ্টি হয়েছে গভীর উদ্বেগ। এ ভয়ানক সমস্যা থেকে পরিত্রাণ পাওয়া এখন সময়ের দাবি।

ক. ইভটিজিং-এর বাংলা প্রতিশব্দ কী? ১
খ. ইভটিজিং-এর ধরন ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি ঘটার কারণ বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত সমস্যাটি প্রতিরোধে করণীয় বিষয়গুলো বিশ্লেষণ কর। ৪

৯। ইসলামি রাষ্ট্র একটি জনকল্যাণমূলক প্রতিষ্ঠান। কোনো রাষ্ট্রই অর্থসম্পদ ছাড়া চলতে পারে না। ইসলামি রাষ্ট্রও জনকল্যাণে শিক্ষা, স্বাস্থ্য, প্রতিরক্ষা, ব্যক্তিগত ভাতা, প্রশাসনিক ব্যয়, আপদকালীন ব্যয় ইত্যাদি খাতে অনেক অর্থ ব্যয় করে থাকে। ইসলামি রাষ্ট্রকে এসব ব্যয় সংকুলানের জন্য অর্থসংস্থান করতে হয়। ইসলামি অর্থব্যবস্থায় রাষ্ট্রীয় আয়ের প্রধান উৎস হচ্ছে— যাকাত। ইসলাম সাম্য, ভ্রাতৃত্ব, সহানুভূতি, সহমর্মিতা ও সহযোগিতার ধর্ম। ইসলামি সমাজে এসব বৈশিষ্ট্য প্রতিফলনের ব্যাপারে যাকাতের ভূমিকা ও প্রভাব অপরিসীম। কিন্তু অনেকে যাকাতের সঠিক পদ্ধতি অনুসরণ না করায় তা অর্থবহ হচ্ছে না।

ক. 'উশর' শব্দের অর্থ কী? ১
খ. মিসকিন বলতে কাদের বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি আদায়ে সঠিক পদ্ধতি অনুসরণ না করার কারণ চিহ্নিত কর। ৩
ঘ. উদ্দীপকের শেষে যে বিষয়টি উল্লেখ করা হয়েছে তা বিশ্লেষণ কর। ৪

১০। জাহিদ ও সাদ দুজন দু দেশের নাগরিক। দুজনে ফেসবুকে স্ট্যাটাস দেয়। বন্ধুর আমন্ত্রণে জাহিদ সাদের দেশে বেড়াতে আসে। সাদের দেশের শাসনপদ্ধতি দেখে জাহিদ অবাক হয়। এখানে রাজা নেই, রানি নেই, বিলাসবহুল রাজপ্রাসাদ নেই। ধর্মীয় উপাসনালয় মসজিদে চলে শাসনকার্য, বিচার ও সালিস। সাদ বলল, আমাদের দেশে আমরা সুখে-শান্তিতে বাস করি। এখানে মানুষের পদমর্যাদা নয়, গুণের কদর করা হয়।

ক. মদিনা সনদ কী? ১
খ. মজলিসে শুরা বলতে কী বোঝায়? ২
গ. সাদের দেশে যে রাষ্ট্রব্যবস্থার অনুসরণ ও বাস্তবায়ন করা হয়, তা ব্যাখ্যা কর। ৩
ঘ. সাদের দেশের শাসনব্যবস্থার ধরন তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১। এনাম, মামুন ও শিহাব তিন বন্ধু। তাদের দেশে সংসদীয় গণতন্ত্র বিদ্যমান। তারা তাদের দেশের রাজনীতি ও রাজনৈতিক দলগুলো সম্পর্কে আলোচনা করছিল। শিহাব বলল, দেশের রাজনৈতিক দলগুলোর মধ্যে পারস্পরিক সম্প্রীতি ও সমঝোতার কোনো পরিবেশ নেই। আছে কেবল দলাদলি ও হানাহানি। এনাম বলল, দলগুলোর অভ্যন্তরে দলীয় কোন্দল, কলহ বিরাজমান।

ক. ইসলামি রাষ্ট্রের উপাদান কয়টি? ১
খ. নাগরিক কারা বর্ণনা কর। ২
গ. এনামের দেশের রাজনীতিতে অস্থিতিশীলতার কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উদ্ভূত পরিস্থিতিতে মদিনা সনদ কীরূপ ভূমিকা রাখতে সক্ষম? তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

## ১২ ✔ দিনাজপুর সরকারি কলেজ

বিষয় কোড : 2 4 9

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট — ইসলাম শিক্ষা প্রথম পত্র — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। জনাব 'ক' একজন ধার্মিক ব্যক্তি। তিনি মহল্লার ছেলে-মেয়েদেরকে নিজ বৈঠকখানার বারান্দায় কুরআন, হাদিস, পবিত্রতা ও ইবাদতের নিয়মকানুন ইত্যাদি শিক্ষা দেন। অপরদিকে, জনাব 'খ' শুধু চিন্তা ও স্বভাবে নয় বরং তার আবশ্যিক প্রত্যেকটি বিষয়সহ ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক ও অর্থনৈতিক কাজেও ইসলামি আচার-আচরণ, রীতি-পদ্ধতি অনুসরণ করে চলেন।

ক. ইসলাম শব্দের অর্থ কী? ১
খ. 'ইসলামি শিক্ষা তাওহিদভিত্তিক'– বুঝিয়ে লেখ। ২
গ. জনাব 'ক'-এর পাঠদানকৃত প্রতিষ্ঠানটির নাম কী? পাপপ্রবণতা হ্রাসে এবং দেশপ্রেমিক নাগরিক গঠনে উক্ত প্রতিষ্ঠানের ভূমিকা ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব 'খ' কী অনুসরণ করে চলেন? বিষয়টির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

২। 'র' বেগম একজন পরহেজগার মহিলা। তিনি পূর্ণ সততার সাথে ব্যবসায়িক কর্মকাণ্ড পরিচালনার মাধ্যমে আয়-উপার্জন করেন। অপরদিকে, জনাব 'ল' বেগমও একজন ব্যবসায়ী। তিনি সর্বদা মিথ্যা বলেন, পণ্যের দোষ-ত্রুটি গোপন করেন।

ক. দেশপ্রেম কী? ১
খ. তালাকের অধিকার বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের বর্ণিত 'র'-এর উপার্জন কী রকম? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'ল' বেগমের উপার্জন জাহান্নামে যাওয়ার কারণ – বিশ্লেষণ কর। ৪

৩। জনাব ইসহাক সাহেব তার মেয়ে শামিমা ও শারমিনকে বিয়ে দেওয়ার পর তাদের সাথে আর কোনো যোগাযোগ করে না এবং খবরাখবর নেন না। সে নারী জাতিকে তেমন সম্মান, অধিকার ইত্যাদি দিতে চায় না। একদিন তার ছেলে আমির বাবাকে বলল, "বাবা, জাহিলি যুগে নারী জাতির সাথে যেভাবে আচরণ করা হতো সেই রকম আচরণ না করলে ভালো হয়।" সে বাবার সেবা-যত্ন করে, সংগত আদেশ-নিষেধ মেনে চলে।

ক. আমাদের আদি মাতা কে? ১
খ. "মায়ের পদতলে সন্তানের বেহেশত" কথাটি ব্যাখ্যা কর। ২
গ. আমির কী পালন করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব ইসহাক সাহেবের আচরণে কী ফুটে উঠেছে? উক্ত ফলাফল বিশ্লেষণ কর। ৪

৪। জনাব সোহেল ইমরানের তিন সন্তানের সংসারে বেশ সুখেই দিন কাটছিল। হঠাৎ ছোট ছেলে শাহেদ প্রচন্ড জ্বরে আক্রান্ত হলে দৃষ্টি লোপ পেতে থাকে। দ্রুত চিকিৎসকের কাছে নিয়ে যাওয়া হলে ডাক্তার তিন সপ্তাহের চিকিৎসা দেন। এর পরও শাহেদের দৃষ্টি দিন দিন অবনতি হতে থাকে এবং শেষপর্যন্ত দৃষ্টিহীন হয়ে পড়ে। এ অবস্থায় তার লেখাপড়ার জন্য তার পিতা তাকে বিশেষ চাহিদাসম্পন্ন স্কুলে ভর্তি করে দেন। পক্ষান্তরে, আব্দুল আলিম পাঁচ সন্তানের জনক, তার সংসারে অভাব লেগেই থাকে। সংসারে সচ্ছলতা আনার জন্য তার আট বছরের ছেলেকে কারখানায় কাজ করার জন্য পাঠিয়ে দেন।

ক. ইসলামি পরিবার কী? ১
খ. 'ইসলামি পরিবার একটি শিক্ষালয়'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত সন্তানের প্রতি জনাব সোহেল ইমরানের তৎপরতায় কী ফুটে উঠেছে, তা বিশ্লেষণ কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব আব্দুল আলিমের কর্মে যা প্রকাশ পেয়েছে তার সামাজিক প্রভাব মূল্যায়ন কর। ৪

৫। জনাবা সুফিয়ার স্বামী জনাব আরমান একজন মৎস্য কর্মকর্তা। সারাদিনের কর্মব্যস্ততা শেষে জনাব আরমান হাসিমুখে বাসায় ফিরেন। স্ত্রীর খোঁজখবর নেন এবং তার সাথে ভালো ব্যবহার করেন। অপরদিকে, আরমানের আরেক সহকর্মী রায়হান সাহেব অফিস শেষে যথাসময়ে বাড়ি যান এবং স্ত্রী সন্তানদের খোঁজ খবর রাখেন না। সন্তানদের লেখাপড়ার ব্যাপারেও উদাসীন।

ক. 'মোহরানা' কী? ১
খ. "তোমাদের মধ্যে তারাই উত্তম যারা তাদের স্ত্রীদের কাছে উত্তম।"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব আরমানের কর্মকাণ্ড তোমার পাঠ্যবইয়ের কোনটির সঙ্গে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. রায়হান সাহেবের আচরণে কিসের অভাব ফুটে উঠেছে? পরিবারের ওপর এর প্রভাব মূল্যায়ন কর। ৪

৬। জনাব শামীম একজন ব্যবসায়ী। বছর শেষে তার সম্পদের হিসাব করে নির্দিষ্ট একটি অংশ গরিবদের মাঝে বণ্টন করেন। অপরদিকে, তার প্রতিবেশী নাসিম একজন ধনী কৃষক। তার জমির উৎপাদিত ফসলের কোনো অংশই গরিবদেরকে দেন না।

ক. 'উশর' কী? ১
খ. "যাকাত ইসলামের ভ্রাতৃত্ববন্ধনের সেতু।"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত জনাব শামীমের কর্মকাণ্ডে ইসলামের কোন বিধানটি ফুটে উঠেছে? উহার সামাজিক গুরুত্ব নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে আলোচিত নাসিমের চিন্তা চেতনায় ইসলামের কোন বিধানটি লজ্ঘিত হয়েছে? তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭। শীতের রাতে রফিক বাড়ি ফেরার সময় রাস্তায় ড্রেনের পাশে জটলা দেখে এগিয়ে গেল। দেখল রাস্তার ড্রেনে একটি কুকুরের বাচ্চা পড়ে হাবুডুবু খাচ্ছে। বাচ্চাটি উপরে ওঠার চেষ্টা করছে, আর ছেলেগুলো লাঠি দিয়ে খোঁচা মেরে নিচে ফেলে দিচ্ছে। রফিক ড্রেনে নেমে কুকুরছানাটিকে তুলে রাস্তায় ছেড়ে দিল এবং ছেলেগুলোকে এরূপ কাজ করতে বারণ করল।

ক. উখুওয়াত কী? ১
খ. "গোটা মানবজাতি একটি উম্মাহ" – ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে রফিকের কর্মকাণ্ডটি মূল্যায়ন কর। ৩
ঘ. কুকুরছানার সাথে ছেলেগুলোর আচরণ কি যথাযথ? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮। আজমল সাহেব একজন দাম্ভিক ধনী লোক। তিনি তার পাড়া-পড়শিদের সাহায্য করেন না। বরং নানা রকমের অন্যায় আচরণে তাদেরকে অতিষ্ঠ করে তোলেন। তবে তিনি তার শ্বশুড় পরিবারের সবার সাথে ভালো ব্যবহার করেন। তাদের আদর আপ্যায়ন করেন।

ক. আমর বিল মারুফ অর্থ কী? ১
খ. 'প্রতিবন্ধীরা বোঝা নয়' – ব্যাখ্যা কর। ২
গ. পাড়া-পড়শীদের সাথে আজমল সাহেবের আচরণে কী ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. আজমল সাহেবের শ্বশুড় পরিবারের সাথে আচরণে কী প্রতীয়মান হয়? উক্ত কর্মের ফলাফল বিশ্লেষণ কর। ৪

৯। রাসেল তার পৈত্রিক সম্পত্তি চাষাবাদের কাজে একটি গভীর নলকূপ স্থাপনের জন্য প্রচলিত ব্যবস্থায় পরিচালিত একটি ব্যাংক থেকে তিন লক্ষ টাকা লোন গ্রহণ করে। কিন্তু তার প্রতিবেশী নাসিম তার বাড়িটি মর্টগেজ দিয়ে লাভ-লোকসানের ভিত্তিতে পরিচালিত একটি ব্যাংক হতে দশ লাখ টাকা লোন গ্রহণ করে একটি পোশাক তৈরির কারখানা দিয়েছে।

ক. গণিমত কী? ১
খ. "যাকাতের উদ্দেশ্য দারিদ্র্য বিমোচন"– ব্যাখ্যা কর। ২
গ. রাসেলের কর্মকাণ্ডে কোন ধরনের ব্যাংকিং কর্মকাণ্ড ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. নাসিম কোন ধরনের ব্যাংক হতে ঋণ নিয়েছে? ইসলামি জীবনযাপনে উক্ত ব্যাংকের প্রভাব মূল্যায়ন কর। ৪

১০। জনাব আনোয়ার স্থান-কাল-পাত্র বিবেচনা করে যুক্তিপূর্ণ ও জ্ঞানগর্ভ বক্তব্যের মাধ্যমে লোকদের কাছে ইসলামের বাণী প্রচার করেন। তার বন্ধু জনাব সানোয়ার একদিন এক সমাবেশে বক্তব্য দেন। বলেন, তোমরা নির্বিচারে গাছ কেট না, যেখানে-সেখানে ময়লা-আবর্জনা ফেল না।

ক. ইসলামি সমাজ ব্যবস্থা কাকে বলে? ১
খ. "ইসলাম প্রচারে বুদ্ধিবৃত্তিক জিহাদের ভূমিকা অপরিসীম।"– ব্যাখ্যা কর। ২
গ. জনাব আনোয়ারের কর্মকাণ্ডে কী ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব সানোয়ারের বক্তব্যের বিষয় কী? জনজীবনে তার প্রভাব বিশ্লেষণ কর। ৪

১১। রাকিবের বাড়ির পাশে থাকে শরিফ ও বিজন বড়ুয়ার পরিবার। আবিদ শরিফের সাথে ভালো সম্পর্ক রাখলেও বিজনের সাথে মিশতে চায় না। একদিন বিজনের ছেলে হঠাৎ অসুস্থ হয়ে পড়লে তার বাড়ি থেকে কান্নার শব্দ ভেসে আসে। তখন আবিদের স্ত্রী শরিফা দৌড়ে গিয়ে দেখেন বিজনের ছেলে মাটিতে গড়াগড়ি দিচ্ছে। তিনি দ্রুত তাকে হাসপাতালে নিয়ে চিকিৎসার ব্যবস্থা করলেন। আবিদ বিষয়টি শুনে অসন্তুষ্টি প্রকাশ করলে শরিফা বলেন– সব মানুষ আল্লাহর সৃষ্টি। মহানবি (স.) বলেছেন, "তোমরা সকলেই আদম হতে এবং আদম মাটি হতে সৃষ্ট।" অতএব, সকল মানুষ ভাই ভাই।

ক. 'হাক্কুল ইবাদ' অর্থ কী? ১
খ. 'আমি জিন ও মানুষকে ইবাদত করার জন্য সৃষ্টি করেছি'– ব্যাখ্যা কর। ২
গ. রাকিবের আচরণে কার অধিকার লজ্ঘিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. শরিফার বক্তব্যে কোন ধরনের ভ্রাতৃত্বের উল্লেখ আছে? মানবজীবনে তার ফলাফল বিশ্লেষণ কর। ৪

# শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ১৩ তেজগাঁও কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 4 9

### ইসলাম শিক্ষা প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. **ইসলাম শিক্ষা কী?**
ক নবি রাসুলের শিক্ষা
খ প্রকৃতির শিক্ষা
গ মানুষ ও জীবের শিক্ষা
ঘ আল্লাহ ও রাসুলের শিক্ষা

২. **ইসলাম শব্দের অর্থ কী?**
ক আত্মসমর্পণ খ শান্তি
গ নমনীয়তা ঘ উৎসর্গ

৩. **ইসলাম শিক্ষার মূলভিত্তি কী?**
ক রিসালাত খ হাদিস
গ তাওহিদ ঘ ইবাদাত

৪. **প্রত্যেক নর-নারীর ওপর বিদ্যার্জনের বিধান কী?**
ক সুন্নত খ ফরজ
গ ওয়াজিব ঘ মুস্তাহাব

৫. **দারুল আরকাম কী?**
ক একটি মসজিদ
খ একটি পাহাড়ি স্থান
গ একটি শিক্ষায়তন
ঘ একটি অডিটোরিয়াম

৬. **আখলাকে হাসানাহ কী?**
ক নিন্দনীয় চরিত্র
খ প্রশংসনীয় চরিত্র
গ খারাপ চরিত্র
ঘ উত্তম চরিত্র

৭. **ইসলাম শিক্ষার উদ্দেশ্য কী?**
ক রাসুল (স.) কে চেনা
খ ইসলাম সম্পর্কে জানা
গ ধর্ম সম্পর্কে জানা
ঘ পরলোক সম্পর্কে জানা

৮. **নৈতিক শিক্ষার প্রধান উৎস কোনটি?**
ক আল-কুরআন খ হাদিস
গ রিসালাত ঘ ইবাদাত

৯. **বুনিয়াদি আমল অর্থ?**
ক মৌলিক ইবাদাত
খ ইমানের বিষয়
গ পাঁচ ওয়াক্ত নামাজ
ঘ সার্বক্ষণিক যিকর

১০. **যাকাত শব্দের অর্থ কী?**
ক প্রদান করা খ ত্যাগ করা
গ পবিত্রতা ঘ দান করা

১১. **ইসলামের প্রথম বুনিয়াদ কোনটি?**
ক সালাত খ যাকাত
গ ইমান ঘ সাওম

১২. **সবর-এর অর্থ কী?**
ক সত্য খ ধৈর্য
গ শক্ত ঘ ভক্ত

১৩. **যিকর শব্দের অর্থ কী?**
ক স্মরণ করা খ কাজ করা
গ শোকর করা ঘ আদর করা

১৪. **তাকওয়ার গুণে গুণান্বিত ব্যক্তিকে কী বলা হয়?**
ক মুহসিন খ মুমিন
গ মুত্তাকি ঘ মুখলিস

১৫. **কার পায়ের নিচে জান্নাত?**
ক পিতার খ মাতার
গ স্বামীর ঘ শিক্ষকের

১৬. **তাওয়াক্কুল শব্দের অর্থ কী?**
ক অবস্থান করা খ নিষ্কর্ম থাকা
গ ভরসা করা ঘ ভীত হওয়া

১৭. **হালাল শব্দের অর্থ কী?**
ক উত্তম খ বৈধ
গ উপাদেয় ঘ পবিত্র

১৮. **মানবজীবন প্রথম ভিত্তি স্তর কোনটি?**
ক সমাজ খ পরিবার
গ রাষ্ট্র ঘ সংস্কৃতি

১৯. **ইসলামি পরিবারের প্রধান কর্তা কে?**
ক পিতা খ মাতা
গ ভাই ঘ বোন

২০. **স্ত্রীকে মোহরানা প্রদান করা স্বামীর ওপর কী?**
ক ফরজ খ সুন্নত
গ মুস্তাহাব ঘ মাকরুহ

২১. **সুদ-এর আরবি কী?**
ক রিয়া খ রেশওয়া
গ রিবা ঘ রিদা

২২. **জিহাদ শব্দের অর্থ কী?**
ক লড়াই করা
খ সর্বাত্মক প্রচেষ্টা করা
গ স্মরণ করা
ঘ ঘৃণা করা

২৩. *** প্রশ্ন নেই**

২৪. **ইসলামি অর্থব্যবস্থার মূল উৎস কোনটি?**
ক আল-কুরআন খ হাদিস
গ ইজমা ঘ কিয়াস

২৫. **উশর অর্থ কী?**
ক দশ
খ একদশমাংশ
গ বিশ
ঘ বিশ ভাগের এক ভাগ

২৬. **ইসলামি রাষ্ট্রের সার্বভৌমত্ব কার?**
ক ব্যক্তির খ জনগণের
গ আল্লাহর ঘ রাষ্ট্রের

২৭. **ইসলামি রাষ্ট্রে সকল ক্ষমতার উৎস কে?**
ক সরকার খ জনগণ
গ রাষ্ট্র ঘ আল্লাহ

২৮. **উখুওয়াত শব্দের অর্থ কী?**
ক বন্ধুত্ব খ সত্যতা
গ মমত্ব ঘ ভ্রাতৃত্ব

২৯. **খিদমতে খালক অর্থ কী?**
ক নবির সেবা
খ বাবা-মায়ের সেবা
গ সৃষ্টির সেবা
ঘ প্রকৃতির সেবা

৩০. **একাধিক মুসলিম রাষ্ট্র মিলে কোন সংস্থা গড়ে উঠেছে?**
ক কমনওয়েলথ খ ওআইসি
গ বিবিসি ঘ ন্যাটো

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | ক | ৩ | গ | ৪ | খ | ৫ | গ | ৬ | খ | ৭ | খ | ৮ | ক | ৯ | খ | ১০ | গ | ১১ | গ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | খ |
| ১৬ | গ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | ক | ২১ | গ | ২২ | খ | ২৩ | * | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | খ |

## ১৪ ✔ গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ

বিষয় কোড : 2 4 9

### ইসলাম শিক্ষা প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. ইসলাম শব্দটির অর্থ কী?**
ⓚ আত্মসমর্পণ করা ⓚ আনুগত্য করা
ⓖ অনুসরণ করা ⓖ শান্তি কামনা করা

**২. ইসলাম শিক্ষার মূলভিত্তি কী?**
ক) ইবাদত খ) তাওহিদ
গ) রিসালাত ঘ) হাদিস

**৩. ইসলামি সংস্কৃতির চিরন্তন আহ্বান—**
i. সত্যের দিকে ii. সুন্দরের দিকে
iii. ক্ষমতা ও মর্যাদার দিকে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
আব্দুল জলিলের সহপাঠী সনেট মিয়া। সনেট মিয়াকে সবাই ফ্যাশন সচেতন বলেই জানে। সে ক্রুশ পরিধান করাকে ফ্যাশন হিসেবে নিয়েছে। আব্দুল জলিল সনেটকে এ আয়াতটি পড়ে শোনায়— "যারা অবিশ্বাস করবে, আমার নিদর্শনগুলো মিথ্যা জানবে, তারাই জাহান্নামি।"

**৪. ক্রুশ পরিধান করে সনেট মিয়া আসলে কী করছে?**
ক) শিরক করছে খ) মুনাফিকী করছে
গ) কুফরী করছে ঘ) সংস্কৃতি সচেতন হচ্ছে

**৫. উদ্দীপকের আয়াত দ্বারা কিসের বিধান ঘোষণা করা হয়েছে?**
ক) মুনাফিকের শাস্তির বিধান
খ) ব্যভিচারীর শাস্তির বিধান
গ) মুশরিকের শাস্তির বিধান
ঘ) কুফরির শাস্তির বিধান

**৬. 'হালাল' শব্দের অর্থ কী?**
ক) বৈধ খ) উত্তম গ) উপাদেয় ঘ) পবিত্র

**৭. কার পায়ের নিচে জান্নাত?**
ক) পিতার খ) মাতার
গ) স্বামীর ঘ) শিক্ষকের

**৮. আয়েশা তার এক বছর বয়সি কন্যা হাফসাকে খুব স্নেহ করেন। এর মাধ্যমে তিনি—**
i. শিশুর অধিকার নিশ্চিত করেছেন
ii. মহানবি (স.)-এর সুন্নত পালন করেছেন
iii. মমতা দেখানোর ক্ষেত্রে বাড়াবাড়ি করেছেন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
ফয়েজ আহমেদ একজন প্রতিবন্ধী। অনেক কষ্ট করে উচ্চ শিক্ষা অর্জন করেন। কিন্তু প্রতিবন্ধী হওয়ায় তাকে কেউ চাকরি দিচ্ছে না শুনে ইমাম সাহেব বললেন, ইসলামে প্রতিবন্ধীদের অনেক অধিকারের বিষয় আলোচিত হয়েছে।

**৯. মা'জুর শব্দের অর্থ কী?**
ক) সুবিধাবঞ্চিত খ) রোগগ্রস্ত
গ) সমস্যাগ্রস্ত ঘ) দুর্বল

**১০. উদ্দীপকে ইমাম সাহেব ইসলামে প্রতিবন্ধীদের অধিকার নিয়ে বলেছেন—**
i. প্রতিবন্ধীদের শিক্ষা গ্রহণের অধিকার
ii. চিকিৎসা গ্রহণের অধিকার
iii. মর্যাদা লাভের অধিকার
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

**১১. 'আর তুমি নিকটাত্মীয়কে তার হক বা অধিকার দিয়ে দাও।'— আয়াতটি কোন সূরার?**
ক) বনি ইসরাইলের খ) লাহাবের
গ) ফালাকের ঘ) বাকারার

**১২. মসজিদ শব্দের অর্থ কী?**
ক) আল্লাহর ঘর খ) সিজদার ঘর
গ) ইবাদতের ঘর ঘ) প্রার্থনার জায়গা

**১৩. ইভটিজিং প্রতিরোধে ইসলামের অনুশাসন হলো—**
i. দৃষ্টিশক্তির হেফাজত না করা
ii. পর্দা প্রথা মেনে চলা
iii. সতর ঢেকে রাস্তায় চলাচল করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
মাহফুজ সাহেব ট্রেনের একজন চেকার। তিনি টিকিট চেক করার সময় বিনা টিকিটের যাত্রী রফিককে পেলেন। রফিক চেকারকে কিছু টাকা দিয়ে পার পেতে চাইলেও চেকার তার কাছ থেকে উপযুক্ত ভাড়া আদায় করে তাকে রসিদ দিয়ে বললেন, বিনা টিকিটে ট্রেন ভ্রমণ করবেন না।

**১৪. উদ্দীপকে বর্ণিত রফিকের কর্মকাণ্ডে প্রকাশ পেয়েছে—**
ক) মিথ্যাচার খ) চুরি
গ) ফাঁকিবাজি ঘ) ঘুষ

**১৫. মাহফুজ সাহেবের কর্মকাণ্ডে প্রকাশ পেয়েছে—**
i. দেশপ্রেম ii. কর্তব্যপরায়ণতা
iii. দায়িত্বশীলতা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৬. ইসলামি পরিবারের প্রধান উদ্দেশ্য কী?**
ক) আল্লাহর সন্তুষ্টি অর্জন
খ) ধন-সম্পদের মালিক হওয়া
গ) সন্তানকে উচ্চশিক্ষিত করা
ঘ) পরিবারের সকলে সুখে থাকা

**১৭. মাতাপিতার সম্পদের কত অংশ পর্যন্ত দিয়ে সন্তান তাদের অসিয়ত পূরণ করবে?**
ক) ১/৪ খ) ১/৩ গ) ১/২ ঘ) ১/৫

**১৮. স্ত্রীর প্রতি স্বামীর দায়িত্ব হচ্ছে—**
i. গোপনীয়তা রক্ষা করা
ii. উপহার ও আনন্দ দেওয়া
iii. মোহরানা আদায় করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব সোহেল পিতার মৃত্যুর পর ভাই-বোনদের মধ্যে সম্পদ বণ্টন করে দিতে চাইলে তার ভাই শাহেদ বাধা দিয়ে বললেন, বোনেরা সম্পত্তি পাবে না। সম্পত্তির মালিক আমরা ভাইয়েরা। তারপরও জনাব সোহেল বোনদের বাবার সম্পত্তি বুঝিয়ে দিলেন। কিছুদিন পর শাহেদ এক বোনের জমি জবর দখল করে নিজের নামে লিখে নেন এবং তাতে ভবন নির্মাণ করেন।

**১৯. শাহেদের কর্মকাণ্ডে প্রকাশ পেয়েছে—**
ক) জিহাদ খ) আদল
গ) অধিকার হরণ ঘ) প্রতারণা

**২০. জনাব সোহেলের কর্মকাণ্ডে সমাজে—**
i. কলহ বৃদ্ধি করবে
ii. পারস্পরিক সম্পর্ক বৃদ্ধি করবে
iii. ন্যায়বিচার প্রতিষ্ঠা করবে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২১. ইসলামি অর্থব্যবস্থার কেন্দ্রীয় অর্থ প্রশাসনিক দপ্তরকে কী বলা হয়?**
ক) বায়তুল মাল খ) মজলিসে শুরা
গ) ইসলামি কেন্দ্রীয় ব্যাংক
ঘ) ইসলামি উন্নয়ন ব্যাংক

**২২. খারাজ কারা প্রদান করে?**
ক) ইসলামি রাষ্ট্রের বন্দিরা
খ) ইসলামি রাষ্ট্রের মুসলিম নাগরিকরা
গ) ইসলামি রাষ্ট্রের অমুসলিম নাগরিকরা
ঘ) অমুসলিম রাষ্ট্রের নাগরিকরা

**২৩. ধনীদের সম্পদে অধিকার রয়েছে—**
i. দরিদ্রদের ii. রাষ্ট্রপ্রধানের
iii. বঞ্চিতদের
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
মি. রবার্ট ইসলামি রাষ্ট্রের একজন নাগরিক। তিনি সরকারকে ভূমি কর প্রদান করেন। অপরদিকে দরিদ্র কৃষক সালমান সরকারকে ভূমিকর প্রদান করেন না, কিন্তু উৎপাদিত ফসলের ১/১০ অংশ সরকারকে প্রদান করেন।

**২৪. সালমান সরকারকে কোন ধরনের কর প্রদান করেন?**
ক) যাকাত খ) খারাজ
গ) জিজিয়া ঘ) উশর

**২৫. মি. রবার্ট ইসলামি রাষ্ট্রের নাগরিক হিসেবে কী কী অধিকার ভোগ করতে পারবে?**
i. স্বাধীনভাবে ধর্ম পালন করতে পারবে
ii. মৌলিক অধিকার ভোগ করতে পারবে
iii. সম্পদের মালিকানা ভোগ করতে পারবে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

**২৬. মহান আল্লাহর কাছে মানুষের শ্রেষ্ঠত্বের পরিচয় কোনটির ভিত্তিতে?**
ক) বংশ মর্যাদা খ) তাকওয়া
গ) ঐশ্বর্য ঘ) সম্মান

**২৭. 'তোমরা জেনে শুনে সত্যকে গোপন করো না' এ কথা কোন সূরায় বলা হয়েছে?**
ক) বাকারায় খ) আলে ইমরানে
গ) মায়িদায় ঘ) আম্বিয়ায়

**২৮. রাসুলুল্লাহ (স.) কেন গাছপালা নষ্ট করতে নিষেধ করেছেন?**
i. পরিবেশের ভারসাম্য রক্ষায়
ii. গাছের প্রতিটি পাতা আল্লাহর জিকির করে
iii. বায়ু থেকে দূষিত গ্যাস শোষণ করে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
কমলনগর এলাকায় বিভিন্ন পেশা ও ধর্মের লোক বাস করে। বন্যাসহ বিভিন্ন দুর্যোগে তারা পারস্পরিক সহযোগিতার মাধ্যমে কাজ করে। তারা সকলে মিলে অনাহত সমস্যা সমাধানে ব্যয়ভার বহন করে। তাদের এ কর্মকাণ্ড দেখে ইমাম সাহেব বলেন, "এতে মহানবি (স.)-এর রাষ্ট্রব্যবস্থার আদর্শ ফুটে উঠেছে।"

**২৯. কমলনগর এলাকাবাসী মহানবি (স.)-এর কোন আদর্শকে অনুসরণ করেছে?**
ক) ইসলামি ভ্রাতৃত্ব খ) মানবাধিকার
গ) মদিনা সনদ ঘ) খিদমতে খালক

**৩০. মহানবি (স.) উক্ত আদর্শ গ্রহণের ফলে—**
i. ধর্মীয় স্বাধীনতা নিশ্চিত হয়
ii. ভ্রাতৃত্ববোধ সৃষ্টি হয়
iii. ধনী-দরিদ্রের বৈষম্য বাড়ে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | খ | ৩ | ক | ৪ | গ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | খ | ৮ | ক | ৯ | গ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | খ | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | ঘ |
| ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | গ | ২১ | ক | ২২ | গ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | ক |

## ১৫ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, খুলনা

বিষয় কোড : 2 4 9

### ইসলাম শিক্ষা প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. ইসলামের প্রথম স্তম্ভ কোনটি?**
ক) ইমান খ) সালাত
গ) জাকাত ঘ) সাওম

**২. নিশ্চয়ই আমি মানুষকে সর্বশ্রেষ্ঠ উপাদান সমন্বয়ে সৃষ্টি করেছি। বাণীটি কার?**
ক) আল্লাহর
খ) হযরত মুহাম্মদ (স.)-এর
গ) হযরত আদম (আ.)-এর
ঘ) হযরত উসমান (আ.)-এর

**৩. কোন গ্রন্থ পাঠ করলে আল্লাহর সৃষ্টি সম্পর্কে জ্ঞান অর্জন করা যায়?**
ক) আল-কুরআন খ) গীতা
গ) বাইবেল ঘ) মহাভারত

**৪. রাসুল (স.) মানুষের কল্যাণার্থে ২টি জিনিস রেখে গেছেন তা হলো—**
i. পবিত্র আল-কুরআন
ii. ইজমা
iii. আল-হাদিস
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৫. স্রষ্টা ও সৃষ্টির প্রতি যথাযথ দায়িত্ব পালন করাকে কী বলে?**
ক) ইহসান খ) তাওয়াক্কুল
গ) সবর ঘ) যিকির

**৬. দ্বীন ইসলামের সেতু কোনটি?**
ক) সালাত খ) সাওম
গ) যাকাত ঘ) হজ

**৭. কল্যাণময় জীবন গঠনের নিয়ামক কোনটি?**
ক) সবর খ) সত্যবাদিতা
গ) যিকির ঘ) শোকর

**৮. আমরা আল্লাহর নিকট সাহায্য প্রার্থনা করব—**
i. যিকিরের মাধ্যমে
ii. সবরের মাধ্যমে
iii. সালাতের মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৯. ইহসানকারী সমাজে কী লাভ করে—**
i. মর্যাদা
ii. অর্থ সম্পদ
iii. শ্রদ্ধা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১০. সবর কত প্রকার?**
ক) দুই খ) তিন
গ) চার ঘ) পাঁচ

**১১. শোকরের রুকন কয়টি?**
ক) ২টি খ) ৩টি
গ) ৫টি ঘ) ৭টি

**১২. কে আল্লাহর খলিফা?**
ক) সরকার খ) মানুষ
গ) ডাক্তার ঘ) শিক্ষক

**১৩. আল্লাহ তায়ালা মানুষের কোনটিকে অত্যন্ত সম্মানিত করেছে?**
ক) কর্মকাণ্ড খ) প্রাণ ও জীবন
গ) ইমান ঘ) চলাফেরা

**১৪. ইসলামে চোরের শাস্তি কী?**
ক) হাত কাটা খ) গলা কাটা
গ) চোখ উঠিয়ে ফেলা ঘ) নাক কাটা

**১৫. ইসলামি শরিয়ত ধূমপানকে কী করার তাগিদ দিচ্ছে?**
ক) অর্জন খ) বর্জন
গ) মোবাহ ঘ) গ্রহণ

**১৬. প্রতারক-মুনাফিকের স্থান কোথায়?**
ক) আরশের নিচে খ) জান্নাতে
গ) জাহান্নামের নিম্নতম স্তরে
ঘ) আরাফে

**১৭. "নিশ্চয়ই আল্লাহর নিকট ইসলামই একমাত্র মনোনীত ধর্ম" — এটি কার বাণী?**
ক) আলিমদের খ) রাসুলের
গ) আল্লাহর ঘ) ওলি দরবেশদের

**১৮. ইসলামের সাথে ইমানের সম্পর্ক কী?**
ক) স্নেহপূর্ণ ও গভীর
খ) ঘনিষ্ঠ ও অবিচ্ছেদ্য
গ) একান্ত রহস্যময়
ঘ) বিপরীত ও সাংঘর্ষিক

**১৯. বর্তমান বিশ্বে কয় ধরনের অর্থব্যবস্থা আছে?**
ক) এক খ) দুই
গ) তিন ঘ) চার

**২০. জাকাত ব্যয়ের খাত কয়টি?**
ক) ৫টি খ) ৬টি
গ) ৭টি ঘ) ৮টি

**২১. ইসলামের মূলকথা—**
i. ইসলামকে মেনে চলা
ii. সম্পূর্ণরূপে অনুগত থাকা
iii. নিজেকে আল্লাহর নিকট সোপর্দ করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২২. জিহাদ কত প্রকার?**
ক) ২ প্রকার খ) ৩ প্রকার
গ) ৪ প্রকার ঘ) ৫ প্রকার

**২৩. জিহাদে আকবর কাকে বলে?**
ক) শত্রুর বিরুদ্ধে
খ) বন্ধুর বিরুদ্ধে
গ) শয়তানের বিরুদ্ধে
ঘ) নিজের কুপ্রবৃত্তির বিরুদ্ধে যুদ্ধ করা

**২৪. আদল অর্থ কী?**
ক) ন্যায়বিচার প্রতিষ্ঠা করা
খ) সরকারি সুবিধা প্রদান করা
গ) সুপরামর্শ প্রদান করা
ঘ) শান্তি-শৃঙ্খলা রক্ষা করা

**২৫. ইসলামি পরিবারের কর্তা কে?**
ক) বাবা খ) মা
গ) বড় ভাই ঘ) বড় বোন

**২৬. "নিশ্চয়ই মুমিনগণ পরস্পর ভাই ভাই এটি—**
i. কুরআনের বাণী
ii. সূরা হুজুরাত বর্ণিত
iii. হাদিসের বাণী
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৭. ইসলাম কিসের ভারসাম্য রক্ষায় তাগিদ দিয়েছে?**
ক) পরিবেশের
খ) সুবিচারের
গ) আন্তর্জাতিক সম্পর্কের
ঘ) কোনটিই নয়

**২৮. খিদমতে খালক কিসের পথ প্রশস্ত করে?**
ক) সুন্দর পৃথিবীর খ) জান্নাতের
গ) জাহান্নামের ঘ) সত্যের

**২৯. "যিনি মানুষের উপকার করেন তিনিই শ্রেষ্ঠ মানুষ" আয়াতের আলোচ্য বিষয় কী?**
ক) সততা খ) পরোপকার
গ) ন্যায়বিচার ঘ) কর্তব্যপরায়ণতা

**৩০. কিসের মাধ্যমে আল্লাহর অপার করুণা লাভ করা যায়?**
ক) ইসলামি দাওয়াত
খ) খিদমতে খালকের
গ) বিশ্বভ্রাতৃত্বে
ঘ) বিশ্বশান্তি প্রতিষ্ঠায়

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ক | ৩ | ক | ৪ | খ | ৫ | ক | ৬ | গ | ৭ | খ | ৮ | গ | ৯ | খ | ১০ | ক | ১১ | খ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | খ |
| ১৬ | গ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | খ |

## ১৬ ✓ কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ

বিষয় কোড : 2 4 9

### ইসলাম শিক্ষা প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. عَائِلَةٌ শব্দের অর্থ কী?**
(ক) সন্তান (খ) পরিবার
(গ) দায়িত্ব (ঘ) স্ত্রী

**২. পরিবার গঠিত হয়—**
i. ছেলে ও মেয়ের সম্মতির মাধ্যমে
ii. স্বামী-স্ত্রীর বন্ধন দৃঢ় হলে
iii. শরিয়াহ্ সম্মত বিবাহের মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও iii (খ) iii
(গ) ii (ঘ) ii ও iii

**৩. আল্লাহ্ তা'য়ালা পৃথিবীর সকল জিনিসকে জোড়ায় জোড়ায় সৃষ্টি করেছেন। এটি ... ইঙ্গিত বহন করে?**
(ক) ঐক্যবদ্ধ জীবনের
(খ) ইসলামি অনুশাসনের
(গ) পরিবার গঠনের
(ঘ) মানব সৃষ্টির

**৪. ইসলামি পরিবারের যাবতীয় অর্থনৈতিক দায়িত্ব দেওয়া হয়েছে কাকে?**
(ক) স্বামীকে (খ) স্ত্রীকে
(গ) স্বামী-স্ত্রী উভয়কে (ঘ) রাষ্ট্রপ্রধানকে

**৫. 'কুফর' শব্দের অর্থ কী?**
(ক) হিংসা করা (খ) প্রতারিত
(গ) কপটতা (ঘ) গোপন করা

**৬. বি'রে মাউনার ঘটনায় কতজন হাফেজে কুরআন শহিদ হন?**
(ক) ৫৫ জন (খ) ৬০ জন
(গ) ৬৫ জন (ঘ) ৭০ জন

**৭. উসমান (রা.) কর্তৃক সংকলিক মাসহাফের বৈশিষ্ট্য ছিল—**
i. সবগুলো সূরা ধারাবাহিকভাবে সাজিয়ে দেন
ii. নোকতা এবং যবর-যের-পেশ সংযোজন করা হয়
iii. কুরাইশদের ভাষারীতি অনুসারে লেখা হয়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও iii (খ) i ও ii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৮. حَدِيْثٌ শব্দের অর্থ কী?**
(ক) ধর্মমত (খ) বর্ণনা করা
(গ) আধুনিক (ঘ) অনুসরণ করা

**৯. اَلْإِجْمَاعُ শব্দের অর্থ কী?**
(ক) সুফিগণ (খ) ঐক্যমত পোষণ করা
(গ) অবগত হওয়া (ঘ) তুলনা করা

**১০. শিরক বলতে বোঝায়—**
i. কারও নিকট রিজিক বৃদ্ধির প্রার্থনা করা
ii. আল্লাহকে এক বলে বিশ্বাস করা
iii. কাওকে আধ্যাত্মিক ক্ষমতাবান মনে করা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও iii (খ) i ও ii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১১. سَنَدٌ কী?**
(ক) বর্ণনার ধারাবাহিকতা
(খ) হাদিসের মূলবক্তব্য
(গ) বর্ণনাকারী (ঘ) আধুনিক

**১২. কিয়াস বলতে বোঝায়—**
i. হাদিস থেকে বিধান বের করা
ii. তুলনা করে বিধান রচনা করা
iii. একমত হয়ে বিধান রচনা করা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) i ও iii
(গ) ii (ঘ) ii ও iii

**১৩. হজের ধর্মীয় গুরুত্ব কোনটি?**
(ক) শৃঙ্খলাবোধ শেখায়
(খ) সম্মান বৃদ্ধি
(গ) তাওহিদের ঘোষণা
(ঘ) অর্থের মোহ দূর হয়

**■ উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
হাছান সাহেব একটি ইবাদত করবেন বলে মনস্থ করেছেন। তিনি আশা করছেন এ ইবাদত পালনের মাধ্যমে তার অর্থের মোহ দূর হয়ে যাবে। সাথে সাথে তার সম্পদও কলুষমুক্ত হবে।

**১৪. হাছান সাহেব কোনো ইবাদত করবেন বলে মনস্থির করেছেন?**
(ক) নামায (খ) হজ
(গ) রোযা (ঘ) যাকাত

**১৫. হাছান সাহেবের ইবাদতটি পালনের ফলে—**
i. সময়ের প্রতি গুরুত্ব বাড়ে
ii. বেকারত্ব দূর হয়
iii. নিয়মানুবর্তিতা শিক্ষা হয়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) ii
(গ) ii ও iii (ঘ) i ও iii

**■ উদ্দীপকটি পড়ে ১৬, ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
আবুল কাশেম আটোরিকশা চালান। তিন বছর আগে পারিবারিকভাবে তিনি সালমাকে বিয়ে করেন। তাদের একটি কন্যা সন্তানও হয়েছে। সালমার বান্ধবী তাকে জিজ্ঞেস করে তোর বিয়ের মোহর কত? সালমা বলে 'আমি জানি না।'

**১৬. আবুল কাশেম ও সালমার দাম্পত্য সম্পর্ক—**
(ক) হালাল
(খ) হারাম
(গ) বৈধ, তবে গোনাহগার
(ঘ) গোপন

**১৭. আবুল কাশেম ও সালমার দাম্পত্য সম্পর্কের সমস্যা কোথায়?**
(ক) স্বামী গরিব (খ) মোহর অনাদায়ী
(গ) সালমা সহজ সরল (ঘ) সালমার বান্ধবী

**১৮. আবুল কাশেমের পরিবারের বর্তমান অবস্থায়—**
i. পুনরায় বিয়ে দিতে হবে
ii. যথাশীঘ্র মোহর দিতে হবে
iii. দুজনকেই তাওবা করতে হবে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i, ii ও iii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ও ii

**১৯. সালাত শব্দের অর্থ কী?**
(ক) দয়া (খ) অনুগত থাকা
(গ) গোলামি করা (ঘ) পরিশুদ্ধ হওয়া

**২০. اَلْعَزِيْمَةُ শব্দের অর্থ কী?**
(ক) অনুমতি (খ) দৃঢ় সংকল্প
(গ) বৈধতা (ঘ) ঐক্যবদ্ধ

**২১. ইজমার মাধ্যমে—**
i. জাতীয় ঐক্য সংরক্ষণ করা হয়
ii. আল্লাহর রহমত লাভ করা যায়
iii. নতুন সমস্যার গুরুত্ব বোঝা যায়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) i ও ii
(গ) ii (ঘ) ii ও iii

**২২. কিয়াস শুদ্ধ হওয়ার জন্য কয়টি বিষয় প্রয়োজন?**
(ক) ৩টি (খ) ৪টি
(গ) ৫টি (ঘ) ৬টি

**২৩. ইমাম মালিক (রহ.) জন্ম কত হিজরিতে?**
(ক) ৮০ (খ) ৯৩
(গ) ৯৫ (ঘ) ১৫০

**২৪. ফিক্‌হশাস্ত্র বিকাশের ফলে—**
i. নিফাকি দুর হয়
ii. আমল সহজবোধ্য হয়
iii. নেতৃত্ব শক্তিশালী হয়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**২৫. মুসলমানগণ মাযহাবে বিভক্ত হওয়া শুরু করে কোন হিজরি শতাব্দীতে?**
(ক) দ্বিতীয় (খ) তৃতীয়
(গ) চতুর্থ (ঘ) পঞ্চম

**২৬. كَرَامَةٌ শব্দের অর্থ কী?**
(ক) অলৌকিক ক্ষমতা
(খ) অস্বাভাবিক ক্ষমতা
(গ) অলৌকিক কর্ম
(ঘ) আল্লাহর সাথে গোপন সম্পর্ক

**■ উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
ইরানের সিস্তানে জন্মগ্রহণ করলেও এ মহান মনীষী দাওয়াতি কাজ করেন ভারতবর্ষে।

**২৭. উদ্দীপকে কোন মনীষীর কথা বলা হয়েছে?**
(ক) আবদুল কাদির জিলানী
(খ) শায়খ আহমদ সিরহিন্দি
(গ) মুইনুদ্দিন চিশতি (রহ.)
(ঘ) ইমাম মালিক (রহ.)

**২৮. উদ্দীপকে উল্লিখিত মহান মনীষী ইসলামের যে ক্ষেত্রে অবদান রেখেছেন তা হলো—**
i. ইলমে হাদিস সংকলন
ii. মানুষদের সুন্নাতের দিকে আহবান
iii. নিজস্ব তরিকার সবক দান
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) ii
(গ) iii (ঘ) i ও iii

**২৯. اَلْوَحْيُ শব্দের অর্থ কী?**
(ক) আলো বা জ্যোতি
(খ) গোপনে অবগত করানো
(গ) আরোগ্যদানকারী
(ঘ) সত্য ও মিথ্যার পার্থক্যকারী

**৩০. ইমাম বুখারির প্রকৃত নাম কী?**
(ক) আহমাদ (খ) মুহাম্মদ
(গ) আবদুল্লাহ (ঘ) আবুল হুসাইন

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ঘ | ৩ | গ | ৪ | ক | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | খ | ৯ | খ | ১০ | ক | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | খ |
| ১৬ | খ | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | খ |

## ১৭ ✓ বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম

বিষয় কোড : 2 4 9

### ইসলাম শিক্ষা প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. জ্ঞানার্জন করা কী?**
ⓚ ফরয়ে আইন ⓚ ফরযে কিফায়াহ
(ক) ফরয়ে আইন (খ) ফরযে কিফায়াহ
(গ) ওয়াজিব (ঘ) সুন্নত

**২. নবি-রাসুলের উত্তরাধিকারী হতে হলে কোন গুণ থাকা জরুরি?**
(ক) নবির বংশধর (খ) নবির সমসাময়িক
(গ) নবির খলিফা (ঘ) জ্ঞানচর্চা

**৩. শিক্ষার বিনিময়ে বন্দি মুক্তির পদক্ষেপ গ্রহণ করেছিলেন—**
(ক) মহানবি (সা.)
(খ) আবু বকর (রা.)
(গ) উমর (রা.)
(ঘ) উমর ইবনু আব্দুল আযীয

**৪. সর্বপ্রথম কার আমলে কুরআন সংকলিত হয়?**
(ক) রাসুল (সা.) (খ) আবু বকর (রা.)
(গ) উমর (রা.) (ঘ) উসমান (রা.)

**৫. ইসলামের কোন ঘটনা নারী শিক্ষার অনুপ্রেরণা হিসেবে কাজ করে?**
(ক) ইসলামের প্রথম শহিদ একজন নারী
(খ) রাসুলের স্ত্রীদেরকে মুমিনদের ধর্মীয় মা ঘোষণা
(গ) হযরত আয়িশা (রা.) কর্তৃক দুই সহস্রাধিক হাদিস বর্ণনা
(ঘ) নারী-পুরুষের মধ্যে প্রথম হযরত খাদিজার ইসলাম গ্রহণ

**৬. মাহফুজ এক শীতার্ত ব্যক্তিকে একটি সোয়েটার দান করেছেন। তার এ কাজটি—**
(ক) উখুওয়াত (খ) দাওয়াহ
(গ) ইনসাফ (ঘ) ইহসান

**৭. কোন সময়ে কন্যাসন্তান জন্মগ্রহণ করলে জীবন্ত কবর দেওয়া হতো?**
(ক) আদি যুগে (খ) মধ্য যুগে
(গ) জাহিলি যুগে (ঘ) প্রস্তর যুগে

**৮. ইবাদত কবুল হওয়ার পূর্বশর্ত কী?**
(ক) নির্জনে দোয়া করা
(খ) হালাল উপার্জন
(গ) মসজিদে ইবাদত করা
(ঘ) সম্মিলিতভাবে দোয়া করা

**৯. হারাম খাদ্যের অপকারিতা হচ্ছে—**
i. মস্তিষ্কের বিকৃতি ঘটায়
ii. সামাজিক পরিবেশ নষ্ট করে
iii. দেহের মারাত্মক ক্ষতি সাধন করে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

**১০. অধিকার বিবেচনায় প্রতিবেশী কত প্রকার?**
(ক) ২ (খ) ৩
(গ) ৪ (ঘ) ৫

**১১. রাসুল (সা.)-এর যুগে প্রতিটি কাজের কেন্দ্রবিন্দু ছিল—**
(ক) হেরা গুহা (খ) মসজিদে নববি
(গ) মজলিসে শুরা (ঘ) মসজিদে কুবা

**১২. সমাজে ইভটিজিং বৃদ্ধির অন্যতম কারণ কী?**
(ক) জনসংখ্যা বৃদ্ধি (খ) নৈতিকতার অভাব
(গ) নিচু মানসিকতা (ঘ) সচেতনতার অভাব

**১৩. পরিবারের জন্য ব্যয় করা কী?**
(ক) সাদকাহর সমতুল্য (খ) উদারতা
(গ) মহত্ত্বের লক্ষণ (ঘ) নৈতিক দায়িত্ব

**১৪. সদা সত্য কথা বলবে, কখনো মিথ্যা কথা বলবে না। উক্তিটিতে রয়েছে—**
i. তাযকিয়াতুন নাফস
ii. আমর বিল মারুফ
iii. নাহি আনিল মুনকার
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

**১৫. শিশুদের অর্থবহ নাম রাখার প্রয়োজন কী?**
(ক) এ নামে পরকালে ডাকা হবে
(খ) বংশ পরিচয়ের জন্য
(গ) স্বকীয়তা বজায় রাখার জন্য
(ঘ) এ নামে ডাকার জন্য

**১৬. আল্লাহ ব্যবসাকে হালাল করেছেন আর সুদকে করেছেন হারাম— এটি কোন সূরার কত নং আয়াত?**
(ক) সূরা বাকারা : ২৭৫
(খ) সূরা বাকারা : ২৭৬
(গ) সূরা বাকারা : ২৭৭
(ঘ) সূরা বাকারা : ২৭৮

**১৭. বার্ধক্যকালে পিতামাতার যত্ন না নিলে কোন ধরনের গুনাহ হয়?**
(ক) শিরক (খ) কবীরা
(গ) সগীরা (ঘ) মাকরূহ

**১৮. ইসলামি অর্থনীতিতে কোন সংস্থা কেন্দ্রীয় ব্যাংকের দায়িত্ব পালন করে?**
(ক) রিজার্ভ ব্যাংক (খ) ফেডারেল ব্যাংক
(গ) বায়তুল মাল (ঘ) যাকাত বোর্ড

**১৯. ইসলামি রাষ্ট্রে আয়ের উৎস হলো—**
i. যাকাত
ii. উশর
iii. খারাজ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

**২০. কোন ধরনের কর নির্ধারণে সরকারকে স্বাধীনতা দেওয়া হয়েছে?**
(ক) যাকাত (খ) উশর
(গ) খারাজ (ঘ) খুমুস

**২১. উশরের পরিমাণ কত?**
(ক) শতকরা আড়াই ভাগ
(খ) শতকরা পাঁচ ভাগ
(গ) এক-পঞ্চমাংশ (ঘ) এক-দশমাংশ

**২২. ইসলামি অর্থনীতিতে সম্পদের মূল মালিকানা কার?**
(ক) আল্লাহর (খ) জনগণের
(গ) রাষ্ট্রের (ঘ) মালিকের

**২৩. মদ ও জুয়ার মাধ্যমে শয়তান—**
i. মানুষের মাঝে শত্রুতা ও বিদ্বেষ সৃষ্টি করে
ii. আল্লাহর যিকর ও সালাত থেকে বিরত রাখে
iii. মানসিক ও আর্থিক মনোবল চাঙ্গা করে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

**২৪. কোনো পণ্যের ক্রয়মূল্যের সাথে নির্দিষ্ট পরিমাণ লাভ যোগ করে বিক্রি করাকে বলা হয়—**
(ক) মুদারাবা (খ) মুরাবাহা
(গ) মুশারাকা (ঘ) মুআযযাল

**২৫. কোনটি বিশ্বের সর্বপ্রথম সুদমুক্ত ইসলামি ব্যাংক?**
(ক) ইসলামি উন্নয়ন ব্যাংক
(খ) মিটগামার ব্যাংক
(গ) নাসের সোস্যাল ব্যাংক
(ঘ) ইসলামী ব্যাংক বাংলাদেশ লি.

**২৬. দুবাই বসবাসকালে আব্দুল্লাহর সাথে ইতালির নাগরিক রবিনসনের সাথে সখ্য সৃষ্টি হয়, তাদের এ সম্পর্ক—**
(ক) আঞ্চলিক ভ্রাতৃত্ব (খ) ইসলামি ভ্রাতৃত্ব
(গ) ঔরসজাত ভ্রাতৃত্ব (ঘ) বিশ্ব ভ্রাতৃত্ব

**২৭. কত সালে বাংলাদেশে ইসলামি ব্যাংকিংয়ের যাত্রা শুরু হয়?**
(ক) ১৯৭৫ সালে (খ) ১৯৭৮ সালে
(গ) ১৯৮১ সালে (ঘ) ১৯৮৩ সালে

**২৮. ইসলাম প্রচার ও প্রসারের কার্যকর মাধ্যম কোনটি?**
(ক) সালাত (খ) যাকাত
(গ) দাওয়াহ (ঘ) উখুওয়াত

**২৯. কোন অপরাধকে মৃত ভাইয়ের মাংস খাওয়ার সাথে তুলনা করা হয়েছে?**
(ক) ফিতনা (খ) হিংসা
(গ) গিবত (ঘ) প্রতারণা

**৩০. নিচের কোনটি সুদ?**
(ক) এক ডলারের বিনিময়ে আশি টাকা
(খ) এক কেজি চিনির বিনিময়ে দুই কেজি লবণ
(গ) এক কেজি চালের বিনিময়ে ১১০০ গ্রাম চাল
(ঘ) এক কেজি চালের বিনিময়ে ১২০০ গ্রাম আটা

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ঘ | ৩ | ক | ৪ | ক | ৫ | গ | ৬ | ঘ | ৭ | গ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | খ | ১১ | খ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | ক |
| ১৬ | ক | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | গ |

## ১৮ হবিগঞ্জ সরকারি মহিলা কলেজ

বিষয় কোড : 2 4 9

## ইসলাম শিক্ষা প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট    পূর্ণমান—৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. ইসলাম শব্দের অর্থ—**
ক শান্তি    খ নিরাপত্তা
গ আত্মসমর্পণ    ঘ জিহাদ

**২. মহানবি (সা.) কত বছর বয়সে ওহিপ্রাপ্ত হন?**
ক ২৫ বছর    খ ৩০ বছর
গ ৪০ বছর    ঘ ৪২ বছর

**৩. ইসলাম শিক্ষা কীসের ওপর প্রতিষ্ঠিত?**
ক তাওহিদ    খ রিসালাত
গ আখিরাত    ঘ দুনিয়া

**৪. বৈরাগ্যবাদের স্থান ইসলামে—**
ক আছে    খ নেই
গ কোনোভাবেই নেই
ঘ শর্ত সাপেক্ষে আছে

**৫. পৃথিবীতে প্রথম নবি কে?**
ক হযরত নূহ (আ.)
খ হযরত লুত (আ.)
গ হযরত আদম (আ.)
ঘ হযরত শীষ (আ.)

**৬. সালামের জবাব দেওয়া—**
ক ফরজ    খ ওয়াজিব
গ নফল
ঘ ইচ্ছার ওপর নির্ভরশীল

**৭. সকল সদগুণের মূল কোনটি?**
ক তাওয়াক্কুল    খ তাকওয়া
গ সবর    ঘ যিকর

**৮. কাদের দোয়া আল্লাহ কবুল করেন?**
ক সালাত আদায়কারীর    খ হাজিদের
গ মাসাফিরের    ঘ রুগ্ণ ব্যক্তির

**৯. "তোমার জিহ্বা যেন মুহূর্তের জন্যও যিকর হতে বিরত না থাকে।"— এ নির্দেশ কে দিয়েছেন?**
ক আল্লাহ    খ মহানবি (সা.)
গ পীর সাহেব    ঘ ওলি আউলিয়া

**১০. দুঃখের সময়ে ধৈর্যধারণ করা কার লক্ষণ?**
ক অক্ষম লোকের    খ ভীরুলোকের
গ চতুর লোকের    ঘ প্রকৃত ঈমানদারের

**১১. খিদমতে খালক বা সৃষ্টজীবের প্রতি দয়া করা কীসের অন্তর্ভুক্ত?**
ক হাক্কুল ইবাদের    খ হাক্কুল্লাহর
গ হাস সায়েল    ঘ হাকুদ ছাবিল

**১২. আল্লাহর হকের পর সবচেয়ে বেশি হক কার?**
ক বাবার    খ মায়ের
গ ভাইয়ের    ঘ মা ও বাবার

**১৩. "স্ত্রীরা তোমাদের ভূষণ এবং তোমরা তাদের ভূষণ।" বাণীটি—**
ক মহান আল্লাহর
খ মহানবি (সা.)-এর
গ আইনের
ঘ হযরত আলী (রা.)-এর

**১৪. স্ত্রীর মোহরানা আদায় করতে হয়—**
ক সন্তুষ্টচিত্তে    খ দায়ে পড়ে
গ অসন্তুষ্টচিত্তে    ঘ চাপে পড়ে

**১৫. স্ত্রীর অন্যতম পবিত্র দায়িত্ব কোনটি?**
ক স্বামীর সেবাযত্ন করা
খ সংসারের যাবতীয় কাজকর্ম করা
গ সন্তানদের সঠিকভাবে লালন-পালন করা
ঘ নিজের সতীত্বের পবিত্রতা রক্ষা করা

**১৬. স্বামীর মৃত্যুর পর স্ত্রী কী পালন করবে?**
ক শোক    খ ইদ্দত
গ আনন্দ অনুষ্ঠান    ঘ কোনোটিই নয়

**১৭. একটি শিশুর সুন্দর জীবন গড়ে দিতে পারে—**
ক পরিবার    খ বাবা-মা
গ পরিবেশ    ঘ সমাজ

**১৮. ইসলামি সমাজে মুসলমানদের পারস্পরিক সম্পর্ক—**
ক অত্যন্ত দয়াদ্রপূর্ণ    খ স্বাভাবিক
গ খুবই মজবুত    ঘ অত্যন্ত চমৎকার

**১৯. হাক্কুল ইবাদের ক্ষেত্রে মায়ের অবস্থান—**
ক সর্বপ্রথম    খ দ্বিতীয়
গ তৃতীয়    ঘ পিতার পরেই

**২০. যে ব্যক্তি আত্মীয়তার সম্পর্ক বজায় রাখে তার সাথে সম্পর্ক বজায় রাখে—**
ক আল্লাহ    খ ফেরেশতা
গ রাসুল    ঘ নবি

**২১. যার অত্যাচার থেকে তার প্রতিবেশী নিরাপদ থাকে না সে—**
ক ভালো মানুষ নয়    খ ইমানদার নয়
গ মুসলামান নয়    ঘ কাফির

**২২. বিশ্বজাহানের প্রথম কিবলা কোনটি?**
ক বায়তুল্লাহ শরিফ    খ কাবা শরিফ
গ বায়তুল মোকাদ্দাস    ঘ বায়তুল হারাম

**২৩. বিশ্ব সভ্যতায় মুসলিম সমাজের প্রাণকেন্দ্র কোনটি?**
ক মসজিদ    খ মন্দির
গ বাজার    ঘ পরিবার

**২৪. রাষ্ট্রীয় দুর্নীতির অন্যতম উপাদান হলো—**
ক তোষামোদ    খ উৎকোচ
গ উচ্চাকাঙ্ক্ষা    ঘ স্বার্থপরতা

**২৫. জুয়ার মাধ্যমে মানুষে মানুষে সৃষ্টি হয়—**
ক বন্ধুত্ব ও সখ্যতা    খ হৃদ্যতা ও ভালোবাসা
গ শত্রুতা ও ঘৃণা    ঘ দুঃখ ও বেদনা

**২৬. মানুষের সুখ মস্তিষ্কের বুদ্ধি বিবেচনা লোপ করে দেয়—**
ক অহংকার    খ হিংসা
গ বিদ্বেষ    ঘ মাদক

**২৭. ধূমপান প্রতিরোধের জন্য আমাদের কী করণীয়?**
ক ধূমপায়ীদের শাস্তি বিধান
খ ধূমপানবিরোধী আন্দোলন
গ সামাজিক আন্দোলন
ঘ ধূমপায়ীদের সচেতন করা

**২৮. পবিত্র কুরআনে কিসাসের বিধান বর্ণিত হয়েছে—**
ক সূরা বাকারার ৭৮-৭৯ আয়াত
খ সূরা বাকারার ১৭৮-১৭৯ আয়াত
গ সূরা নিসার ১৭৯-১৭৯ আয়াত
ঘ সূরা ইমরান ১৭৯-১৭৯ আয়াত

**২৯. গলায় দড়ি দেওয়া, বিষপান করা, উঁচু জায়গা হতে লাফ দেওয়া, নিজেকে নিজে গুলি করা বা ছুরি চালানোর মাধ্যমে যে মৃত্যু হয় তাকে বলে—**
ক মারা যাওয়া    খ ইন্তেকাল
গ আত্মহত্যা    ঘ মৃত্যু

**৩০. ইভটিজিং হতে রক্ষা পাওয়ার জন্য নারীদের কী করা উচিত?**
ক প্রতিবাদী হওয়া
খ পর্দানশীল হওয়া
গ ইসলামের বিধান মেনে চলা
ঘ আল্লাহর সাহায্য চাওয়া

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | গ | ৩ | ক | ৪ | খ | ৫ | গ | ৬ | খ | ৭ | খ | ৮ | গ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | খ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | ঘ |
| ১৬ | খ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ক | ২০ | ক | ২১ | গ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | গ |

# এক্সক্লুসিভ মডেল টেস্ট : সৃজনশীল

## ১৯ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০১

বিষয় কোড : 2 4 9

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### ইসলাম শিক্ষা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। মুনিরা ও সারাহ শিক্ষার বিষয়বস্তু নিয়ে আলোচনা করছিল। মুনিরা বলল, ন্যায়ের ওপর প্রতিষ্ঠিত থাকা ও চারিত্রিক উৎকর্ষের জন্য শিক্ষা অতীব প্রয়োজন। সারাহ বলল, আল্লাহর দ্বীনকে সমুন্নত রাখা, মানবতার বিকাশ এবং সুন্দর জীবনযাপনের জন্য মহানবি (সা.) বলেছেন, "প্রত্যেক মুসলমান নরনারীর প্রতি বিদ্যা শিক্ষা ফরয।"
ক. সংস্কৃতির আরবি শব্দ কী? ১
খ. মক্তব শিক্ষার প্রয়োজন কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মুনিরার বক্তব্য কোন শিক্ষার প্রতি ইঙ্গিত করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সারাহর শেষ উক্তির মাধ্যমে যে শিক্ষার প্রতি দৃষ্টি দেওয়া হয়েছে তার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

২। মকবুল আহমেদ একজন ধার্মিক ব্যক্তি। তিনি এলাকার কিছু মুরব্বি লোকদের সাথে আলোচনা করে সাপাহার গ্রামে একটি শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে তোলেন। সেখানে এলাকার ছোট ছেলে-মেয়েরা কুরআন তেলাওয়াত, বিভিন্ন দোয়া ও মাসায়ালা শিক্ষা লাভ করে। ঐ প্রতিষ্ঠানেরই শিক্ষক ইকবাল আহমেদ ইমামতি ছাড়াও প্রয়োজনে রোগীদেরকে হাসপাতালে নিয়ে যান এবং দুর্যোগ মোকাবিলায় জনগণকে সচেতন করেন।
ক. ইসলাম শব্দের অর্থ কী? ১
খ. "তোমরা এক আদমের সন্তান আর আদম মাটির তৈরি"— ব্যাখ্যা কর। ২
গ. মকবুল আহমেদের গড়ে তোলা প্রতিষ্ঠানটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব ইকবাল আহমেদের কর্মকাণ্ডের সামাজিক প্রভাব বিশ্লেষণ কর। ৪

৩। নাসের ও হেলাল একটি বেসরকারি অফিসে চাকরি করেন। নাসের ফাইল আটকিয়ে অতিরিক্ত অর্থ আয় করেন। পক্ষান্তরে, হেলাল অফিসে যথাসময়ে হাজির হন এবং একদিন দেরিতে আসায় অফিস প্রধানের কাছে যথাযথ কারণ ব্যাখ্যা করেন। তিনি বলেন, আমরা যাই করি না কেন একজন সবকিছু দেখছেন।
ক. তাকওয়া শব্দের অর্থ কী? ১
খ. "সত্য মুক্তি দেয়, মিথ্যা ধ্বংস করে"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে নাসেরের আয়ের পথটি কোন ধরনের উপার্জন? বর্ণনা কর। ৩
ঘ. 'একজন সবকিছু দেখছেন'— পাঠ্যপুস্তকের আলোকে মূল্যায়ন কর। ৪

৪। মানুষ যে স্থানে জন্মগ্রহণ করেছে, যে স্থানের আলো-বাতাসে বেঁচে আছে, যে দেশের ফল-ফসল খেয়ে দেহের পুষ্টি যোগাচ্ছে, সে দেশকে প্রাণ দিয়ে ভালোবাসা প্রত্যেকের কর্তব্য। দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও নিরাপত্তা রক্ষা করা প্রত্যেকের ওপর আবশ্যক। আর দেশের বিশৃঙ্খলা ও অশান্তি সৃষ্টিকারীদেরকে সর্বশক্তি দিয়ে রুখে দাঁড়ানো উচিত।
ক. 'দেশপ্রেম' শব্দের আরবি কী? ১
খ. মাতৃভূমি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে নির্দেশিত বিষয়টি হাদিসের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টির যোগ্যতা নিজের মধ্যে সৃষ্টি করার উপায় কী? বিশ্লেষণ কর। ৪

৫। জনাব 'ম'-এর এক ছেলে ও দুই মেয়ে। তিনি তার ছেলেকে বিদ্যালয়ে পড়ান; কিন্তু মেয়েদের ধর্মীয় প্রয়োজনীয় জ্ঞানটুকুও শেখাচ্ছেন না। তিনি মেয়েদের প্রতি অসন্তুষ্ট। বিষয়টি জেনে মহল্লার ইমাম সাহেব বললেন, ইসলামের দৃষ্টিতে ছেলে ও মেয়েদের মধ্যে ভেদাভেদ করা উচিত নয়। মহানবি (সা.) বলেছেন, "ছেলে সন্তানের পূর্বে মেয়ে সন্তানকে উপহার দেবে।"
ক. মোহরানা কার ন্যায়সংগত অধিকার? ১
খ. সামাজিক অনাচার বলতে কী বোঝায়? ২
গ. জনাব 'ম'-এর আচরণ শরিয়তের আলোকে কীরূপ? ব্যাখ্যা কর। ৩
ঘ. ইমাম সাহেবের উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৬। জনাব কায়সার তার স্ত্রী মমতাজ বেগমের সাথে প্রায়ই ঝগড়া করেন। তিনি নিজে দামি ও সুন্দর পোশাক পরলেও স্ত্রীর ব্যাপারে যত্নশীল নন। পক্ষান্তরে, মমতাজ বেগম সাধ্যমতো স্বামীর সেবাযত্ন করেন, তার আদেশ মান্য করে চলেন এবং সর্বদা তাকে খুশি রাখার চেষ্টা করেন।
ক. ইসলামি পরিবার কী? ১
খ. 'ইসলামি পরিবার একটি শিক্ষালয়'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব কায়সারের আচরণে কোন কর্তব্যটি লঙ্ঘিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মমতাজ বেগমের কর্মকাণ্ড পাঠ্যবইয়ের আলোকে মূল্যায়ন কর। ৪

৭। জনাব রফিক মিয়া রসুলপুর গ্রামের একজন মেম্বার। তিনি এলাকার কোন বিচারে আপন পর পার্থক্য করেন না। প্রকৃত অপরাধীকে তিনি শাস্তি দিয়েই থাকেন। তার এ কার্যকলাপের কথা শুনে জনৈক আলেম বলেন— 'তার মতো ব্যক্তিদের মাধ্যমে একটা সুন্দর সমাজ বিনির্মাণ সম্ভব।'
ক. ইসলামি সমাজব্যবস্থা কী? ১
খ. ইসলামি সমাজ প্রতিষ্ঠা প্রয়োজন কেন? ২
গ. উদ্দীপকে জনাব রফিক মিয়ার কার্যকলাপ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনৈক আলেমের বক্তব্যের যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৮। জাফর আলি একজন সৎ ও দরিদ্র কৃষক। তার একটি গাভী আছে। তিনি দুধ বিক্রি করে কোনো রকমে সংসার পরিচালনা করেন। তার সংসারে অভাব-অনটন লেগেই থাকে। এতে তাঁর স্ত্রী জামিলা মাঝে মধ্যে বিরক্ত হয়ে অতিরিক্ত আয়ের জন্য দুধে পানি মিশিয়ে ও ওজনে কম দিয়ে বিক্রি করতে বলে। কিন্তু তিনি স্ত্রীকে বুঝিয়ে বলেন, "মানুষকে ফাঁকি দেওয়া গেলেও আল্লাহর দৃষ্টিকে ফাঁকি দেওয়া সম্ভব নয়।"
ক. 'যিকর' শব্দের অর্থ কী? ১
খ. দেশপ্রেম বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে জামিলার চরিত্রে কোন বিষয়টি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব জাফর আলির মন্তব্যটিকে তুমি সমর্থন কর কি? যুক্তি দিয়ে বুঝিয়ে দাও। ৪

৯। জনাব শামীম একজন ব্যবসায়ী। বছর শেষে তার সম্পদের হিসাব করে নির্দিষ্ট একটি অংশ গরিবদের মাঝে বণ্টন করেন। অপরদিকে, তার প্রতিবেশী নাসিম একজন ধনী কৃষক। তার জমির উৎপাদিত ফসলের কোনো অংশই গরিবদেরকে দেন না।
ক. 'উশর' শব্দের অর্থ কী? ১
খ. "যাকাত ইসলামের ভ্রাতৃত্ববন্ধনের সেতু।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত জনাব শামীমের কর্মকাণ্ডে ইসলামের কোন বিধানটি ফুটে উঠেছে? উহার সামাজিক গুরুত্ব নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে আলোচিত নাসিমের চিন্তা চেতনায় ইসলামের কোন বিধানটি লঙ্ঘিত হয়েছে? তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০। রনি ও জনি দুই বন্ধু। তারা দুজনেই এসএসসি পাস করল। তাদের হাতে অবসর সময় ছিল এবং সে সময়টাকে তারা ইসলাম প্রচার ও প্রসারের কাজে লাগাতে চাইল। তাই তারা সিদ্ধান্ত নিল এমন জায়গায় যাবে, যেখানে তারা দ্বীনের কাজে অংশগ্রহণ করতে পারবে এবং এক সাথে থাকার ফলে তাদের মধ্যে ভ্রাতৃত্ববোধ সৃষ্টি হবে।
ক. উম্মাহ অর্থ কী? ১
খ. ইসলামি দাওয়াহ বলতে কী বোঝায়? ২
গ. ইসলাম প্রচার ভ্রাতৃত্ববোধ সৃষ্টিতে তারা কী ধরনের পদক্ষেপ গ্রহণ করেছিল উদ্দীপকের আলোকে বর্ণনা কর। ৩
ঘ. ইসলাম ধর্মের প্রচার ও প্রসারে রনি ও জনির উদ্যোগটি কতখানি কার্যকর বলে তুমি মনে কর। ৪

১১। শীতের রাতে রফিক বাড়ি ফেরার সময় রাস্তায় ড্রেনের পাশে জটলা দেখে এগিয়ে গেল। দেখল রাস্তার ড্রেনে একটি কুকুরের বাচ্চা পড়ে হাবুডুবু খাচ্ছে। বাচ্চাটি উপরে উঠার চেষ্টা করছে, আর ছেলেগুলো লাঠি দিয়ে খোঁচা মেরে নিচে ফেলে দিচ্ছে। রফিক ড্রেনে নেমে কুকুর ছানাটিকে তুলে রাস্তায় ছেড়ে দিল এবং ছেলেগুলোকে এরূপ কাজ করতে বারণ করল।
ক. উখুওয়াত কী? ১
খ. "গোটা মানবজাতি একটি উম্মাহ" — ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে রফিকের কর্মকাণ্ডটি মূল্যায়ন কর। ৩
ঘ. কুকুরছানার সাথে ছেলেগুলোর আচরণ কি যথাযথ? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

## ২০ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২

বিষয় কোড : 2 4 9

### ইসলাম শিক্ষা প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। মুশফিক সাহেবের ছেলে আবরার প্রাথমিক বিদ্যালয়ে পড়ে। তিনি তার ছেলের ইসলামি শিক্ষার ব্যাপারে চিন্তিত। এ ব্যাপারে তিনি তার প্রতিবেশী মাওলানা রুহুল আমিনের সাথে আলাপ করেন। মাওলানা রুহুল আমিন তাকে বললেন, মুশফিক ভাই, আপনার ছেলেকে প্রতিদিন সকালে মক্তবে পাঠাতে পারেন। কারণ মক্তবে ইসলামি শিক্ষার প্রাথমিক স্তর খুব ভালোভাবে শেখানো হয়।

ক. মক্তব অর্থ কী? ১
খ. মক্তব বলতে কী বোঝায়? ২
গ. সন্তানের শিক্ষার ব্যাপারে মুশফিক সাহেবের চিন্তা কীরূপ? কুরআন ও হাদিসের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. মাওলানা রুহুল আমিনের পরামর্শটি মূল্যায়ন কর। ৪

২। জনাব 'ক' একজন ধার্মিক ব্যক্তি। তিনি মহল্লার ছেলেমেয়েদেরকে নিজ বৈঠকখানার বারান্দায় কুরআন, হাদিস, পবিত্রতা ও ইবাদতের নিয়মকানুন ইত্যাদি শিক্ষা দেন। অপরদিকে, জনাব 'খ' শুধু চিন্তা ও স্বভাবে নয় বরং তার আবশ্যিক প্রত্যেকটি বিষয়সহ ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক ও অর্থনৈতিক কাজেও ইসলামি আচার-আচরণ, রীতি-পদ্ধতি অনুসরণ করে চলেন।

ক. ইসলাম শব্দের অর্থ কী? ১
খ. 'ইসলামি শিক্ষা তাওহিদভিত্তিক'– বুঝিয়ে লেখ। ২
গ. জনাব 'ক'-এর পাঠদানকৃত প্রতিষ্ঠানটির নাম কী? পাপপ্রবণতা হ্রাসে এবং দেশপ্রেমিক নাগরিক গঠনে উক্ত প্রতিষ্ঠানের ভূমিকা ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব 'খ' কী অনুসরণ করে চলেন? বিষয়টির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৩। জনাব আরাফাত একজন উচ্চপদস্থ কর্মকর্তা। তিনি নিয়মিত সালাতসহ ইসলামের অন্যান্য বিধানাবলি পালন করে থাকেন। কিন্তু উৎকোচ গ্রহণ ছাড়া তিনি অফিসের ফাইল সই করেন না। স্থানীয় মসজিদের ইমাম সাহেব বিষয়টি জানার পর মন্তব্য করলেন "ইবাদতের পূর্বশর্ত হলো বৈধ উপার্জন।"

ক. সবর শব্দের অর্থ কী? ১
খ. "ইমান ও কুফরের মধ্যে পার্থক্য হলো নামায ছেড়ে দেওয়া"–ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব আরাফাতের উপার্জন কীরূপ? ব্যাখ্যা কর। ৩
ঘ. ইমাম সাহেবের মন্তব্যের যথার্থতা মূল্যায়ন কর। ৪

৪। দৃশ্যকল্প-১ : সজিব এন্ড সন্স কোম্পানি বিপুল পরিমাণ চাল মজুদ করে। একপর্যায়ে চালের কৃত্রিম সংকট সৃষ্টি হলে চালের মূল্য বৃদ্ধি করে।
দৃশ্যকল্প-২ : খালেদ সাহেব ছেলের সব আবদার পূরণ করলেও মেয়ে কোনো কিছু চাইলে সহজে দেন না। তাছাড়া প্রায় সময় স্ত্রীকে মারধর করে।

ক. কার পদতলে সন্তানের জান্নাত? ১
খ. আমরা কীভাবে দেশপ্রেমের পরিচয় দিতে পারি? ২
গ. খালেদ সাহেবের আচরণে কার অধিকার লঙ্ঘন হয়েছে? এক্ষেত্রে ইসলামের বিধান কী? ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত কোম্পানির ব্যবসায়িক পলিসি সমাজে বিরূপ প্রভাব ফেলে– ব্যাখ্যা কর। ৪

৫। পিতামাতাই সন্তানের জন্য সর্বাধিক শ্রদ্ধেয়। এদের উসিলাতেই সন্তান এ মায়াময় বিশ্ব সংসারের মুখ দেখতে পায় এবং তাদের স্নেহ-মমতামাখা যত্নে লালিত-পালিত হয়ে পরিপূর্ণ মানুষরূপে গড়ে ওঠে। সন্তানরা যাতে জীবনে ভালোভাবে প্রতিষ্ঠা লাভ করতে পারে, সেজন্য পিতামাতার চেষ্টা ও সাধনার অন্ত থাকে না। ইসলামি জীবনব্যবস্থা পিতামাতার প্রতি সন্তানের ওপর যথেষ্ট দায়িত্ব ও কর্তব্য আরোপ করেছে।

ক. কার পায়ের নিচে সন্তানের জান্নাত? ১
খ. "পিতামাতার অবাধ্যতা অমার্জনীয় অপরাধ" কথাটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে যে দায়িত্ব পালনের কথা বলা হয়েছে তার গুরুত্ব ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে যাদের সম্পর্কে কথা বলা হয়েছে তাদের প্রতি সন্তানের কী কী কর্তব্য পালন করতে হয়? বিশ্লেষণ কর। ৪

৬। জনাব আরমান ও মিসেস আরমানের একমাত্র সন্তান হাসান। প্রাচুর্যে ও আদরে বেড়ে উঠেছে সে। কিন্তু আদব-কায়দা ও শিষ্টাচারের ভীষণ অভাব তার মধ্যে। ইসলামি শিক্ষা, আচার-আচরণ, শরিয়তের বিধিবিধান সম্পর্কে যেমনি জ্ঞান অর্জন করেনি তেমনি মেনেও চলে না। ফলে ইসলামি পরিবারের বৈশিষ্ট্য থেকে সে অনেক দূরে।

ক. পরিবার কী? ১
খ. ইসলামি পরিবার পিতৃতান্ত্রিক কেন? ২
গ. জনাব আরমান ও মিসেস আরমানের কার অধিকার আদায়ে ব্যর্থ হয়েছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব আরমান ও মিসেস আরমানের এরূপ অবহেলার পরিণতি বিশ্লেষণ কর। ৪

৭। রহমান সাহেব ধনী লোক। কিন্তু তিনি আত্মীয়স্বজন ও প্রতিবেশীর খোঁজখবর রাখেন না। তিনি আত্মকেন্দ্রিক ও অহংকারী হওয়ায় সমাজে কেউ তাকে শ্রদ্ধা করে না ও ভালোবাসে না।

ক. প্রতিবেশী কাকে বলে? ১
খ. প্রতিবেশী কত প্রকার? বুঝিয়ে লেখ। ২
গ. রহমান সাহেবের আচরণ ইসলামের দৃষ্টিতে কি সমর্থনযোগ্য? বুঝিয়ে লেখ। ৩
ঘ. "সদাচরণ কর নিকটাত্মীয়, প্রতিবেশী, পার্শ্বে অবস্থানকারী প্রতিবেশী ও পার্শ্ববর্তীর সাথে"–ব্যাখ্যা কর ও তোমার অভিমত দাও। ৪

৮। ছলেমান মিয়া একজন মুদি দোকানদার। তিনি বিক্রয়ের মাল পরিমাণে কম দেন। এ নিয়ে প্রায়ই তার সাথে মহল্লার লোকজনের বাক্‌বিতণ্ডা হয়। জনাব আরাফাত একদিন তাকে বুঝিয়ে বললেন– এ ধরনের কাজ ইসলামের বহির্ভূত। অতএব, ব্যবসায় পরিশুদ্ধতার জন্য এগুলো পরিহার করা দরকার। কেননা রাসুল (স.) বলেছেন, "সত্যবাদী ব্যবসায়ীদের হাশরে স্থান হবে শহিদদের সাথে।"

ক. চুরি করা কী? ১
খ. "পরিমাণে কম দেওয়া গর্হিত কাজ"– বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে ছলেমান মিয়ার কাজটি ইসলামের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব আরাফাতের বক্তব্যের সাথে তুমি কি একমত? পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯। আব্দুর রউফ ও আব্দুল লতিফ ইসলামি অর্থব্যবস্থা সম্পর্কে আলোচনা করছিল। আব্দুর রউফ বলল, ইসলামি অর্থব্যবস্থার যাবতীয় কর্মকাণ্ড শরিয়তের আলোকে পরিচালিত হয়। আব্দুল লতিফ বলল, ইসলামি অর্থব্যবস্থার আয়-ব্যয়, বণ্টননীতি, সঞ্চয়নীতি সকল মানুষের জন্য কল্যাণকর।

ক. ইসলামি অর্থব্যবস্থার প্রবক্তা কে? ১
খ. ইসলামি অর্থব্যবস্থা বলতে কী বোঝ? ২
গ. আব্দুর রউফের বক্তব্যটি ব্যাখ্যা কর। ৩
ঘ. আব্দুল লতিফের বক্তব্যটি পর্যালোচনা কর। ৪

১০। ইসলাম থেকে দূরে সরে যাওয়ায় বিশ্বমানবতার আজ চরম দুর্দিন। তাই ইসলামের দাওয়াতের মাধ্যমে মানুষের কাছে ইসলামি সঠিক ব্যাখ্যা তুলে ধরতে হবে। যার ফলে কুরআন এবং হাদিসের ওপর আমল করা মানুষের সহজ হবে। তাই দাওয়াতের প্রয়োজনীয়তা অপরিসীম।

ক. উম্মত অর্থ কী? ১
খ. উখুয়াত কাকে বলে? ২
গ. মোবাল্লিগের গুণাবলি বর্ণনা কর। ৩
ঘ. তাবলিগ করার মাধ্যমগুলো বর্ণনা কর। ৪

১১। লোকমান ও হাবিব দুই বন্ধু। তারা প্রাকৃতিক বিপর্যয় নিয়ে আলোচনা করছিল। লোকমান বলল, প্রকৃতির নিষ্ঠুর আচরণে পৃথিবী আজ বিপর্যস্ত। বন্যা, জলোচ্ছ্বাস, খরা, ভূমিকম্প আজ নিত্যদিনের সাথী। হাবিব বলল, এর জন্য প্রকৃতি দায়ী নয়, এ বিপর্যয়ের জন্য মানুষই দায়ী।

ক. সাওম শব্দের অর্থ কী? ১
খ. পরিবেশ কাকে বলে? ২
গ. কীভাবে প্রাকৃতিক বিপর্যয় রক্ষা করা যায়? এর বর্ণনা কর। ৩
ঘ. হাবিবের বক্তব্য ইসলামের দৃষ্টিতে বিশ্লেষণ কর। ৪

## ২১ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩

বিষয় কোড : 2 4 9

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### ইসলাম শিক্ষা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। ইহকালীন দায়িত্ববোধের পাশাপাশি পরকালীন জবাবদিহিতার বিশ্বাসী একদল নাগরিকই পারে একটি আদর্শ সমাজ ও রাষ্ট্র গঠন করতে। আর এজন্য প্রয়োজন মানুষের নৈতিকতা ও ধর্মীয় মূল্যবোধকে জাগ্রত করা। শিক্ষার প্রতিটি স্তরে বিষয়টি গুরুত্ব দেওয়া হলে সফলতা অনিবার্য।

ক. ইকরা অর্থ কী? ১
খ. ইসলামের মৌলিক জ্ঞান বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে কোন শিক্ষার প্রতি ইঙ্গিত করা হয়েছে? বৈশিষ্ট্যসমূহ লেখ। ৩
ঘ. শিক্ষার প্রতিটি স্তরে উক্ত শিক্ষাকে সিলেবাসভুক্ত করা হলে আদর্শ সমাজ ও রাষ্ট্র গঠন করা সম্ভব— ব্যাখ্যা কর। ৪

২। জনাব আবুল কাশেম একটি মসজিদের ইমাম। তিনি এক খুতবায় বলেন, সন্তানদেরকে ইমান-আকিদা, হালাল-হারাম, ন্যায়-অন্যায়, শিষ্টাচার, নম্রতা, ভদ্রতা সম্পর্কে জ্ঞান দান করা প্রত্যেক বাবা-মার কর্তব্য। উক্ত শিক্ষার অভাবে উচ্চশিক্ষায় শিক্ষিত হয়েও অনেকে নানাবিধ অপকর্মে লিপ্ত হচ্ছে। মহানবি (স.) বলেছেন— "তোমরা জ্ঞান-বিজ্ঞান শিক্ষা কর এবং তা মানুষকে শিক্ষা দাও।"

ক. ইলম শব্দের অর্থ কী? ১
খ. "আলিমগণই নবিদের ওয়ারিস।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব আবুল কাশেমের বক্তব্য কোন বিষয়ের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত জনাব আবুল কাশেম সাহেব যে শিক্ষার কথা বলেছেন— উহার সামাজিক প্রভাব মূল্যায়ণ কর। ৪

৩। জনাব আসলাম একজন উচ্চপদস্থ কর্মকর্তা। তিনি নিয়মিত সালাত ও সাওম পালন করেন। ইসলামের অন্যান্য বিধানও পালন করেন। কিন্তু ঘুষ ছাড়া তিনি কোনো ফাইলে সই করেন না। একথা শুনে মাওলানা আলমগীর সাহেব বললেন, "হালাল উপার্জন ছাড়া কোনো ইবাদত আল্লাহর নিকট গ্রহণযোগ্য নয়।"

ক. দেশপ্রেম কী? ১
খ. হারাম বর্জনীয় কেন? ২
গ. জনাব আসলামের উপার্জন ইসলামি শরিয়তের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. মাওলানা আলমগীর সাহেবের উক্তিটির সপক্ষে যুক্তি দাও। ৪

৪। জনাব ইসহাক সাহেব তার মেয়ে শামিমা ও শারমিনকে বিয়ে দেওয়ার পর তাদের সাথে আর কোনো যোগাযোগ করেন না এবং খবরাখবর নেন না। তিনি নারী জাতিকে তেমন সম্মান, অধিকার ইত্যাদি দিতে চান না। একদিন তার ছেলে আমির বাবাকে বলল, "বাবা, জাহিলি যুগে নারী জাতির সাথে যেভাবে আচরণ করা হতো সেই রকম আচরণ না করলে ভালো হয়।" সে বাবার সেবা-যত্ন করে, সংগত আদেশ-নিষেধ মেনে চলে।

ক. আমাদের আদি মাতা কে? ১
খ. "মায়ের পদতলে সন্তানের বেহেশত" কথাটি ব্যাখ্যা কর। ২
গ. আমির কী পালন করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব ইসহাক সাহেবের আচরণে কী ফুটে উঠেছে? উক্ত ফলাফল বিশ্লেষণ কর। ৪

৫। জনাব 'ন' ও জনাব 'ম' একটি ক্ষুদ্র সামাজিক সংগঠন নিয়ে আলোচনা করছিল, যেখানে সবসময় এবং সবক্ষেত্রে ইসলামের নীতি ও আদর্শ ক্রিয়াশীল থাকে। জনাব 'ন' বলল, এ সংগঠনটি স্নেহে ও সম্মানে সমন্বিত ধারা। এখানে আর্থসামাজিক নিরাপত্তা নিশ্চিত করা হয়। জনাব 'ম' বলল, শুধু তাই নয়, সেখানে হালাল উপার্জন ও জবাবদিহিতা বিদ্যমান এবং এর সদস্যরা পরস্পরের পরিপূরক।

ক. সহোদর কারা? ১
খ. 'সমাজজীবনে প্রাথমিক ইউনিট পরিবার' ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন সংগঠনের প্রতি ইঙ্গিত প্রদান করা হয়েছে? জনাব 'ন'-এর উক্তিটি ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব 'ম'-এর উক্তির সাথে তুমি কি একমত? তোমার মতের স্বপক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

৬। জনাব মামুন দীর্ঘদিন থেকে বিদেশ কর্মরত। তার অনুপস্থিতিতে তার স্ত্রীকে সংসার চালাতে এবং ছেলেমেয়েদের লালন-পালন ও পড়াশোনা করাতে ভীষণ হিমশিম খেতে হয়। জনাব মামুনের পিতা ছেলেকে বললেন, "প্রবাসে থাকার ক্ষেত্রে তুমি হযরত উমর (রা.)-এর বিধান অনুসরণ কর এবং স্বামী-স্ত্রীর মধ্যে যেন দূরত্ব সৃষ্টি না হয় সে ব্যবস্থা কর।"

ক. হালাল শব্দের অর্থ কী? ১
খ. ইসলামি পরিবারকে পিতৃতান্ত্রিক পরিবার বলা হয় কেন? ২
গ. জনাব মামুনের পিতা হযরত উমর (রা.)-এর কোন বিধানের অনুসরণ করতে বলেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. দীর্ঘদিন প্রবাসে থাকার কারণে জনাব মামুন ও তার স্ত্রীর মধ্যে যে সমস্যা সৃষ্টি হতে পারে তা বিশ্লেষণ কর। ৪

৭। মিল্লাত সাহেবের বোনের স্বামীর মৃত্যুর পর তিনি বোন ও বোনের সন্তানদের লালন-পালনের ভার নিয়েছেন এবং বোনের সন্তানদের পড়ালেখা করাচ্ছেন। এটাকে মিল্লাত সাহেব দায়িত্ব বলে মনে করেন। অপরদিকে মিল্লাত সাহেবের স্ত্রী শাহিদা বেগম ভালো রান্না হলে তা থেকে কিছু খাবার নিকট প্রতিবেশীর বাড়িতে পাঠান এবং অসুস্থ প্রতিবেশীর খোঁজখবর রাখেন।

ক. ইমাম কাকে বলে? ১
খ. মসজিদ ইসলামি সমাজের কেন্দ্রবিন্দু— বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে মিল্লাত সাহেবের কর্মকাণ্ডে কোন বিষয়টি ফুটে উঠেছে? এর গুরুত্ব ইসলামের দৃষ্টিতে আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে মিসেস শাহানার কার্যক্রম চিহ্নিত করে সমাজজীবনে এর প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ৪

৮। রেদোয়ান একাদশ শ্রেণিতে পড়ে। সে টিফিন পিরিয়ডে জামাতের সাথে জোহরের নামাজ আদায় করে। এছাড়া সে সকলের সাথে সদ্ব্যবহার করে। একদিন রেদোয়ান তার ক্লাসমেট রাশেদকে নামাজের আহ্বান জানালে সে নামাজে অংশগ্রহণ করে এবং এরপর থেকে প্রতিদিনই নামাজ আদায় করে।

ক. رَبِّ ارْحَمْهُمَا كَمَا رَبَّيَانِىْ صَغِيْرًا -এর অর্থ লেখ। ১
খ. ইসলামি পরিবারের স্বরূপ বর্ণনা কর। ২
গ. রেদোয়ানের কর্মকাণ্ডে কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. রাশেদের এ পরিবর্তনের কারণ কী? তার মধ্যে কিসের অভাব ছিল বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৯। শাহেদা ও রিতা দুই বান্ধবী। একই বিশ্ববিদ্যালয়ে পড়ালেখা করে। তবে রাজনৈতিক মতাদর্শে শাহেদা পুঁজিবাদী অর্থব্যবস্থার পক্ষে আর রিতা সমাজতান্ত্রিক অর্থব্যবস্থার পক্ষে। মাঝে মধ্যেই তারা নিজেদের পক্ষে যুক্তি দাঁড় করানোর চেষ্টা করে আলোচনা করে। একদিন অধ্যাপক হামিদ সাহেব বিষয়টি জানতে পেরে তাদেরকে বললেন, "পাশ্চাত্য অর্থব্যবস্থা মানুষের সার্বিক কল্যাণ দিতে পারে না।"

ক. যাকাতের নিসাব কী? ১
খ. উশর ও খারাজের মধ্যে পার্থক্য লেখ। ২
গ. শাহেদা ও রিতার চিন্তাধারা কীরূপ? ব্যাখ্যা কর। ৩
ঘ. অধ্যাপক হামিদ সাহেবের বক্তব্যের যথার্থতা বিশ্লেষণ কর। ৪

১০। i. কুরআন-হাদিসের বাণী যথাযথভাবে উপস্থাপন
ii. হিকমতের সাথে দীনের পথে আহ্বান জানানো
iii. নিজে পরিপূর্ণভাবে শরিয়ত পালন করা

ক. উখুওয়াত কত প্রকার? ১
খ. খিদমতে খালক বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে কাদের গুণাবলি উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত দায়িত্ব পালনে তথ্যপ্রযুক্তির ব্যবহার আলোচনা কর। ৪

১১। সজিব ও নাছিম একই স্কুল হতে এসএসসি পরীক্ষা দিয়েছে। তাদের হাতে প্রচুর অবসর সময় আছে এবং সেই সময়টাকে তারা ইসলামের প্রচার ও প্রসারের জন্য কাজে লাগাতে চায়। তাদের এক বন্ধু লিটন পাহাড়ের গাছ কর্তন করে বিক্রি করার মাধ্যমে প্রচুর অর্থ উপার্জনের পথ পেয়ে সে পথে চলে যায়।

ক. উম্মাহ শব্দের অর্থ কী? ১
খ. "ইসলামি রাষ্ট্র কুরআন ও সুন্নাহভিত্তিক।"— ব্যাখ্যা কর। ২
গ. সজিব ও নাসিমের চিন্তাভাবনা কিসের ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে লিটনের কর্মকাণ্ডের পরিণতি ও তা থেকে পরিত্রাণের উপায় বিশ্লেষণ কর। ৪

## ২২ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪

বিষয় কোড : 2 4 9

সময়—২ ঘন্টা ৩০ মিনিট **ইসলাম শিক্ষা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। সাদিক ইসলামি শিক্ষায় উচ্চতর ডিগ্রি অর্জন করেছেন এবং তিনি বাস্তব জীবনে ইসলামের বিধান পরিপূর্ণরূপে মেনে চলেন। তিনি কুরআন-সুন্নাহর আলোকে জীবনযাপন করেন। পক্ষান্তরে, তার ছোটভাই হামিদ ইসলামি শিক্ষাকে তুচ্ছতাচ্ছিল্য করে। সে বলে, ইসলামি শিক্ষা প্রগতিশীল ও যুগোপযোগী নয়।

ক. 'Education' শব্দটি কোন শব্দ থেকে এসেছে? ১
খ. "ইসলামি শিক্ষা সর্বপ্রাচীন আবার সর্বাধুনিক শিক্ষা"— ব্যাখ্যা কর। ২
গ. হামিদের কাজ ও উক্তিটির কুফল ব্যাখ্যা কর। ৩
ঘ. সাদিকের জীবনযাপনের আলোকে ইসলামি শিক্ষার স্বরূপ বিশ্লেষণ কর। ৪

২। আবদুল মজিদ সাহেব প্রত্যেক দিন ফজরের পর মসজিদের বারান্দায় ছোট ছেলেমেয়েদেরকে কুরআন-হাদিসসহ ইসলামের প্রভৃতি বিষয়ে শিক্ষা প্রদান করেন। নামাজের মাসয়ালা, দু'আ মুনাজাত শিক্ষা দেন। অপরদিকে মতিন সাহেব ছোট ছেলেমেয়েদেরকে গান-বাজনা শেখান, অভিবাদন হিসেবে 'গুড মর্নিং, গুড ইভিনিং' বলা শেখান।

ক. ইসলাম শিক্ষা কী? ১
খ. ইসলামি সংস্কৃতি বলতে কী বোঝায়? ২
গ. আবদুল মজিদ সাহেব কোন ধরনের শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মতিন সাহেবের কার্যক্রম ইসলামি সমাজে কী প্রভাব পড়বে? মূল্যায়ন কর। ৪

৩। 'র' বেগম একজন পরহেজগার মহিলা। তিনি পূর্ণ সততার সাথে ব্যবসায়িক কর্মকাণ্ড পরিচালনার মাধ্যমে আয়-উপার্জন করেন। অপরদিকে, জনাব 'ল' বেগমও একজন ব্যবসায়ী। তিনি সর্বদা মিথ্যা বলেন, পণ্যের দোষ-ত্রুটি গোপন করেন।

ক. দেশপ্রেম কী? ১
খ. তালাকের অধিকার বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের বর্ণিত 'র'-এর উপার্জন কী রকম? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'ল' বেগমের উপার্জন জাহান্নামে যাওয়ার কারণ – বিশ্লেষণ কর। ৪

৪। জনাব জামান সাহেব একজন উচ্চপদস্থ কর্মকর্তা। নিয়মিত সালাত আদায়সহ তিনি ইসলামের অন্যান্য বিধানও পালন করে থাকেন। কিন্তু উৎকোচ গ্রহণ করা ছাড়া তিনি কোনো ফাইলেই সই করেন না। ইমাম সাহেব শুনে বললেন, হালাল উপার্জন ছাড়া কোনো ইবাদতই আল্লাহর নিকট গ্রহণযোগ্য নয়।

ক. হালাল উপার্জন কী? ১
খ. হারাম বর্জনীয় কেন? ২
গ. জনাব জামান সাহেবের উপার্জন ইসলামের দৃষ্টিতে কীরূপ? ব্যাখ্যা কর। ৩
ঘ. ইমাম সাহেবের উক্তিটির সপক্ষে যুক্তি দাও। ৪

৫। পিতা-মাতা, স্ত্রী ও দুই সন্তান নিয়ে ইয়াছিনের পরিবার। পিতা-মাতার সব চাহিদা যথাসাধ্য পূরণ করার চেষ্টা করেন ইয়াছিন। তার স্ত্রী সেলিনা সাংসারিক কাজ সেরে সন্তানকে পড়াতে বসেন। ইয়াছিন অফিসে যাবার পথে সন্তান দুটিকে স্কুলে রেখে যান, আবার ফেরার পথে তাদেরকে বাসায় নিয়ে আসেন।

ক. ইসলামি অর্থব্যবস্থা কী? ১
খ. 'পিতা তোমার জান্নাত বা জাহান্নাম'— ব্যাখ্যা কর। ২
গ. ইয়াছিনের পরিবারটি কোন ধরনের? এর গুরুত্ব বর্ণনা কর। ৩
ঘ. ইয়াছিনের আচরণের পারিবারিক প্রভাব মূল্যায়ন কর। ৪

৬। বৃদ্ধ বাবা, স্ত্রী, এক ছেলে ও এক মেয়ে নিয়ে তাজুল সাহেবের পরিবার। ছেলের যেকোনো আবদার তাৎক্ষণিক পূরণ করলেও মেয়ে কিছু চাইলে তা দিতে গড়িমসি করেন। অন্যদিকে, ব্যবসার ব্যস্ততার কারণে বৃদ্ধ বাবার সেবাযত্ন ও চিকিৎসার প্রতিও মনোযোগ দেন না।

ক. স্বামী-স্ত্রী একে অপরকে কুরআনে কীসের সাথে তুলনা করা হয়েছে? ১
খ. প্রতিবেশীর প্রতি দায়িত্বসমূহ লেখ। ২
গ. সন্তানদের প্রতি তাজুল সাহেবের আচরণ কোন পর্যায়ের? এক্ষেত্রে ইসলামের শিক্ষা আলোচনা কর। ৩
ঘ. সন্তান হিসেবে তাজুল সাহেব তার দায়িত্ব পালনে ব্যর্থ– উদ্দীপক ও পাঠবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭। 'ক' নামক গ্রামের অধিকাংশ লোক দরিদ্র। সম্প্রতি বন্যার কারণে তাদের অর্থনৈতিক অবস্থা আরও খারাপ হয়। কিছু দিন থেকে রাতের বেলা মানুষের ঘরবাড়ি থেকে বিভিন্ন জিনিস খোয়া যাচ্ছে। এ অবস্থা দেখে স্থানীয় মসজিদের ইমাম সাহেব এলাকার যুবকদের নিয়ে রাত্রে পাহারার ব্যবস্থা করেন এবং মুসল্লিদের আর্থিক সহায়তায় কিছু গরু কিনে মানুষের মাঝে বিতরণ করেন।

ক. মাদকাসক্তি কী? ১
খ. মিথ্যা প্রতারণার নামান্তর– ব্যাখ্যা কর। ২
গ. 'ক' নামক গ্রামে কোন ধরনের সামাজিক অনাচার পরিলক্ষিত হয়? ৩
ঘ. ইমাম সাহেবের কাজের সামাজিক ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৮। মানুষ সামাজিক জীব। সমাজে যেমন ইহসান, ইনসাফ, আদল ইত্যাদি ভালো গুণ রয়েছে তেমনি গিবত, সুদ, ঘুষ, চুরি ডাকাতির মতো খারাপ গুণও থাকে। একমাত্র ইসলামই মানুষকে শান্তির সমাধান দিয়েছে। দুনিয়াকে করেছে আখেরাতের শস্যক্ষেত্র; সমাজে বসবাসের জন্য দিয়েছে উত্তম আদর্শ।

ক. 'হুন্না লিবাসুল্লাকুম ওয়া আন্তুম লিবাসুন লাহুন্না'– অর্থ কী? ১
খ. 'আল জান্নাতু তাহতা আকদামিল উম্মাহাত'– ব্যাখ্যা কর। ২
গ. সমাজজীবনে আদল সম্পর্কে ইসলাম কী বলেছে? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে সুদ, আত্মহত্যা ও হত্যার ইসলামি বিধান বর্ণনা দাও। ৪

৯। ইসলাম একটি "Complete code of life"। ইমাম সাহেব বললেন, এখানে মানবজীবনের সকল বিষয়ের সমাধান দেওয়া হয়েছে। ধনীদের যেমন বিপুল অর্থ রয়েছে তেমনি গরিবদেরও ধনীদের সম্পদে হক রয়েছে। সাদাকাত নির্দিষ্ট ব্যক্তিদের দেওয়া ফরজ। এছাড়া ফসলেও তাদের হক রয়েছে।

ক. ইসলামি অর্থব্যবস্থা কী? ১
খ. সুদের কয়েকটি কুফল বর্ণনা কর। ২
গ. ইমাম সাহেব নির্দিষ্ট সাদাকাত বলতে কোন ইবাদতকে বুঝিয়েছেন? তার ব্যয়ের খাত বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে ইমাম সাহেবের বক্তব্যে ফসল থেকে যা দিতে হয় তাকে কী বলে? যাকাত, উশর ও খারাজের পার্থক্য লেখ। ৪

১০। জনাব আনোয়ার স্থান-কাল-পাত্র বিবেচনা করে যুক্তিপূর্ণ ও জ্ঞানগর্ভ বক্তব্যের মাধ্যমে লোকদের কাছে ইসলামের বাণী প্রচার করেন। তার বন্ধু জনাব সানোয়ার একদিন এক সমাবেশে বক্তব্য দেন। বলেন, তোমরা নির্বিচারে গাছ কেট না, যেখানে-সেখানে ময়লা-আবর্জনা ফেল না।

ক. ইসলামি সমাজব্যবস্থা কাকে বলে? ১
খ. "ইসলাম প্রচারে বুদ্ধিবৃত্তিক জিহাদের ভূমিকা অপরিসীম।"– ব্যাখ্যা কর। ২
গ. জনাব আনোয়ারের কর্মকাণ্ডে কী ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব সানোয়ারের বক্তব্যের বিষয় কী? জনজীবনে তার প্রভাব বিশ্লেষণ কর। ৪

১১। নাজমুল হুদা উচ্চ মাধ্যমিক পরীক্ষা দিয়েছে। সে তার বন্ধুদের ভালো পথে চলার আহ্বান জানায়। ধর্মের পথে মানুষকে ডাক দেয়। নাজমুল নিয়মিত সালাত আদায় করে। কিন্তু সে ব্যক্তিগত জীবনে কথা ও কাজের মধ্যে মিল রাখে না। এজন্য তার বন্ধুরা তার আহ্বানকে গুরুত্ব দেয় না।

ক. উম্মাহ অর্থ কী? ১
খ. বিশ্বভ্রাতৃত্বের গুরুত্ব লেখ। ২
গ. নাজমুল কি একজন দাঈ? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৩
ঘ. নাজমুলের আহ্বানকে গুরুত্ব না দেওয়ার কারণ ব্যাখ্যা কর। ৪

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ২৩ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০১

বিষয় কোড : 2 4 9

### ইসলাম শিক্ষা প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট    পূর্ণমান—৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. অসৎ গুণাবলি সংক্রামক ব্যধির মতো। তাই অসৎসঙ্গে মানুষ—**
i. অসুস্থ হয়ে পড়ে
ii. খারাপের দিকেই ঝুঁকে পড়ে
iii. অসৎকাজের দিকেই ঝুঁকে পড়ে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২. সন্ত্রাস প্রতিরোধ করা এক ধরনের—**
ⓚ আদল ⓚ জিহাদ
ⓖ ইহসান ⓖ তাকওয়া

**৩. জ্ঞানার্জন করা কী?**
ⓚ ফরয়ে আইন ⓚ ফরযে কিফায়াহ
ⓖ ওয়াজিব ⓖ সুন্নত

**৪. কত সালে বাংলাদেশে ইসলামি ব্যাংকিংয়ের যাত্রা শুরু হয়?**
ⓚ ১৯৭৫ সালে ⓚ ১৯৭৮ সালে
ⓖ ১৯৮১ সালে ⓖ ১৯৮৩ সালে

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
আশিফা সবসময় তার বান্ধবী মুনার অনুপস্থিতিতে এমন কথা বলে যা শুনে মুনা কষ্ট পায়। এ কাজটিকে আশিফা দোষ মনে করে না।

**৫. আশিফার এ কাজটিকে ইসলামে কী বলে?**
ⓚ প্রতারণা ⓚ গিবত
ⓖ ঘুষ ⓖ খিয়ানত

**৬. আশিফার উক্ত কাজটি—**
i. মৃত ভাইয়ের গোস্ত খাওয়ার মতো
ii. ব্যভিচারের চেয়েও মারাত্মক
iii. ক্ষমার অযোগ্য অপরাধ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৭. ইসলামি অর্থ ব্যবস্থার মূল লক্ষ্য কোনটি?**
ⓚ মানবকল্যাণ ⓚ মুনাফা অর্জন
ⓖ ব্যবসায় সম্প্রসারণ ⓖ অবকাঠামো উন্নয়ন

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
শুক্রবার জুমআর নামাজের খুতবায় ইমাম সাহেব বলেন, ছোটবেলায় শিশুদেরকে মক্তবে না পাঠালে তাদের চারিত্রিক উন্নয়ন খুবই কঠিন হয়ে দাঁড়ায়। বড় হয়ে তারা বিদেশি সংস্কৃতির প্রতি আকৃষ্ট হয়ে পড়ে।'

**৮. উদ্দীপকের ইমাম সাহেবের আলোচিত প্রতিষ্ঠানে কোন সংস্কৃতির জ্ঞান দেওয়া হয়?**
ⓚ সাধারণ সংস্কৃতি ⓚ পাশ্চাত্য সংস্কৃতি
ⓖ বাঙালি সংস্কৃতি ⓖ ইসলামি সংস্কৃতি

**৯. উক্ত প্রতিষ্ঠানের উদ্দেশ্য—**
i. কোমলমতি শিশুদের চারিত্রিক উন্নয়ন ঘটানো
ii. ইসলামি সংস্কৃতির অনুশীলনে অভ্যস্ত করানো
iii. পাশ্চাত্য সংস্কৃতির অনুশীলন করানো
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১০. নিচের কোনটি হালাল উপার্জন?**
ⓚ জুয়া ⓚ লটারি
ⓖ ব্যবসায় ⓖ জবর দখল

**১১. বার্ধক্যকালে পিতামাতার যত্ন না নিলে কোন ধরনের গুনাহ হয়?**
ⓚ শিরক ⓚ কবীরা
ⓖ সগীরা ⓖ মাকরূহ

**১২. ইসলামি শিক্ষা মানুষের চরিত্র, কর্মদক্ষতা ও আচরণকে—**
i. বিশ্বজনীন করে তোলে
ii. পরিশীলিত করে
iii. পরিমার্জিত করে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৩. 'সুফফা' নামক শিক্ষাপ্রতিষ্ঠানটি কোথায় অবস্থিত ছিল?**
ⓚ আয়েশা (রা.)-এর বাড়িতে
ⓚ ওসমান (রা.)-এর বাড়িতে
ⓖ মসজিদে নববিতে
ⓖ মসজিদুল আকসায়

**১৪. জ্বহালাল উপার্জনকারী আল্লাহর বন্ধু।" এটি কার বাণী?**
ⓚ হযরত আবু বকর (রা.)-এর
ⓚ হযরত উমর (রা.)-এর
ⓖ হযরত আলি (রা.)-এর
ⓖ হযরত মুহাম্মদ (স.)-এর

**১৫. হালাল রুজি অন্বেষণ করা কী?**
ⓚ ফরজ ⓚ সুন্নত
ⓖ নফল ⓖ সুন্নাতে মুয়াক্কাদাহ

**১৬. দেশপ্রেম বলতে বোঝায় দেশের প্রতি—**
i. ভালোবাসা ii. দায়িত্ববোধ
iii. মমত্ববোধ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৭. বাংলাদেশের সর্বপ্রথম জাতীয় শিশুনীতি প্রণীত হয়?**
ⓚ ১৯৯৬ সালে ⓚ ১৯৯৫ সালে
ⓖ ১৯৯৪ সালে ⓖ ১৯৯৩ সালে

**১৮. সদা সত্য কথা বলবে, কখনো মিথ্যা কথা বলবে না। উক্তিটিতে রয়েছে—**
i. তাযকিয়াতুন নাফস
ii. আমর বিল মারুফ
iii. নাহি আনিল মুনকার
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**১৯. ইসলামি শিক্ষার প্রবর্তক কে?**
ⓚ ইমামগণ ⓚ আলিমগণ
ⓖ জিবরাঈল (আ.) ⓖ আল্লাহ তায়ালা

**২০. নৈতিক শিক্ষার সর্বপ্রথম স্তর কোনটি?**
ⓚ স্কুল ⓚ কলেজ
ⓖ মক্তব ⓖ মাদ্রাসা

**২১. সমগ্র মানবজাতি কয়টি উম্মতের অন্তর্গত?**
ⓚ এক ⓚ দুই ⓖ তিন ⓖ চার

**২২. সাদাকাতুল ফিতর আদায় করা কী?**
ⓚ ফরজ ⓚ ওয়াজিব
ⓖ সুন্নত ⓖ নফল

**২৩. 'সুনিশ্চিতভাবেই আল্লাহ তায়ালা তোমাদেরকে আত্মীয়তার সম্পর্ক রক্ষা করার নির্দেশ দিয়েছেন' — কে বলেছেন?**
ⓚ আল্লাহ তায়ালা ⓚ ইমাম মালেক (র.)
ⓖ ইমাম শাফেয়ি (র.) ⓖ রাসুলুল্লাহ (স.)

**২৪. প্রতিবেশীর প্রতি প্রতিবেশীর পারস্পরিক কর্তব্য হলো—**
i. ভালো আচরণ করা
ii. দাওয়াত দিলে গ্রহণ করা
iii. বিপদে সাহায্য করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২৫. প্রকৃত জীবন কিসে নিহিত?**
ⓚ ভালোবাসায় ⓚ ক্ষমায়
ⓖ কিসাসে ⓖ বন্ধুতে

**২৬. ইসলামি পরিবারের প্রধান কে?**
ⓚ মাতা ⓚ পিতা
ⓖ প্রাপ্ত বয়স্ক ছেলে ⓖ প্রাপ্ত বয়স্ক মেয়ে

**২৭. ইসলামি পরিবারের অন্যতম বৈশিষ্ট্য হচ্ছে—**
i. পিতৃতান্ত্রিকতা
ii. চরিত্রের গঠনের সহায়ক পরিবেশ
iii. সবার দায়িত্বশীলতা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২৮. আল্লাহ তায়ালা তাঁর ইবাদতের পর কাদের প্রতি সদ্ব্যবহারের নির্দেশ দিয়েছেন?**
ⓚ পিতামাতার ⓚ গৃহ পরিচালকের
ⓖ শিক্ষকদের ⓖ ইমামগণের

**২৯. ইসলামি পরিবারের ভাইবোনের পারস্পরিক দায়িত্ব হচ্ছে—**
i. অসুস্থতায় সেবা করা
ii. বিপদে পাশে থাকা
iii. সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়া
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৩০. আমাদের আশপাশে চল্লিশ বাড়ি পর্যন্ত সবাইকে রাসুলুল্লাহ (স.) কী বলে আখ্যায়িত করেছেন?**
ⓚ প্রতিবেশী ⓚ আত্মীয়-স্বজন
ⓖ আপনজন ⓖ বন্ধুবান্ধব

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | খ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ক | ৭ | ক | ৮ | ঘ | ৯ | ক | ১০ | গ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | ক |
| ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | ক | ২২ | খ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | ক |

## ২৪ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২

বিষয় কোড : 2 4 9

### ইসলাম শিক্ষা প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. ইসলাম প্রচার ও প্রসারের কার্যকর মাধ্যম কোনটি?**
ⓚ সালাত ⓚ যাকাত
ⓖ দাওয়াহ ⓖ উখুওয়াত

**২. দুবই বসবাসকালে আব্দুল্লাহর সাথে ইতালির নাগরিক রবিনসনের সাথে সখ্য সৃষ্টি হয়, তাদের এ সম্পর্ক—**
ক আঞ্চলিক ভ্রাতৃত্ব খ ইসলামি ভ্রাতৃত্ব
গ ঔরসজাত ভ্রাতৃত্ব ঘ বিশ্ব ভ্রাতৃত্ব

**৩. ইসলামি অর্থনীতিতে সম্পদের মূল মালিকানা কার?**
ক আল্লাহর খ জনগণের
গ রাষ্ট্রের ঘ মালিকের

**৪. স্ত্রীর প্রতি স্বামীর গুরুত্বপূর্ণ কর্তব্য কোনটি?**
ক মোহরানা আদায় খ মমতা দেখানো
গ ভরণপোষণ দেওয়া ঘ অলংকার দেওয়া

**৫. নারীর প্রতি সম্মান প্রদর্শন করতে হবে—**
i. আচরণের দ্বারা
ii. কথাবার্তার দ্বারা
iii. মিরাস দ্বারা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
পুরনো ঢাকার আসলামরা ছয় ভাই। নিরীহ বাবার মৃত্যুর পর ওরা পেশিশক্তি খাটিয়ে এলাকার অসহায় লোকদের অতিষ্ঠ করে রাখে। এলাকার পঞ্চায়েতের কাছে ওদের নামে বিচার গেলে সভাপতি মাওলা সাহেব নির্ভয়ে ন্যায়বিচারের সাথে বিবাদ মিমাংসা করে দেন।

**৬. মাওলা সাহেব ব্যক্তিগত জীবনে নিচের কোনটির অনুশীলন করেন?**
ক আদলের খ ভালো কাজের
গ কল্যাণমূলক কাজের
ঘ ভালো থাকার

**৭. এ অনুশীলনের ফলে—**
i. আসলামরা অপরাধ করার সাহস পাবে না
ii. অসহায় লোকেরা নির্বিঘ্নে জীবনযাপন করতে পারবে
iii. সমাজে শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠিত হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৮. নবি-রাসুলের উত্তরাধিকারী হতে হলে কোন গুণ থাকা জরুরি?**
ক নবির বংশধর খ নবির সমসাময়িক
গ নবির খলিফা ঘ জ্ঞানচর্চা

**৯. শিক্ষার বিনিময়ে বন্দি মুক্তির পদক্ষেপ গ্রহণ করেছিলেন—**
ক মহানবি (সা.) খ আবু বকর (রা.)
গ উমর (রা.)
ঘ উমর ইবনু আব্দুল আযীয

**১০. নিচের কোনটি সুদ?**
ক এক ডলারের বিনিময়ে আশি টাকা
খ এক কেজি চিনির বিনিময়ে দুই কেজি লবণ
গ এক কেজি চালের বিনিময়ে ১১০০ গ্রাম চাল
ঘ এক কেজি চালের বিনিময়ে ১২০০ গ্রাম আটা

**১১. সর্বপ্রথম কার আমলে কুরআন সংকলিত হয়?**
ক রাসুল (সা.) খ আবু বকর (রা.)
গ উমর (রা.) ঘ উসমান (রা.)

**১২. কোন সময়ে কন্যাসন্তান জন্মগ্রহণ করলে জীবন্ত কবর দেওয়া হতো?**
ক আদি যুগে খ মধ্য যুগে
গ জাহিলি যুগে ঘ প্রস্তর যুগে

**১৩. হারাম খাদ্যের অপকারিতা হচ্ছে—**
i. মস্তিষ্কের বিকৃতি ঘটায়
ii. সামাজিক পরিবেশ নষ্ট করে
iii. দেহের মারাত্মক ক্ষতি সাধন করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**১৪. কোনটি বিশ্বের সর্বপ্রথম সুদমুক্ত ইসলামি ব্যাংক?**
ক ইসলামি উন্নয়ন ব্যাংক
খ মিটগামার ব্যাংক
গ নাসের সোস্যাল ব্যাংক
ঘ ইসলামী ব্যাংক বাংলাদেশ লি.

**১৫. রাসুল (সা.)-এর যুগে প্রতিটি কাজের কেন্দ্রবিন্দু ছিল—**
ক হেরা গুহা খ মসজিদে নববি
গ মজলিসে শুরা ঘ মসজিদে কুবা

**১৬. পরিবারের জন্য ব্যয় করা কী?**
ক সাদকাহর সমতুল্য খ উদারতা
গ মহত্ত্বের লক্ষণ ঘ নৈতিক দায়িত্ব

**১৭. আল্লাহ ব্যবসাকে হালাল করেছেন আর সুদকে করেছেন হারাম— এটি কোন সূরার কত নং আয়াত?**
ক সূরা বাকারা : ২৭৫
খ সূরা বাকারা : ২৭৬
গ সূরা বাকারা : ২৭৭
ঘ সূরা বাকারা : ২৭৮

**১৮. ইসলামি অর্থনীতিতে কোন সংস্থা কেন্দ্রীয় ব্যাংকের দায়িত্ব পালন করে?**
ক রিজার্ভ ব্যাংক খ ফেডারেল ব্যাংক
গ বায়তুল মাল ঘ যাকাত বোর্ড

**১৯. শিশুদের অর্থবহ নাম রাখার প্রয়োজন কী?**
ক এ নামে পরকালে ডাকা হবে
খ বংশ পরিচয়ের জন্য
গ স্বকীয়তা বজায় রাখার জন্য
ঘ এ নামে ডাকার জন্য

**২০. সমাজে ইভটিজিং বৃদ্ধির অন্যতম কারণ কী?**
ক জনসংখ্যা বৃদ্ধি
খ নৈতিকতার অভাব
গ নিচু মানসিকতা
ঘ সচেতনতার অভাব

**২১. কোনো পণ্যের ক্রয়মূল্যের সাথে নির্দিষ্ট পরিমাণ লাভ যোগ করে বিক্রি করাকে বলা হয়—**
ক মুদারাবা খ মুরাবাহা
গ মুশারাকা ঘ মুআযযাল

**২২. অধিকার বিবেচনায় প্রতিবেশী কত প্রকার?**
ক ২ খ ৩ গ ৪ ঘ ৫

**২৩. ইবাদত কবুল হওয়ার পূর্বশর্ত কী?**
ক নির্জনে দোয়া করা
খ হালাল উপার্জন
গ মসজিদে ইবাদত করা
ঘ সম্মিলিতভাবে দোয়া করা

**২৪. ইসলামি রাষ্ট্রে আয়ের উৎস হলো—**
i. যাকাত
ii. উশর
iii. খারাজ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**২৫. কোন ধরনের কর নির্ধারণে সরকারকে স্বাধীনতা দেওয়া হয়েছে?**
ক যাকাত খ উশর গ খারাজ ঘ খুমুস

■ **উদ্দীপকটি পড়ে ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
একটি আলোচনা সভায় প্রধান আলোচক বিশেষ একটি অর্থব্যবস্থার কথা বললেন। যেখানে সম্পদের প্রকৃত মালিকানা আল্লাহর। বান্দা তার সংরক্ষণাবেক্ষণকারী।

**২৬. উদ্দীপকে উল্লিখিত অর্থব্যবস্থার বণ্টন ব্যবস্থা হবে—**
i. সুষম
ii. ভারসাম্যহীন
iii. কল্যাণমূলক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২৭. মদ ও জুয়ার মাধ্যমে শয়তান—**
i. মানুষের মাঝে শত্রুতা ও বিদ্বেষ সৃষ্টি করে
ii. আল্লাহর যিকর ও সালাত থেকে বিরত রাখে
iii. মানসিক ও আর্থিক মনোবল চাঙ্গা করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**২৮. ইসলামের কোন ঘটনা নারী শিক্ষার অনুপ্রেরণা হিসেবে কাজ করে?**
ক ইসলামের প্রথম শহিদ একজন নারী
খ রাসুলের স্ত্রীদেরকে মুমিনদের ধর্মীয় মা ঘোষণা
গ হযরত আয়িশা (রা.) কর্তৃক দুই সহস্রাধিক হাদিস বর্ণনা
ঘ নারী-পুরুষের মধ্যে প্রথম হযরত খাদিজার ইসলাম গ্রহণ

**২৯. মাহফুজ এক শীতার্ত ব্যক্তিকে একটি সোয়েটার দান করেছেন। তার এ কাজটি—**
ক উখওয়াত খ দাওয়াহ
গ ইনসাফ ঘ ইহসান

**৩০. কোন অপরাধকে মৃত ভাইয়ের মাংস খাওয়ার সাথে তুলনা করা হয়েছে?**
ক ফিতনা খ হিংসা
গ গিবত ঘ প্রতারণা

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ঘ | ৩ | ক | ৪ | ক | ৫ | ঘ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | গ | ১১ | ক | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | খ |
| ১৬ | ক | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ক | ২০ | খ | ২১ | খ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | গ |

# ২৫ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩

বিষয় কোড : 2 4 9

## ইসলাম শিক্ষা প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট — পূর্ণমান—৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. মুসা আল খাওয়ারেজমী পৃথিবীকে কয়টি ভূখণ্ডে ভাগ করেছেন?**
ক ৬ খ ৭ গ ৮ ঘ ৯

**২. ইসলাম শিক্ষার বৈশিষ্ট্য হলো—**
i. ইবাদতমূলক শিক্ষা
ii. প্রগতিশীল শিক্ষা
iii. সার্বজনীন শিক্ষা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৩. ইসলামি শিক্ষার তৃতীয় ভিত্তি কোনটি?**
ক কুরআন খ হাদিস
গ ইজমা ঘ কিয়াস

**৪. আল ফারাবি ছিলেন—**
i. তুর্কি বংশোদ্ভূত
ii. অ্যারিস্টটলের ভাষ্যকার
iii. আলকিন্দির উত্তরাধিকারী
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
ড. ইকরাম একটি মিথ্যা মামলায় বন্দি হন। একজন আইনজীবীর সহায়তায় তিনি জেল থেকে মুক্তি পান।

**৫. ড. ইকরাম মুক্তি পাওয়ার পর সর্বপ্রথম কী করবেন?**
ক মাজারে শিরনি দিবেন
খ মসজিদে মিলাদ দিবেন
গ প্রতিপক্ষকে গালি দিবেন
ঘ আল্লাহর শুকরিয়া করবেন

**৬. জেলখানায় থাকা অবস্থায় ড. ইকরামের করণীয় হচ্ছে—**
i. ধৈর্যধারণ করা
ii. আল্লাহর ইবাদত করা
iii. প্রতিপক্ষের অমঙ্গল কামনা করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৭. মনীষীরা কোনটিকে ইমানের অঙ্গ বলেছেন?**
ক সত্যবাদিতা খ দেশপ্রেম
গ সততা ঘ ন্যায়পরায়ণতা

**৮. মহানবি (সা.) অভিশাপ দিয়েছেন—**
i. ঘুষগ্রহীতাকে
ii. ঘুষদাতাকে
iii. ঘুষ লেনদেনের সাক্ষীকে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৯. হারাম উপার্জনের ফলে—**
i. সার্বিক ক্ষতি হয়
ii. মানসিক অশান্তি সৃষ্টি হয়
iii. পার্থিব সম্মান লাভ করা যায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১০. মসজিদ হচ্ছে একটি—**
i. পারিবারিক প্রতিষ্ঠান
ii. ধর্মীয় প্রতিষ্ঠান
iii. সামাজিক প্রতিষ্ঠান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১১. সৃষ্টিকর্তার প্রতি ইহসান বলতে কী বোঝায়?**
ক আল্লাহর ইবাদত করা
খ ক্ষমাশীল হওয়া
গ অনুগ্রহ করা
ঘ সালাত আদায় করা

**১২. স্ত্রীর মোহর পরিশোধ করা—**
ক ফরজ খ ওয়াজিব
গ সুন্নাত ঘ নফল

**১৩. কেন প্রতিবন্ধীরা সমান অধিকার পাবে?**
ক তারা গরিব বলে খ তারা দুর্বল বলে
গ আল্লাহর নির্দেশ বলে ঘ তারা অবহেলিত বলে

**১৪. আদল শব্দের অর্থ কী?**
ক কৃতজ্ঞতা খ বিরত থাকা
গ ন্যায়বিচার ঘ স্মরণ করা

**১৫. পার্শ্ববর্তী কত ঘর পর্যন্ত প্রতিবেশী?**
ক ৩০ খ ৪০
গ ৫০ ঘ ৬০

**১৬. যাকাত শব্দের অর্থ কী?**
ক প্রচেষ্টা খ স্মরণ করা
গ উত্তরাধিকার ঘ পবিত্রতা

**১৭. উশর আদায় করা কী?**
ক ফরজ খ ওয়াজিব
গ সুন্নাত ঘ মুস্তাহাব

**১৮. কোন ধরনের অর্থব্যবস্থায় ধনীরা আরও ধনী হয়?**
ক ইসলামি খ পুঁজিবাদী
গ সমাজতান্ত্রিক ঘ ভোগবাদী

**১৯. ইসলামি রাষ্ট্রের নাগরিকগণ কোন ধর্ম পালন করবে?**
ক ইসলাম ধর্ম খ রাষ্ট্রধর্ম
গ যার যার ধর্ম ঘ সনাতম ধর্ম

**২০. খোলাফায়ে রাশেদিনের অন্তর্ভুক্ত হলেন—**
i. আবু বকর
ii. উসমান
iii. আলী
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**২১. মদিনা সনদ প্রণীত হয় কত খ্রিষ্টাব্দে?**
ক ৬২২ খ ৬২৪
গ ৬২৮ ঘ ৬৩২

**২২. ইসলামি ভ্রাতৃত্ব কীসের ভিত্তিতে গড়ে ওঠে?**
ক ইসলামের ভিত্তিতে খ আদর্শের ভিত্তিতে
গ ধর্মের ভিত্তিতে ঘ সম্পদের ভিত্তিতে

■ **উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :**
সা'আদ একটি পাবলিক বাসে চড়ে কলেজে যাচ্ছে। রাস্তায় একজন অন্ধ গাড়িতে উঠল। সা'আদ নিজের সিটটি ছেড়ে অন্ধ লোকটিকে বসতে দিল।

**২৩. সা'আদের মাঝে নিচের কোন গুণের প্রকাশ পেয়েছে?**
ক দায়িত্ববোধ খ কর্তব্যপরায়ণতা
গ দেশপ্রেম ঘ প্রতিবন্ধীর অধিকার

**২৪. সা'আদের উক্ত কর্মকাণ্ডের ফলে—**
i. আল্লাহর ভালোবাসা পাবে
ii. মানবাধিকার প্রতিষ্ঠিত হবে
iii. প্রতিবন্ধীদের অধিকার প্রতিষ্ঠিত হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৫. জিজিয়া কার ওপর ধার্য করা হয়?**
ক শহরবাসী খ গ্রামবাসী
গ অমুসলিম ঘ জমিদার

**২৬. দাওয়ার মূল কথা হলো—**
i. আল্লাহর দিকে আহ্বান করা
ii. নিজের আদর্শ প্রতিষ্ঠা করা
iii. রাসুলের অনুসরণ করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**২৭. কোন ইবাদতের প্রতিদান আল্লাহ নিজ হাতে দিবেন?**
ক সালাত খ যাকাত গ সাওম ঘ হজ

**২৮. খিদমতে খালকে কী?**
ক সৃষ্টিজগতের সেবা
খ অসুস্থ ব্যক্তির সেবা
গ জীবজন্তুর সেবা ঘ মানুষের সেবা

**২৯. সুদ-এর আরবি কী?**
ক রিয়া খ রেশওয়া
গ রিবা ঘ রিদা

**৩০. উশরের পরিমাণ কত?**
ক শতকরা আড়াই ভাগ
খ শতকরা পাঁচ ভাগ
গ এক-পঞ্চমাংশ
ঘ এক-দশমাংশ

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ খ | ২ ঘ | ৩ গ | ৪ ঘ | ৫ ঘ | ৬ ক | ৭ খ | ৮ ঘ | ৯ ক | ১০ গ | ১১ ক | ১২ ক | ১৩ গ | ১৪ গ | ১৫ খ |
| ১৬ ঘ | ১৭ ক | ১৮ খ | ১৯ গ | ২০ ঘ | ২১ ক | ২২ খ | ২৩ ঘ | ২৪ ঘ | ২৫ গ | ২৬ গ | ২৭ গ | ২৮ ক | ২৯ গ | ৩০ ঘ |

# ২৬ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪

বিষয় কোড : 2 4 9

## ইসলাম শিক্ষা প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট　　　　পূর্ণমান—৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. মানবজীবনের শ্রেষ্ঠ সম্পদ কোনটি?**
ক বিদ্যা
খ টাকা-পয়সা
গ উত্তম চরিত্র
ঘ ক্ষমতা ও প্রতিপত্তি

**২. জিহাদ কী?**
ক পরোপকার করা
খ সর্বাত্মক প্রচেষ্টা করা
গ ন্যায়বিচার করা
ঘ কৃতজ্ঞতা প্রকাশ করা

**৩. প্রতিবেশীর কোনো দোষত্রুটি থাকলে তা—**
ক প্রকাশ করবে
খ গোপন করবে
গ প্রয়োজনে প্রকাশ করবে
ঘ সুযোগ বুঝে কাজে লাগাবে

**৪. স্ত্রীর কাছে স্বামীর পবিত্র আমানত কোনটি?**
ক সৌন্দর্য　　খ চরিত্র
গ সম্পদ　　ঘ সন্তান

**৫. খারাজ মানে কী?**
ক আয়কর　　খ মাথাপিছু আয়
গ ভূমি রাজস্ব　　ঘ সদকাহ

**৬. 'প্রতিবেশীর প্রতি দায়িত্ব পালন করা' কোন ইবাদতের অংশ?**
ক হাক্কুল ইবাদ　　খ হাক্কুল্লাহ
গ হাক্কুল ইলম　　ঘ জিহাদ

**৭. সাওম ইমাদারদের জন্য—**
i. দুর্গস্বরূপ
ii. ঢালস্বরূপ
iii. তাকওয়া অর্জনে সহায়ক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
আবির সাহেবের তিন লক্ষ টাকা আছে যা তিনি কোনো একটি ব্যাংকে রাখতে চান।

**৮. আবির সাহেব তার টাকা কোন ব্যাংকে জমা রাখতে পারবেন?**
ক দেশের কেন্দ্রীয় ব্যাংকে
খ বৈদেশিক ব্যাংকে
গ ইসলামি ব্যাংকে
ঘ সুদি ব্যাংকে

**৯. টাকা রাখার ক্ষেত্রে আবির সাহেবের উচিত—**
i. সুদ এড়িয়ে চলা
ii. ইসলামের বিধান মেনে চলা
iii. হালাল-হারাম বিবেচনা না করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

**১০. ইসলামি জীবনব্যবস্থায় রয়েছে—**
i. জীবনের নিরাপত্তা
ii. সম্পদের নিরাপত্তা
iii. সম্ভ্রমের নিরাপত্তা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

**১১. উশর আদায় হয়—**
ক অমুসলিমদের ভূমি থেকে
খ সরকারি খাস জমি থেকে
গ মুসলিমদের জমি থেকে
ঘ উল্লিখিত সকল জমি থেকে

**১২. ইসলামি অর্থব্যবস্থার অন্যতম বৈশিষ্ট্য হলো—**
i. ব্যবসায় হালাল, সুদ হারাম
ii. ভারসাম্যহীন বণ্টননীতি
iii. অপচয় নিষিদ্ধ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

**১৩. যিনি দাওয়াতের কাজ করেন তাকে কী বলা হয়?**
ক উম্মাহ　　খ মুসলিম
গ দাঈ　　ঘ আলেম

**১৪. পুঁজিবাদি অর্থব্যবস্থার অন্যতম বৈশিষ্ট্য কোনটি?**
ক রাষ্ট্রীয় মালিকানা
খ আল্লাহর মালিকানা
গ তীব্র প্রতিযোগিতা
ঘ দুর্বল প্রতিযোগিতা

**১৫. স্বামী তার—**
i. স্ত্রীকে গালি দিবে না
ii. স্ত্রীর গোপন বিষয় প্রকাশ করবে
iii. স্ত্রীর হক নষ্ট করবে না
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

**১৬. ইভটিজিং প্রতিরোধে ইসলামের বিধান হলো—**
ক আধুনিক শিক্ষায় শিক্ষিত না হওয়া
খ শালীন পোশাক পরিধান
গ মহিলাদের ঘর থেকে বের না হওয়া
ঘ পুরুষদের ভদ্রভাবে চলাফেরা করা

**১৭. ইসলামি পরিবারের মাতার দায়িত্ব হলো—**
ক শিশুর মৌলিক অধিকার নিশ্চিত করা
খ জান ও মালের সদকা প্রদান করা
গ চিকিৎসার ব্যবস্থা করা
ঘ জন্মের পর কানে আযান দেওয়া

**১৮. সন্তানের জন্য পিতার শ্রেষ্ঠ উপঢৌকন কী?**
ক উত্তম পোশাক দান　　খ উত্তম খাবার দান
গ অর্থসম্পদ দান　　ঘ সুশিক্ষা দান

**১৯. মানুষ সকল সৃষ্ট জীবের মাঝে শ্রেষ্ঠ কেন?**
ক জ্ঞানচর্চা করে বলে
খ উপার্জন করে বলে
গ চাকরি করে বলে
ঘ সম্মান অর্জন করে বলে

**২০. মক্তব শিক্ষার প্রধান উদ্দেশ্য কোনটি?**
ক নিরক্ষরতা দূরীকরণ
খ প্রাথমিক শিক্ষা অর্জন
গ কুরআন শিক্ষা প্রদান
ঘ বিজ্ঞান চর্চা

**২১. ইসলামি সংস্কৃতির মূল লক্ষ্য হচ্ছে—**
ক আল্লাহর সন্তুষ্টি অর্জন করা
খ দেশের উন্নতি সাধন করা
গ অশ্লীলতা দূর করা
ঘ দেশীয় সংস্কৃতির রক্ষা করা

**২২. পরস্পর সাক্ষাৎ হলে ইসলামি সংস্কৃতিতে কী করতে হয়?**
ক কুশল বিনিময়　　খ সালাম বিনিময়
গ মুসাফাহ করা　　ঘ মুয়ানাকা করা

**২৩. "ঘুষ দাতা ও গ্রহীতা উভয়ই জাহান্নামি" কার বাণী?**
ক আল্লাহ তায়ালার　　খ রাসুল (স.)-এর
গ সকল নবিদের　　ঘ আলী (রা.)-এর

**২৪. মুসলিমরা মসজিদে ইসলামি শৃঙ্খলার বাস্তব প্রশিক্ষণ লাভ করে। কারণ তাদেরকে—**
i. দৈনিক পাঁচবার নির্ধারিত সময়ে সেখানে উপস্থিত থাকতে হয়
ii. নির্ধারিত নিয়মে সালাত আদায় করতে হয়
iii. মসজিদের আদব-কায়দা মেনে চলতে হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

**২৫. মাদকাসক্তির প্রথম ধাপ বলা হয় কোনটিকে?**
ক পকেটমার　　খ ইভটিজিং
গ ধূমপান　　ঘ শিশুপাচার

**২৬. নোংরা ও অস্বাস্থ্যকর পরিবেশে তৈরি খাবার চমকপ্রদ বিজ্ঞাপন দিয়ে বিক্রি করাকে কী বলে?**
ক বিজ্ঞাপনের কারসাজি
খ বিজ্ঞাপন সর্বস্ব খাদ্য
গ খাদ্যদ্রব্যে ভেজাল
ঘ খাদ্যদ্রব্যে বিজ্ঞাপন

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
সাগর বিয়ের ৭ মাস পর যৌতুকের দুই লাখ টাকা না পেয়ে তার স্ত্রীকে মারধর করে বাপের বাড়ি পাঠিয়ে দেয়।

**২৭. সাগর কার দায়িত্ব পালনে ব্যর্থ হয়েছে?**
ক পিতার　　খ ভাইয়ের
গ স্বামীর　　ঘ সন্তানের

**২৮. স্ত্রীর প্রতি সাগরের কর্তব্য হচ্ছে—**
i. স্ত্রীর নিরাপত্তা প্রদান
ii. দেনমোহর আদায়
iii. খোরপোশ প্রদান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

**২৯. ফরজের পরে ফরজ কোনটি?**
ক দাওয়াত ও তাবলিগ
খ দ্বীন কায়েমের চেষ্টা করা
গ হালাল পন্থায় উপার্জন
ঘ যাকাত প্রদান করা

**৩০. ইসলামি সমাজব্যবস্থার ফলে—**
i. সামাজিক বন্ধন সুদৃঢ় হয়
ii. জীবনের নিরাপত্তা লাভ হয়
iii. প্রগতির অন্তরায় হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | খ | ৩ | খ | ৪ | খ | ৫ | গ | ৬ | ক | ৭ | গ | ৮ | গ | ৯ | ক | ১০ | ঘ | ১১ | গ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | খ |
| ১৬ | খ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | গ | ২১ | ক | ২২ | খ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | ক |

5242011

লেকচার

Short সিলেবাসে

HSC সৃজনশীল

MADE EASY

with Test Papers

# ইসলাম শিক্ষা

দ্বিতীয় পত্র

অধিকতর ও Smart প্রস্তুতির জন্য

ডাউনলোড করতে QR Code টি স্ক্যান করো

অধিক অনুশীলনের জন্য বোর্ড প্রশ্নপত্রসহ মডেল টেস্ট ও শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা

পর্যায়ক্রমে আপলোড হবে...

# বিস্তারিত সূচি

● পৃষ্ঠা নং দেখে কাঙ্ক্ষিত বিষয়টির অবস্থান জেনে নিই


## এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল ---------- ৩–৭

১. ঢাকা, কুমিল্লা ও ময়মনসিংহ বোর্ড ২০২২ ........ ৩
২. রাজশাহী, যশোর, চট্টগ্রাম, সিলেট, বরিশাল ও দিনাজপুর বোর্ড ২০২২ ........ ৪
৩. ঢাকা, রাজশাহী, যশোর ও ময়মনসিংহ বোর্ড ২০২১ ........ ৫
৪. বরিশাল বোর্ড ২০২১ ........ ৬

## এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি ---------- ৮–৯

৫. সকল বোর্ড ২০২২ ........ ৮
৬. সকল বোর্ড ২০২১ ........ ৯

## শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল ---------- ১০–১৫

৭. আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা ........ ১০
৮. ইস্পাহানি পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা ........ ১১
৯. কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ ........ ১২
১০. চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম ........ ১৩
১১. সিলেট সরকারি কলেজ ........ ১৪
১২. অমৃত লাল দে মহাবিদ্যালয়, বরিশাল ........ ১৫

## শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি ---------- ১৬–২১

১৩. ঢাকা সিটি কলেজ, ঢাকা ........ ১৬
১৪. শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা ........ ১৭
১৫. বিএএফ শাহীন কলেজ, যশোর ........ ১৮
১৬. চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম ........ ১৯
১৭. হবিগঞ্জ সরকারি মহিলা কলেজ ........ ২০
১৮. গাইবান্ধা সরকারি কলেজ ........ ২১

## এক্সক্লুসিভ মডেল টেস্ট : সৃজনশীল ---------- ২২–২৫

১৯. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০১ ........ ২২
২০. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২ ........ ২৩
২১. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩ ........ ২৪
২২. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪ ........ ২৫

## এক্সক্লুসিভ মডেল টেস্ট ও উত্তরমালা : বহুনির্বাচনি ---------- ২৬–২৯

২৩. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৫ ........ ২৬
২৪. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৬ ........ ২৭
২৫. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৭ ........ ২৮
২৬. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৮ ........ ২৯

# এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল

## ১ ঢাকা, কুমিল্লা ও ময়মনসিংহ বোর্ড ২০২২

**ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র** বিষয় কোড : 2 5 0

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট **সৃজনশীল প্রশ্ন : সেট-০৩** পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহ পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। "আমার বান্দার প্রতি আমি যা অবতীর্ণ করেছি তাতে যদি তোমাদের কোনো সন্দেহ থাকে, তাহলে এর মতো একটি সূরা রচনা করে নিয়ে এসো।"
ক. 'কুলব' অর্থ কী? ১
খ. 'মুত্তাকিদের' গুণাবলি সংক্ষেপে লেখ। ২
গ. 'অ-ইন কুনতুম ফী রইবিন' দ্বারা কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে যে চ্যালেঞ্জ করা হয়েছে, কারও পক্ষে তা গ্রহণ করা সম্ভব কি-না? ব্যাখ্যা কর। ৪

২। জনাব শাকির ও নাহিদ দুজন ব্যবসায় বাণিজ্যের সাথে জড়িত। শাকির সততার সাথে বাণিজ্য করেন। তিনি অদৃশ্যে বিশ্বাস করেন। সালাত কায়েম করেন, যাকাত আদায় করেন ও দান সদকা করেন। তিনি দৃঢ়ভাবে আখিরাতে অনন্ত জীবনেও বিশ্বাস করেন। তবে জনাব নাহিদ ওজনে কম দেন। মালে ভেজাল মেশান। এলাকায় দুষ্ট লোকদের হাতে রেখে নেতা হতে চান ও বিশৃঙ্খলা সৃষ্টি করেন।
ক. 'যালিকাল কিতাব' — অর্থ কী? ১
খ. আদর্শ পরিবার গঠনে আল-কুরআনের ভূমিকা ব্যাখ্যা কর। ২
গ. জনাব শাকিরের মধ্যে কাদের গুণাবলি রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব নাহিদের বাণিজ্যিক ও সামাজিক কর্মকাণ্ড বিশ্লেষণ কর। ৪

৩। সাকিব সাহেব আধুনিক শিক্ষায় শিক্ষিত একজন চাকরিজীবী। বন্ধু গোফরানের সাথে আলাপচারিতায় বললেন, এ পৃথিবীতে আমাদের আগমন, চলে যাওয়া সবই দুর্ঘটনার মতো। কার খবর কে রাখে? শুনে তার বন্ধু গোফরান বলে তুমি কি জান না আল্লাহ কুরআনে বলেছেন, তিনিই সেই সত্তা যিনি তোমাদের জন্য পৃথিবীর সবকিছু সৃষ্টি করেছেন। এরপর তিনি মনোনিবেশ করেছেন আকাশসমূহের দিকে। আর সেগুলো বিন্যস্ত করেছেন সাতটি আকাশে। সে অবাক হলো। গোফরান আরও বললেন, কুরআন না শিখে তুমি জ্ঞান-বিজ্ঞানের বিশাল ভান্ডার থেকে বঞ্চিত হয়েছ।
ক. 'মুত্তাকিন' অর্থ কী? ১
খ. 'লা-রইবা ফীহ্' আয়াতাংশে কী বোঝানো হয়েছে? ২
গ. সাকিব সাহেবের চিন্তাধারা কুরআনের আলোকে বিশ্লেষণ কর। ৩
ঘ. জনাব গোফরানের উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

৪। প্রফেসর শাফায়েত শ্রেণিকক্ষে একটি আয়াত তিলাওয়াত করে ব্যাখ্যা করলেন। আয়াত : "খাতামাল্লাহু আলা কুলুবিহীম ওআলা সামইহিম ওআলা আবছরিহিম গিশাওতুন অলাহুম আযাবুন অজীম।" এখানে স্রষ্টার প্রতি আস্থাহীনদের পরিণতি ব্যক্ত হয়েছে।
ক. 'গায়েব' শব্দের অর্থ কী? ১
খ. "ওয়া মিম্ মা রাযাকনাহুম ইউনফিকুন" — অর্থ কী? লেখ। ২
গ. "খাতামাল্লাহু আলা কুলুবিহীম" দ্বারা কাদেরকে বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. আয়াতে বর্ণিত ব্যক্তিদের চিহ্নিত করে তাদের করুণ পরিণতি বর্ণনা কর। ৪

৫। অধ্যাপক আফজাল হোসেন শ্রেণিকক্ষে ছোট্ট একটি হাদিস নিয়ে আলোচনা করলেন। "লা ইউমিনু আহাদুকুম হাত্তা আকুনা আহাব্বা ইলাইহি মিন ওলিদিহি ওঅলাদিহি অন্নাসি আজমাঈন।"
ক. ইমানের সর্বোত্তম শাখা কোনটি? ১
খ. "সত্যবাদিতা মানুষকে জান্নাতের দিকে নিয়ে যায়"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের হাদিসটিতে কোন বিষয়ের প্রতি গুরুত্বারোপ করা হয়েছে? ৩
ঘ. হাদিসটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৬। মুফতি আব্দুর রহমান বয়ান করলেন, "বুনিয়াল ইসলামু আল-খামসিন..."। স্বামী হারা রহিমা স্থানীয় সমিতি থেকে ঋণ নিয়ে ছোট ব্যবসা শুরু করলেন।
ক. মুনাফিক কাকে বলে? ১
খ. "উপরের হাত নিচের হাতের চেয়ে উত্তম" — ব্যাখ্যা কর। ২
গ. হাদিসে বুনিয়াদ বলতে কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "রহিমার কার্যক্রম তাকে হতাশ ও দুশ্চিন্তাগ্রস্ত করবে।" — ব্যাখ্যা কর। ৪

৭। ইমাম সাহেব বয়ান করলেন, ইসলামি শরিয়তের চারটি উৎস। কোনো বিষয়ের সমস্যার সমাধানে প্রথমে আল-কুরআন, তারপর হাদিসে রসুল। তাতে পাওয়া না গেলে তৃতীয় উৎসে খুঁজবেন। "কুরআন ও হাদিসের পরেই এর স্থান।"
ক. 'আল-হাসাদ' শব্দের অর্থ কী? ১
খ. মৌনতামূলক ইজমা বা ইজমায়ে সুকুতি বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে ইমাম সাহেব কোন উৎসের কথা বলেছেন? সেটির উৎপত্তি বর্ণনা কর। ৩
ঘ. "কুরআন ও হাদিসের পরেই এর স্থান" — উক্তিটির তাৎপর্য আলোচনা কর। ৪

৮। মুফতি আব্দুল্লাহ সাহেব জুমুআর খুতবায় বললেন, "ইমানের সত্তরটিরও বেশি শাখা-প্রশাখা আছে। সর্বোৎকৃষ্ট শাখা হলো 'লা ইলাহা ইল্লাল্লাহু' বলা এবং সর্বনিম্ন শাখা হলো রাস্তা থেকে কষ্টদায়ক বস্তু সরিয়ে ফেলা। আর লজ্জাশীলতা ইমানের গুরুত্বপূর্ণ একটি শাখা।"
ক. 'ইসলাম' অর্থ কী? ১
খ. "আল-কুরআন একটি পূর্ণাঙ্গ জীবন বিধান"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে সর্বোৎকৃষ্ট শাখা দ্বারা কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "লজ্জাশীলতা ইমানের গুরুত্বপূর্ণ একটি শাখা"— হাদিসের আলোকে ব্যাখ্যা কর। ৪

৯। অধ্যাপক আফতাব ইসলাম শিক্ষার পাঠদানকালে বলেন, সাধারণ মানুষের জন্য ইসলামকে সহজ করতে মুজতাহিদগণ এর যাবতীয় বিধিবিধান কুরআন, হাদিস, ইজমা ও কিয়াসের আলোকে সংকলন করেন।
ক. আযিমাত কী? ১
খ. "প্রত্যেকেই দায়িত্বশীল ও রক্ষক।" — ব্যাখ্যা কর। ২
গ. মুজতাহিদগণের কার্যক্রমের ফলে কোন শাস্ত্রের উদ্ভব হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ইসলামকে কালজয়ী করতে মুজতাহিদগণের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

১০। আল্লাহ বলেছেন, "ওমা খালাকতুন জিন্না অলইনসা ইল্লা লিয়া বুদুন" — আমি জিন ও মানুষকে শুধুমাত্র আমার ইবাদতের জন্য সৃষ্টি করেছি। কতিপয় মানুষ আল্লাহর নির্দেশমত দিনে পাঁচবার বিশেষ আমল সম্পাদন করে।
ক. 'সাওম' অর্থ কী? ১
খ. যাকাতের নিসাব কী? লেখ। ২
গ. উদ্দীপকে কোন আমলের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে উল্লিখিত ইবাদত শৃঙ্খলা ও ভ্রাতৃত্ব শেখায়।" — ব্যাখ্যা কর। ৪

১১। নাফিসা একটি নির্দিষ্ট মাসে সপরিবারে সুবহি সাদিক হতে সূর্যাস্ত পর্যন্ত একটি ইবাদত পালন করে। তার পিতা বছর শেষে সম্পদের এক নির্দিষ্ট পরিমাণ বিশেষ আটটি খাতের এক বা একাধিক খাতে ব্যয় করেন।
ক. ইমানের শাখা কয়টি? ১
খ. "হজ বিশ্বভ্রাতৃত্ব সৃষ্টি করে।" — ব্যাখ্যা কর। ২
গ. নাফিসাদের পালন করা ইবাদত কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. নাফিসার পিতা কী ব্যয় করেন? ধনী-দরিদ্রের বৈষম্য দূরীকরণে সেটির ভূমিকা আলোচনা কর। ৪

## ২ ✔ রাজশাহী, যশোর, চট্টগ্রাম, সিলেট, বরিশাল ও দিনাজপুর বোর্ড ২০২২

### ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র

বিষয় কোড : 2 5 0

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট **সৃজনশীল প্রশ্ন : সেট-০১** পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহ পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। জনাব 'গ' সমাজে নেতৃত্ব দেন। বিভিন্ন সময় মানুষের সাথে ওয়াদা করেন কিন্তু একটিও বাস্তবে পূরণ করেননি। মসজিদের ইমাম সাহেব জুমআ'র খুৎবায় জনাব 'গ' কে উদ্দেশ্য করে আয়াত পাঠ করে শোনান–

فِىْ قُلُوْبِهِمْ مَرَضٌ فَزَادَهُمُ اللّٰهُ مَرَضًا وَلَهُمْ عَذَابٌ اَلِيْمٌ بِمَا كَانُوْا يَكْذِبُوْنَ.

ক. خَلِيْفَةٌ (খলিফা) অর্থ কী? ১
খ. اِنِّىْ اَعْلَمُ مَا تَعْلَمُوْنَ (আমি যা জানি তা তোমরা জান না) – ব্যাখ্যা কর। ২
গ. জনাব 'গ' এর চরিত্রে কাদের সামঞ্জস্যতা রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত আয়াতের প্রেক্ষাপট বিশ্লেষণ কর। ৪

২। আল্লাহ তাদের অন্তরসমূহে এবং শ্রবণশক্তির ওপর মোহর মেরে দিয়েছেন এবং তাদের চোখের সামনে টেনে দিয়েছেন পর্দা, আর তাদের জন্য রয়েছে কঠোর শাস্তি।

ক. اَلسُّفَهَاءُ (আসসুফাহা) এর অর্থ লিখ। ১
খ. 'তারা বধির, বোবা ও অন্ধ' – ব্যাখ্যা লেখ। ২
গ. বর্ণিত আয়াতে কাদের কথা বলা হয়েছে? তাদের কর্মকাণ্ড উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত আয়াতটির সামাজিক প্রেক্ষাপট বিশ্লেষণ কর। ৪

৩। মহান আল্লাহ একটি জাতিকে পৃথিবীতে প্রতিনিধি হিসেবে পাঠাতে চাইলেন, কিন্তু ফেরেশতারা আপত্তি জানালেন। অতঃপর আল্লাহ সেই জাতিকে সৃষ্টি করলেন এবং সবকিছু শিক্ষা দিলেন। অতঃপর ফেরেশতাদেরকে আদেশ দিলেন সেই প্রতিনিধিকে সম্মানসূচক সিজদা করার জন্য। ইবলিশ ব্যতীত সবাই সিজদা করলেন।

ক. مَلٰٓئِكَةٌ (মালাইকা) শব্দের অর্থ কী? ১
খ. 'তোমরা একসাথে ওখান থেকে নেমে যাও'– ব্যাখ্যা লেখ। ২
গ. فَتَلَقّٰٓى اٰدَمُ مِنْ رَّبِّهٖ كَلِمٰتٍ (অতঃপর আদম (আঃ) তার প্রভুর নিকট থেকে কিছু বাক্য শিখলেন) এর প্রেক্ষাপট বর্ণনা কর। ৩
ঘ. 'সে অমান্য করল এবং অহংকার করল' – আল-কুরআনের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪। মসজিদের ইমাম মাওলানা মানসুর মুসল্লিদের উদ্দেশ্যে ইসলামের ভিত্তিসমূহ উল্লেখ করে বক্তব্য দিচ্ছিলেন। একপর্যায় তিনি রাসুল (স.)-এর উদ্ধৃতি দিয়ে বলেন, "হারাম সম্পদে তৈরি মাংস (শরীর) বেহেশতে প্রবেশ করবে না এবং হারাম সম্পদে তৈরি প্রতি টুকরো মাংসের জন্য দোযখই যথোপযুক্ত আবাস।"

ক. اِيْمَانٌ (ইমান) শব্দের অর্থ কী? ১
খ. ইসলামের পাঁচটি ভিত্তির নাম লেখ। ২
গ. হালাল খাদ্য গ্রহণের গুরুত্ব বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত হাদিসের বাস্তব শিক্ষা মূল্যায়ন কর। ৪


৫। একদা মহানবি (স.) তাঁর স্ত্রীদেরকে ডেকে বললেন আজ আমি দেখবো তোমাদের মধ্যে কার হাত লম্বা। এতে কেউ কেউ আশ্চর্য হলে তিনি (স.) বলেন লম্বা বলতে দান করার ক্ষেত্রে কে বেশি উৎসাহী সেটাই বোঝাতে চেয়েছি। অন্যত্র তিনি বলেছেন উপরের হাত নিচের হাত থেকে উত্তম।

ক. يَدُ السُّفْلٰى (ইয়াদুস সুফলা) বলতে কী বোঝায়? ১
খ. 'ঋণ হলো রাতের দুশ্চিন্তা ও দিনের লাঞ্ছনা' – ব্যাখ্যা কর। ২
গ. দান-সাদাকার গুরুত্ব হাদিসের আলোকে বর্ণনা কর। ৩
ঘ. দানকারীর মর্যাদা উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

৬। বিশ্বে চলমান করোনা মহামারির কারণে ঔষধসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য বৃদ্ধি পায়। সাধারণ মানুষের হাতের নাগালের বাইরে চলে যায় সবকিছু। এজন্য সরকার ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানান যেন তারা মানবিকতাপূর্ণ কার্যক্রম চালান। মাওলানা আনিস সাহেব তাঁর বক্তব্যে বলেন, বিশ্বস্ত ও সত্যবাদী মুসলিম ব্যবসায়ী কিয়ামতের দিন শহিদদের সাথে থাকবেন।

ক. মানুষের মধ্যে নিকৃষ্টতম ব্যক্তি কে? ১
খ. 'মুমিন ব্যক্তি পরনিন্দুক হবে না' – ব্যাখ্যা কর। ২
গ. ব্যবসার প্রকৃতি ও পদ্ধতি হাদিসের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. মাওলানা আনিস সাহেবের বক্তব্যের যথার্থতা মূল্যায়ন কর। ৪

৭। চিত্রের আলোকে উত্তর দাও :




ক. ইজমা'র আহাল কারা? ১
খ. আমার উম্মত বিভ্রান্তির উপর একমত হবে না। – বুঝিয়ে লেখ। ২
গ. চিত্রের ৩নং বিষয়টি কী কী যুক্তি প্রমাণের ভিত্তিতে সংঘটিত হতে পারে? যুক্তি দেখাও। ৩
ঘ. 'কুরআন-সুন্নাহ পরিপন্থি ইজমা গ্রহণযোগ্য নয়' – পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮। সুলাইমান তার মেয়ের বিয়েতে পৃথিবীর শ্রেষ্ঠ জিনিস উপহার দিবেন বলে ঘোষণা দেন। কিন্তু সেই শ্রেষ্ঠ জিনিস সম্পর্কে তিনি জানেন না। এ বিষয়ে তিনি খুবই চিন্তায় পড়ে যান। এর সমাধান খুঁজতে তিনি মাওলানা শফিক সাহেবের নিকট গমন করেন। মাওলানা শফিক সাহেব তাকে সান্ত্বনা দেন এবং বলেন, 'কুরআন-হাদিসের গবেষণালব্ধ সমাধান আছে ইলমে ফিক্হর মধ্যে।'

ক. ইমাম আবু হানিফা (র.)-এর পূর্ণ নাম কী? ১
খ. 'আল্লাহ যাকে কল্যাণ দেন তাকে দ্বীনের শিক্ষা দেন'– ব্যাখ্যা কর। ২
গ. শরয়ী সমস্যা সমাধানে ইলমে ফিক্হর গুরুত্ব ব্যাখ্যা কর। ৩
ঘ. মাওলানা শফিক সাহেবের বক্তব্যের যথার্থতা মূল্যায়ন কর। ৪

৯। মহানবি (স.) মিরাজ রজনীতে মহান আল্লাহর দিদার লাভ করেন এবং উম্মতের জন্য প্রতিদিন পাঁচবার আদায়যোগ্য একটি ইবাদত নিয়ে আসেন। পবিত্র কুরআনে আল্লাহ ঘোষণা করেছেন যে, একমাত্র ইবাদত করার জন্যই তিনি জিন এবং মানুষকে সৃষ্টি করেছেন।

ক. عِبَادَةٌ (ইবাদাতুন) অর্থ কী? ১
খ. 'সালাত মুমিনের জন্য মিরাজস্বরূপ' – বুঝিয়ে লেখ। ২
গ. 'নিশ্চয় সালাত অশ্লীল কাজ থেকে বিরত রাখে' – পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. সালাতের সামাজিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

১০। রহিম সাহেব দূরদেশে গিয়ে একটি ইবাদত পালনের জন্য অনলাইনে রেজিস্ট্রেশন করেন। কিন্তু করোনা মহামারির কারণে দুই বছর সেই ইবাদতটি সীমিত লোকজন পালন করার কারণে তিনি সেটা করতে পারেন নাই। তবে এবছর সরকার সেই ইবাদত পালনের জন্য অনুমতি দেওয়ার ঘোষণা দিয়েছে।

ক. 'রোজাদারের জন্য দুটি আনন্দ' – আনন্দ দুটির নাম লেখ। ১
খ. যাকাত ইসলামের সেতুবন্ধন– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন ইবাদতের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'বিশ্বের সকল মুসলিমের সাথে যোগাযোগের মাধ্যম হলো এই ইবাদত' – পাঠ্যপুস্তকের আলোকে মূল্যায়ন কর। ৪

১১। রফিক ও শফিক যৌথভাবে ব্যবসা করেন। একটি বিশেষ মাসে অন্যান্য ব্যবসায়ীরা জিনিসপত্রের দাম বাড়ালেও তারা পূর্বের মূল্যেই পণ্য বেচাকেনা করেন। একজন খরিদ্দার পণ্য কেনার এক পর্যায়ে মূল্য নিয়ে ঝগড়া করতে উদ্দত হলে রফিক বলে যে, আমি একটি বিশেষ ইবাদত পালন করছি। তাই ঝগড়া বা অতিরিক্ত কথা বলতে পারব না।

ক. খুশু ও খুযু কী? ১
খ. اَلصَّوْمُ لِيْ وَاَنَا اَجْزِيْ بِهٖ. (আস-সাওমু লী ওয়া আনা আজজী বিহী) – ব্যাখ্যা কর। ২
গ. রফিকের পালনকৃত ইবাদতের আধ্যাত্মিক গুরুত্ব বর্ণনা কর। ৩
ঘ. আত্মশুদ্ধি অর্জনে উদ্দীপকে বর্ণিত ইবাদতের যথার্থতা বিশ্লেষণ কর। ৪

## ৩ ✔ ঢাকা, রাজশাহী, যশোর ও ময়মনসিংহ বোর্ড ২০২১

### ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ২ | ৫ | ০ |

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — **সৃজনশীল প্রশ্ন : সেট-ক** — পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। আল-কুরআনে সব সমস্যার সমাধান রয়েছে। 'এই গ্রন্থ মুত্তাকিদের জন্য পথপ্রদর্শক'। কিছু লোক সম্পর্কে বলা হয়েছে, যারা ভালো কথা শুনেও না শোনার ভান করে যেন তাদের অন্তরে শ্রবণযন্ত্রে সিল করা হয়েছে। অপর একটি দল আছে যারা মুমিনদের সাথে একরকম কথা বলে আর তাদের অসৎ বন্ধুদের সাথে অন্যরকম কথা বলে।

ক. (اَلْكِتَابُ) (আল-কিতাব) অর্থ কী? ১

খ. 'আল-কুরআন মুত্তাকিদের জন্য পথপ্রদর্শক'— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত প্রথম দলের ব্যক্তি কারা? তাদের আলামতগুলো বর্ণনা কর। ৩

ঘ. অপর দলের ব্যক্তিদের আচরণে মানবজীবনে কীরূপ প্রভাব পড়ে? বিশ্লেষণ কর। ৪

২। "আমি আমার বান্দার প্রতি যা অবতীর্ণ করেছি তাতে যদি তোমাদের কোনো সন্দেহ থাকে, তাহলে এর মতো একটি সূরা রচনা করে নিয়ে এসো।" তিনি বললেন, "নিশ্চয়ই আমি যা জানি, তোমরা তা জান না।"

ক. 'কুরআন' অর্থ কী? ১

খ. "এটা সেই কিতাব যাতে কোনো সন্দেহ নেই"— ব্যাখ্যা কর। ২

গ. দ্বিতীয় বাক্যের অন্তর্নিহিত তাৎপর্য বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে কোন বিষয়ের চ্যালেঞ্জ করা হয়েছে? কারও পক্ষে এই চ্যালেঞ্জ গ্রহণ করা সম্ভব কিনা? ব্যাখ্যা কর। ৪

৩। "যারা আল্লাহর সাথে অঙ্গীকারে আবদ্ধ হওয়ার পর তা ভঙ্গ করে এবং আল্লাহ যা অক্ষুণ্ন রাখতে নির্দেশ দিয়েছেন তা ছিন্ন করে; আর পৃথিবীর বুকে অশান্তি সৃষ্টি করে, তারাই ক্ষতিগ্রস্ত।"
"তোমরা কেমন করে আল্লাহকে অস্বীকার করছ? অথচ তোমরা মৃত ছিলে। অতঃপর পুনরায় তোমাদের জীবিত করবেন, পরিশেষে তোমরা তাঁরই দিকে প্রত্যাবর্তিত হবে।"

ক. খলিফা (خَلِيْفَةٌ) অর্থ কী? ১

খ. أُولٰئِكَ هُمُ الْمُفْلِحُوْنَ (তারাই সফলকাম)— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে ক্ষতিগ্রস্ত কারা? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের দ্বিতীয় আয়াতের আলোকে মানবজীবনের পরিবর্তিত স্তরগুলো ব্যাখ্যা কর। ৪

৪। মহানবি (স.) বলেছেন, 'আমি তোমাদের মাঝে দুটি জিনিস রেখে যাচ্ছি, যতদিন তোমরা সে দুটিকে আঁকড়ে ধরে থাকবে ততদিন পথভ্রষ্ট হবে না।'

ক. হাদিস (حَدِيْثٌ) কাকে বলে? ১

খ. 'তিনি ওহি ব্যতীত কোনো কথাই বলেন না'— ব্যাখ্যা কর। ২

গ. 'দুটি জিনিস'-এর দ্বিতীয়টির গুরুত্ব বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে উদ্দীষ্ট প্রথম বিষয়টির পরিচয় দাও এবং মানবজীবনে এর গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৫। জনাব মুহসিন জুমআর খুতবা দানকালে বলেন যে, ইমানের সত্তরটিরও বেশি শাখা-প্রশাখা রয়েছে। তন্মধ্যে সর্বোৎকৃষ্ট শাখা হলো 'লা ইলাহা ইল্লাল্লাহ' বলা এবং সর্বনিম্ন শাখা হলো রাস্তা থেকে কষ্টদায়ক বস্তু সরিয়ে ফেলা। আর লজ্জাশীলতা ইমানের গুরুত্বপূর্ণ অঙ্গ।

ক. ইসলাম (اَلْاِسْلَامُ) অর্থ কী? ১

খ. ইসলামের পাঁচটি স্তম্ভ সম্পর্কে লেখ। ২

গ. উদ্দীপকে বর্ণিত ইমানের সর্বোৎকৃষ্ট শাখাটি ব্যাখ্যা কর। ৩

ঘ. 'লজ্জাশীলতা ইমানের গুরুত্বপূর্ণ অঙ্গ'— হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬। ফিলিস্তিনের মুসলিমদের ওপর অত্যাচার করার খবরে পাশের দেশের মুসলিমরা সমবেত হয়ে প্রতিবাদ জানায়। সেখানে বক্তারা বলেন, মুসলিমরা একে অপরের ভাই। সে তার ভাইকে সুরক্ষা দেবে এবং প্রয়োজন পূরণ করবে। রসুল (সা.) বলেন, "মুমিনগণ তাদের পারস্পরিক সহানুভূতি প্রদর্শনের ব্যাপারে একই দেহের মত।"

ক. মুত্তাফাকুন আলাইহ (مُتَّفَقٌ عَلَيْهِ) অর্থ কী? ১

খ. 'দুজন ব্যতীত হিংসা (اَلْحَسَدُ) নয়'— বুঝিয়ে লেখ। ২

গ. 'সকল মুসলিম ভাই ভাই'— উদ্দীপকের আলোকে লেখ। ৩

ঘ. উদ্দীপকের আলোকে মুমিনগণের পারস্পরিক সম্পর্ক কেমন হবে? ব্যাখ্যা কর। ৪

৭। সরকার একটি বিশেষ উদ্দেশ্যে সারা দেশে এক কোটি গাছ লাগানোর সিদ্ধান্ত নিয়েছে। এতে যেমন পরিবেশের ভারসাম্য রক্ষা হবে তেমনি বৃক্ষরোপণকারীরা সওয়াবেরও অংশীদার হবে। কেননা মানুষ বা পশুপাখি সেখান থেকে ফল খায় বা উপকৃত হয়। হাদিসের ভাষ্যমতে, এক শ্রেণির লোক কিয়ামতের দিন শহিদদের সাথে থাকবেন।

ক. মাজলুম (مَظْلُوْمٌ) অর্থ কী? ১

খ. 'সে যেন দেখে কার সাথে বন্ধুত্ব করছে'— বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে সরকারের বৃক্ষরোপণ কর্মসূচিটি কোন ধরনের সওয়াবের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত হাদিসটির আলোকে কারা কিয়ামতের দিন শহিদদের সাথে থাকবেন? তাদের গুণাবলি বিশ্লেষণ কর। ৪

৮। জসিম তার বন্ধু নুমানের সাথে কথা প্রসঙ্গে বলেন যে, 'আমরা যে যা-ই করি না কেন প্রত্যেকটা বিষয়ে জবাবদিহি করতে হবে।' নুমান বললেন, 'এজন্য আমাদেরকে বৈধ উপায়ে উপার্জন করতে হবে কেননা সেটা ফরজের পরে ফরজ।'

ক. মতন কী? ১

খ. 'উপরের হাত নিচের হাত থেকে উত্তম'— ব্যাখ্যা কর। ২

গ. 'তোমরা প্রত্যেকেই দায়িত্বশীল'— উদ্দীপকের আলোকে বর্ণনা কর। ৩

ঘ. নুমানের উক্তিটি তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯। ইসলামি আইনকানুন ও ইবাদত সম্পর্কিত মৌলিক বিষয়সমূহ ব্যতীত সেগুলোর শাখা-প্রশাখাতে মুসলিম আইন বিশারদগণের বিভিন্ন মতামত পাওয়া যায়। এরকম একজন আইনবিশারদ ৮০ হিজরি সনে কুফায় জন্ম গ্রহণ করেন। সতেরো বছর বয়সে বিশেষভাবে বিদ্যার্জনে মনোনিবেশ করেন। তিনি হাম্মাদের নিকট ১০ বছর যাবৎ মাস'আলা বিষয়ে জ্ঞান অর্জন করেন। খলিফা মনসুর তাঁকে কারাগারে বন্দি করেন এবং সেখানেই ১৫০ হিজরিতে মৃত্যুবরণ করেন।

ক. ফিক্হ শাস্ত্রের চারটি উৎসের নাম লেখ। ১

খ. 'নেতৃত্ব হাসিল করার পূর্বে তোমরা ফিক্হ হাসিল করো'— এ কথা কেন বলা হয়েছে? ২

গ. উদ্দীপকে মুসলিম আইন বিশারদগণের বিভিন্ন মতামত বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে কার কথা বলা হয়েছে? ফিক্হ শাস্ত্রে তাঁর অবদান মূল্যায়ন কর। ৪

১০। আল্লাহ তায়ালা এক বিশেষ উদ্দেশ্যে মানুষ সৃষ্টি করেছেন। কতিপয় মানুষ আল্লাহর নির্দেশমতো জীবনযাপন করে। তারা প্রতিদিন পাঁচবার পবিত্র অবস্থায় এক বিশেষ ধরনের কাজ সম্পাদন করে। এটা ইসলামের এক গুরুত্বপূর্ণ ইবাদত হিসেবে বিবেচিত।

ক. যাকাত অর্থ কী? ১

খ. 'রোজা ঢালস্বরূপ'— ব্যাখ্যা কর। ২

গ. আল্লাহ তায়ালা 'এক বিশেষ উদ্দেশ্যে' মানুষকে সৃষ্টি করেছেন? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে কোন ধরনের ইবাদতের কথা বলা হয়েছে? এ ইবাদতের পরিচয় ও গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

১১। রিফা একটি নির্দিষ্ট মাসে সুবহি সাদিক থেকে সূর্যাস্ত পর্যন্ত পানাহার ও অন্যান্য কাজ থেকে বিরত থাকে। আড়ালে-আবডালে গিয়েও কোনো কিছু খায় না। তার বন্ধু নিজা বছর শেষে সম্পদের একটি নির্দিষ্ট পরিমাণ অংশ নির্ধারিত ৮টি খাতে খরচ করে।

ক. 'হজ'-এর আক্ষরিক অর্থ কী? ১

খ. 'ইমানের নিদর্শন হলো সালাত'— বুঝিয়ে লেখ। ২

গ. রিফা যে ইবাদত পালন করে তার পরিচয় ও সামাজিক গুরুত্ব বর্ণনা কর। ৩

ঘ. নিজার কর্মকাণ্ডে কোন ইবাদতের পরিচয় ফুটে উঠেছে? দারিদ্র্য বিমোচনে উক্ত ইবাদতের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

## ৪ ✓ বরিশাল বোর্ড ২০২১

### ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র

বিষয় কোড : | 2 | 5 | 0 |

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন : সেট-খ** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী শাফিন ক্লাস শেষে তার সহপাঠী ফেরদৌসকে বলল, পবিত্র কুরআনের অনেক সূরায় মুসলমানদের বিরুদ্ধে ইহুদি ও মুনাফিকদের নানা চক্রান্তের বিষয় যেমন উল্লেখ রয়েছে, তেমনি শান্তি প্রতিষ্ঠায় পারস্পরিক লেনদেন, ব্যবসায় বাণিজ্য, বিচারব্যবস্থা ও দণ্ডবিধি ইত্যাদি বিষয়ের বর্ণনা করা হয়েছে। তখন ফেরদৌস বলল, কখনো এক বা একাধিক আয়াত, কখনো একটি সূরা অবতীর্ণ হয়ে কুরআনের অবতরণ পূর্ণতা লাভ করেছে। এভাবে পবিত্র কুরআন মানবজাতির নিকট সহজবোধ্য একটি ঐশীগ্রন্থ হিসেবে প্রতিষ্ঠা লাভ করেছে।

ক. আখিরাত অর্থ লেখ। ১
খ. সূরা আল-বাকারার নামকরণের যথার্থতা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে ফেরদৌসের আলোচনায় পবিত্র কুরআনের কোন প্রকারের সূরার বৈশিষ্ট্য ফুটে উঠেছে বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত শাফিনের শেষোক্ত উক্তির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

২। তাজুল ইসলাম তার দুই প্রতিবেশীর মধ্যে কথা লাগালাগি করে প্রচণ্ড ঝগড়া বাঁধিয়ে দিল। সাইফুল এ ধরনের কার্যক্রম থেকে বিরত থাকতে বললে প্রত্যুত্তরে তাজুল বলল, আমিতো শান্তি স্থাপনকারী মাত্র। তাদের বন্ধু বিপ্লব সব শুনছিল। সে বলল, রাখ তোর কুরআন, আল্লাহ আর পরকাল। আমি এর কোনোটাই বিশ্বাস করি না। আমার কোনো চিন্তা নেই। আমার যা মনে আসে তাই করি।

ক. খাতামুন (خَتَمَ) অর্থ কী? ১
খ. সালাত কায়েম বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. সূরা আল-বাকারার আলোকে তাজুলের কার্যক্রম কোন ধরনের অনাচার? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যক্তিজীবনে বিপ্লবের চিন্তাধারার প্রভাব বিশ্লেষণ কর। ৪

৩। জাওয়াদ সাহেব সকাল বেলা তিলাওয়াত করছিলেন ذٰلِكَ الْكِتٰبُ لَا رَيْبَ فِيْهِ তিলাওয়াত শেষে চিন্তা করতে লাগলেন ১৪৪২ বছর পার হয়ে গেল। বিজ্ঞান, সাহিত্য এত উৎকর্ষতা লাভ করল। অথচ কুরআনের এই আয়াতের মোকাবিলা করার সামর্থ্য কারও হয়নি। শুকরিয়া আদায় করলেন। আবার তিলাওয়াত করলেন যার মর্মার্থ আর যদি তা (কুরআনের মতো একটি সূরা তৈরি করতে) না পার, অবশ্যই তা তোমরা কখনো পারবে না, তাহলে সে দোযখের আগুনকে ভয় কর যার ইন্ধন হবে মানুষ ও পাথর। এবার সে ভাবল, এরূপ প্রমাণিত সত্য গ্রন্থের বক্তব্য অবশ্যই সত্যে পরিণত হবে। সুতরাং জাহান্নামের জ্বালানি হওয়া যাবে না।

ক. মানবজাতির আদি পিতার নাম কী? ১
খ. "ইয়ামামার যুদ্ধ কুরআন সংকলনকে ত্বরান্বিত করে।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রথম আয়াতখানিতে কোন বিষয়ে আলোকপাত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত দ্বিতীয় আয়াতখানি একজন মানুষকে কীভাবে সৎকর্মে উদ্বুদ্ধ করে? বিশ্লেষণ কর। ৪

৪। মাসুদ একজন খুচরা আলুর ব্যবসায়ী। অন্যরা ভালো ভালো আলু সাজিয়ে উপস্থাপন করলেও তিনি ছোট-বড় আলু মিশ্রিত অবস্থায় সামনে রেখেছেন। মেপে দেওয়ার সময় খুব সতর্কতার সাথে মাপেন যেন ওজনে কম না হয়। ক্রেতাদের সাথে সুন্দর আচরণ করেন। ক্রেতার ভিড়ও বেশি। মাহতাব সাহেব রাস্তা দিয়ে যাওয়ার সময় পথের ওপর পড়ে থাকা আমের ছোলা নিজ হাতে তুলে বাইরে ফেলে দিলেন। হঠাৎ একটি সিনেমার অশ্লীল পোস্টার দেখে মাহতাব সাহেব লজ্জায় দৃষ্টি নিচু করে দ্রুত চলে গেলেন।

ক. সিহাহ সিত্তাহ কী? ১
খ. 'আল্লাহ ছাড়া কোনো মা'বুদ নেই।'— ব্যাখ্যা কর। ২
গ. হাদিসের আলোকে মাসুদের কার্যক্রম কাদের সাথে তুলনা করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "মাহতাব সাহেবের অন্তরে ইসলামের বীজ প্রস্ফুটিত।"— বিশ্লেষণ কর। ৪

৫। সুমন ও মনির দুজনই এক এলাকার বাসিন্দা। সুমন বলল, পৃথিবীতে এমন একজন শাসক ছিলেন যিনি তার সৈন্য বাহিনী নিয়ে সাগরে ডুবে মারা যান। অপরদিকে, মনির বলল, ওই শাসকের বাড়িতেই একজন প্রসিদ্ধ রাসুল শিশুকালে লালিত পালিত হয়েছিলেন।

ক. ইসলামের স্তম্ভ কয়টি? ১
খ. 'আল-কুরআন সর্বশ্রেষ্ঠ আসমানি গ্রন্থ'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত সুমন কোন শাসকের প্রতি ইঙ্গিত করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত মনিরের বক্তব্যে যে রাসুলের প্রতি ইঙ্গিত করা হয়েছে তাঁর কর্মকাণ্ড সূরা আল-বাকারার আলোকে বিশ্লেষণ কর। ৪

৬। ভরদুপুর। রাশেদ সাহেব অফিসে বসে পরিবারের কথা ভাবছিলেন। দশ সদস্যের সংসার। আয় যা করেন কোনোমতে মাস চলে। দুশ্চিন্তা মেয়ের বিবাহ নিয়ে। এমন সময় স্থানীয় বহু জমিজমার এক মালিক জমির খাজনা দিতে আসলেন। কাগজপত্রে বেশকিছু অসুবিধা থাকায় লোকটি পঞ্চাশ হাজার টাকার খাজনা দেওয়ার জন্য বিশ হাজার টাকা অতিরিক্ত দিতে চাইলেন। রাশেদ সাহেব বিনয়ের সাথে তা নিতে অস্বীকার

করলেন। বললেন, এ কাজ আমার দায়িত্ব। আপনি বৈধ কাগজে নিয়ে আসুন, আমি দাখিলা কেটে দিব। আমার কাজের বিনিময়ে সরকার যে বেতন দিচ্ছে তাতেই আমি খুশি। সাথী তার বান্ধবী লিজার সাথে দেখা হলে খুব লজ্জাজনক ভাষায় কথা বলল। অন্য আরেক বান্ধবীর সাথেও অনুরূপ আচরণ প্রকাশ করে। একারণে বান্ধবীরা সাথীকে এড়িয়ে চলতে শুরু করেছে। ফলে ধীরে ধীরে সাথী একা হয়ে পড়েছে। এতে সে মোটেও বিচলিত নয়।

ক. কোন হাত উত্তম? ১
খ. বন্ধুই বন্ধুর পরিচয়– ব্যাখ্যা কর। ২
গ. রাশেদ সাহেবের উপার্জন কীরূপ? হাদিসের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. সাথীর আচরণের পরিণতি বিশ্লেষণ কর। ৪

৭। রিফাত ঈদের টাকা জমিয়ে কিছু গাছের চারা ক্রয় করেছে। বাড়ির নিকট নতুন রাস্তার পাশে চারাগুলো রোপণ করছে। এক পথচারী বলল, এখানে গাছ লাগিয়ে লাভ কী? এর ফল কি তুমি ভোগ করতে পারবে? রিফাত বললেন, আমি না খেলেও মানুষ, পশুপাখি খাবে। তাতেই আমার লাভ হবে। অন্যদিকে, আঃ করিম সাহেব বাড়ি নির্মাণের জন্য ব্যাংকে সম্পত্তি বন্ধক রেখে টাকা নিলেন।

ক. ফরজের পরে ফরজ কী? ১
খ. "মুসলমানগণ পরস্পর ভাই ভাই।"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত রিফাতের কার্যক্রমকে হাদিসের আলোকে মূল্যায়ন কর। ৩
ঘ. আঃ করিম সাহেবের কার্যক্রম শান্তি বিনষ্টের কারণ হবে।– ব্যাখ্যা কর। ৪

৮। তালহা একটি ইবাদত পালনের জন্য প্রতিদিন পাঁচবার মসজিদে গমন করেন। ইবাদতটি তাকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে সহযোগিতা করে। পাপকাজ থেকে বিরত রাখে। অন্যদিকে, রাহিক ওয়াজ শুনতে গিয়ে জানতে পারল ৮০ হিজরিতে একজন ইমাম কুফায় জন্মগ্রহণ করেন। যার প্রত্যক্ষ তত্ত্বাবধানে ফিক্‌হশাস্ত্র গড়ে ওঠে। ইমাম আবু ইউসুফ, ইমাম মুহাম্মদসহ বহু মুজতাহিদ আলেম তাঁর ছাত্র ছিলেন।

ক. ইমাম মালিক (র.) কত হিজরিতে জন্মগ্রহণ করেন? ১
খ. "আল্লাহর ইবাদত পালনেই শান্তি"– ব্যাখ্যা কর। ২
গ. রাহিক ওয়াজে কোন ইমাম সম্পর্কে জানতে পারে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তালহার কর্মকাণ্ডটি অন্যদের জীবনে কী প্রভাব ফেলতে পারে? বিশ্লেষণ কর। ৪

৯। মামুন একজন রিকশাচালক। দীর্ঘতম দিন ও প্রচণ্ড গরমের মধ্যে সে আল্লাহর একটি হুকুম পালন করতে সুবহে সাদিক হতে রাত পর্যন্ত পানাহার থেকে বিরত আছে। সে জানে এটি একমাত্র ইবাদত, যার পুরস্কার আল্লাহ নিজ হাতে দিবেন। সাকিব একটি বই পড়ে জানতে পারল যে, রাসুল (স.)-এর পূর্বেকার যুগে ফরজ, ওয়াজিব, সুন্নাত বা মুস্তাহাব নামে কোনো পরিভাষা ছিল না। যদিও কুরআন-হাদিসের বিভিন্ন জায়গায় ছড়িয়ে ছিল শব্দগুলো। পরবর্তীতে ইসলামি সাম্রাজ্যের বিস্তার লাভ করে। তখন শরীয়ত পালন অনেকের জন্য কঠিন হয়ে পড়ে। হিজরি দ্বিতীয় থেকে তৃতীয় শতাব্দীর মধ্যে কিছু মুজতাহিদ আলেমগণ কুরআন-হাদিসের আলোকে এবং কিয়াস ও ইজমার ভিত্তিতে কিছু ফতোয়া বা সিদ্ধান্ত দেন। তা একটি স্বতন্ত্র শাস্ত্রে পরিণত হয়। ইসলামি শরীয়ত পালনও সহজ হয়।

ক. প্রসিদ্ধ মাযহাব কয়টি? ১
খ. হাদিসকে কুরআনের ব্যাখ্যা বলার কারণ কী? ব্যাখ্যা কর। ২
গ. সাকিব বই পড়ে কোন শাস্ত্রের উৎপত্তি সম্পর্কে জানতে পেরেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মামুনের কার্যক্রমের প্রভাব বিশ্লেষণ কর। ৪

১০। জনাব ইলিয়াস কুরআন এবং হাদিসে গভীর জ্ঞান লাভ করার পর অধ্যাপনা ও ফতোয়াদানে আত্মনিয়োগ করেন। ক্ষমতাসীন শাসকের বিরুদ্ধে ফতোয়া দেওয়ার কারণে তাকে ৭০টি বেত্রাঘাত করা হয়। তিনি কখনো অন্যায়ের সাথে আপস করেননি। অন্যদিকে, তার প্রতিবেশী আশরাফ অনেক সম্পদের মালিক কিন্তু তিনি তার জীবনের সকল বিষয়ে আর-কুরআন ও সুন্নাহ থেকে উৎসারিত মাসআলা-মাসায়েলের তোয়াক্কা করেননি।

ক. ইমাম শাফেয়ি (র.)-এর মাযহাবের নাম কী? ১
খ. "মুজতাহিদ ভুল করলেও প্রতিদান প্রাপ্ত হবেন।"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত জানব ইলিয়াসের সাথে কোন বিখ্যাত মনীষীর মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব আশরাফের কর্মকাণ্ডের শেষ পরিণতি বিশ্লেষণ কর। ৪

১১। কোভিড-১৯-এর প্রেক্ষিতে মধ্যপ্রাচ্যের একটি দেশ-বিদেশিদের সে দেশে প্রবেশ নিষিদ্ধ করার কারণে ধনাঢ্য আহসান সাহেব একটি মৌলিক ইবাদত পালনে ব্যর্থ হন। অন্যদিকে, তার বন্ধু আফিফ একটি ইবাদত পালনের জন্য সম্পদের হিসাব করে একটি নির্দিস্ট অংশ দ্বারা রিকশা, ভ্যান, সেলাই মেশিন ইত্যাদি ক্রয় করে এলাকার অভাবী মানুষের মধ্যে বিতরণ করেন।

ক. মুমিনদের জন্য মিরাজস্বরূপ ইবাদতের নাম কী? ১
খ. "সাওম আমার জন্য, আমি এর প্রতিদান দেব।"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত জনাব আহসান কোন মৌলিক ইবাদত পালনে ব্যর্থ হয়েছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব আফিফের কর্মকাণ্ডের প্রভাব মূল্যায়ন কর। ৪

# এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ৫ ✓ সকল বোর্ড ২০২২

### ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র

বিষয় কোড : 2 5 0

সময় : ২০ মিনিট — **বহুনির্বাচনি অভীক্ষা : সেট-ঘ** — পূর্ণমান : ১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো ১৫টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. **ইবাদতের মূল লক্ষ্য কী?**
ⓚ সওয়াব অর্জন ⓚ জান্নাত পাওয়া
ⓖ আল্লাহর সন্তুষ্টি লাভ ⓖ জাহান্নাম থেকে মুক্তি

২. **ইমাম মালিক (র.) রচিত গ্রন্থ কোনটি?**
ক) কিতাবুল মানাসিক খ) আর রিসালাহ
গ) আল-মুয়াত্তা ঘ) কুতুবে হানাফিয়া

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
রাহিক সাহেব রাস্তা হতে কলার খোসা সরিয়ে ফেললেন। তার ভাই রাইয়ান নার্সারি হতে গাছের চারা কিনে বাগানে লাগালেন।

৩. **রাহিক সাহেবের কর্মকাণ্ডে কী প্রকাশ পেয়েছে?**
ক) ইজমা খ) ইমান গ) শোকর ঘ) তাকওয়া

৪. **রাইয়ানের কার্যক্রমের ফলে—**
i. পরিবেশ রক্ষা পাবে
ii. সদকার সওয়াব পাবে
iii. মুনাফিকী দূর হবে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৫. **রসুলুল্লাহ (স.)-এর বাণী— "উপরের হাত নিচের হাত হতে উত্তম।" হাদিসের 'উপরের হাত' বলতে কী বোঝানো হয়েছে?**
ক) গ্রহিতা খ) দাতা
গ) যাকাত ব্যয় ঘ) ভিক্ষাবৃত্তি

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
মুফাসসির আব্দুর রশিদ কুরআনুল কারিমের ব্যাখ্যা বিশ্লেষণ করার জন্য রাসুলুল্লাহ (স.) এর জীবনাদর্শের সাহায্য নেন। কেননা তাঁর জীবনাদর্শ ছাড়া ইসলামি শরিয়তের মাসয়ালা উদ্ভাবন বিষয়ে মুসলিম মনীষীদের গবেষণা সম্ভব নয়।

৬. **মুফাস্সির আব্দুর রশিদ কুরআন কারিমের ব্যাখ্যায় কোন বিষয়টির সাহায্য নেন?**
ক) ইজমা খ) কিয়াস গ) হাদিস ঘ) ফিক্হ

৭. **মুসলিম মনীষীদের গবেষণার ফলে—**
i. শরিয়তের বিধান পালন সহজ হয়েছে
ii. মুসলিমদের মাঝে মতপার্থক্য হ্রাস পেয়েছে
iii. ইসলাম ধর্ম মানুষের নিকট সহজবোধ্য হয়েছে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮. **কোন ইবাদতে বিনয় ও আনুগত্যের পূর্ণ প্রকাশ ঘটে?**
ক) যাকাত খ) সালাত গ) সাওম ঘ) হজ

৯. **সূরা বাকারার আলোকে সালাত কায়েম ও পরকালে বিশ্বাস কাদের চারিত্রিক বৈশিষ্ট্য?**
ক) আবিদ খ) মুজতাহিদ
গ) মুমিন ঘ) মুত্তাকি

১০. **"তাঁদের অন্তরসমূহের মধ্যে রয়েছে ব্যাধি।" — এখানে কাদের কথা বলা হয়েছে?**
ক) মুনাফিক খ) কাফির
গ) ফাসিক ঘ) জালিম

১১. **দৈহিক ও আর্থিক ইবাদত কোনটি?**
ক) সালাত খ) সাওম গ) যাকাত ঘ) হজ

১২. **'ইমাম আজম' কার উপাধি?**
ক) ইমাম মালেক (রহ.)
খ) ইমাম শাফেয়ি (রহ.)
গ) ইমাম আবু হানিফা (রহ.)
ঘ) ইমাম আহমদ (রহ.)

১৩. **'কিতাবুল উম্ম' গ্রন্থ কে সংকলন করেন?**
ক) ইমাম আবু হানিফা (রহ.)
খ) ইমাম মালেক (রহ.)
গ) ইমাম শাফেয়ি (রহ.)
ঘ) ইমাম আহমদ (রহ.)

১৪. **'আল-ইজমা' অর্থ—**
ক) তুলনা করা খ) গ্রহণ করা
গ) গবেষণা করা ঘ) একমত হওয়া

১৫. **'যাকাত' অর্থ—**
ক) তুলনা খ) একত্রিত
গ) বৃদ্ধি ঘ) একমত

১৬. **কোনটি ফরজের পরে ফরজ?**
ক) জিহাদ খ) হালাল উপার্জন
গ) সত্য কথা বলা ঘ) সালাত কায়েম

১৭. **হজে শয়তানকে পাথর নিক্ষেপ করা হয়—**
ক) আরাফায় খ) মুযদালিফায়
গ) মিনায় ঘ) সাফা-মারওয়ায়

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
আব্বাস আল্লাহর হুকুম পালনার্থে দিনের বেলা পানাহার থেকে বিরত আছেন। আবুজর প্রতিবছর সম্পদের হিসাব করে শতকরা আড়াই ভাগ অসহায় দরিদ্রসহ নির্দিষ্ট আটটি খাতে ব্যয় করেন।

১৮. **আব্বাসের কার্যক্রমটি কোন ইবাদতের অন্তর্ভুক্ত?**
ক) সালাত খ) সাওম গ) হজ ঘ) যাকাত

১৯. **আবুজরের কার্যক্রমের ফলে—**
i. নতুন সমস্যার সমাধান হবে
ii. দারিদ্র্য বিমোচন হবে
iii. সামাজিক সম্প্রীতি বৃদ্ধি পাবে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২০নং প্রশ্নের উত্তর দাও :**
লিপু তার স্ত্রীকে নিয়ে 'লাব্বাইক' ধ্বনি দিতে দিতে ৯ জিলহজ আরাফাতের ময়দানে উপস্থিত হলো।

২০. **লিপুর কার্যক্রমে কোন ইবাদত ফুটে উঠেছে?**
ক) সাওম খ) যাকাত গ) সালাত ঘ) হজ

■ **উদ্দীপকটি পড়ে ২১নং প্রশ্নের উত্তর দাও :**
এ বছর আকাশ মেঘাচ্ছন্ন থাকায় স্যাটেলাইট ও দূরবীক্ষণ যন্ত্রের মাধ্যমে রমজানের চাঁদ দেখা যায়। সবাই পরের দিন সাওম পালন শুরু করে।

২১. **দূরবীক্ষণ যন্ত্রের মাধ্যমে চাঁদ দেখে সাওম পালনে সবার ঐকমত্যের ফলে—**
i. ইসলামের পূর্ণতা পেয়েছে
ii. বিভ্রান্তি থেকে সুরক্ষিত
iii. জাতীয় ঐক্য সংরক্ষিত
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

২২. **'বাকারা' অর্থ কী?**
ক) পঠিত খ) সন্দেহ
গ) গাভী ঘ) অবতরণ

২৩. **কিতাব দ্বারা বোঝানো হয়েছে—**
ক) তাওরাত খ) যাবুর
গ) ইঞ্জিল ঘ) কুরআন

২৪. **আল্লাহ জমিনকে মানুষের জন্য করেছেন—**
ক) ছাদ খ) বিছানা
গ) জীবিকা ঘ) বাসস্থান

২৫. **ফিকহ (اَلْفِقْهُ) শব্দের অর্থ—**
ক) অনুধাবন করা খ) অনুমান করা
গ) তুলনা করা ঘ) সতর্ক করা

২৬. **মানব সৃষ্টির পর আল্লাহ কাকে সিজদা করার নির্দেশ দেন?**
ক) হযরত ঈসা (আ.)
খ) হযরত মুহাম্মদ (স.)
গ) হযরত সুলায়মান (আ.)
ঘ) হযরত আদম (আ.)

২৭. **ফাসাদ বলতে বোঝায়—**
ক) হত্যা খ) মারামারি
গ) বিশৃঙ্খলা ঘ) হিংসা

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
ফাতিমা ওয়াজে পবিত্র কুরআনের একখানি আয়াত শুনলেন। যার অর্থ— "তারা বলল, আপনি পূত-পবিত্র মহান। আপনি যা আমাদের শিখিয়েছেন তাছাড়া আমাদের কোনো জ্ঞান নেই।" অতঃপর তিনি এ আয়াতখানিও বললেন—
وَاِذْ قُلْنَا لِلْمَلٰٓئِكَةِ اسْجُدُوْا لِاٰدَمَ فَسَجَدُوْٓا اِلَّآ اِبْلِيْسَ اَبٰى وَاسْتَكْبَرَ

২৮. **উদ্দীপকে উল্লিখিত প্রথম আয়াতখানিতে 'তারা' বলতে কাদেরকে বোঝানো হয়েছে?**
ক) আদম (আ.) খ) জিবরাইল (আ.)
গ) ইবলিশ ঘ) ফেরেশতা

২৯. **উদ্দীপকে উদ্ধৃত দ্বিতীয় আয়াতে বলা হয়েছে?**
i. তোমরা আদমকে সিজদা কর
ii. ইবলিশ অমান্য করল এবং অহংকার করল
iii. সে সব বিষয়ের নাম বলে দিল
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
মাওলানা আনোয়ার এক ইসলামি সমাবেশে দেখলেন, নামাজে তারা মাইক ব্যবহার করছেন না। কারণ রাসুল (স.)-এর যুগে মাইকে নামাজ পড়া হয়নি। তবে মাওলানা আনোয়ার বললেন, মক্কা-মদিনাসহ সারাবিশ্বে মসজিদে মাইকে নামাজ পড়া হয় এবং কোনো মুজতাহিদ আলেম এর বিরোধিতা করেননি।

৩০. **মাইকে নামাজ পড়ার বৈধতা শরিয়তের কোন উৎসের ভিত্তিতে গ্রহণীয় হয়েছে?**
ক) কুরআন খ) হাদিস
গ) ইজমা ঘ) কিয়াস

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | গ | ৩ | খ | ৪ | ক | ৫ | খ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | গ |
| ১৬ | খ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | গ |

# ৬ ✓ সকল বোর্ড ২০২১

## ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র

বিষয় কোড | 2 | 5 | 0 |

### বহুনির্বাচনি অভীক্ষা : সেট-ঘ

সময় : ৩০ মিনিট — পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. সামাজিক সমস্যা সমাধানের মূল উৎস কোনটি?**
ⓚ আল-কুরআন ⓚⓗ আল-হাদিস
ⓖ ইজমা ⓖⓗ কিয়াস

**২. الم এর অর্থ কী?**
ক এর অর্থ আল্লাহ তায়ালাই অধিক জানেন
খ এর অর্থ ফেরেশতারা অবগত আছেন
গ এর অর্থ মুহাম্মদ (স.) অবগত আছেন
ঘ এর অর্থ সাহাবাগণ অবগত আছেন

**৩. هُدًى لِّلْمُتَّقِيْنَ এর মর্ম কথা হলো—**
ক কুরআন সকলের জন্য উন্মুক্ত
খ কুরআন মুত্তাকিদের জন্য পথপ্রদর্শক
গ কুরআন সকলের জন্য পথপ্রদর্শক
ঘ কুরআন রহমতস্বরূপ অবতীর্ণ

**৪. মুসলিমের অন্তর সবসময় ব্যস্ত থাকে—**
i. নিজের উন্নতি ও সমৃদ্ধির চিন্তায়
ii. মুসলিমগণের কল্যাণ কামনায়
iii. একনিষ্ঠভাবে আল্লাহর নির্দেশ পালনে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৫. ঈমানদার যে কারণে মুনাফিক হয়—**
ক ইসলামের কোনো বিধানকে অবজ্ঞা করলে
খ রাসুলুল্লাহ (স.)-এর সুন্নাত অবজ্ঞা করলে
গ ইসলামকে দ্বীন হিসেবে মানতে রাজি না হলে
ঘ অন্তরে ইসলামের বিরুদ্ধে চক্রান্ত লুকিয়ে রাখলে

**৬. আদম ও হাওয়া (আ.) কে জান্নাতে আল্লাহ তায়ালা ইতিবাচক নির্দেশ দিয়েছিলেন—**
ক তোমরা পারস্পরিক অধিকার আদায় কর
খ তোমরা যা ইচ্ছা আহার কর
গ তোমরা শান্তিপূর্ণভাবে বসবাস কর
ঘ তোমরা আল্লাহর নির্দেশ স্মরণ করবে

**৭. 'আল-কুরআন বিশ্ববাসীর জন্য সর্বজনীন পথপ্রদর্শক' এর কারণ, এটি—**
i. সকল জাতির হেদায়েতের জন্য অবতীর্ণ হয়েছে
ii. আরব জাতির হেদায়েতের জন্য অবতীর্ণ
iii. সর্বকালের সকল মানুষের জন্য সমাধান দেয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**৮. হাদিসের আলোকে প্রকৃত বীর কে?**
ক যে রাগের সময় প্রতিপক্ষকে ঘায়েল করতে পারে
খ যে রাগের সময় নিজেকে সংযত রাখতে পারে
গ যে রাগকে মোটেও ভয় পায় না
ঘ যে সর্বদা অন্যায়ের প্রতিবাদ করে

**৯. বিশ্বস্ত সত্যবাদী মুসলিম ব্যবসায়ী কিয়ামতের দিন থাকবেন—**
ক ফেরেশতাদের সাথে খ গাজিদের সাথে
গ শহিদের সাথে ঘ বন্ধুদের সাথে

**১০. خَلِيْفَةٌ শব্দের অর্থ কী?**
ক প্রতিনিধি খ নেতা
গ শাসক ঘ বয়স্ক ব্যক্তি

**১১. ইসলামি বই রচনা, ইসলামি সাহিত্য ও কবিতা ইত্যাদি লেখা কোন ধরনের সদকা?**
ক সদকায়ে যায়েদাহ খ সদকায়ে জারিয়াহ
গ নফল সদকা ঘ সদকাতুল ফিতর

■ **উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
ফিক্হশাস্ত্রের জনপ্রিয় একজন ইমাম ৮০ হিজরিতে ইরাকের কুফায় জন্মগ্রহণ করেন। তাঁর ফিকহী চিন্তাধারার ওপর প্রতিষ্ঠিত হয়েছে একটি মাযহাব যা সর্বাধিক জনপ্রিয়।

**১২. উদ্দীপকে কোন ইমামের কথা বলা হয়েছে?**
ক ইমাম মালিক (রহ.)
খ ইমাম আবু হানিফা (রহ.)
গ ইমাম শাফিঈ (রহ.)
ঘ ইমাম আহমদ (রহ.)

**১৩. উদ্দীপকে বর্ণিত মাযহাবের বৈশিষ্ট্য হলো—**
i. তত্ত্ব, তথ্য, হিকমত ও কল্যাণ কামিতার ওপর প্রতিষ্ঠিত
ii. খুবই সহজ, সরল ও অনায়াসসাধ্য
iii. অনুসারী সংখ্যা বিশ্বে সর্বাধিক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৪. ইসলাম প্রচার, প্রসার ও প্রতিষ্ঠার সর্ব পর্যায়ে সর্বাধিক ক্ষতি সাধন করেছে কারা?**
ক মুশরিকরা খ মুনাফিকরা
গ ইহুদীরা ঘ খ্রিস্টানরা

**১৫. রাসুলুল্লাহ (স.) সদকা হিসেবে ঘোষণা দিয়েছেন—**
i. বৃক্ষ রোপণকে
ii. ফসল ফলানোকে
iii. বৃক্ষ থেকে প্রাপ্ত দ্রব্যকে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৬. ইবাদতের মূল লক্ষ্য কী?**
ক জান্নাত পাওয়া খ জাহান্নাম থেকে মুক্তি
গ আল্লাহর সন্তুষ্টি ঘ সওয়াব অর্জন

**১৭. কোন ইবাদতে বিনয় ও আনুগত্যের পূর্ণ প্রকাশ ঘটে?**
ক সালাত খ যাকাত গ সাওম ঘ হজ

**১৮. কোনটি বান্দার হক?**
ক সালাত আদায় করা
খ রমজান মাসে রোযা রাখা
গ পিতা-মাতার খেদমত করা
ঘ হজব্রত পালন করা

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
জুহায়ের আসর সালাত আদায় করে বের হলে রাস্তার মোড়ে তালহার সাথে দেখা হলো। তালহা জুহায়েরকে চা পানের আহ্বান করলে জুহায়ের বলল, "আমি এমন একটি বিধান পালন করছি যা আমাকে এখন যাবতীয় পানাহার থেকে বিরত রেখেছে।"

**১৯. জুহায়ের যে বিধানের কথা বলল, সেটি কী?**
ক যাকাত খ সালাত গ হজ ঘ সিয়াম

**২০. উক্ত বিধান ব্যক্তির জন্য—**
i. আল্লাহর নৈকট্য অর্জনে সহায়তা করবে
ii. সমাজে তার নেতৃত্বের আসন তৈরি করবে
iii. জাহান্নাম হতে ঢালস্বরূপ হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও ii গ i ও iii ঘ i, ii ও iii

**২১. রাতের দুশ্চিন্তা ও দিনের লাঞ্ছনা হিসেবে হাদিসে কোনটিকে উল্লেখ করা হয়েছে?**
ক অর্থ খ সম্পদ
গ ঋণ ঘ বংশ মর্যাদা

**২২. হাদিসে জোর দেওয়া হয়েছে—**
i. নৈতিক গুণ অর্জন করার প্রতি
ii. আখলাকে জামিমাহ চর্চা করার প্রতি
iii. অনৈতিক কার্যকলাপ বর্জন করার প্রতি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৩. দুইজন আইনবেত্তার মধ্যে মূল আইনের কোন বিষয়ে মতভেদ থাকতে পারে?**
ক ব্যাখ্যা বিশ্লেষণে খ পর্যবেক্ষণে
গ প্রমাণে ঘ বাস্তবায়নে

**২৪. রাষ্ট্রি পার্থিব জীবনে তার কারবার, লেনদেন, সামাজিক আচরণ ইত্যাদি সঠিক ও সঙ্গতভাবে পরিচালনা করে। তার এ কার্যক্রম গণ্য হবে—**
ক ইহসান হিসেবে খ ইবাদত হিসেবে
গ ন্যায়-বিচার হিসেবে ঘ সুন্নাহ হিসেবে

**২৫. "মানুষ তার বন্ধুর দ্বীন বা জীবনাদর্শ দ্বারা প্রভাবিত হয়। অতএব, প্রত্যেকেরই দৃষ্টি রাখা উচিত যে, সে কার সাথে বন্ধুত্ব করছে।" হাদিসটি বাস্তবজীবনে অনুসরণ করলে তরুণ-তরুণীসহ সকলে—**
i. বিপথগামীতা থেকে রক্ষা পাবে
ii. নিজেদের চরিত্রকে নির্মল রাখতে পারবে
iii. দুনিয়ার উপকারিতা থেকে বঞ্চিত হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আব্দুল্লাহ বছরের একটি নির্দিষ্ট সময়ে, নির্দিষ্ট স্থানে গিয়ে নির্দিষ্ট নিয়মাবলি পালনের মাধ্যমে ইসলামের একটি মৌলিক বিধান আদায়ের মনস্থ করেছেন এবং সকল প্রস্তুতি সম্পন্ন করেছেন। বন্ধু আহমাদ সাহেব দেখা করতে এসে বললেন, 'বছর শেষে তোমার সম্পদের নির্দিষ্ট অংশ নির্ধারিত খাতে ব্যয় করাও তোমার ওপর অবশ্য কর্তব্য।

**২৬. জনাব আব্দুল্লাহ যে বিধান পালনের জন্য মনস্থ করেছেন সেটি কী?**
ক সাওম খ হজ গ যাকাত ঘ কুরবানি

**২৭. বন্ধু আহমাদ সাহেবের বক্তব্যে যে ইবাদতের উল্লেখ করা হয়েছে, তা সঠিক নিয়মে পালনের দ্বারা—**
i. ধনী-গরিবের মাঝে সেতুবন্ধ তৈরি হবে
ii. অর্থনৈতিক নিরাপত্তা নিশ্চিত হবে
iii. নেতৃত্বের গুণাবলি বিকশিত হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii গ ii ও iii ঘ i ও ii

**২৮. আল্লাহর হক আদায়ে আমাদের করণীয়—**
i. সামগ্রিক জীবনে আল্লাহর সার্বভৌমত্ব ও কর্তৃত্ব স্বীকার করা
ii. আল্লাহ প্রদত্ত সকল প্রকার বিধিনিষেধ মেনে চলা
iii. সর্বাবস্থায় আল্লাহর নিকট আত্মসমর্পণকারী হয়ে থাকা
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও ii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৯. সূরা বাকারার প্রথম রুকুতে উল্লিখিত 'অদৃশ্যের ওপর বিশ্বাস করা' কাদের বৈশিষ্ট্য?**
ক হাফেজগণের খ মুজাহিদগণের
গ শহিদগণের ঘ মুত্তাকীগণের

**৩০. পূর্ণ ঈমানদার হতে হলে রাসুল (স.) কে ভালোবাসতে হবে—**
i. সন্তান-সন্ততির চেয়ে বেশি
ii. পিতা-মাতার চেয়ে বেশি
iii. সকল মানুষের চেয়ে বেশি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ক | ৩ | খ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | গ | ৮ | খ | ৯ | গ | ১০ | ক | ১১ | খ | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | ক |
| ১৬ | গ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | গ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | ঘ | ৩০ | ঘ |

# শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল

## ৭ ✓ আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 5 0

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। মিসেস নাজমি রহমান প্রতিদিন একটি গ্রন্থ পাঠ করেন। তার পঠিত গ্রন্থটিকে বিশ্বের সর্বাধিক পঠিত গ্রন্থ বলা হয়। মানব জীবনর সকল সমস্যা সমাধানের মূলনীতি এ গ্রন্থে বিবৃত হয়েছে। তাই নাজমি রহমান উক্ত গ্রন্থকে নিজ জীবনের সর্বোৎকৃষ্ট অনুসরণীয় আদর্শ বিবেচনা করেন। আর এ গ্রন্থের প্রতি তার অত্যাধিক ভক্তি ও গুরুত্বের কারণে তিনি কিছুদিন পরপরই সম্পূর্ণ গ্রন্থটি পড়ে শেষ করেন।

ক. الم (আলিফ-লাম-মিম) অক্ষরগুলোকে কী বলা হয়? ১

খ. আল-কুরআন মুত্তাকিদের পথ দেখায়— বুঝিয়ে লেখ। ২

গ. নাজমি রহমান কোন গ্রন্থটিকে নিজের জীবনের সর্বোৎকৃষ্ট অনুসরণীয় আদর্শ বিবেচনা করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. আদর্শ জীবন গঠনে আল-কুরআনের ভূমিকা বর্ণনা কর। ৪

২। মাইশা একজন সৎকর্মশীল মুসলিম। তার ভাই মাসউদ আল-কুরআনকে ঐশী গ্রন্থ হিসেবে মানতে নারাজ। সে আল-কুরআনকে মানুষের রচিত বলে প্রচার করে বেড়ায়। মাইশা তার কাছে কুরআনের যথার্থ পরিচয় দিতে গেলে, সে নিজেই কুরআনের সূরা রচনা করতে পারে বলে চ্যালেঞ্জ করেন। এ অবস্থায় মাইশার মামা নজরুল ইসলাম মাইশাকে সাফল্যের সংবাদ দেন। এছাড়া মাসউদকে সতর্ক করেন ও ভয়ানক শাস্তির জন্য তৈরি হতে বলেন।

ক. নিফাক অর্থ কী? ১

খ. মুনাফিকের আচরণ কীরূপ? সূরা বাকারার আলোকে ব্যাখ্যা কর। ২

গ. মাইশার মামা তার ভাই মাসউদকে ভয়ানক শাস্তির জন্য তৈরি হতে বলার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. মাইশা প্রকৃতপক্ষে পরম সাফল্যের অধিকারী হবে কি? ৪

৩। জনাব নাহিদ একজন ব্যবসায়ী। প্রতারণা, মজুতদারী, মুনাফাখোরী এবং সুদি কারবারের এ যুগেও তিনি এগুলো থেকে মুক্ত হয়ে ইসলামি বিধি-বিধানের আলোকে অত্যন্ত বিশ্বস্ততার সহিত ব্যবসায় পরিচালনা করে থাকেন। জনাব আশরাফুল শুনে বললেন এ ধরনের ব্যবসায়ীদের জন্য পরকালে অকল্পনীয় পুরস্কার অপেক্ষা করছে।

ক. পণ্যে ভেজাল দেওয়ার বিধান কী? ১

খ. বিশ্বস্ত ব্যবসায়ী বলতে কী বোঝ? ২

গ. জনাব নাহিদ কিয়ামতের দিন কাদের সাথে থাকবেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. সংশ্লিষ্ট হাদিসের আলোকে জনাব নাহিদের পেশার মূল্যায়ন কর। ৪

৪। সাফওয়া একজন উত্তম চরিত্রের মানুষ। তিনি কখনো কারও পেছনে তার দোষ প্রকাশ করেন না, কারও দোষ খুঁজে বেড়ান না, অশালীন কথা বলেন না ও অসুন্দর আচরণ করেন না। তিনি অত্যন্ত লাজুক ও বিনয়ী মানুষ। তাই সমাজের সবাই তাকে ভালোবাসেন ও শ্রদ্ধা করেন। অন্যদিকে, জনাব জাহিদ সম্পূর্ণ সাফওয়ানের বিপরীত। এ জন্য সমাজের মানুষ তাকে অপছন্দ করেন ও সকল ক্ষেত্রে তাকে বর্জন করে চলেন।

ক. হাদিসে উল্লিখিত اَلطَّعَانِ (আত্তা'য়ান) শব্দের অর্থ কী? ১

খ. জালিম এবং মাজলুমকে কীভাবে সাহায্য করবে? ২

গ. হাদিসের আলোকে সাফওয়ান কী ধরনের লোক? ৩

ঘ. জনাব জাহিদের এরূপ কাজ মুমিনের কাজ হতে পারে না— উক্তিটি মূল্যায়ন কর। ৪

৫। তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে দুই প্রতিবেশী জামিল ও জাওয়াদের মধ্যে ঝগড়া লেগেই থাকে। একদিন তাদেরকে বিবাদ অবস্থায় দেখে জুনায়েদ সাহেব বললেন, তোমরা বিবাদ পরিহার কর। ঝগড়া-বিবাদ করা মুমিনের কাজ নয়। তাছাড়া পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে اِنَّمَا الْمُؤْمِنُوْنَ اِخْوَةٌ (ইন্নামাল মুমিনুনা ইখওয়াতুন)।

ক. উল্লিখিত আয়াতের অর্থ লেখ। ১

খ. নৈতিক জীবনে হাদিসের ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. জামিল ও জাওয়াদের মধ্যে কী ধরনের সম্পর্কের অভাব রয়েছে? বর্ণনা কর। ৩

ঘ. জুনায়েদ সাহেবের বক্তব্যের যথার্থতা কুরআন ও হাদিসের আলোকে নিরূপণ কর। ৪

৬। ঘটনা-১ : জনাব আহমাদুল্লাহ কুরআন ও হাদিসের পূর্ণ অনুসরণ করেন। তিনি মনে করেন, পবিত্র কুরআন হাদিসের বাইরে অন্য কোনো উৎস খোঁজা বিদায়াত কিংবা হারাম। ঘটনা-২ : মিরাজ সাহেব নিজের জীবনকে ইসলামের পূর্ণ অনুসরণ অনুকরণের জন্য আত্মনিয়োগ করেন। তিনি জানতেন পবিত্র কুরআন-হাদিস ব্যতীতও শরিয়তের আরও দুটি উৎস রয়েছে। যেগুলোর উপর আমল করা আবশ্যক।

ক. আজিমত কাকে বলে? ১

খ. রুখসাত বলতে কী বোঝ? ২

গ. ঘটনা-১-এ উল্লিখিত মনোভাবের ত্রুটি ব্যাখ্যা কর। ৩

ঘ. ঘটনা-১-এর সাথে ঘটনা ২-এর কী তফাৎ পরিলক্ষিত হয় বলে তুমি মনে কর? এ ব্যাপারে তোমার মতের পক্ষে প্রমাণ দাও। ৪

৭। সাবিত মসজিদে বাবার সাথে তারাবির সালাত পড়তে গিয়ে বলল, আমি কুরআন ও হাদিস অধ্যায়ন করে দেখেছি নবি-যুগে তারাবির সালাত বিশ রাকাত ছিল না এবং তা জামাতে আদায়ের ব্যবস্থাও ছিল না। পরবর্তীতে এটি কীভাবে জামাতের সহিত আদায়ের সিদ্ধান্ত হয়? অথচ রাসুল (স.) তখন জীবিত ছিলেন না। পিতা বলেন, এটি হযরত ওমর (রা.)-এর যুগে সাহাবাগণের ঐকমত্যের ভিত্তিতে প্রতিষ্ঠিত হয়েছে। এটি ইসলামি শরিয়তে একটি উৎসও। এটি নতুন উদ্ভাবিত কোনো বিষয় নয়।

ক. ইজমা অর্থ কী? ১

খ. ইজমার রুকন কতটি ও কী কী? ২

গ. সাহাবিগণের ঐকমত্যের ভিত্তিতে বলতে সাবিতের পিতা শরিয়তের কোন উৎসকে উদ্দেশ্য করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত উৎস সম্পর্কে সাবিতের পিতার শেষোক্ত উক্তিটির সপক্ষে যুক্তি দাও। ৪

৮। যুবায়ের আল হাদি সৌদি আরবে কর্মরত। তিনি ইসলামকে জানা ও মানার জন্য মদিনাবাসীদের বিশেষ গুরুত্ব দেন। তিনি মদিনাবাসীর আমলাকে অনুসরণ করেন। কেননা তিনি মনে করেন, মদিনা হচ্ছে ইসলামের লালন ক্ষেত্র। মদিনার অধিবাসীরা রাসুল (স.) ও সাহাবাদের ঘনিষ্ঠ সহচর্যে ছিলেন।

ক. ইমাম মালেক কত হিজরিতে জন্মগ্রহণ করেন? ১

খ. হানাফি মাযহাবের দুটি বৈশিষ্ট্য লেখ। ২

গ. যুবায়ের আল হাদি কোন মাযহাবের অনুসারী? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে যুবায়ের আল-হাদির পালনকৃত মাযহাবের প্রতিষ্ঠাতার জীবনী সম্বন্ধে যা জানো লেখ। ৪

৯। বুশরা ও সামিরা দুইজন দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী। তারা ইসলামের মৌলিক ইবাদতগুলো নিয়ে আলোচনা করছিল। বুশরা বলল, ইবাদতের শ্রেষ্ঠ রূপ হলো বান্দার পূতপবিত্র অবস্থায় একনিষ্ঠভাবে সুনির্দিষ্ট সময়ে আল্লাহর দরবারে আত্মসমর্পণ করা। এটি মুমিনের জন্য মিরাজস্বরূপ। তখন সামিরা বলল, ইসলাম আনুষ্ঠানিক ইবাদতের ব্যাপারেও যথেষ্ট গুরুত্ব দিয়েছে। যেমন— বান্দার আত্মশুদ্ধি, বিশ্বসাম্য ও ভ্রাতৃত্ব প্রতিষ্ঠা, আত্মত্যাগ ও আল্লাহর পথে অর্থ ব্যয়ের অভ্যাস। বহুমাত্রিক এ ইবাদত বিশ্বশান্তি, সংহতি ও বহু সংস্কৃতির বন্ধন। যার একমাত্র প্রতিদান কেবল জান্নাত।

ক. اَلْفَرْقُ بَيْنَ الْمُؤْمِنِ وَالْكَافِرِ تَرْكُ الصَّلٰوةِ (আল-ফারকু বাইনাল কুফরি ওয়াল ইমানি তারকুস সালাহ) হাদিসটির অর্থ লেখ। ১

খ. হাক্কুল ইবাদ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বুশরার বক্তব্যে কোন ইবাদতের প্রতি ইঙ্গিত করা হয়েছে? তার ধর্মীয় গুরুত্ব ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে সামিরার বক্তব্যে কী ফুটে উঠেছে? তার সামাজিক শিক্ষা বিশ্লেষণ কর। ৪

১০। মিসেস নুসরাত জাহান নিজের জীবনকে ইসলামি বিধানের আলোকে সাজাতে চান। তিনি কুরআন ও হাদিসের বিধান সম্পর্কে ধারাবাহিকভাবে জানতে আগ্রহী। এ ব্যাপারে তার মা তাকে আল্লাহর নির্ধারিত হুকুম-আহকাম পালনের সঠিক পদ্ধতি নির্দেশ সম্পর্কিত কিছু উপদেশ দিয়ে তা পালনের নির্দেশ দেন। তার এ নির্দেশ মেনে নিতে নুসরাত সম্মত নয়, কারণ তিনি মনে করেন তার মায়ের নির্দেশিত বিষয়টির অস্তিত্ব রাসুল (স.)-এর যুগে ছিল না। এটা নতুন উদ্ভাবিত বিষয়।

ক. ইমাম আবু হানিফা (রহিমাহুল্লাহ)-এর পূর্ণ নাম কী? ১

খ. মাযহাব বলতে কী বোঝ? ২

গ. নুসরাত জাহানের মা তাকে কোন শাস্ত্র অধ্যয়নের পরামর্শ দিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত শাস্ত্র সম্পর্কে নুসরাতের মতামতকে মূল্যায়ন কর। ৪

১১। জনাব আদনান সাহেব নিয়মিত আল্লাহর ইবাদত করলেও সৃষ্টির সেবার প্রতি তার দৃষ্টি কম। তিনি যেমন পিতা-মাতা, আত্মীয়-স্বজন, পাড়া-প্রতিবেশী ইত্যাদির খোঁজ খবর নেন না, তেমনি জীব-জন্তু, পশুপাখি, গাছপালা ইত্যাদির প্রতিও দয়া প্রদর্শন করেন না। জনাব আশরাফ শুনে বললেন সৃষ্টির প্রতি এরূপ অবহেলার জন্য আদনানকে অবশ্যই চরম বিপর্যয়ের শিকার হতে হবে।

ক. وَمَا خَلَقْتُ الْجِنَّ وَالْاِنْسَ اِلَّا لِيَعْبُدُوْنَ (অমা খালাকতুল জিন্না ওয়াল ইনসা ইল্লা লিয়াবুদুন) আয়াতটির অর্থ লেখ। ১

খ. মৌলিক ইবাদত বলতে কী বোঝ? ২

গ. আদনানের এরূপ কাজে ইবাদতের কোন দিকটি লঙ্ঘিত হয়েছে? ব্যাখ্যা দাও। ৩

ঘ. জনাব আশরাফের বক্তব্যের আলোকে আদনানের এরূপ কর্মকাণ্ডের পরিণতি বিশ্লেষণ কর। ৪

## ৮ ইস্পাহানি পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা

বিষয় কোড : 2 5 0

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। জনাব আরমান ও মিসেস আরমানের একমাত্র সন্তান হাসান। প্রাচুর্যে ও আদরে বেড়ে উঠেছে সে। কিন্তু আদব-কায়দা ও শিষ্টাচারের ভীষণ অভাব তার মধ্যে। ইসলামি শিক্ষা, আচার-আচরণ, শরিয়তের বিধিবিধান সম্পর্কে যেমনি জ্ঞান অর্জন করেনি তেমনি মেনেও চলে না। ফলে ইসলামি পরিবারের বৈশিষ্ট্য থেকে সে অনেক দূরে।

ক. পরিবার কী? ১
খ. ইসলামি পরিবার পিতৃতান্ত্রিক কেন? ২
গ. জনাব আরমান ও মিসেস আরমানের কার অধিকার আদায়ে ব্যর্থ হয়েছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব আরমান ও মিসেস আরমানের এরূপ অবহেলার পরিণতি বিশ্লেষণ কর। ৪

২। আবদুল মজিদ সাহেব প্রত্যেক দিন ফজরের পর মসজিদের বারান্দায় ছোট ছেলেমেয়েদেরকে কুরআন-হাদিসসহ ইসলামের প্রভৃতি বিষয়ে শিক্ষা প্রদান করেন। নামাজের মাসয়ালা, দু'আ মুনাজাত শিক্ষা দেন। অপরদিকে মতিন সাহেব ছোট ছেলেমেয়েদেরকে গান-বাজনা শেখান, অভিবাদন হিসেবে 'গুড মর্নিং, গুড ইভিনিং' বলা শেখান।

ক. ইসলাম শিক্ষা কী? ১
খ. ইসলামি সংস্কৃতি বলতে কী বোঝায়? ২
গ. আবদুল মজিদ সাহেব কোন ধরনের শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মতিন সাহেবের কার্যক্রম ইসলামি সমাজে কী প্রভাব পড়বে? মূল্যায়ন কর। ৪

৩। সাকিব তার স্ত্রীর সাথে অসদাচরণ করেন। স্ত্রীকে মোহরানা প্রদান করেননি। উল্টো স্ত্রীর কাছে যৌতুক দাবি করে আসছেন। স্ত্রীর কিছু সম্পদ ছিল তাও বিক্রি করে খেয়ে ফেলেছেন। বিষয়টি জেনে একদিন ইমাম সাহেব তাকে বললেন, স্ত্রীর সাথে অসদাচরণ করে ইমানদার হওয়া যায় না। কারণ রাসুল (সা.) বলেছেন, "তোমাদের মধ্যে তারাই উত্তম যারা স্ত্রীদের কাছে উত্তম।"

ক. ইসলামি পরিবার কাকে বলে? ১
খ. যৌতুক একটি সামাজিক ব্যাধি— ব্যাখ্যা কর। ২
গ. উল্লিখিত হাদিসের আলোকে স্ত্রীর সদাচরণের ব্যাখ্যা কর। ৩
ঘ. সাকিবের আচরণের কুফল বিশ্লেষণ কর। ৪

৪। জনাব মাহবুব ও মাহমুদ একই অফিসে চাকরি করেন। জনাব মাহবুব অতিরিক্ত অর্থ ছাড়া কোন ফাইলে সই করেন না। অন্যদিকে জনাব মাহমুদ শত প্রয়োজন সত্ত্বেও কখনো অসুদপায় অবলম্বন করেন না। এ কথা শুনে স্থানীয় মসজিদের ইমাম সাহেব বলেন, মাহবুবের ইবাদত আল্লাহর নিকট কবুল হবে না।

ক. তাকওয়া শব্দের অর্থ কী? ১
খ. 'মিথ্যা সকল পাপের মূল'— কথাটি বুঝিয়ে লেখ। ২
গ. জনাব মাহমুদের কর্মকাণ্ড ইসলামের দৃষ্টিতে কীরূপ? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব মাহবুবের কর্মকাণ্ডে কী প্রকাশ পেয়েছে? তার ইবাদত কবুল না হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

৫। নাজির একজন দ্বিমুখী চরিত্রের লোক। তিনি সবসময় মুখে একরকম কথা বলেন, অন্তরে অন্যরকম ধারণা পোষণ করেন। নিজের প্রয়োজনে মিথ্যা বলেন, সমাজে বিবাদ বাঁধানোর চেষ্টা করেন। অপরদিকে নাসির সবসময় সত্য কথা বলেন। সালাত কায়েম করেন এবং ইসলামের মূল বিষয়গুলো যত্নের সাথে আদায় করেন এবং সমাজের লোকদের সাথে সদাচরণ করেন।

ক. মুত্তাকি কাকে বলে? ১
খ. 'তাদের অন্তঃকরণ ব্যাধিগ্রস্ত আল্লাহ তাদের ব্যাধি আরও বাড়িয়ে দিয়েছেন' — আয়াতটি ব্যাখ্যা কর। ২
গ. আল-কুরআনের ভাষায় নাজিরকে কী নামে অভিহিত করা যায়? সূরা আল-বাকারার আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. নাসিরের আচরণ কাদের সাথে তুলনা করা যায়? সূরা আল-বাকারার আলোকে তাদের বৈশিষ্ট্য বিশ্লেষণ কর। ৪

৬। আফজাল সাহেব একজন ব্যবসায়ী। প্রতারণা, মজুদদারি, মুনাফাখোরি এবং সুদি কারবারের যুগেও তিনি এগুলো থেকে দূরে থাকেন এবং ইসলামি বিধিবিধানের আলোকে অত্যন্ত বিশ্বস্ততার সাথে ব্যবসায় পরিচালনা করেন। মাওলানা আবদুল কাদের তার সম্পর্কে শুনে বললেন, এ ধরনের ব্যবসায়ীর জন্য পরকালে অকল্পনীয় পুরস্কার অপেক্ষা করছে।

ক. ইমানের শাখা-প্রশাখা কয়টি? ১
খ. 'মানুষ তার বন্ধুর জীবনাদর্শ দ্বারা প্রভাবিত হয়'— হাদিসটি ব্যাখ্যা কর। ২
গ. জনাব আফজাল সাহেবের কর্মকাণ্ডের সুফল ব্যাখ্যা কর। ৩
ঘ. সংশ্লিষ্ট হাদিসের আলোকে জনাব আফজালের পেশাটি মূল্যায়ন কর। ৪

৭। জনাব 'ক' মুখে ইমানসুলভ কথা বললেও আসলে নানা ধরনের অন্যায় কাজ করছে। সবার অজান্তে সে মুসলমানদের বিরুদ্ধে বিভিন্ন ষড়যন্ত্রমূলক কাজ করে। কিন্তু এলাকার ধর্মপ্রাণ ব্যক্তিদের সাথে যখন তার দেখা হয় তখন সে তাদের সাথে রয়েছে বলে প্রকাশ করে এবং নিজেকেও ধর্মপ্রাণ হিসেবে উপস্থাপন করে।

ক. শানে নুযুল মানে কী? ১
খ. মুত্তাকির পরিচয় বর্ণনা কর। ২
গ. 'ক' এর আচরণ অনুযায়ী তাকে কী বলে অভিহিত করা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. দুনিয়া ও আখিরাতে 'ক'-এর পরিণতি সূরা বাকারার সংশ্লিষ্ট আয়াতের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮। আরিফ ও আসিফ দুই ভাই। একই কলেজে একাদশ শ্রেণিতে পড়ে। তারা একদিন জলবায়ু নিয়ে আলোচনা করছিল। আরিফ আসিফকে বলল, পরিবেশের ভারসাম্য রক্ষায় বৃক্ষরোপণের বিকল্প কিছু নেই। আসিফ শুনে বলল, বৃক্ষরোপণ একটি ইবাদত এবং সদকায়ে জারিয়ার মাধ্যমেও বটে।

ক. মুনাফিকের চিহ্ন কয়টি? ১
খ. 'সদকায়ে জারিয়াহ' বলতে কী বোঝায়? ২
গ. পরিবেশ রক্ষায় বৃক্ষ কী ভূমিকা রাখে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'বৃক্ষরোপণ একটি ইবাদত'— সংশ্লিষ্ট হাদিসের আলোকে উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৯। জনাব 'ন' ও জনাব 'ম' একটি ক্ষুদ্র সামাজিক সংগঠন নিয়ে আলোচনা করছিল, যেখানে সবসময় এবং সবক্ষেত্রে ইসলামের নীতি ও আদর্শ ক্রিয়াশীল থাকে। জনাব 'ন' বলল, এ সংগঠনটি স্নেহে ও সম্মানে সমন্বিত ধারা। এখানে আর্থসামাজিক নিরাপত্তা নিশ্চিত করা হয়। জনাব 'ম' বলল, শুধু তাই নয়, সেখানে হালাল উপার্জন ও জবাবদিহিতা বিদ্যমান এবং এর সদস্যরা পরস্পরের পরিপূরক।

ক. সহোদর কারা? ১
খ. 'সমাজজীবনে প্রাথমিক ইউনিট পরিবার' ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন সংগঠনের প্রতি ইঙ্গিত প্রদান করা হয়েছে? জনাব 'ন'-এর উক্তিটি ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব 'ম'-এর উক্তির সাথে তুমি কি একমত? তোমার মতের সপক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

১০। শফিক মিয়া দুর্ঘটনায় একটি পা হারিয়ে ফেলে। তাই স্বাভাবিকভাবে চলাফেরা ও আয়-রোজগারের পথ বন্ধ হয়ে যায়। এতে স্ত্রী, পুত্র নিয়ে বেকায়দায় পড়লে বিশিষ্ট শিল্পপতি আসিফ চৌধুরী তাকে তার প্রতিষ্ঠানে চাকরির ব্যবস্থা করে এবং তার প্রতি সদয় আচরণ করার জন্য প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের নির্দেশ দেন। তাছাড়া তিনি তার সন্তানের পড়ালেখার খরচও বহন করার ঘোষণা দেন। কিন্তু প্রতিষ্ঠানের ম্যানেজার প্রতিষ্ঠানের ক্ষতির কথা চিন্তা করে শফিক মিয়াকে কোনোরূপ ছাড় দেয় না। একটু ভুল হলেই তাকে উপহাস ও ব্যঙ্গবিদ্রুপ করে। শফিক মিয়া কোনো প্রতিবাদ না করে নীরবে অশ্রু ঝরায়।

ক. দেশপ্রেম কী? ১
খ. 'স্বামী-স্ত্রী একে অপরের পরিপূরক' — ব্যাখ্যা কর। ২
গ. প্রতিষ্ঠানের ম্যানেজারের আচরণে কিসের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. শফিক মিয়ার প্রতি আসিফ চৌধুরীর আচরণের মূল্যায়ন কর। ৪

১১। নাহিদ শান্ত প্রকৃতির ছেলে। একদা কতিপয় দুষ্টু ছেলে তাকে বেত দ্বারা মারপিট করে আহত করে। এ ঘটনা দেখে জনাব নাবিদ দুষ্টু ছেলেদের অত্যাচার থেকে তাকে রক্ষা করে উভয়ের মাঝে সমঝোতার চেষ্টা করেন। অপরপক্ষে, নাহিদের বন্ধু আবিরের চরিত্র তাস খেলা, জুয়া খেলা, নারীদের উত্যক্ত করাসহ অশ্লীলতায় ভরপুর। এজন্য অনেকেই তাকে এড়িয়ে চলে। মুফতি এনামুল হক বলেন, "ইসলামে অশ্লীলতার কোনো সুযোগ নেই। এজন্য তাকে শাস্তি পেতে হবে।"

ক. 'হাদিস' কী? ১
খ. 'যালিম ও মাযলুম' বলতে কী বোঝ? ২
গ. জনাব নাবিদের কর্মকাণ্ডে কোন হাদিসের শিক্ষার প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে আবিরের চরিত্রটি হাদিসের বিবেচনায় চিহ্নিতপূর্বক মুফতি এনামুলের উক্তিটি মূল্যায়ন কর। ৪

## ৯ ✓ কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ

বিষয় কোড : 2 5 0

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। মামুন যে সময় আসবে বলেছিল এর অনেক পরে এসেছে। এসেই গতকালের ঘটনাটিকে বাড়িয়ে কমিয়ে বলতে শুরু করেছে। হাসান বলল, তুমিতো গতকাল অশ্লীল ভাষা ব্যবহার করেছ। তুমি জান, রাসুল (সা.) বলেছেন,
وَاِيَّاكُمْ وَالْكِذْبَ فَاِنَّ الْكِذْبَ يَهْدِىْ اِلَى الْفُجُوْرِ وَاِنَّ الْفُجُوْرَ يَهْدِىْ اِلَى النَّارِ.
ক. মাদানি সূরা কাকে বলে? ১
খ. "তৃতীয় শতাব্দী ছিল হাদিস সংকলনের স্বর্ণ যুগ।" ব্যাখ্যা কর। ২
গ. মামুনের কর্মে কোন ব্যক্তির চরিত্র ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. হাসান হাদিসের মাধ্যমে যে বিষয়টির কথা বলেছেন এর সামাজিক প্রভাব বিশ্লেষণ কর। ৪

২। পৃথিবীতে একটি জাতি রয়েছেন, যাদেরকে আল্লাহ তা'য়ালা অত্যাচারী রাজার কোপানল থেকে একজন রাসুলের নেতৃত্বে মুক্তি দিয়েছিলেন এবং জাতি হিসেবে সর্বোচ্চ মর্যাদা দিয়েছিলেন। অবশেষে তারা রাসুলের অবাধ্যতা করে। তারা জাতি হিসেবে খুবই অবাধ্য প্রকৃতির ছিল। তাদের অপকর্ম বন্ধের নির্দেশ দিয়ে আল্লাহ বলেছেন,
اَتَاْمُرُوْنَ النَّاسَ بِالْبِرِّ وَتَنْسَوْنَ اَنْفُسَكُمْ.
ক. সহিহ হাদিস কাকে বলে? ১
খ. اٰيَةُ الْمُنَافِقِ ثَلَاثٌ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে শিক্ষক কোন জাতির কথা বুঝাতে চেয়েছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে শিক্ষক যে আয়াতটি উদ্ধৃত করেছেন এর শিক্ষা মূল্যায়ন কর। ৪

৩। প্রথম হিজরি শতাব্দীর শেষ দিকে যখন রাসুল (সা.)-এর সকল সাহাবিই ইন্তেকাল করলেন তখন ইসলামি শরিয়তের আইনের গুরুত্বপূর্ণ একটি উৎসের বিলুপ্তির শঙ্কা দেখা দিল। কিছু স্বার্থবাদী গোষ্ঠীও এ সুযোগ গ্রহণে তৎপর হলো। কিন্তু একজন রাষ্ট্রপ্রধানের বলিষ্ঠ ভূমিকার কারণে শরিয়তের বিধানটি যেমনি সংরক্ষিত হলো তেমনি স্বার্থবাদীদের ষড়যন্ত্রও নস্যাৎ হয়ে গেল।
ক. আল কুরআন কাকে বলে? ১
খ. ذٰلِكَ الْكِتٰبُ لَا رَيْبَ فِيْهِ. ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত পরিস্থিতিতে ইসলামি শরিয়াতের আইনের কোন উৎসের ব্যাপারে সংকট দেখা দেয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত রাষ্ট্রপ্রধানকে চিহ্নিতপূর্বক এক্ষেত্রে তাঁর অবদান মূল্যায়ন কর। ৪

৪। শিক্ষকের প্রশ্নের উত্তরে খাদিজা বলল, স্যার সূরাগুলোতে শপথ বাক্যের আধিক্য ও পরকালের বর্ণনা রয়েছে। এ সূরাগুলোর আয়াত ছোট ছোট ও শেষে ছন্দের মিল রয়েছে। শিক্ষক তাকে ধন্যবাদ দিয়ে বললেন, একজন রাষ্ট্রপ্রধান কুরআন সংকলনের ক্ষেত্রে সূরাগুলোকে আলাদাভাবে লিখলেও সাতটি কিরাতই এতে সন্নিবেশ করেন। তিনি ওমর যায়েদ (রা.) কে সংকলনের দায়িত্ব দেন।
ক. কিয়াস কী? ১
খ. اَلْمَرْءُ عَلٰى دِيْنِ خَلِيْلِهِ হাদিসটির ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে খাদিজা পবিত্র কুরআনের কোন প্রকার সূরার বৈশিষ্ট্যের কথা বলেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে শিক্ষক কোন রাষ্ট্রপ্রধানের কথা বলেছেন? এক্ষেত্রে তাঁর অবদান মূল্যায়ন কর। ৪

৫। হাতির পায়া অঞ্চলের লোকজন বিশেষ নিয়মে ভাত পচিয়ে খায় যাতে নেশা তৈরি হয়। বিষয়টি জানাজানি হলে লোকজন ইমামকে এ বিষয়ে জিজ্ঞাসা করেন। ইমাম সাহেব বললেন, নেশা তৈরির কারণে পবিত্র কুরআনে মদকে হারাম করা হয়েছে। তাই একই কারণে ভাত পচিয়ে খাওয়াও হারাম সাব্যস্ত হবে। অনেকে ইমামের কথা মানলেও কিছু অবাধ্য লোক বলল, "যেহেতু তা কুরআন ও হাদিসে সরাসরি নেই, তা আমরা মানব না।"
ক. জাকাত কাকে বলে? ১
খ. মাজহার চারটির মধ্যে সীমাবদ্ধ কেন? ব্যাখ্যা দাও। ২
গ. ইমাম সাহেব কীসের ওপর ভিত্তি করে হুকুম দিলেন? ব্যাখ্যা দাও। ৩
ঘ. উদ্দীপকে অবাধ্য লোকদের উক্তির সাথে তুমি কি একমত? তোমার মতামত ব্যক্ত কর। ৪

৬। হাজরানাত অঞ্চলের অপরাধীরা ভিন্ন কৌশলে কর্ম চালিয়ে যাচ্ছে। বর্তমান আইনে তাদের অপরাধের শাস্তির সুস্পষ্ট বিধান না থাকায় প্রশাসক সমস্যায় পড়েন। এজন্য তিনি কতিপয় বিশিষ্ট ইসলামি আইন বিশেষজ্ঞদের এক সভায় একত্রিত করেন। তারা বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করেন এবং নতুন অপরাধের শাস্তি নির্ধারণ করে এ বিষয়ে ঐকমত্য পোষণ করে বিধান প্রণয়ন করেন।
ক. হাদিস কাকে বলে? ১
খ. পবিত্র কুরআন ও হাদিসের পার্থক্য ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে আইন প্রণয়নের এ কর্মপন্থা ইসলামি শরিয়তের কোন শাস্ত্রের আওতায় পড়ে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে প্রণীত বিধানটি চিহ্নিতপূর্বক শরিয়তে এর গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৭। আসলাম সাহেব নিয়মিত নির্দিষ্ট শর্ত ও আরকান আদায়ের মাধ্যমে একটি ইবাদত পালন করে থাকেন। তার এ ইবাদতের ব্যাপারে রাসুল (সা.) বলেন, مَنْ حَافَظَ عَلَيْهَا كَانَتْ لَهُ نُوْرًا وَبُرْهَانًا। তার বড় ভাই হারুন সাহেব অগাধ ধনসম্পদের মালিক। তিনি অন্যান্য ইবাদত পালন করলেও সময় ও সম্পদ হিসাব করে কোনো অর্থ দরিদ্র ও অসহায়দের মাঝে বিলিয়ে দেন না।
ক. মাক্কি সূরা কাকে বলে? ১
খ. শরিয়ত ও তাসাউফ-এর সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. আসলাম সাহেবের আদায়কৃত ইবাদতটি মূলত ইসলামি শরিয়তের কোন ইবাদত? ব্যাখ্যা কর। ৩
ঘ. বড় ভাই হারুন যে ইবাদতটি আদায় করেন না তা চিহ্নিতপূর্বক এর পরিণতি বিশ্লেষণ কর। ৪

৮। নাজমুল আছরের নামাজ শেষে একজন ভিক্ষুককে কিছু টাকা দিয়ে বললেন, ভিক্ষাবৃত্তি ভালো নয়, পরিশ্রম করুন আল্লাহ আপনাকে সাহায্য করবেন। অযথা ভিক্ষা করলে পরকালে জবাব দিতে পারবেন না। বাসায় ফিরে ছেলের মন খারাপ দেখে জিজ্ঞেস করলে সে বলল, আমি কলেজে ভালো রেজাল্ট করি দেখে আমার কিছু বন্ধু আমার প্রতি প্রচণ্ড হিংসা পোষণ করে। তখন নাজমুল সাহেব বোঝাতে গিয়ে রাসুল (সা.) একটি হাদিস শুনালেন,
لَا حَسَدَ اِلَّا فِىْ اِثْنَيْنِ ...... وَرَجُلٌ اٰتَاهُ اللّٰهُ حِكْمَةً فَهُوَ يَقْضِىْ بِهَا وَيُعَلِّمُهَا.
ক. ওলি কাকে বলে? ১
খ. "আল্ হাদিস ইসলামি আইনের দ্বিতীয় উৎস।" ব্যাখ্যা কর। ২
গ. আফজাল সাহেবের কর্মে কোন ব্যক্তির চরিত্র ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ছেলের উদ্দেশ্যে উদ্ধৃত হাদিসের অংশটির মর্মার্থ বিশ্লেষণ কর। ৪

৯। মফিজ সাহেব কোনো বিপদে পড়লেই মূল্যবান কিছু হাদিয়া নিয়ে একজন সুফি সাহেবের নিকট গমন করেন। তার বিশ্বাস সুফি সাহেব দোয়া করলে তার বিপদ-আপদ কেটে যাবে। তার এসব কর্ম দেখে ছোট ভাই বেলাল বিরক্ত হয়ে বলে, ভাইয়া তুমি তোমার নিজের ইবাদতে মনযোগী হও। এতে তোমার বিপদ দূর করবেন ও তুমি নিজেও সুস্থ থাকবে। এমন একটি ইবাদত আছে যা পালন করলে তোমার ওজন কমবে, চর্মরোগ, পেটের অসুখ, উচ্চরক্তচাপ প্রভৃতি নিয়ন্ত্রণে থাকবে এবং তোমার স্মৃতিশক্তি বৃদ্ধি পাবে।
ক. তাসাউফ কী? ১
খ. اَلْمُسْلِمُ اَخُو الْمُسْلِمِ. ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বেলাল কোন ইবাদতের কথা ইঙ্গিত করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মফিজ সাহেবের চিন্তা ও কর্মের সাথে তুমি কি একমত? মতামতের পক্ষে দলিল/যুক্তি দাও। ৪

১০। 'ক' একজন বিশিষ্ট পণ্ডিত ব্যক্তি। তিনি হিজরি দ্বিতীয় শতাব্দীর শেষ দিকে উজবেকিস্তানে জন্মগ্রহণ করেন। তাঁর পরিশ্রমের ফলে ইসলামি শরিয়তের একটি অন্যতম উৎস শক্তিশালী ভিতের উপর প্রতিষ্ঠিত হয়। তার গ্রন্থকে কুরআনের পরে সর্বাপেক্ষা বিশুদ্ধ গ্রন্থ হিসেবে গণ্য করা হয়। অন্যদিকে গভীর পাণ্ডিত্যের অধিকারী 'খ' প্রথম হিজরির শেষ দিকে কুফায় জন্মগ্রহণ করেন। রাষ্ট্রীয় দায়িত্ব নিতে অস্বীকার করায় তাকে কারাবরণ করতে হয়েছে। তিনিও শরিয়তের আইনের একটি উৎসকে প্রতিষ্ঠা করতে অনেক অবদান রাখেন।
ক. মাযহাব-এর সংজ্ঞা দাও। ১
খ. اِنِّىْ جَاعِلٌ فِى الْاَرْضِ خَلِيْفَةً. ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'ক' বলতে কোন বিশিষ্ট পণ্ডিত ব্যক্তিকে বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ইসলামি শরিয়তে 'খ'-এর অবদান ওলামাদের অভিমতসহ মূল্যায়ন কর। ৪

১১। একজন আলেমে দ্বীন ওমর (রা.)-এর খেলাফতের সময় জন্মগ্রহণ করেন। তিনি অন্যতম শ্রেষ্ঠ মুহাদ্দিস, ফকিহ ও মুজাহিদ ছিলেন। তিনি ইলমে দ্বীন শিক্ষাদানের পাশাপাশি জাগতিক লোভ-লালসা থেকে দূরে থেকে আল্লাহর ভালোবাসা ও আখিরাতকে প্রাধান্য দিতে উপদেশ দিতেন। তিনি রাসুল (সা.)-কে অত্যধিক ভালোবাসতেন ও তাঁকে অনুসরণ করেন। তার কর্ম ছিল নিম্নের হাদিসের অনুরূপ :
لَا يُؤْمِنُ اَحَدُكُمْ حَتّٰى اَكُوْنَ اَحَبَّ اِلَيْهِ مِنْ وَّلَدِهٖ وَالِدِهٖ وَالنَّاسِ اَجْمَعِيْنَ.
ক. ইজমা কাকে বলে? ১
খ. وَاِذَا قِيْلَ لَهُمْ لَا تُفْسِدُوْا فِى الْاَرْضِ. ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন আলেমে দ্বীনের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উদ্ধৃত হাদিসটির শিক্ষা লেখ। ৪

## ১০ চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

বিষয় কোড : 2 5 0

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

**ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন**

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। হাসান আলী আল্লাহর ভয়ে সালাত, সাওম ও যাকাত যথাযথ আদায় করেন। তিনি পূর্ববর্তী নবি-রাসুল ও আখিরাতে বিশ্বাস করেন এবং পবিত্র কুরআন অনুসরণ করে চলার চেষ্টা করেন।

ক. رَيْبَ শব্দের অর্থ কী? ১

খ. ذٰلِكَ الْكِتٰبُ لَا رَيْبَ فِيْهِ ব্যাখ্যা কর। ২

গ. সূরা আল-বাকারার আলোকে হাসান আলী কী হিসেবে চিহ্নিত করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. اُولٰٓئِكَ عَلٰى هُدًى مِّنْ رَّبِّهِمْ আয়াতের সাথে উদ্দীপকের সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

২। দ্বাদশ শ্রেণির ছাত্র মাহফুজ সহপাঠী হাবিবকে বলে, কিছু মানুষ আছে যাদের খারাপ কাজের পরিণতি বিষয়ে সতর্ক করা না করা একই কথা। তারা কখনো মন্দ কাজ ত্যাগ করবে না। তখন হাবিব বলে, সমাজে জঘন্য প্রকৃতির লোক তো তারাই, যারা বাহ্যত সমাজসেবা করে বেড়ায়; কিন্তু সুযোগ পেলেই গোপনে বিবাদ সৃষ্টির ইন্ধন যোগায়।

ক. لَهُمْ عَذَابٌ عَظِيْمٌ অর্থ কী? ১

খ. صُمٌّ بُكْمٌ عُمْيٌ فَهُمْ لَا يَرْجِعُوْنَ ব্যাখ্যা কর। ২

গ. মাহফুজের উল্লিখিত লোকদের সাথে পবিত্র কুরআনে বর্ণিত কোন শ্রেণির লোকদের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. হাবিবের বর্ণিত লোক কারা? আল-কুরআনের আলোকে তাদের পরিণতি বিশ্লেষণ কর। ৪

৩। মাওলানা শাহাদাত হোসাইন 'ক' নামক গ্রামে লোকদের এক সভায় নানা নসিহত করেন ও উপস্থিত এক বিজ্ঞ লোককে তাদের প্রতিনিধি নির্বাচন করেন। এতে দ্বিমত পোষণ করে জনৈক ব্যক্তি বলেন– তিনি নিজেই এর চেয়ে যোগ্য। তাই এ প্রতিনিধি নির্বাচন তিনি মানেন না।

ক. وَلَا هُمْ يَحْزَنُوْنَ অর্থ কী? ১

খ. শান্তিপূর্ণ সমাজ গঠনে পবিত্র কুরআনের ভূমিকা কী? ২

গ. পবিত্র কুরআনে বর্ণিত কোন ঘটনার সাথে উদ্দীপকের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনৈক ব্যক্তির আচরণ কি সমর্থনযোগ্য? পবিত্র কুরআনের আলোকে এর পরিণতি বিশ্লেষণ কর। ৪

৪। রমিজ কলেজে যাওয়ার সময় রাস্তায় একটি ময়লার থলে পড়ে থাকতে দেখলে তা তুলে এক পাশে রেখে দেয়। এটা দেখে তার সহপাঠী আনিস বলে এটা তোমার কাজ নয়। কিছুদূর গিয়ে ছিনতাইকারী সন্দেহে এক ব্যক্তিকে লোকজন প্রহার করতে দেখে আনিস ও তাদের সাথে প্রহারে যোগ দেয়। এতে রমিজ বাধা দিয়ে বলে এটা তোমার কাজ নয়।

ক. اَلْحَدِيْثُ অর্থ কী? ১

খ. بُنِيَ الْاِسْلَامُ عَلٰى خَمْسٍ ব্যাখ্যা কর। ২

গ. রমিজের কাজে কীসের বহিঃপ্রকাশ ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. تَرَى الْمُؤْمِنِيْنَ فِيْ تَرَاحُمِهِمْ وَتَوَادِّهِمْ হাদিসের আলোকে আনিসের কাজ কি তুমি সমর্থন কর? বিশ্লেষণ কর। ৪

৫। রাজিব রহমান দইয়ের হাঁড়ি নিয়ে বাসার ফেরার পথে এক ব্যক্তি ধাক্কায় দই মাটিতে পড়ে যায়। রাজিব ঐ ব্যক্তিকে কিছু না বলেই বাড়ি ফিরলে তার স্ত্রী রেহেনা আক্তার বলে, এভাবে চলে আসা কাপুরুষের কাজ। আর যে ধাক্কা দিয়ে দই ভাঙল সে তো ইতর ও দুষ্ট প্রকৃতির লোক। তখন রাজিব রহমান তাকে বাধা দিয়ে বলে–

لَيْسَ الشَّدِيْدُ بِالصُّرَعَةِ اِنَّمَا الشَّدِيْدُ الَّذِيْ يَمْلِكُ نَفْسَهٗ عِنْدَ الْغَضَبِ۔

ক. হাদিসের দৃষ্টিতে মুনাফিক কারা? ১

খ. اَلْكِذْبُ يَهْدِيْ اِلَى الْفُجُوْرِ ব্যাখ্যা কর। ২

গ. لَيْسَ الْمُؤْمِنُ بِالطَّعَّانِ وَلَا بِاللَّعَّانِ হাদিসের আলোকে রেহেনা আক্তারের আচরণ চিহ্নিত করে ব্যাখ্যা কর। ৩

ঘ. রাজিব রহমানের কর্মকাণ্ডের সাথে এরূপ হাদিস উদ্ধৃতির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৬। (i) A [?] → B [পুণ্য] → C [জান্নাত]

(ii) D [কিবর] → E [পাপাচার] → F [জাহান্নাম]

ক. হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ কে? ১

খ. জালিমকে কীভাবে সাহায্য করা যায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে (i)-এর A চিহ্নিত করে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে (ii)-এর E-এর সাথে কাযযাবের সম্পর্ক চিহ্নিত কর। অতঃপর মানব সমাজে এর প্রভাব বিশ্লেষণ কর। ৪

৭। ড. শিহাব উদ্দীন এক সভায় বলেন, রাসুল (সা.)-এর ইন্তিকালের পর সকল প্রসিদ্ধ সাহাবার ঐকমত্যে হযরত আবু বকর (রা.) খলিফা নির্বাচিত হন। সুতরাং তাকে অস্বীকার করার কোনো উপায় নেই। তখন একজন শ্রোতা দাঁড়িয়ে বলে কুরআন-সুন্নাহর বাইরে কোনো কিছু অনুসরণ মুসলিম উম্মাহর জন্য আবশ্যক নয়।

ক. আহলুল ইজমা কারা? ১

খ. কুরআন-সুন্নাহ পরিপন্থি ইজমা অগ্রহণযোগ্য– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ড. শিহাব উল্লিখিত ইজমাটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত শ্রোতার বক্তব্যের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৮। ইসলামের প্রাথমিক যুগের এক মনীষী ছিলেন যিনি মাত্র দশ বছর বয়সে কুরআন আত্মস্থ করেন। পরবর্তীতে তিনি হাদিস ও ফিকহ চর্চায় আত্মনিয়োগ করেন। তার প্রতিষ্ঠিত মাযহাবে কুরআন হাদিসের প্রাধ্যান লক্ষ করা যায়। যুক্তিবাদীদের যুক্তির সীমা তিনি নির্ধারণ করে দেন। তিনি হাদিস ও ইজতিহাদের সমন্বয়ে তৃতীয় একটি ধারা উদ্ভাবন করেন। তিনি ২০৪ হিজরি সনে ইন্তিকাল করেন।


ক. ইমাম মালিক (রহ.) কোথায় জন্মগ্রহণ করেন? ১

খ. যুগের প্রয়োজনে ফিকহ শাস্ত্রের উদ্ভব– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত মনীষী কে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত মাযহাবের সাথে হানাফি মাযহাবের বৈসাদৃশ্য বিশ্লেষণ কর। ৪

৯।




ক. ইবাদত অর্থ কী? ১

খ. "সালাত অশালীন ও অন্যায় কাজ থেকে বিরত রাখে।" ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'X' চিহ্নিত করে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে a-এর সাথে b, c, d ও e-এর সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

১০। 'খ' নামক ব্যক্তি তার বন্ধু থেকে টাকা ধার নিয়ে পরে ফেরত দিতে অস্বীকার করে। অপরদিকে 'গ' নামক ব্যক্তি এলাকার মানুষকে অশ্লীলতায় অভ্যস্থ করে তোলে।


ক. خَلِيْلٌ শব্দের অর্থ কী? ১

খ. اَلْمُسْلِمُ اَخُو الْمُسْلِمِ ব্যাখ্য কর। ২

গ. 'খ' নামক ব্যক্তিকে পাঠ্যপুস্তকের আলোকে চিহ্নিত করে ব্যাখ্যা কর। ৩

ঘ. 'গ' নামক ব্যক্তির আচরণ সমাজে কী প্রভাব ফেলে? বিশ্লেষণ কর। ৪

১১।




ক. সিহাহ সিত্তাহ অর্থ কী? ১

খ. সাহাবাদের ইজমা শক্তিশালী– ব্যাখ্য কর। ২

গ. উদ্দীপকে 'ঙ' চিহ্নিত করে ব্যাখ্যা কর। ৩

ঘ. ইজমার হুকুমের সাথে উদ্দীপকের সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

## ১১ সিলেট সরকারি কলেজ

বিষয় কোড : 2 5 0

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। ধনাঢ্য ব্যবসায়ী আরিফ সাহেব গ্রামে আসলে নামাজ-কালাম পড়েন এবং দান-সাদকাহ করেন। অন্যদিকে তিনি তার ব্যবসায়ী বন্ধুদের সাথে ঢাকা শহরে থাকলে নামাজ-কালাম তো দূরের কথা আরও নানা প্রকার অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িয়ে পড়েন। তিনি তার বাল্যবন্ধু মালেককে বলেন, "সফলতা অর্জন করতে হলে আমার সাথে যোগ দাও।" মালেক বলল, "কেবল প্রাচুর্য ও বিলাসিতায় তো সফলতা নির্ভর করে না বরং সফলতাপ্রাপ্তি কিছু গুণাবলি অর্জনের ওপর নির্ভরশীল, যা পবিত্র কুরআনের সূরা বাকারার শুরুতে বর্ণিত আছে"। তাদের ব্যাপারে আল্লাহ তায়ালা বলেন, "যারা তাদের রবের পক্ষ থেকে সৎপথ প্রাপ্ত হয়েছে এবং তারা সফলকাম।"

ক. 'কুরআন' শব্দের অর্থ কী? ১
খ. "আল-কুরআন একটি পূর্ণাঙ্গ জীবন বিধান" বুঝিয়ে লেখ। ২
গ. আরিফের চরিত্র পবিত্র কুরআনের আলোকে বিশ্লেষণ কর। ৩
ঘ. মালেকের বক্তব্যের সাথে কি তুমি একমত? তোমার মতামতের পক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

২। জনাব সাদমান একজন ইসলামবিরোধী মানুষ। কিন্তু তিনি তা কখনো মুখে প্রকাশ করেন না। বরং নির্বাচন এলে তিনি মাথায় টুপি পরে মসজিদে যান এবং নিয়মিত সালাত আদায় করেন। নির্বাচন শেষ হয়ে গেলে তিনি আবার স্বরূপে ফিরে আসেন। ইসলাম বিদ্বেষীদের সাথে গোপনে হাত মিলিয়ে ইসলামপন্থিদের বিরুদ্ধে ষড়যন্ত্র করেন এবং বিভিন্ন মিথ্যা মামলা দিয়েও অভিযোগ সাজিয়ে তাদের পুলিশে ধরিয়ে দেন।

ক. মুত্তাকি শব্দের অর্থ কী? ১
খ. শানে নুযুল বলতে কী বোঝায়? ২
গ. জনাব সাদমানের কর্মকাণ্ড কাদের আচরণের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা দাও। ৩
ঘ. 'জনাব সাদমান কাফিরের চেয়েও জঘন্য।' — পবিত্র কুরআনের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩। জনাব রাশেদ ও সুমন দুজন ব্যবসায়ী। রাশেদ সদালাপী মানুষ। তিনি অদৃশ্যে বিশ্বাস করেন, নামাজ প্রতিষ্ঠা করেন ও যাকাত দেন। তিনি গভীরভাবে বিশ্বাস করেন জীবন-মৃত্যুর মালিক একমাত্র আল্লাহ তায়ালা। অপরপক্ষে সুমন ব্যবসায় ক্ষেত্রে ওজনে কম দেন। দ্রব্যে ভেজাল মিশিয়ে বিক্রি করেন। এলাকার মানুষের মাঝে বিশৃঙ্খলা ও প্রতিকূল পরিবেশ সৃষ্টির জন্য লোকজনকে প্রভাবিত করেন।

ক. কোন সূরায় গাভীর কাহিনি বর্ণনা করা হয়েছে? ১
খ. আল-কুরআনকে চিরন্তন ও শাশ্বত কিতাব বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত জনাব রাশেদের মধ্যে কাদের বৈশিষ্ট্য বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব সুমনের কর্মকাণ্ডের সামাজিক প্রভাব বিশ্লেষণ কর। ৪

৪। মিয়ানমারের রোহিঙ্গা মুসলিমদের ওপর অত্যাচার করার খবরে বাংলাদেশের মুসলিমরা সমবেত হয়ে প্রতিবাদ জানায়। সেখানে বক্তারা বলেন, মুসলিমরা একে অপরের ভাই। সে তার ভাইকে সুরক্ষা দেবে এবং প্রয়োজন পূরণ করবে। রাসুল (সা.) বলেন, "মুমিনগণ তাদের পারস্পরিক সহানুভূতি প্রদর্শনের ব্যাপারে একই দেহের মতো।"

ক. মুত্তাফাকুন আলাইহি অর্থ কী? ১
খ. 'দুজন ব্যতীত হিংসা নয়'— বুঝিয়ে লেখ। ২
গ. 'সকল মুসলিম ভাই ভাই'— উদ্দীপকের আলোকে লেখ। ৩
ঘ. উদ্দীপকের আলোকে মুমিনগণের পারস্পরিক সম্পর্ক কেমন হবে? ব্যাখ্যা কর। ৪

৫। জনাব বশির ও তারিফ একই মহল্লার অধিবাসী। তারিফ বশিরের সাথে সদ্ভাব বজায় রাখেন। বশির অসুস্থ হলে তাকে দেখতে যান। দেখা হলে সালাম দেন। তিনি মনে করেন বশির তারই দেহের একটি অংশ। অপরদিকে বশির তারিফের সাথে সৎ আচরণ করেন না বরং সুযোগ পেলেই তার ক্ষতি করার চেষ্টা করেন। একথা একজন মুহাদ্দিস জানতে পারলে, তিনি তাদেরকে মহানবি (সা.) এর নিম্নোক্ত হাদিসটি শোনান— "তুমি মুমিনদেরকে পারস্পরিক সহানুভূতি প্রদর্শনের দিক দিয়ে একই দেহের ন্যায় দেখতে পাবে।"

ক. আল-হাসাদ শব্দের অর্থ কী? ১
খ. "তোমরা ঋণ থেকে সাবধান হও। কেননা ঋণ রাতের দুশ্চিন্তা ও দিনের লাঞ্ছনার কারণ।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত জনাব তারিফের আচরণ কোন শিক্ষার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে জনাব বশিরের আচরণের সামাজিক প্রভাব বিশ্লেষণ কর। ৪

৬। সরকার একটি বিশেষ উদ্দেশ্যে সারা দেশে এক কোটি গাছ লাগানোর সিদ্ধান্ত নিয়েছে। এতে যেমন পরিবেশের ভারসাম্য রক্ষা হবে তেমনি বৃক্ষরোপণকারীরা সওয়াবেরও অংশীদার হবে। কেননা মানুষ বা পশুপাখি সেখান থেকে ফল খায় বা উপকৃত হয়। হাদিসের ভাষ্যমতে, এক শ্রেণির লোক কিয়ামতের দিন শহিদদের সাথে থাকবেন।

ক. মাজলুম অর্থ কী? ১
খ. 'সে যেন দেখে কার সাথে বন্ধুত্ব করছে।'— বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে সরকারের বৃক্ষরোপণ কর্মসূচিটি কোন ধরনের সওয়াবের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত হাদিসটির আলোকে কারা কিয়ামতের দিন শহিদদের সাথে থাকবেন? তাদের গুণাবলি বিশ্লেষণ কর। ৪

৭। জসিম তার বন্ধু নুমানের সাথে কথা প্রসঙ্গে বলেন যে, 'আমরা যে যা-ই করি না কেন প্রত্যেকটা বিষয়ে জবাবদিহি করতে হবে।' নুমান বললেন, 'এজন্য আমাদেরকে বৈধ উপায়ে উপার্জন করতে হবে কেননা সেটা ফরজের পরে ফরজ।'

ক. মতন কী? ১
খ. 'উপরের হাত নিচের হাত থেকে উত্তম'— ব্যাখ্যা কর। ২
গ. 'তোমরা প্রত্যেকেই দায়িত্বশীল'— উদ্দীপকের আলোকে বর্ণনা কর। ৩
ঘ. নুমানের উক্তিটি তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮। জসিম শান্ত প্রকৃতির ছেলে। একদা কতিপয় দুষ্টু ছেলে তাকে বেত দ্বারা মারপিট করে আহত করে। এ ঘটনা দেখে জনাব কাসিম দুষ্টু ছেলেদের অত্যাচার থেকে তাকে রক্ষা করে উভয়ের মাঝে সমঝোতার চেষ্টা করেন। অপরপক্ষে জসিমের বন্ধু আবিরের চরিত্র তাস খেলা, জুয়া খেলা, নারীদের উত্ত্যক্ত করাসহ অশ্লীলতায় ভরপুর। এজন্য অনেকেই তাকে এড়িয়ে চলে। মুফতি এনামুল হক বলেন, "ইসলামে অশ্লীলতার কোনো সুযোগ নেই। এজন্য তাকে শাস্তি পেতে হবে।"

ক. 'হাদিস' কী? ১
খ. 'যালিম ও মাযলুম' বলতে কী বোঝ? ২
গ. জনাব কাসিমের কর্মকাণ্ডে কোন হাদিসের শিক্ষার প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে আবিরের চরিত্রটি হাদিসের বিবেচনায় চিহ্নিতপূর্বক মুফতি এনামুলের উক্তিটি মূল্যায়ন কর। ৪

ঘ. উদ্দীপকে উল্লিখিত শিক্ষার্থীর মতো ব্যক্তিদের করণীয় তোমার বইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯। বুশরা ও সামিরা দুইজন দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী। তারা ইসলামের মৌলিক ইবাদতগুলো নিয়ে আলোচনা করছিল। বুশরা বলল, ইবাদতের শ্রেষ্ঠ রূপ হলো বান্দার পূতপবিত্র অবস্থায় একনিষ্ঠভাবে সুনির্দিষ্ট সময়ে আল্লাহর দরবারে আত্মসমর্পণ করা। এটি মুমিনের জন্য মিরাজস্বরূপ। তখন সামিরা বলল, ইসলাম আনুষ্ঠানিক ইবাদতের ব্যাপারেও যথেষ্ট গুরুত্ব দিয়েছে। যেমন— বান্দার আত্মশুদ্ধি, বিশ্বসাম্য ও ভ্রাতৃত্ব প্রতিষ্ঠা, আত্মত্যাগ ও আল্লাহর পথে অর্থ ব্যয়ের অভ্যাস। বহুমাত্রিক এ ইবাদত বিশ্বশান্তি, সংহতি ও বহু সংস্কৃতির বন্ধন। যার একমাত্র প্রতিদান কেবল জান্নাত।

ক. اَلْفَرْقُ بَيْنَ الْمُؤْمِنِ وَالْكَافِرِ تَرْكُ الصَّلٰوةِ (আল-ফারকু বাইনাল কুফরি ওয়াল ইমানি তারকুস সালাহ) হাদিসটির অর্থ লেখ। ১

খ. হাক্কুল ইবাদ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বুশরার বক্তব্যে কোন ইবাদতের প্রতি ইঙ্গিত করা হয়েছে? তার ধর্মীয় গুরুত্ব ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে সামিরার বক্তব্যে কী ফুটে উঠেছে? তার সামাজিক শিক্ষা বিশ্লেষণ কর। ৪

১০। আসলাম সাহেব নিয়মিত নির্দিষ্ট শর্ত ও আরকান আদায়ের মাধ্যমে একটি ইবাদত পালন করে থাকেন। তার এ ইবাদতের ব্যাপারে রাসুল (সা.) বলেন, مَنْ حَافَظَ عَلَيْهَا كَانَتْ لَهُ نُوْرًا وَّبُرْهَانًا। তার বড় ভাই হারুন সাহেব অগাধ ধনসম্পদের মালিক। তিনি অন্যান্য ইবাদত পালন করলেও সময় ও সম্পদ হিসাব করে কোনো অর্থ দরিদ্র ও অসহায়দের মাঝে বিলিয়ে দেন না।

ক. মাক্কি সূরা কাকে বলে? ১

খ. শরিয়ত ও তাসাউফর-এর সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. আসলাম সাহেবের আদায়কৃত ইবাদতটি মূলত ইসলামি শরিয়তের কোন ইবাদত? ব্যাখ্যা কর। ৩

ঘ. বড় ভাই হারুন যে ইবাদতটি আদায় করেন না তা চিহ্নিতপূর্বক এর পরিণতি বিশ্লেষণ কর। ৪

১১। আবরার একটি নির্দিষ্ট মাসে সুবহে সাদিকের পূর্বেই পানাহার সেরে মসজিদে গিয়ে ফজরের সালাত আদায় করেন। সারাদিন খাওয়া-দাওয়া থেকে বিরত থাকেন। দিন শেষে সূর্যাস্তের সঙ্গে সঙ্গে খাদ্য-পানীয় গ্রহণ করেন। বিষয়টি শুনে তার প্রতিবেশী সাদিক হোসেন বলেন, "এ কাজের সামাজিক গুরুত্ব অপরিসীম।"

ক. হজ (حَجٌّ) অর্থ কী? ১

খ. মৌলিক ইবাদাত বলতে কী বোঝ? ২

গ. আবরার এর কাজের মধ্যে ইসলামের কোন বিধানটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত সাদিক হোসেনের মন্তব্যটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

## ২০ ✔ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২

বিষয় কোড : 2 5 0

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। আল্লাহ : হে ফেরেশতাগণ, আমি পৃথিবীতে আমার প্রতিনিধি প্রেরণ করতে চাই। তোমরা কী বল?
ফেরেশতা : হে আল্লা, আপনি কি এমন কাউকে সৃষ্টি করবেন, যারা সেখানে বিপর্যয় সৃষ্টি করবে এবং রক্তপাত করবে? অথচ আমরাই আপনার প্রশংসা করছি এবং পবিত্রতা ঘোণা করছি।
আল্লাহ : আমি যা জানি তোমরা তা জান না।

ক. খলিফা শব্দের অর্থ কী? ১
খ. আল্লাহ তায়ালা কেন মানুষ সৃষ্টি করেছেন? ব্যাখ্যা কর। ২
গ. ফেরেশতাগণ কেন উপরিউক্ত মন্তব্য করলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. আল্লাহ তায়ালার ফেরেশতাদের অভিমত চাওয়ার পিছনে যে উদ্দেশ্য লুকায়িত রয়েছে তা বিশ্লেষণ কর। ৪

২। দ্বাদশ শ্রেণির ছাত্র মাহফুজ সহপাঠী হাবিবকে বলে, কিছু মানুষ আছে যাদের খারাপ কাজের পরিণতি বিষয়ে সতর্ক করা না করা একই কথা। তারা কখনো মন্দ কাজ ত্যাগ করবে না। তখন হাবিব বলে, সমাজে জঘন্য প্রকৃতির লোক তো তারাই, যারা বাহ্যত সমাজসেবা করে বেড়ায়; কিন্তু সুযোগ পেলেই গোপনে বিবাধ সৃষ্টির ইন্ধন যোগায়।

ক. هُمْ عَذَابٌ عَظِيْمٌ অর্থ কী? ১
খ. صُمٌّ بُكْمٌ عُمْىٌ فَهُمْ لَا يَرْجِعُوْنَ ব্যাখ্যা কর। ২
গ. মাহফুজের উল্লিখিত লোকদের সাথে পবিত্র কুরআনে বর্ণিত কোন শ্রেণির লোকদের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. হাবিবের বর্ণিত লোক কারা? আল-কুরআনের আলোকে তাদের পরিণতি বিশ্লেষণ কর। ৪

৩। বশির সাহেব একটি ভূমি অফিসে চাকরি করেন। মাসে যা পান তা দিয়ে অনেক কষ্টে সংসার চলে। স্থানীয় এক ধনী ব্যক্তি জমির খাজনা দিতে এসে দেখেন তার কাগজপত্রে কিছু অসুবিধা আছে। সে জন্য ওই ব্যক্তি বশির সাহেবকে অতিরিক্ত ১০ হাজার টাকা দিয়ে বলেন, আপনি আমার কাজটি করে দেন। বশির সাহেব তাতে রাজি না হয়ে বললেন, এটা আমার পক্ষে সম্ভব নয়। অপরদিকে, রুনা তার বান্ধবীদের সাথে অশ্লীল আচরণ করায় একে একে সকলে রুনাকে এড়িয়ে চলতে শুরু করে। ফলে ধীরে ধীরে রুনা একা হয়ে পড়ছে।

ক. 'মতন' শব্দের অর্থ কী? ১
খ. 'হাদিস হলো কুরআনের ব্যাখ্যা' – বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে উল্লিখিত বশির সাহেবের কর্মকাণ্ড হাদিসের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত রুনার আচরণের পরিণতি ও প্রভাব বিশ্লেষণ কর। ৪

৪। জনাব গনি মিঞার প্রচুর সম্পদ। তিনি তার সম্পদ গরিব-দুঃখীর মাঝে বিলিয়ে দেন। এটা দেখে সাহেব আলীও গণী মিঞার সাথে প্রতিযোগিতা করে সম্পদকে মাদ্রাসা, মসজিদ, সাঁকো তৈরিতে অকাতরে দান করেন। শফিক ও রফিক সহপাঠী। কাজকর্মে দুজনের মধ্যে বেশ সখ্য ভাব। একে অপরের দ্বারা প্রভাবিত হয়ে পরবর্তী জীবনেও তারা ঘনিষ্ঠভাব বজায় রেখে চলে। বিষয়টি দেখে মাওলানা আকবর বলেন, "শফিক ও রফিকের সখ্যভাব ইসলামি নিয়মে সঠিক আছে।"

ক. বেদউন শব্দের অর্থ কী? ১
খ. ঋণ হলো অভিশাপ– বুঝিয়ে লেখ। ২
গ. সাহেব আলীর কর্মকাণ্ডে যা প্রতিফলিত তা ব্যাখ্যা কর। ৩
ঘ. মাওলানা আকবার শফিক-রফিক সম্পর্কে যে মন্তব্য করেন তা হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫। ক ও খ ইজমা সম্পর্কে আলোচনা করতে গিয়ে একটা আপাত বিরোধী সমস্যার সম্মুখীন হয়। ক বলল, ব্যাপারটি ভালোভাবে বিশ্লেষণ করে আমরাইতো সিদ্ধান্ত নিতে পারি। জবাবে খ বলল, শরয়ি বিধানে সিদ্ধান্ত নিতে কতিপয় নিয়মনীতি অবলম্বন করতে হয়। আর এটা যে কেউ করতে পারে না।

ক. ইজমার অর্থ কী? ১
খ. শরীয়তে ইজমা স্থান সম্পর্কে যা জান লিখ। ২
গ. ক ও খ-এর আলোচিত বিষয়ে তুমি কোন নীতি অবলম্বন করবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "আপাত বিরোধী শরয়ি সমস্যা সমাধান যে কেউ করতে পারে না।"— এ উক্তির আলোকে ইজমাকারীর যোগ্যতা আলোচনা কর। ৪

৬। ড. শিহাব উদ্দীন এক সভায় বলেন, রাসুল (সা.)-এর ইন্তিকালের পর সকল প্রসিদ্ধ সাহাবার ঐকমত্যে হযরত আবু বকর (রা.) খলিফা নির্বাচিত হন। সুতরাং তাকে অস্বীকার করার কোনো উপায় নেই। তখন একজন শ্রোতা দাঁড়িয়ে বলে কুরআন-সুন্নাহর বাইরে কোনো কিছু অনুসরণ মুসলিম উম্মাহর জন্য আবশ্যক নয়।

ক. আহলুল ইজমা কারা? ১
খ. কুরআন-সুন্নাহ পরিপন্থি ইজমা অগ্রহণযোগ্য– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে ড. শিহাব উল্লিখিত ইজমাটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত শ্রোতার বক্তব্যের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৭। রাসুল (স.)-এর সময় ওহি নাজিল হতো। ফলে সাহাবিগণের মাঝে কোনো সমস্যা দেখা দিলে নবিজি (স.) নিজেই ওহির আলোকে সমাধান দিতেন। কিন্তু রাসুল (স.)-এর ইন্তেকালের পর মুসলমানরা কুরআন-হাদিসের ভিত্তিতে সমস্যার সমাধান করেন। এ পদ্ধতিতে ফিক্হশাস্ত্রের উদ্ভব হয়।

ক. ফিক্হশাস্ত্র কাকে বলে? ১
খ. 'মাযহাব' কখন উৎপত্তি লাভ করে? ২
গ. উদ্দীপকের বর্ণিত ঘটনার আলোকে ফিক্হশাস্ত্রের লক্ষ্য ও উদ্দেশ্য বর্ণনা কর। ৩
ঘ. ইসলামি বিধিবিধান পালনে ফিক্হশাস্ত্রের প্রয়োজনীয়তা কুরআন-হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮। মহানবি (সা.)-এর ইন্তেকালের পর খুলাফায়ে রাশেদিনের যুগে ইসলামের প্রসারের সাথে সাথে নতুন নতুন সমস্যা উদ্ভব হয়। সেগুলো কুরআন ও সুন্নাহর আলোকে সমাধান দেওয়ার জন্য সমসাময়িক যুগের মুজতাহিদগণ বিচক্ষণতার যে পরিচয় দিয়েছেন তা সত্যিই প্রশংসার যোগ্য।

ক. মাযহাব কয়টি? ১
খ. 'ফিকহশাস্ত্র' বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত নতুন নতুন সমাধান কীভাবে করেছেন, তার বর্ণনা দাও। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত মুজতাহিদ দ্বারা কাদের বুঝানো হয়েছে? যেকোনো একজনের ভূমিকা বিশ্লেষণ কর। ৪


৯। জনাব সাদিকুল ইসলাম একজন ব্যবসায়ী। বিভিন্ন উপায়ে তিনি প্রচুর অর্থসম্পত্তির মালিক হয়েছেন। তিনি নিয়মিত সালাত ও যাকাত আদায় করেন না, কিন্তু প্রতিবছর হজ পালন করেন। তিনি মনে করেন, "হাজিদেরকে আল্লাহ একজন সদ্যোজাত শিশুর মতো নিষ্পাপ করেন"। বিষয়টি তার বন্ধু মোক্তার আলি জানতে পেরে মন্তব্য করেন, "তোমার হজ শুদ্ধ হয়নি।"

ক. কোন জনগোষ্ঠীর ওপর হজ ফরজ নয়? ১
খ. "হাজিদের সম্মান ও মর্যাদা অনেক বেশি" –বিষয়টি বুঝিয়ে লেখ। ২
গ. সাদিকুল ইসলামের মনোভাব শরিয়তের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. সাদিকুল ইসলামের হজ পালন সম্পর্কে মোক্তার আলির বক্তব্যের যথার্থতা নির্ণয় কর। ৪

১০। শিক্ষার্থীরা মাঠে ক্রিকেট খেলছিল। সূর্য ডুবলে মাগরিবের নামাজের আযান শোনামাত্র শরীরচর্চা শিক্ষক খেলা সমাপ্ত ঘোষণা করেন। শিক্ষার্থীদের অনেকে মসজিদে গিয়ে নামাজ পড়লেও দু-চার জন নামাজে না গিয়ে অশ্লীল গল্প করে সময় নষ্ট করে। নামাজ শেষে শরীরচর্চা শিক্ষক তাদের উদ্দেশ্যে বলেন, اِنَّ الصَّلٰوةَ تَنْهٰى عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ

ক. সালাত অর্থ কী? ১
খ. জামাআতে সালাত আদায়ের একটি ফজিলত ব্যাখ্যা কর। ২
গ. শরীরচর্চা শিক্ষক কীভাবে সকলকে নামাজের জামাআতে আনতে উদ্বুদ্ধ করতে পারতেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আয়াতটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

১১। 




ক. ইবাদত অর্থ কী? ১
খ. "সালাত অশালীন ও অন্যায় কাজ থেকে বিরত রাখে।" ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'X' চিহ্নিত করে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে a-এর সাথে b, c, d ও e-এর সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

# ২১ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩

বিষয় কোড : 2 5 0

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র ▾ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। সকল মানুষ

| ক-অংশ<br>মানুষের বৈশিষ্ট্য | খ-অংশ<br>মানুষের বৈশিষ্ট্য |
|---|---|
| ১. অদৃশ্যে বিশ্বাস করে | ১. এরা ইমানদারদের ধোঁকা দেয় |
| ২. নামাজ প্রতিষ্ঠা করে | ২. এদের অন্তরে ব্যাধি রয়েছে |
| ৩. দান-সদকা করে | ৩. পৃথিবীতে বিশৃঙ্খলা সৃষ্টি করে |
| ৪. আসমানি কিতাবে বিশ্বাস করে | ৪. শয়তানের সাথে নিভৃতে মিলিত হয় |
| ৫. পরকালে দৃঢ় বিশ্বাস রাখে। | ৫. এরা পথভ্রষ্টতা ক্রয় করেছে। |

ক. কুরআন মাজিদের সর্ববৃহৎ সূরা কোনটি? ১
খ. "আদর্শ জীবন গঠনে আল-কুরআনের ভূমিকা অনস্বীকার্য"– ব্যাখ্যা কর। ২
গ. 'ক' অংশে বর্ণিত বৈশিষ্ট্যের অধিকারী মানুষের পরিচয় কী? আল-কুরআনের আলোকে বর্ণনা কর। ৩
ঘ. 'খ' অংশে বর্ণিত বৈশিষ্ট্যের অধিকারী মানুষের পরিচয় দাও। সূরা বাকারার আলোকে এদের চরিত্রের বিশ্লেষণ কর। ৪

২। জনাব কবির উদ্দিন একটি এলাকার জমিদারী পান। তিনি এলাকায় একজন প্রতিনিধি নিয়োগ করতে চান। তখন এলাকাবাসী বিভিন্ন অজুহাত উত্থাপন করে বলেন, তিনি ও তার বংশধররা এলাকায় অরাজকতা ও বিশৃঙ্খলা সৃষ্টি করতে পারেন। অপরদিকে, জনাব রহমত উল্লাহ বলেন, মহান আল্লাহ একজন নবিকে সৃষ্টির পর জান্নাতে অবস্থান করতে দেন এবং একটি ভুলের কারণে তাঁকে আবার জান্নাত থেকে বের করে দেন। পরে আবার তাঁর অপরাধ মুক্তির ব্যবস্থা করেন।
ক. খলিফা শব্দের অর্থ কী? ১
খ. পবিত্র আল-কুরআনকে পূর্ণাঙ্গ জীবন বিধান বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত এলাকাবাসীর ঘটনাটি পবিত্র কুরআনের কোন ঘটনার সাথে সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব রহমত উল্লাহর বক্তব্যে উল্লিখিত নবি কে ছিলেন? তাঁর মুক্তি পাওয়ার বিষয়টি বিস্তারিত আলোচনা কর। ৪

৩। রাজিব রহমান দইয়ের হাঁড়ি নিয়ে বাসার ফেরার পথে এক ব্যক্তি ধাক্কায় দই মাটিতে পড়ে যায়। রাজিব ঐ ব্যক্তিকে কিছু না বলেই বাড়ি ফিরলে তার স্ত্রী রেহেনা আক্তার বলে, এভাবে চলে আসা কাপুরুষের কাজ। আর যে ধাক্কা দিয়ে দই ভাঙল সে তো ইতর ও দুষ্ট প্রকৃতির লোক। তখন রাজিব রহমান তাকে বাধা দিয়ে বলে–
لَيْسَ الشَّدِيْدُ بِالصُّرَعَةِ اِنَّمَا الشَّدِيْدُ الَّذِىْ يَمْلِكُ نَفْسَهُ عِنْدَ الْغَضَبِ.
ক. হাদিসের দৃষ্টিতে মুনাফিক কারা? ১
খ. اَلْكِذْبُ يَهْدِىْ اِلَى الْفُجُوْرِ ব্যাখ্যা কর। ২
গ. لَيْسَ الْمُؤْمِنُ بِالطَّعَّانِ وَلَا بِاللَّعَّانِ হাদিসের আলোকে রেহেনা আক্তারের আচরণ চিহ্নিত করে ব্যাখ্যা কর। ৩
ঘ. রাজিব রহমানের কর্মকাণ্ডের সাথে এরূপ হাদিস উদ্ধৃতির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৪। অধ্যাপক আব্দুস সালাম শ্রেণিকক্ষে বলেন, রাসুল (সা.)-এর কথা, কাজ ও মৌন সম্মতি ইসলামি আইনশাস্ত্রের উৎস হিসেবে বিবেচিত হয়। উক্ত শাস্ত্রটি রাসুল (সা.)-এর জীবদ্দশায় কোথাও লিখে রাখা হয়নি। তাঁর ওফাতের পরে বিষয়টি সংগ্রহ ও একত্রকরণের কাজটি চলতে থাকে।
ক. সনদ কাকে বলে? ১
খ. তোমরা মিথ্যা হতে সতর্ক থাকো– বিষয়টি বুঝিয়ে লেখ। ২
গ. অধ্যাপক আব্দুস সালামের উক্তিটিতে কোন শাস্ত্রের ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের শেষ বাক্যটি তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫ ▸ হাজরানাত অঞ্চলের অপরাধীরা ভিন্ন কৌশলে কর্ম চালিয়ে যাচ্ছে। বর্তমান আইনে তাদের অপরাধের শাস্তির সুস্পষ্ট বিধান না থাকায় প্রশাসক সমস্যায় পড়েন। এজন্য তিনি কতিপয় বিশিষ্ট ইসলামি আইন বিশেষজ্ঞদের এক সভায় একত্রিত করেন। তারা বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করেন এবং নতুন অপরাধের শাস্তি নির্ধারণ করে এ বিষয়ে ঐকমত্য পোষণ করে বিধান প্রণয়ন করেন।
ক. হাদিস কাকে বলে? ১
খ. পবিত্র কুরআন ও হাদিসের পার্থক্য ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে আইন প্রণয়নের এ কর্মপন্থা ইসলামি শরিয়তের কোন শাস্ত্রের আওতায় পড়ে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে প্রণীত বিধানটি চিহ্নিতপূর্বক শরিয়তে এর গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৬ ▸ রাসুল (সা.)-এর ওফাতের পরে নতুন নতুন কিছু সমস্যা দেখা দেয়। খলিফা নির্বাচনের ক্ষেত্রেও সমস্যা দেখা দিলে সাহাবারা এক সাথে বসে বিশেষ পদ্ধতিতে আবু বকর (রা.)-কে খলিফা নির্বাচনে একমত হন। এরকম অন্যান্য ক্ষেত্রেও সমস্যা দেখা দিলে প্রধান প্রধান সাহাবিদের মতামত নিয়ে তা সমাধান করা হতো। সাহাবি পরবর্তী তাবেঈনের যুগেও এ পদ্ধতি অনুসরণ করা হয়। এ পদ্ধতিতে সমস্যা সমাধানকারীদের বেশ কিছু যোগ্যতা থাকা অপরিহার্য।
ক. ইসলামি আইনের উৎস কয়টি? ১
খ. ইজমার আহল বলতে কী বোঝ? ২
গ. ব্যবহারিক জীবনে উদ্দীপকের বর্ণিত বিশেষ পদ্ধতিটির প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের শেষ বাক্যটি বিশ্লেষণ কর। ৪

৭ ▸ মাওলানা আবুল আহসান ইসলামি আইন শাস্ত্র নিয়ে গবেষণা করেন। তিনি গভীর পর্যবেক্ষণে দেখেন, এতে প্রধান ৪ (চার)টি মত বা পথের সৃষ্টি হয়েছে। আর ৪টি মতের প্রধান প্রবক্তা হিসেবে ৪ জন ইমাম খ্যাতি অর্জন করেন। তন্মধ্যে একজন হিজরি ৮০ সনে কুফায় জন্মগ্রহণ করেন। তাকে ইমামে আজম বলা হয়ে থাকে।
ক. আল-ফিকহ শব্দের অর্থ কী? ১
খ. মাযহাব বলতে কী বোঝ? ২
গ. মাওলানা আবুল আহসান গভীর পর্যবেক্ষণে কী খুঁজে পেয়েছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. ইমামে আজম বলা হয় কাকে? এর অবদান উল্লেখপূর্বক সংক্ষিপ্ত জীবনী লেখ। ৪

৮ ▸ ইসলামের প্রাথমিক যুগের এক মনীষী ছিলেন যিনি মাত্র দশ বছর বয়সে কুরআন আত্মস্থ করেন। পরবর্তীতে তিনি হাদিস ও ফিকহ চর্চায় আত্মনিয়োগ করেন। তার প্রতিষ্ঠিত মাযহাবে কুরআন হাদিসের প্রাধান্য লক্ষ করা যায়। যুক্তিবাদীদের যুক্তির সীমা তিনি নির্ধারণ করে দেন। তিনি হাদিস ও ইজতিহাদের সমন্বয়ে তৃতীয় একটি ধারা উদ্ভাবন করেন। তিনি ২০৪ হিজরি সনে ইন্তিকাল করেন।
ক. ইমাম মালিক (রহ.) কোথায় জন্মগ্রহণ করেন? ১
খ. যুগের প্রয়োজনে ফিকহ শাস্ত্রের উদ্ভব– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত মনীষী কে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত মাযহাবের সাথে হানাফি মাযহাবের বৈসাদৃশ্য বিশ্লেষণ কর। ৪

৯ ▸ আরমান সাহেব ৫ লক্ষ টাকা ব্যাংকে জমা রেখে মারা যান। তার একমাত্র ছেলে তানযিল কৌশলে উক্ত টাকা ব্যাংক থেকে উত্তোলন করে। সে মা ও একমাত্র বোন তাহমিনাকে না জানিয়ে ওই টাকা দিয়ে পবিত্র মক্কায় গিয়ে একটি ফরজ ইবাদত সম্পন্ন করে আসল। বিষয়টি জানাজানি হওয়ার পর ভাই-বোনের মধ্যে মনোমালিন্য ও বাদানুবাদ সৃষ্টি হলো। তাদের মা তাদেরকে কোনো রকম নিবৃত্ত করতে পারলেও একপর্যায়ে তাহমিনা বলল, "আমাদের হক নষ্ট করে তুমি যে ইবাদাত করেছ আল্লাহ তা কবুল করবেন না।"
ক. ইবাদত অর্থ কী? ১
খ. "যাকাত সম্পদের প্রবৃদ্ধি ঘটায়।" বুঝিয়ে লেখ। ২
গ. শরিয়তের বিধান মতে তানযিলের কাজটির হুকুম বর্ণনা কর। ৩
ঘ. তাহমিনার বক্তব্যের সাথে তুমি কি একমত? তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

১০ ▸ জনাব আলমগীর হোসাইন একজন সম্পদশালী ব্যক্তি। তিনি একটি মৌলিক ইবাদত পালনের উদ্দেশ্য সস্ত্রীক একটি বিশেষ দেশে গমন করেন। ইবাদত শেষে দেশে ফিরলে তার প্রতিবেশী জনাব রশিদ বলেন, "এ ইবাদতে আর্থিক ও আত্মিক ত্যাগের শিক্ষাও রয়েছে"।
ক. 'ইবাদত' কী? ১
খ. 'মৌলিক ইবাদত' বলতে কী বোঝায়? ২
গ. জনাব আলমগীর হোসাইন যে ইবাদত পালন করেছেন তার আন্তর্জাতিক গুরুত্ব ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব রশিদের মন্তব্যটি পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১ ▸ মারজিয়া ও জান্নাত দ্বাদশ শ্রেণির ছাত্রী। তারা ইসলামের মৌলিক ইবাদতগুলো নিয়ে আলোচনা করছিল। মারজিয়া বলল, ইবাদতের শ্রেষ্ঠরূপ হলো বান্দার পূত-পবিত্র অবস্থায় একনিষ্ঠভাবে নির্দিষ্ট সময়ে আল্লাহর দরবারে আত্মসমর্পণ করা। এটাকে মুমিনদের জন্য মিরাজস্বরূপ বলা হয়েছে। জান্নাত বলল, ইসলাম আনুষ্ঠানিক ইবাদতের ব্যাপারেও গুরুত্ব দিয়েছে। যেমন– বান্দার আত্মশুদ্ধি, বিশ্বসাম্য ও ভ্রাতৃত্ব প্রতিষ্ঠা, আত্মত্যাগ ও আল্লাহর পথে অর্থ ব্যয়ের অভ্যাস। বহুমাত্রিক এ ইবাদত বিশ্বশান্তি, সংহতি ও বহুসংস্কৃতির বন্ধন।
ক. 'নিসাব' কী? ১
খ. 'রোযা ঢালস্বরূপ'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মারজিয়ার বক্তব্যে কোন ইবাদতের প্রতি ইঙ্গিত করা হয়েছে? তার ধর্মীয় গুরুত্ব লেখ। ৩
ঘ. উদ্দীপকে জান্নাতের বক্তব্যে যে ইবাদতের ইঙ্গিত করা হয়েছে তার ধর্মীয় ও সামাজিক শিক্ষা বিশ্লেষণ কর। ৪

## ২২ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪

বিষয় কোড : 2 5 0

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। সর্বশেষ আসমানি কিতাবে এমন একটি বিষয়ের চ্যালেঞ্জ করা হয়েছে, যা আজ পর্যন্ত কেউ মোকাবিলা করতে সক্ষম হয়নি। আল্লাহ তায়ালা একদল অনুগত নিষ্পাপ সৃষ্টির নিকট একটি বিশেষ জাতি সৃষ্টির বিষয়টি উত্থাপন করেন। তারা আল্লাহর তায়ালার ইচ্ছার সাথে একমত হলেন না।

ক. কোন মাসে কুরআন নাযিল হয়েছে? ১
খ. হরফে মুকাত্তায়াত বলতে কী বোঝ? ২
গ. সর্বশেষ আসমানি কিতাবে কোন বিষয়ের চ্যালেঞ্জ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. আল্লাহ তায়ালা কোন বিশেষ জাতি সৃষ্টির বিষয়টি উত্থাপন করেন? বিশ্লেষণ কর। ৪

২। মহান আল্লাহ মানবজাতির পথ প্রদর্শনের জন্য পবিত্র আল-কুরআন অবতীর্ণ করেন। এ গ্রন্থের প্রথমে এমন একদল মানুষ সম্পর্কে বলা হয়েছে, যারা কুরআনের কথা শুনেও না শোনার ভান করে যেন তাদের অন্তরে ও শ্রবণযন্ত্রে সীলগালা করা হয়েছে। অপর একটি দল সম্পর্কে বলা হয়েছে, যারা মুখে ইমানের কথা বলে অথচ তারা নিজেদের বন্ধুদের সাথে মিলিত হলে বলে আমরাতো মুমিনদের সাথে তামাশা করি মাত্র।

ক. বাকারা শব্দের অর্থ কী? ১
খ. 'অদৃশ্যে বিশ্বাস' বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লেখিত প্রথম ব্যক্তি কারা? তাদের বৈশিষ্ট্য ও পরিণতি উল্লেখ কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ২য় দলটির আচরণে সমাজে কীরূপ প্রভাব পড়বে? বিস্তারিত লেখ। ৪

৩। নুরপুর গ্রামের মাঝ দিয়ে সরকার একটি নতুন রাস্তা করেছে। গ্রামের বাসিন্দা জসিম রাস্তার দুই পাশে বিভিন্ন ফলের গাছ, ছায়াদানকারী গাছ রোপণ করে। সে মনে করে, এতে বিভিন্ন পশুপাখি ও মানুষ উপকৃত হবে এবং তাতে সে সওয়াব পাবে। অপরদিকে হাদিসে উল্লেখ করা হয়েছে— সত্যবাদী মুসলিম, বিশ্বস্ত ব্যবসায়ী কিয়ামতের দিবসে শহিদদের সঙ্গী হবেন।

ক. মুনাফিকের নিদর্শন কয়টি? ১
খ. 'দুই ব্যক্তি সম্পর্কে হিংসা করা বৈধ' — ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত জসিমের বৃক্ষরোপণের মাধ্যমে কোন ধরনের সওয়াব হবে? বুঝিয়ে লেখ। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যবসায়ী কেন শহিদদের সঙ্গী হবেন? বিস্তারিত বিশ্লেষণ কর। ৪

৪। প্রতিবছর বর্ষা মৌসুমে নগর ভবনে বৃক্ষমেলা হয়। জনাব শহিদ উক্ত মেলা থেকে দুই হাজার ফলদ, বনজ ও ঔষধি গাছ ক্রয় করে রাস্তার দুই পাশে সেগুলো রোপণ করেন। অন্যদিকে, তার বন্ধু জনাব জাহিদ চিকন চালের সাথে মোটা চাল মিশিয়ে অধিক মুনাফা অর্জন করেন। বিষয়টি জেনে মাওলানা কেরামত বলেন, "এজন্য তাকে পরকালে কঠিন শাস্তি ভোগ করতে হবে।"

ক. 'রাবি' শব্দের অর্থ কী? ১
খ. ইসলামি ভ্রাতৃত্ব বলতে কী বোঝায়? ২
গ. জনাব শহিদের কাজে কোন হাদিসের শিক্ষার প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জাহিদের কর্মটি চিহ্নিতপূর্বক মাওলানা কেরামতের মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

৫। কুণ্ডের চর ইউপি নির্বাচনে দলীয় প্রার্থী নির্বাচনের লক্ষ্যে দেশপ্রেমিক পার্টি 'প্রার্থী বাছাই সভার' আহ্বান করে। এতে কুণ্ডের চর ইউনিয়নের ৮৭ জন সদস্য উপস্থিত হয়। অত্র ইউনিয়নের প্রার্থী হিসেবে মো. আক্তার হোসেনের নাম প্রস্তাব করা হলে ৫০ জন সদস্য তাকে সরাসরি সমর্থন দেয়। ৩০ জন সদস্য তার বিরোধিতা করে এবং ৭ জন সদস্য নীরব থাকে। অবশেষে মো. আক্তার হোসেনকে দলীয় প্রার্থী হিসেবে মনোনয়ন দেওয়া হয়।

ক. ইজমা কত প্রকার ও কী কী? ১
খ. ইজমায়ে সুকুতি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে মো. আক্তার হোসেনের প্রতি সমর্থন ও নিরবতা ইসলামি শরিয়ায় কোন উৎসের সাথে সামঞ্জস্যশীল? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের বিষয়টি ইসলামি শরিয়তের যে উৎসের সাথে সম্পর্কযুক্ত, সেটি কীভাবে শরিয়তের দলিল হতে পারে? বিশ্লেষণ কর। ৪

৬। প্রদত্ত ছকের আলোকে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

ইসলামি শরিয়ত
↓
১. আল-কুরআন | ২. আল-হাদিস | ৩. ? | ৪. আল-কিয়াস

ক. 'রুখসাত' শব্দের অর্থ কী? ১
খ. فَاعْتَبِرُوا يَا أُولِي الْأَبْصَارِ আয়াতের মর্মার্থ লেখ। ২
গ. উদ্দীপকে ৩য় ঘরে কী বসবে? তোমার বইয়ের আলোকে এর পরিচয় ও গুরুত্ব লেখ। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ২য় ঘরের বিষয়টি উদাহরণসহ তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৭। নাঈম সাহেব সালাত আদায় করতে গিয়ে ভুল করেন। এই ভুলের সঠিক সমাধান পেতে তিনি কুরআন-হাদিস তালাস করেন। তার বন্ধু আবু তাহের সাহেব এ দৃশ্য দেখে বলেন, "কুরআন-হাদিসের গবেষণালব্ধ সমাধান রয়েছে একটি বিশেষ ইলমে। সেখানেই এর সমাধান পাবে।" তিনি আরও যোগ করেন, "এই বিশেষ ইলম নবি (সা.)-এর যুগে সূচিত হয়ে সাহাবাদের যুগে বিকাশ লাভ করে তাবেঈনদের যুগে অনেকটা পূর্ণতা পায়।"

ক. ইমাম শাফেয়ী (র.) কোথায় জন্মগ্রহণ করেন? ১
খ. ফিক্হশাস্ত্রের মৌল উৎস কয়টি ও কী কী? ২
গ. আবু তাহের বিশেষ ইলম দ্বারা কোন ইলম এর ইঙ্গিত করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. আবু তাহেরের শেষোক্তটি বিশ্লেষণ কর। ৪

৮। রাসুলুল্লাহ (সা.)-এর ইন্তেকালের পর খুলাফায়ে রাশেদার যুগে ইসলাম বিশ্বব্যাপী ছড়িয়ে পড়ে। হযরত উমর (রা.)-এর শাসনামলে গোটা পৃথিবীর অর্ধেক ইসলামের পতাকাতলে আসে। উমাইয়া আমলে এর ধারাবাহিকতা অব্যাহত থাকে। বিশ্বব্যাপী ইসলামের বিস্তৃতিতে অনেক নতুন নতুন সমস্যার উদ্ভব হয়। যার সমাধান পবিত্র কুরআন ও হাদিস হতে সরাসরি পাওয়া যায়নি। এমতাবস্থায় এসব সমস্যা সমাধানের লক্ষ্যে ফিক্হশাস্ত্রের উদ্ভব হয়। আর এতে ইমাম আবু হানিফা (র.)-এক নয়া দিগন্তের সূচনা করেন।

ক. কে সর্বপ্রথম 'ফিক্হ সম্পাদনা পরিষদ' গঠন করেন? ১
খ. মাযহাব বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি সংকলনের প্রয়োজনীয়তা— ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীকের ইমাম যে দিগন্তের সূচনা করেন তার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৯। আল-আমিন কাপড়ের ব্যবসায়ী। ঈদুল ফিতরকে কেন্দ্র করে দোকানের জন্য প্রয়োজনীয় কাপড় কিনতে সে ঢাকার ইসলামপুরে যায়। সে লক্ষ করল, অনেক দোকানে ছোট্ট ব্যানারে লেখা রয়েছে "এখানে যাকাতের কাপড় পাওয়া যায়"। অন্যত্র সে দেখল লেখা রয়েছে- "এখানে যাকাতের কাপড়ের অর্ডার নেওয়া হয়।" বিষয়টি আল-আমিনকে মর্মাহত করল।

ক. যাকাত শব্দের অর্থ কী? ১
খ. 'ইসলামি অর্থব্যবস্থা যাকাতভিত্তিক'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আল-আমিন কী কারণে মর্মাহত হলো? ব্যাখ্যা কর। ৩
ঘ. "এখানে যাকাতের কাপড় পাওয়া যায়"– কথাটি বিশ্লেষণ কর। ৪

১০। জনাব আজিজুল ইসলাম একজন ব্যবসায়ী। বিভিন্ন উপায়ে তিনি প্রচুর অর্থসম্পত্তির মালিক হয়েছেন। তিনি নিয়মিত সালাত ও যাকাত আদায় করেন না, কিন্তু প্রতিবছর হজ পালন করেন। তিনি মনে করেন, "হাজিদেরকে আল্লাহ একজন সদ্যোজাত শিশুর মতো নিষ্পাপ করেন"। বিষয়টি তার বন্ধু মোক্তার আলি জানতে পেরে মন্তব্য করেন, "তোমার হজ শুদ্ধ হয়নি।"

ক. কোন জনগোষ্ঠীর ওপর হজ ফরজ নয়? ১
খ. "হাজিদের সম্মান ও মর্যাদা অনেক বেশি" —বিষয়টি বুঝিয়ে লেখ। ২
গ. সাদিকুল ইসলামের মনোভাব শরিয়তের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. আজিজুল ইসলামের হজ পালন সম্পর্কে মোক্তার আলির বক্তব্যের যথার্থতা নির্ণয় কর। ৪

১১। মহান আল্লাহ মুসলিম জাতির ওপর বছরে ১ মাস একটি ইবাদত ফরজ করেছেন। এর মাধ্যমে বিশেষ করে দরিদ্র জনগোষ্ঠীর জীবনযাপন সম্পর্কে ধনীদের মধ্যে চেতনাবোধ জাগ্রত হয়।

ক. মৌলিক ইবাদত কী কী? ১
খ. 'হাক্কুল ইবাদ' বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত ফরজ ইবাদত কী? এর গুরুত্ব ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ইবাদতের শিক্ষা নিয়ে দরিদ্র জনগোষ্ঠীর প্রতি আমাদের কী করা উচিত? বিস্তারিত লেখ। ৪

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ২৩ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০১

বিষয় কোড : 2 5 0

### ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট | পূর্ণমান—৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. রাবিদের নামের ধারাবাহিকতাকে কী বলা হয়?**
ⓚ মত ⓚh সনদ
ⓖ রিওয়ায়াত ⓖh দিরায়াত

**২. রাসুল (সা.)-এর কথা, কাজ ও বাণী—**
i. হাদিস হিসেবে পরিচিত
ii. শরিয়তের ২য় উৎস হিসেবে গণ্য
iii. কুরআনের তাফসির হিসেবে অভিহিত
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**৩. ইজমার স্তর কয়টি?**
ⓚ ২টি ⓚh ৪টি
ⓖ ৫টি ⓖh ৭টি

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
আধ্যাত্মিক নেতা আব্দুর রহিম উপস্থিত শ্রোতাকে লক্ষ্য করে বললেন, কখনই অন্যের মুখাপেক্ষী হবেন না, তাহলে আল্লাহ আপনাকে অভাবমুক্ত রাখবেন ও আপনার সকল অভাব দূর করে দিবেন।

**৪. আব্দুর রহিমের বক্তব্যে কার বাণীর শিক্ষা প্রচারিত হচ্ছে?**
ⓚ হযরত মুসা (আ.)
ⓚh হযরত ইবরাহিম (আ.)
ⓖ হযরত সুলাইমান (আ.)
ⓖh হযরত মুহাম্মদ (সা.)

**৫. উক্ত ব্যক্তির বক্তব্যের তাৎপর্য হলো—**
i. অন্যের সাহায্য চাওয়া অনুচিত
ii. আল্লাহ মানুষকে সচ্ছলতা দান করে না
iii. দান করা উত্তম
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**৬. ফিক্হ শব্দের অর্থ কী?**
ⓚ বুঝতে পারা ⓚh বন্ধ করা
ⓖ সংকল্প করা ⓖh জ্ঞান চর্চা করা

**৭. خَلِيفَةٌ শব্দের অর্থ কী?**
ⓚ মানুষ ⓚh প্রতিনিধি
ⓖ রাজা ⓖh রাষ্ট্রনায়ক

**৮. ইমাম আবু হানিফা কত হিজরিতে জন্মগ্রহণ করেন?**
ⓚ ৮০ ⓚh ৯৩
ⓖ ১৫০ ⓖh ১৬৪

**৯. অহি শব্দের অর্থ কী?**
ⓚ ঘোষণা করা ⓚh হৃদয়ঙ্গম করা
ⓖ কালাম ⓖh প্রত্যাদেশ

**১০. মৌলিক ইবাদত কতটি?**
ⓚ ৪টি ⓚh ৫টি
ⓖ ৬টি ⓖh ৭টি

**১১. কোন সূরাকে 'সানামুল কুরআন' বলা হয়?**
ⓚ সূরা ফাতিহাকে ⓚh সূরা বাকারাকে
ⓖ সূরা ইয়াসিনকে ⓖh সূরা রাহমানকে

**১২. মৌলিক ইবাদতগুলোর মাধ্যমে—**
i. নৈতিক চরিত্র ভালো হয়
ii. ধনী হওয়া যায়
iii. আল্লাহর প্রেম অর্জিত হয়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**১৩. ইসলামের বাহ্যিক দিক কোনটি?**
ⓚ হাকিকাত ⓚh শরিয়ত
ⓖ মারফত ⓖh তাসাউফ

**১৪. ওহি নাযিল শুরু হওয়ার পর কত বছর রাসুল (সা.)-এর নিকট ওহি আসা বন্ধ ছিল?**
ⓚ ২ বছর ⓚh ৩ বছর
ⓖ ৪ বছর ⓖh ৫ বছর

**১৫. কোন খলিফা যাকাত অস্বীকারকারীদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন?**
ⓚ আবু বকর (রা.) ⓚh উমর (রা.)
ⓖ উসমান (রা.) ⓖh আলী (রা.)

**১৬. মুনাফিকের প্রতারণাপূর্ণ কাজের মূল লক্ষ্য হলো—**
i. আল্লাহর সাথে প্রতারণা করা
ii. মুসলিমদের সাথে প্রতারণা করা
iii. মুমিনদের ইমানের পরীক্ষা নেওয়া
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**১৭. যাকাত শব্দের অর্থ কী?**
ⓚ পরহেজগারিতা ⓚh সংকল্প করা
ⓖ যুদ্ধ করা ⓖh বৃদ্ধিকরণ

**১৮. ইমাম মুসলিম কত হিজরিতে জন্মগ্রহণ করেন?**
ⓚ ১৯৪ ⓚh ২০৪
ⓖ ২১৫ ⓖh ২১৬

**১৯. আল্লাহর কিতাবের পর সর্বাধিক সহীহ গ্রন্থ কী?**
ⓚ নাসায়ি শরীফ ⓚh মুয়াত্তা শরীফ
ⓖ বুখারি শরীফ ⓖh মুসলিম শরীফ

**২০. মাক্কি সূরার সংখ্যা কতটি?**
ⓚ ২৮টি ⓚh ৭৬টি
ⓖ ৮৬টি ⓖh ১১৪টি

**২১. মূসা (আ.) কত দিন তুর পর্বতে অবস্থান করেন?**
ⓚ ২০ দিন ⓚh ৩০ দিন
ⓖ ৩৫ দিন ⓖh ৪০ দিন

**২২. হাদিস মূলত কুরআন মাজিদের—**
i. পরিপূরক
ii. ব্যাখ্যা বিশ্লেষণ
iii. সম্প্রসারিত গ্রন্থ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh ii ও iii
ⓖ i ও iii ⓖh i, ii ও iii

**২৩. সুন্নাহ শব্দের অর্থ কী?**
ⓚ রীতিনীতি ⓚh বিশেষ নীতি
ⓖ কার্যপ্রণালি ⓖh পদ্ধতি

**২৪. ইসলামে স্থান নেই—**
i. সংকীর্ণতার
ii. গোঁড়ামির
iii. উদারতার
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**২৫. মানুষ কার জীবনাদর্শে সবচেয়ে বেশি প্রভাবিত হয়?**
ⓚ শিক্ষকের ⓚh পিতামাতার
ⓖ বন্ধুর ⓖh গুরুজনের

**২৬. দৃষ্টিশক্তিতে পর্দা পড়ার দ্বারা কোন দিকটি ফুটে উঠে?**
ⓚ চোখ অন্ধ হয়ে যাওয়া
ⓚh ভালো দেখার নৈতিক চরিত্র হারিয়ে ফেলা
ⓖ চোখ রোগাক্রান্ত হওয়া
ⓖh চোখের উপর বাস্তবিকই আবরণ দেওয়া

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
৬০৯ খ্রিষ্টাব্দে মহানবি হযরত মুহাম্মদ (সা.) মক্কার একটি পাহাড়ের গুহায় ধ্যানমগ্ন ছিলেন। এমতাবস্থায় পবিত্র কুরআন মাজিদ নাজিল শুরু হয়।

**২৭. তিনি কোন গুহায় ধ্যানমগ্ন ছিলেন?**
ⓚ গারে সুর ⓚh গারে হেরা
ⓖ জাবালে নুর ⓖh তুর পর্বতে

**২৮. উক্ত গুহায় কোন সূরা নাজিল হয়?**
i. সূরা আলাক
ii. সূরা বাকারা
iii. সূরা ফাতিহা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚh i ও ii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**২৯. মহানবি (সা.)-এর সচিবালয় ছিল—**
ⓚ মসজিদে কুবা ⓚh মসজিদে নববি
ⓖ হেরা গুহা ⓖh তুরে জাবাল

**৩০. আল-কুরআনের সর্বশেষ পূর্ণাঙ্গ সূরা হিসেবে কোনটি নাযিল হয়?**
ⓚ আন-নিসা ⓚh আন-নসর
ⓖ মায়িদা ⓖh বাকারা

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ঘ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ক | ৭ | খ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | ক | ১১ | খ | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | ক |
| ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | গ | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | খ |

## ২৪ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২

বিষয় কোড : 2 5 0

### ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট | পূর্ণমান—৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. তাওয়াক্কুল বলতে বোঝায়—**
ক কৃতজ্ঞতা খ নির্ভরশীলতা
গ ধৈর্যধারণ ঘ স্মরণ

**২. নুজুল শব্দের অর্থ কী?**
ক পটভূমি খ কারণ
গ অবতরণ ঘ মর্যাদা

**■ উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব শরীফ সাহেব মন্তব্য করেন যে, ফিকহ শাস্ত্র উদ্ভাবন একটি নতুন বিষয়। রাসুল (সা.)-এর সময় এ শাস্ত্র ছিল না। তাই ইসলাম জানা ও মানার জন্য পবিত্র কুরআন ও হাদিসই যথেষ্ট।

**৩. জনাব শরীফ সাহেব ফিকহ শাস্ত্রকে কী হিসেবে আখ্যায়িত করেছেন?**
ক ফরজ খ সুন্নাত
গ বিদআত ঘ হারাম

**৪. জনাব শরীফ সাহেবের করণীয়—**
i. ফিকহ শাস্ত্র অধ্যয়ন করা
ii. ফিকহ শাস্ত্র অনুসরণ করা
iii. নিজের মতামতকে প্রাধান্য দেওয়া
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৫. নিচের কোন গ্রন্থটি ছিহাহ ছিত্তাহর অন্তর্ভুক্ত?**
ক মুসনাদে আহমদ
খ মিশকাতুল মাসাবিহ
গ আল-মুয়াত্তা
ঘ ইবনে মাজাহ

**৬. اَلْقُرْاٰنُ শব্দের অর্থ কী?**
ক মিলন খ বিচ্ছিন্ন
গ কণ্ঠস্থ ঘ পঠিত

**৭. হযরত আবু হুরাইরা (রা.) কতকগুলো হাদিস বর্ণনা করেন?**
ক ২৬৩০ খ ৫৩৭৪
গ ২২৮৬ ঘ ৭৫৩৪

**৮. 'ফিকহ' শব্দের অর্থ কী?**
ক অনুমান করা খ তুলনা করা
গ অনুধাবন করা ঘ সংকল্প করা

**৯. মাযহাবের উৎপত্তির ফলে—**
i. উম্মাহ বিভক্ত হয়
ii. সমাধান সহজ হয়
iii. আমল করা সহজ হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**১০. আল-ইজমা ইসলামি আইনের কততম উৎস?**
ক প্রথম খ দ্বিতীয়
গ তৃতীয় ঘ চতুর্থ

**১১. যাকাত আদায় করা কোন ধরনের ইবাদত?**
ক ফরজ খ ওয়াজিব
গ সুন্নত ঘ নফল

**১২. পরকালের ভীষণ আগুনে কী প্রজ্বলিত হবে?**
ক মানুষ ও পাথর খ কাঠ
গ লোহা ঘ গাছপালা

**১৩. اَلْقُرْاٰنُ শব্দের অর্থ কী?**
ক মিলন খ বিচ্ছিন্ন
গ কণ্ঠস্থ ঘ পঠিত

**১৪. পবিত্র কুরআনের ভাষায় পৃথিবীতে আল্লাহর খলিফা হলেন—**
ক নবিগণ খ রাসুলগণ
গ সাহাবিগণ ঘ প্রত্যেক মানুষ

**১৫. لَارَيْبَ শব্দের অর্থ কী?**
ক বিশ্বাস না করা খ সন্দেহ না করা
গ ইমান আনা ঘ অস্বীকার করা

**১৬. পবিত্র কুরআনের ভাষায় পৃথিবীতে আল্লাহর খলিফা হলেন—**
ক নবিগণ খ রাসুলগণ
গ সাহাবিগণ ঘ প্রত্যেক মানুষ

**১৭. নামাজ আদায়ের পদ্ধতি সম্পর্কে কোন গ্রন্থে বর্ণিত হয়েছে—**
ক কুরআন খ হাদিস
গ ফিকহ ঘ আকাইদ

**১৮. ইজমা হলো শরিয়তের মাসআলার ব্যাপারে উম্মতদের সর্বসম্মত রায়— কথাটি কে বলেছেন?**
ক ইমাম মালেক (র.)
খ ইমাম আহমদ (র.)
গ ইমাম শাফেয়ি (র.)
ঘ ইমাম আবু হানিফা (র.)

**১৯. لَارَيْبَ শব্দের অর্থ কী?**
ক বিশ্বাস না করা খ সন্দেহ না করা
গ ইমান আনা ঘ অস্বীকার করা

**২০. হাদিস বলতে কী বোঝায়?**
i. রাসুল (সা.)-এর কথা
ii. রাসুল (সা.)-এর চেহারা মোবারক
iii. রাসুল (সা.)-এর মৌনসম্মতি
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও ii
গ i, ii ও iii ঘ i ও iii

**২১. রোজা কোন ভাষার শব্দ?**
ক আরবি খ পশতু
গ কিবতি ঘ ফারসি

**২২. ইজমার রুকন/পদ্ধতি কতটি?**
ক ১টি খ ২টি
গ ৩টি ঘ ৪টি

**২৩. শোকর শব্দের অর্থ কী?**
ক ধৈর্যধারণ করা
খ প্রতিবাদ করা
গ অনুগ্রহ করা
ঘ কৃতজ্ঞতা প্রকাশ করা

**২৪. জিকরের মাধ্যমে মানব মন—**
i. পার্থিব জীবনে আচ্ছন্ন হয়
ii. আল্লাহর ভয়ে ভীত হয়
iii. পবিত্র হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i, ii ও iii
গ i ও iii ঘ ii ও iii

**২৫. কোন কাজে নিয়ামত বৃদ্ধি পায়?**
ক শোকর খ ইহসান
গ সবর ঘ জিকির

**২৬. হাদিসের মূল বক্তব্যে পৌঁছার সূত্র কোনটি?**
ক মতন খ সনদ
গ কওলী ঘ দিরায়াত

**■ উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
একটি মাসয়ালা সমাধানের জন্য জনাব মাসুদ সাহেব জাতীয় ফতোয়া বোর্ডে আবেদন করলেন। বোর্ড সভাপতি সকল সদস্যদের মাধ্যমে মাসয়ালার একটি সমাধান দিলেন।

**২৭. উক্ত বোর্ড যে সমাধান দিলেন তাকে শরিয়তের ভাষা বলা হয়—**
ক ইখতিসান খ ইজমা
গ কিয়াস ঘ ইজতিহাদ

**২৮. উক্ত পদ্ধতির মাধ্যমে সমাজে প্রবর্তিত হয়—**
i. নতুন মূলনীতি
ii. আলিমগণের ঐক্য
iii. নতুন সমস্যার সমাধান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২৯. কোনটি আহলুল ইজমার যোগ্যতা?**
ক তাকওয়াবান হওয়া
খ সিদ্ধান্ত কুরআন-হাদিসভিত্তিক হওয়া
গ সকলে একমত হওয়া
ঘ সিদ্ধান্ত সুপরিচিত হওয়া

**৩০. কোন খলিফা সর্বপ্রথম রাষ্ট্রীয়ভাবে কুরআন সংকলনের উদ্যোগ নেন—**
ক হযরত উসমান (র.)
খ হযরত আবু বকর (র.)
গ হযরত ওমর (র.)
ঘ হাজ্জাজ বিন ইউসুফ

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | গ | ৪ | ক | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | গ | ৯ | খ | ১০ | গ | ১১ | ক | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | খ |
| ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | খ |

## ২৫ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩

বিষয় কোড : 2 5 0

### ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. আল-বাকারা অর্থ কী?**
ⓚ গাভী ⓚ ভেড়া
ⓖ ছাগল ⓘ দুম্বা

(ক) গাভী (খ) ভেড়া
(গ) ছাগল (ঘ) দুম্বা

**২. রাজনৈতিক কর্মকাণ্ডে আল্লাহর আইনের প্রচলন না করলে যে ধরনের সমস্যার সম্মুখীন হতে হয়—**
i. কলুষিত সমাজব্যবস্থা
ii. শান্তিময় সমাজব্যবস্থা
iii. সীমাহীন দুর্নীতি
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৩. বিবাহ ব্যবস্থার মাধ্যমেই ইসলাম কার চরিত্র সমুন্নত রেখেছে?**
(ক) পুরুষের (খ) নারীর
(গ) নবি-রাসুলদের (ঘ) নারী-পুরুষের

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
কামাল সাহেব মৃত্যুর পূর্বেই তার পুকুরটি মসজিদের জন্য দান করেন। এতে জনগণ খুব খুশি হয়। অপরদিকে জামান সাহেব একটি মদের কারখানায় কাজ করেন। গ্রামের লোকেরা তার সমালোচনা করে। এতে তিনি হতাশায় ভুগেন।

**৪. কামাল সাহেবের কাজটি কোন পর্যায়ের?**
(ক) যাকাত (খ) সাদকাহ
(গ) ইহসান (ঘ) খিদমতে খালক

**৫. উদ্দীপকের জামান সাহেবের কর্মের পরিণতি কী?**
i. আল্লাহর অভিসম্পাত
ii. শারীরিক ও মানসিক প্রশান্তি
iii. সামাজিক অশান্তি
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

**৬. هُدًى لِّلْمُتَّقِينَ আয়াতাংশে হুদা (هُدًى) অর্থ কী?**
(ক) আলো (খ) পথপ্রদর্শক
(গ) নিদর্শন (ঘ) উপদেশ

**৭. ইসরাইল শব্দের অর্থ কী?**
(ক) নবি (খ) রাসুল
(গ) আল্লাহর বান্দা (ঘ) ইবাদত করা

**৮. প্লীহা রোগের কারণে বনি ইসরাইলের কতজন লোক মারা যায়?**
(ক) ৭০ হাজার (খ) ৮০ হাজার
(গ) ৯০ হাজার (ঘ) ৯৫ হাজার

**৯. প্রাচীনকালে মিসরীয় বাদশাহদের কী বলা হতো?**
(ক) ফিরাউন (খ) রাজা
(গ) হুবল (ঘ) কামুস

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
সাত্তার ইমান সম্পর্কে একটি হাদিস অধ্যয়ন করল। সে যেখানে ইমানের বিভিন্ন শাখা সম্পর্কে জানল।

**১০. ইমানের শাখা-প্রশাখা কয়টি?**
(ক) ৫০টির অধিক (খ) ৬০টির অধিক
(গ) ৭০টির অধিক (ঘ) ৮০টির অধিক

**১১. সাত্তার ইমান সম্পর্কিত হাদিস পড়ে আরও যা জেনেছিল তা হলো—**
i. রাস্তা হতে কষ্টদায়ক বস্তু দূরীভূত করা ইমানের একটি শাখা
ii. লজ্জাশীলতা ইমানের অঙ্গ
iii. বেশি লজ্জা ভালো নয়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১২. হাদিসে বর্ণিত মুনাফিকের লক্ষণ কয়টি?**
(ক) ৩টি (খ) ৪টি
(গ) ৫টি (ঘ) ২টি

**১৩. কে প্রকৃত শক্তিশালী?**
(ক) যার ক্ষমতা রয়েছে
(খ) যার বাহুবল রয়েছে
(গ) যে রাগ সংযত করতে পারে
(ঘ) যুদ্ধজয়ী বীর

**১৪. 'আযিমাত' অর্থ কী?**
(ক) মতামত (খ) আলোচনা
(গ) প্রবল ইচ্ছা (ঘ) অনুসরণ

**১৫. ইসলাম কয়টি বিষয়ের ওপর প্রতিষ্ঠিত?**
(ক) ৩টি (খ) ৪টি
(গ) ৫টি (ঘ) ৬টি

**১৬. হাদিস অনুযায়ী কয়জন ব্যক্তিকে হিংসা করা বৈধ?**
(ক) তিন (খ) দুই
(গ) চার (ঘ) পাঁচ

**১৭. ব্যবসায়ীদের প্রধান গুণ কী হওয়া উচিত?**
(ক) সত্যবাদী (খ) বিশ্বস্ত
(গ) অনেক পুঁজিওয়ালা
(ঘ) সত্যবাদী ও বিশ্বস্ত

**১৮. প্রথম খলিফা নির্বাচন কীসের মাধ্যমে প্রতিষ্ঠিত হয়?**
(ক) ইজমার (খ) সুন্নাহর
(গ) কিয়াসের মাধ্যমে (ঘ) তাফসিরের

**১৯. আহলে ইজমা হওয়ার যোগ্য ব্যক্তি হলেন—**
i. পুণ্যবান মুজতাহিদগণ
ii. আলেমগণ
iii. নবি পরিবারের সদস্যগণ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**২০. মানুষের সেবায় সকল কিছুকে কে নিয়োজিত রেখেছেন?**
(ক) মুফতিগণ (খ) রাসুলগণ
(গ) আল্লাহ (ঘ) নবিগণ

**২১. 'ফিকহুল আকবর' কোন ইমামের রচনা?**
(ক) ইমাম শাফেয়ি (খ) ইমাম মালেকি
(গ) ইমাম আবু হানিফা (ঘ) ইমাম হাম্বলি

**২২. সর্বপ্রথম হাদিস সংকলন কোনটি?**
(ক) বুখারি শরিফ (খ) মুসলিম শরিফ
(গ) তিরমিযি শরিফ (ঘ) মুয়াত্তা

**২৩. উসুল ফিকহের প্রথম গ্রন্থ কে রচনা করেন?**
(ক) ইমাম মালেক (খ) ইমাম আহমদ
(গ) ইমাম শাফেয়ি (ঘ) ইমাম মুহাম্মদ

**২৪. মানুষের প্রতি মানুষের অধিকারকে কয়টি ভাগে ভাগ করা হয়েছে?**
(ক) ৮টি (খ) ৭টি
(গ) ৬টি (ঘ) ৫টি

**২৫. 'তোমরা আনুগত্য কর আল্লাহ ও রাসুলের"- এটি কোন সূরার আয়াত?**
(ক) লুকমান : ৫৯ (খ) নিসা : ৫৯
(গ) বাকারা : ৫৯ (ঘ) হুজুরাত : ৫৯

**২৬. দৈহিক ও আর্থিক ইবাদত কোনটি?**
(ক) সালাত (খ) যাকাত
(গ) সিয়াম (ঘ) হজ

**২৭. জামাতের সাথে সালাত আদায় করলে কতগুণ বেশি নেকি পাওয়া যায়?**
(ক) ২৭ গুণ (খ) ১০ গুণ
(গ) ১৫ গুণ (ঘ) ৫০ গুণ

**২৮. সাড়ে ৭ তোলা সোনা মেট্রিক পদ্ধতিতে কত গ্রাম হয়?**
(ক) ১০০.২৫ গ্রাম (খ) ৮৭.২৫ গ্রাম
(গ) ৯০.২৫ গ্রাম (ঘ) ৭৫.২৫ গ্রাম

**২৯. ইসলামি শরিয়তের তৃতীয় মূলনীতি কোনটি?**
(ক) ইজমা (খ) কুরআন
(গ) সুন্নাহ (ঘ) কিয়াস

**৩০. মুজতাহিদদের ঐকমত্যকে কী বলে?**
(ক) ইজমা (খ) কিয়াস
(গ) ফাসাহাত (ঘ) বালাগাত

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | খ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | গ | ৬ | খ | ৭ | গ | ৮ | ক | ৯ | ক | ১০ | গ | ১১ | ক | ১২ | ক | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | গ |
| ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | ক |

## ২৬ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪

বিষয় কোড : 2 5 0

## ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র — বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. ইমানের শাখা কয়টি?**
ⓚ সত্তরটি ⓚh আশিটি
Ⓖ সত্তরটির অধিক Ⓖh নিরানব্বইটি

**২. ক্ষতিগ্রস্থ হলেন তারা—**
i. আল্লাহর সাথে কৃত অঙ্গীকার ভঙ্গ করে
ii. আত্মীয়তার সম্পর্ক ছিন্ন করে
iii. পৃথিবীতে বিশৃঙ্খলা সৃষ্টি করে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৩. আসমানি কিতাব অবতরণের ধারা কার মাধ্যমে শুরু হয়?**
(ক) হযরত ইবরাহিম (আ.)
(খ) হযরত নূহ (আ.)
(গ) হযরত আদম (আ.)
(ঘ) হযরত মুহাম্মদ (সা.)

**৪. হিজরতের পরের সূরাগুলোর নাম কী রাখা হয়?**
(ক) মাদানি (খ) মাক্কি
(গ) তায়েফি (ঘ) সফরি

**৫. আল-কুরআনকে ফুরকান বলা হয় কেন?**
(ক) সর্বদা পাঠ করার জন্য
(খ) সত্য মিথ্যার পার্থক্যকারী বলে
(গ) বারবার তেলাওয়াত করা হয় বলে
(ঘ) সন্দেহমুক্ত বলে

**৬. সামাজিক সমস্যা সমাধানের মূল উৎস কী?**
(ক) আল-হাদিস (খ) সমাজবিজ্ঞান
(গ) আল-কুরআন (ঘ) রাষ্ট্রবিজ্ঞান

**৭. বনি ইসরাইলকে কোন কিতাবের উপর ইমান আনতে বলা হয়েছে?**
(ক) যাবুর (খ) তাওরাত
(গ) ইঞ্জিল (ঘ) কুরআন

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
কামাল সাহেব মৃত্যুর পূর্বেই তার পুকুরটি মসজিদের জন্য দান করেন। এতে জনগণ খুব খুশি হয়। অপরদিকে, জামান সাহেব একটি মদের কারখানায় কাজ করেন। গ্রামের লোকেরা তার সমালোচনা করে। এতে তিনি হতাশায় ভুগেন।

**৮. কামাল সাহেবের কাজটি কোন পর্যায়ের?**
(ক) যাকাত (খ) সাদকাহ
(গ) ইহসান (ঘ) খিদমতে খালক

**৯. উদ্দীপকে জামান সাহেবের কর্মের পরিণতি কী?**
i. আল্লাহর অভিসম্পাত
ii. শারীরিক ও মানসিক প্রশান্তি
iii. সামাজিক অশান্তি
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১০. সিহাহ সিত্তাহ কী?**
(ক) বিশুদ্ধ ৬টি হাদিস গ্রন্থ
(খ) কুরআন সংকলণ ও সংরক্ষণ
(গ) বিশুদ্ধ নীতিমালা
(ঘ) সর্বোত্তম আদর্শ

**১১. মানুষের মৃত্যুর পরেও কয় ধরনের আমলের সুযোগ নিঃশেষ হয় না?**
(ক) তিন ধরনের (খ) চার ধরনের
(গ) পাঁচ ধরনের (ঘ) সাত ধরনের

**১২. পবিত্র কুরআন নাযিল হয়েছে কত বছর ধরে?**
(ক) ২০ বছর (খ) ২২ বছর
(গ) ২৩ বছর (ঘ) ২৪ বছর

**১৩. 'ফিকহুল আকবর' কোন ইমামের রচনা?**
(ক) শাফেয়ি (রহ.)
(খ) আবু হানিফা (রহ.)
(গ) মালেক (রহ.)
(ঘ) আহমদ বিন হাম্বল (রহ.)

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
সাদেক তার বাবার নিকট জানতে চাইল ইসলামের ভিত্তি কয়টি? বাবা তাকে বিষয়টি বলে দিলেন।

**১৪. ইসলামের ভিত্তি কয়টি?**
(ক) ৩টি (খ) ৪টি
(গ) ৫টি (ঘ) ৭টি

**১৫. সাদেকের বাবা সাদেককে যা বলেছিল, তা হলো—**
i. ইমান
ii. সালাত ও যাকাত
iii. রোজা ও হজ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

**১৬. হযরত আবু হুরায়রা (রা.) কতকগুলো হাদিস বর্ণনা করেন?**
(ক) ৫৩৭৪টি (খ) ২৬৩০টি
(গ) ২২৮৪টি (ঘ) ২১১০টি

**১৭. হালাল উপার্জনের চেষ্টা করা কী?**
(ক) ছোট ফরজ (খ) বড় ফরজ
(গ) ফরজে আইন (ঘ) ফরজে কিফায়া

**১৮. ব্যবসায়ীগণ কিয়ামতের দিন শহিদদের সাথে থাকবেন—**
i. সত্যবাদী হলে
ii. বিশ্বস্ত হলে
iii. মুসলিম হলে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১৯. আমার উম্মত বিভ্রান্তির উপর একমত হবে না— এ হাদিসে উম্মত দ্বারা কাদের বোঝানো হয়েছে?**
(ক) সকল মুসলিম (খ) সাহাবাগণ
(গ) তাবেয়িগণ (ঘ) ইমামগণ

**২০. "যার আমানতদারী নেই, তার ইমান নেই।" কোন গ্রন্থের হাদিস?**
(ক) তিরমিজি (খ) মুসলিম
(গ) ইবনে মাজাহ (ঘ) মুসনাদ

**২১. ইসলামি শরিয়তের তৃতীয় উৎস কোনটি?**
(ক) কুরআন (খ) হাদিস
(গ) ইজমা (ঘ) কিয়াস

**২২. 'রুখসাত' শব্দের অর্থ কী?**
(ক) ঐচ্ছিক (খ) আবশ্যিক
(গ) মুবাহ (ঘ) মানদুব

**২৩. ইজমার মাধ্যমে প্রতিষ্ঠিত হয় মুসলিম উম্মাহর—**
i. মতবিরোধ
ii. ঐক্য
iii. সংহতি
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**২৪. কিয়াস শব্দের অর্থ কী?**
(ক) অনুমান করা (খ) সংকল্প করা
(গ) একত্রিত হওয়া (ঘ) ঐক্যবদ্ধ হওয়া

**২৫. "হে চক্ষুষ্মানগণ। তোমরা শিক্ষা গ্রহণ কর।" — আয়াত কিসের ইঙ্গিত বহন করে?**
(ক) সুন্নাহর (খ) ইজমার
(গ) কিয়াস (ঘ) ইলম

**২৬. ইলমে ফিকহ যে বিষয় সম্পর্কে আলোচনা করে তা হলো—**
(ক) কবরী জীবন (খ) পরকালীন জীবন
(গ) ধর্মীয় জীবন (ঘ) আমলী জীবন

**২৭. বিবেক বুদ্ধি দ্বারা উদঘাটিত জ্ঞানকে কী বলে?**
(ক) সুন্নাহর (খ) ইজমার
(গ) ফিকহ (ঘ) কিয়াস

**২৮. ফিকহ শাস্ত্রের লক্ষ্য ও উদ্দেশ্য হলো—**
i. দুনিয়ার সফলতা
ii. অর্থনৈতিক সফলতা
iii. পরকালীন সফলতা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**২৯. ফিকহ শব্দের আভিধানিক অর্থ কী?**
(ক) সহজ (খ) বুদ্ধিমত্তা
(গ) গ্রহণ (ঘ) আহরণ

**৩০. রোপণকৃত শস্য কোনো মানুষ ভক্ষণ করলে কিসের সওয়াব পাওয়া যায়?**
(ক) যাকাতের (খ) হাদিয়ার
(গ) হজের (ঘ) সদকার

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ঘ | ৩ | গ | ৪ | ক | ৫ | খ | ৬ | গ | ৭ | খ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | ক | ১২ | গ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | ঘ |
| ১৬ | ক | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | ঘ | ২১ | গ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | ঘ |

5242011